অতএব রিলিফ করেছিলেন ঠিকই, খয়রাতি করেছিলেন ঠিকই, গরীব বাঁচাতে চেয়েছিলেন ঠিকই সুষ্ঠু পরিকল্পনার অভাবে, এবং আর্থিক সংস্থান না থাকার জন্য সেই দান খয়রাতি, যতক্ষণ দরকার করতে চেয়েছিলেন, তা প্রয়োজনের তুলনায় অতি অল্প হয়েছে। আপনারা জানেন যে প্রয়োজনের তুলনায় এতই কম যে সেই রিলিফ ঠিক হয় নি। ফলে উদ্দেশ্য ব্যর্থ হয়েছে। আপনারা জানেন যে এগ্রিকালচারের কথা বলা হয়েছে। দেশের উন্নতি নির্ভর করে বিশেষ করে পশ্চিমবাংলার যেখানে কৃষির উপর অর্থনীতি নির্ভরশীল, সেই কৃষির আজ কি অবস্থা। সেটা নিশ্চয়ই চিন্তা করতে পারছেন না। ভূমিসংস্কারের কথা বলা হয়েছে সে ভূমিসংস্কারের দিকে সরকার নজর দেবেন। কিন্তু সেই ভূমিসংস্কারের সুষ্ঠু পরিকল্পনার কথা রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লেখ নেই। বলা হয়েছে যে "আমরা ভূমিসংস্কার করতে চাই।" ভূমিসংস্কার করতে আপনারা চাচ্ছেন ও কিছু কিছু করেছেন। কিন্তু আসলে দেখা যাচ্ছে পার্টিবাজী সেখানে হচ্ছে। বিভিন্ন রাজনৈতিক দল সেখানে রাজনীতি করছেন। বিশেষ করে সেখানে আমরা দেখেছি মেদিনীপুরে সি,পি,আই, দল ভূমিসংস্কারের সমস্ত প্রচেষ্টা ব্যর্থ করে দিয়েছেন। দলবাজীর নামে সেখানে কি হয়েছে না যে ভূমিহীন চাষী ও ভাগচাষী উচ্ছেদ হতে আজ তাদের উচ্ছেদ করা হচ্ছে। আবার যে জমির উপর তাদের কোন ভাগচাষ ছিল না অথচ

জোর করে তাদের ভাগচাষী বলা হচ্ছে, জোর করে অন্যায় ভাবে অত্যাচার করে তাদের জমি বণ্টন করা হচ্ছে। একদিকে যারা ভাগচাষী নয় তাদের ভাগচাষী সাজান হচ্ছে, অপর দিকে ভাগচাষী উচ্ছেদ করা হচ্ছে, আজকে আইন-শৃঙ্খলার কিছু উন্নতি হয়েছে। যারা অসামাজিক কাজ করেন এতদিন প্রশাসনিকযন্ত্র তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করতে পারছিলেন না। আজকে জনগণ একটা স্থায়ী সরকার পেয়ে, অনেকটা আশ্বস্ত হয়েছেন। আর একটি কথা বলতে চাই যে আইন-শৃঙ্খলার উন্নতি হয়েছে বলে মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে বলেছেন। এই কথা ঠিক যে, যে সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি হয়েছিল গত ৫ বছর, গত ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সাল, পর্যন্ত সেই সন্ত্রাস আজ পশ্চিমবাংলায় নেই। এই কথা ঠিক যে সন্ধ্যায় বা গভীর রাত্রে রাস্তা-ঘাটে চলাফেরা করতে পারা যেত না, আজ তা যাচ্ছে,কিন্তু যারা সহরাঞ্চলে অসামাজিক কাজ করতেন তারা একটা স্থায়ী সরকার প্রতিষ্ঠা হওয়ার জন্য ও সবল সরকার প্রতিষ্ঠা হওয়ার জন্য, ৫বছর যে সরকার ক্ষমতায় আসীন বিপুল সংখ্যা গরিষ্ঠতা নিয়ে তাঁরা এসেছেন সেই ভয়ে ভীত হয়ে আজ দুষ্কৃতকারী সকলে সহর ছেড়ে গ্রামাঞ্চলে যেতে সুরু করেছে। ফলে আজ সহরাঞ্চলে সন্ত্রাস ভীতি খুনখারাপি কিছু কমেছে বটে কিন্তু আজ গ্রামাঞ্চলে তা দিনের পর দিন বেড়ে চলেছে। এবং সেই আইন ও শৃঙ্খলা রক্ষা করতে প্রশাসন অনেকখানি ব্যর্থ হয়েছে। সে কথা আজ রাজ্যপালের ভাষণের মধ্যে থাকা উচিত ছিল, আইন ও শৃঙ্খলা উন্নতি হচ্ছে ঠিকই, কিন্তু তা শুধু সহরাঞ্চলে, গ্রামাঞ্চলে করতে পারেন নি। এই কথা রাজ্যপালের ভাষণে থাকা উচিত ছিল।

* আর একটা জিনিষ হচ্ছে এই বিধান সভায় যারা একটা নুতন নজীর সৃষ্টি করেছে সেই C. P. M. পন্থীর সদস্যরা এই বিধান সভায় যোগদান করেন নি। তাঁদের বক্তব্য এই নির্বাচন নির্বাচন নয়, এই নির্বাচন একটা প্রহসন মাত্র। একথা ঠিক যে পশ্চিমবাংলার জনগণ ৫ বছর ভুক্তভোগী হবার পর একটা স্থায়ী সরকার চেয়েছিল। এই চাওয়ার অর্থ এই নয় যে তারা কংগ্রেস দলের সরকার চেয়েছে। তারা হিংসা, জুলুমবাজীর বিরুদ্ধে রায় দিয়েছে। এই রায় দিতে গিয়ে ভারতবর্ষে তারা শাসক কংগ্রেসকে কংগ্রেস বলে ধরে নিয়েছে এবং তা নিয়ে তারা পশ্চিমবাংলা বিধান সভায় সংখ্যা গরিষ্ঠতা দিয়ে এখানে তাঁদের সরকার গঠনে সাহায্য করেছে। তা সত্ত্বেও আমাদের কাছে খবর আছে নির্বাচনে কোথাও কোথাও কিছু কিছু কারচুপি হয়েছে। আজ যে সরকারের উপর জনগণের এতদূর আস্থা আছে সেই সরকার ন্যায় নীতির বিধায়ক হবে। আমি আশা করি পশ্চিমবাংলার জনগণ দেখতে চায় এই সরকার ন্যায় নীতি মেনে চলবে এবং নির্বাচনে যে কোনরূপ কারচুপি হয় নি তা প্রমাণ করার দায়িত্ব এই সরকার গ্রহণ করবে। রাজ্যপালের ভাষণে একথা থাকা উচিৎ ছিল। যে সমস্ত কারচুপির কথা উঠেছে সেসমস্ত সম্বন্ধে সন্দেহ দূর করার জন্য প্রত্যেকটা রাজনৈতিক দল নিয়ে একটা তদন্ত কমিশন গঠন করে প্রমাণ করা উচিৎ ছিল যে এই নির্বাচনে কোনরকম কারচুপি হয় নি এবং সমস্ত লোকের মন থেকে সেরকম সন্দেহ দূর করার চেষ্টা করার প্রস্তাব রাজ্যপালের ভাষণেও থাকা উচিৎ ছিল। আর একটা জিনিষ হচ্ছে যে আমি আমার নিজের ও দলের তরফ থেকে বলতে পারি যে ভারতের প্রধান মন্ত্রীর প্রতি আমাদের শ্রদ্ধাও কারুর চেয়ে কম নেই। রাজ্যপালের ভাষণের মধ্যে (প্রায় প্রতিটা অনুচ্ছেদে) দেখতে পাচ্ছি প্রধানমন্ত্রীর কথা উল্লেখ আছে। এটা অতি ভয়াবহ অবস্থা। স্বর্গত জহরলাল নেহেরুর মৃত্যুর পর আমরা আশা করেছিলাম সারা ভারতে একটা যৌথ নেতৃত্ব গড়ে উঠবে। কিন্তু রাজ্যপালের ভাষণের প্রায় প্রতিটি অনুচ্ছেদেই প্রধানমন্ত্রীর উল্লেখ যখন দেখি তখন বুঝি যে যৌথ নেতৃত্বের বদলে আজ ব্যক্তি তন্ত্রের উপস্থিত হচ্ছে। রাজনীতির তাত্ত্বিক দিক থেকে এটা ভয়াবহ লক্ষণ। আমি কিছুক্ষণ আগে খবর পেয়েছি যে মেদিনীপুর জেলার পাঁশকুড়া বাজারের উপর বিরোধী কংগ্রেসের যে অফিস ছিল সেখানে ২।৩ দিন বিধান সভায় অধিবেশন হতে না হতেই

কতকগুলি অসামাজিক ব্যক্তি সেই অফিসের তালা ভেঙ্গে সেই অফিস দখল করে বসে আছে। আজ সেখানে গণতন্ত্র। বিরোধীদলের মর্য্যাদার কথা বলা হচ্ছে সেখানে এ জিনিষ আজও করা হচ্ছে। S. D.O., S. P., D. M.-কে খবর দেওয়া হয়েছে। কিন্তু এখনও পর্যন্ত তার কোন প্রতিকার হয় নি এবং সেখানে পুলিশ আসে নি। আজ যেখানে বিরোধী দলের সমস্ত সুযোগ সুবিধা রক্ষা করার কথা বলা হচ্ছে সেখানে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে বিরোধী দলের অফিস জোর করে দখল করার নীতি কি গণতন্ত্রে জানায়? পশ্চিমবাংলার যে চিত্র দেখতে পাচ্ছি তাতে কৃষক, শ্রমিক মজদুরদের আশা আকাঙ্খার কথা রাজ্যপালের ভাষণের মধ্যে কিছু পাই নি।

[1-30—1-40 p.m.]

আমি পূর্বেই বলেছি গরীব দিনের পর দিন গরীব হতে চলছে, জিনিষপত্রের দাম বেড়েই চলেছে। কৃষক চাষ করবে, বেশী ফসল ফলাবে, কিন্তু দোকানে দোকানে গিয়ে রাসায়নিক সার সংগ্রহ করতে পারছে না। কৃষক চাষ করবে, ফসল বাড়াবে, কিন্তু ডিপ টিউবওয়েল বসাতে পারছে না, শ্যালো টিউবওয়েল বসান হচ্ছে, কিন্তু বিদ্যুৎ থাকা সত্বেও বিদ্যুৎ পাওয়া যাচ্ছে না। ব্লক অফিসে গিয়ে ধর্না দিয়েও হচ্ছে না। নানা রকম দুর্নীতি বেড়েই চলেছে। যে সময়ে শ্যালো টিউবওয়েল হওয়া উচিত ছিলো হতে পারছে না। যদিও বা হ'লো সেখানে ইলেকট্রিক থাকা সত্বেও বহুদিন ধরে অনুরোধ, প্রার্থনা, নিবেদন করা সত্বেও সেই সব শ্যালো টিউবওয়েলে ইলেকট্রিক দেওয়া হলো না যদিও রাজ্যপালের ভাষণে গ্রামে গ্রামে বৈদ্যুতীকরণের কথা আছে। আমি এই রাজ্য-পালের ভাষণের মধ্যে আশা করেছিলাম যে চাষের সুবিধার জন্য কৃষির উন্নতির জন্য যে সমস্ত জায়গায় ডিপ টিউবওয়েল হয়েছে যে সমস্ত জায়গায় শ্যালো টিউবওয়েল হয়েছে সেই সমস্ত জায়গায় বৈদ্যুতীকরণের কাজের অগ্রাধিকারের কথা থাকবে। আমি আশা করেছিলাম গরীবের উন্নতির জন্য পরিকল্পনা থাকবে, গ্রামে গ্রামে বৈদ্যুতীকরণের পরিকল্পনা থাকবে, কৃষিকে অগ্রাধিকার দেওয়ার পরিকল্পনা থাকবে। খয়রাতী সাহায্য ব্যাপারে আমি বলবো ১৯৭১ সালের মেদিনীপুর জেলার সদর দক্ষিণ মহকুমার দাঁতন, মোহনপুর, নারায়ণগড়, সবং, উত্তর কেশপুর—মেদিনীপুর থানায় অতিবৃষ্টি ও বন্যার ফলে ফসলের ক্ষতি হয়েছিল। কিন্তু কিছুদিন আগে দেখলাম নূতন সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর মন্ত্রিমহাশয় কোন কোন জায়গায় লেভী ছাড়ের অর্ডার দিয়েছেন। কিন্তু লেভী ছাড়ের কথা তো দূরের কথা এখানকার কৃষকদের বি.ডি.ও. অফিস থেকে, রিকোয়ারিং অথরিটি থেকে নোটিশ যাচ্ছে সমস্ত ঋণ মিটিয়ে দাও এবং ১৫ই মার্চের মধ্যে যদি লেভী না দাও তবে সমস্ত জিনিষ ক্রোক করে নেবো। আমি আশা করেছিলাম সেই সমস্ত জায়গায় এনকোয়ারী করে লেভী আদায় বন্ধ করার পরিকল্পনার কথা রাজ্যপালের ভাষণের মধ্যে দেখতে পাবো। সেটা দেখতে না পাওয়ায় আমি জনসাধারণের সঙ্গে হতাশ হয়েছি। এই কথা বলে আমি স্পীকার মহাশয়কে ধন্যবাদ জানিয়ে এবং সভার সদস্যদের ধন্যবাদ জানাই।

Mr. Speaker : Mr. Mahanti, are you moving your amendment or not ?

শ্রীপ্রদ্যোত কুমার মহান্তি : আমার পূর্বোক্ত বক্তব্য রেখে আমি আমার সংশোধিনী মুভ করছি।

শ্রীবিশ্বনাথ মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর আলোচনা করবার আগে প্রথমে আমি এই গভর্ণমেণ্টকে অভিনন্দন জানাচ্ছি। কারণ, এই বিষয়ে কোনো সন্দেহ নেই যে প্রগতিশীল গণতান্ত্রিক জোট বিপুল ভোটাধিক্যে জয়যুক্ত হয়েছে এবং এই জোটের বৃহত্তর দল কংগ্রেস তাঁরা বিপুল সংখ্যায় আইন সভায় নির্বাচিত হয়েছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে নির্বাচনের ফল একে উড়িয়ে দেওয়ার অপচেষ্টা শুধু পশ্চিমবাংলা নয় সারা ভারত জুড়ে চলছে এবং শুধু ভারত জুড়ে নয় বিশ্বের দরবারে এই চেষ্টা চলছে। মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি শাক দিয়ে মাছ ঢাকবার চেষ্টা করছে। তাঁরা অভিযোগ করেছিলেন ১৮টি নির্বাচন ক্ষেত্রে কারচুপি হয়েছে, পরে বাড়িয়ে বললেন ৩৫টা, পরে গণশক্তিতে লিখলেন ৪৫ এবং পলিটব্যুরো এবারের প্রস্তাবে বললেন ১৫০। এর থেকে বেশ বোঝা যায় তাঁদের সুনির্দিষ্ট অভিযোগ নেই। কিন্তু আমি জিনিসটা রাজনৈতিক দিক থেকে দেখতে চেষ্টা করবো। অতীতে অনেক নির্বাচনে কারচুপির অভিযোগ হয়েছিল কিন্তু সেই অভিযোগকে অজুহাত করে জনসাধারণের বিপুল রায়কে অস্বীকার করতে কোন দলই চেষ্টা করেন নি। ১৯৬৯ সালের কথা বলতে পারি,তার পূর্বেকার কথাও বলতে পারি, ১৯৭১ সালের কথাও বলতে পারি। বহু কারচুপি, গা-জোয়ারী নানারকম অভিযোগ ছিল কিন্তু এই অভিযোগের অজুহাত করে কোন দল জনসাধারণের রায়কে উড়িয়ে দেবার চেষ্টা করেন নি। আজকে সর্বপ্রথম দেখছি মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি তারা কারচুপির অভিযোগ এনে ক্রমশঃ সেই অভিযোগকে বাড়িয়ে বাড়িয়ে রাজনৈতিক যে সিদ্ধান্ত তাদের করা উচিত ছিল তা না করে তাকে ঢাকাবার চেষ্টা করেছেন। এই বিষয়ে কোন সন্দেহ নাই যে পশ্চিমবাংলার বিপুল সংখ্যক ভোটার সি. পি. এমের বিরুদ্ধে প্রগতিশীল গণতান্ত্রিক জোটকে ভোট দিয়েছেন। সি. পি. এম. তা যদি বোঝবার চেষ্টা করতো যে কেন দিয়েছে তাহলে এই শাক দিয়ে মাছ ঢাকবার চেষ্টা তাদের করতে হত না। এইজন্য দিয়েছে যে ১৯৬৯ সালে যে আশা নিয়ে পশ্চিমবাংলার জনসাধারণ যুক্তফ্রন্টকে জয়যুক্ত করেছিলো তার ভিতরে সবচেয়ে বড় দল হিসাবে সি. পি. এম. সেই যুক্তফ্রন্টকে রক্ষা করা, তাদের দলের প্রতিনিধি হিসাবে তাদের দেওয়া প্রতিশ্রুতিকে কাজে পরিণত করবার জন্য যে নেতৃত্ব দেওয়া দরকার ছিল তা না করে তারা সেই যুক্তফ্রন্টকে ছিন্ন বিচ্ছিন্ন করেছেন, শত শত শরিকি সংঘর্ষে যুক্তফ্রন্ট এবং জনগণকে ক্ষত-বিক্ষত করেছে। এবং যেটুকু শাসন ক্ষমতা তাদের হাতে এসেছিল তারা তার অপব্যবহার করেছে, করে তারা যুক্তফ্রন্টকে ভেঙেছে। এবং তার পরবর্তীকালে তাব থেকে শিক্ষা গ্রহণ না করে তারা তাদের সেই দলবাজি, চরম সুবিধাবাদী নীতি এবং বিভেদনীতি চালিয়ে গেছে। তারা ভেবেছিল এর ভেতর দিয়ে দল তো বাড়ছে—হ্যাঁ, দল বাড়ে। এটা বিশেষভাবে উল্লেখ করছি যাতে আমরা সকলেই এটা স্মরণ রাখি এই যে অভিজ্ঞতা অতুল্যবাবুর নেতৃত্বে পুরানো কংগ্রেস যে অভিজ্ঞতা পেয়েছিলেন ১৯৬৭ সালে, যে অভিজ্ঞতা আজকে সি. পি. এমের হলো ১৯৭২ সালের নির্বাচনে, আমরা সকলে যেন তা মনে রাখি। অভিজ্ঞতা কারো একার সম্পত্তি নয়। সেইজন্য আমি বিশেষ করে উল্লেখ করছি যে ১৯৭২ সালে নির্বাচনের মুখে দাঁড়িয়ে তারা ভেবেছিলেন বা বলে বেড়াচ্ছিলেন যে তাঁরা জিতবেন কিন্তু তাঁরা জিততে পারেন নি, শোচনীয়ভাবে হেরেছেন এইজন্য যে তাঁদের সেই মারাত্মক বিভেদনীতি এবং সন্ত্রাসনীতি এবং সুবিধাবাদী নীতি তাঁরা কোন পরিবর্তন করেন নি। এই নীতি তাঁরা চালিয়ে যাবার চেষ্টা করেছিলেন। শু কংগ্রেসের বাহিরে যে বামপন্থী দল, গণতান্ত্রিক দল, তাঁদের মধ্যে যে বিভেদ সৃষ্টি করেছেন তাই নয় ১৯৬৯ সালে কংগ্রেস বিভক্ত হবার পর শ্রীমতি ইন্দিরা গান্ধী পরিচালিত কংগ্রেস যে একটা মোড় নিয়েছে প্রগতির দিকে সেটাকে তারা অগ্রাহ্য করার চেষ্টা করেছে। সেটাও একটা কারণ তাঁদের এই নির্বাচনে পরাজয়ের। এই যে বাংলাদেশের মুক্তি সংগ্রাম সাম্রাজ্যবাদের বিরুদ্ধে, ইয়াহিয়া খানের অত্যাচারের বিরুদ্ধে সেই মুক্তি সংগ্রামে এই কংগ্রেস কি ভূমিকা নিতে পারে তা তাঁরা অনুমান করতে পারেন নি। পুরোনো কায়দায় তাঁরা চিন্তা করেছিলেন। এই কংগ্রেস যখন সাম্রাজ্যবাদীর বিরুদ্ধে দাঁড়ালো তখন কমিউনিষ্ট হিসাবে সাম্রাজ্যবাদীর বিরুদ্ধে সমস্ত শক্তিকে জড় করার

নীতি, বাধ্যতামূলক যে নীতি সেই নীতি সি. পি. এম. গ্রহণ করল না। উল্টে তারা নানান রকম কুৎসা করে নানাভাবে বিভেদ সৃষ্টি করার চেষ্টা চালিয়ে যেতে লাগল।

[1-40—1-50 p.m.]

তাই তারা শ্লোগান দিয়েছিল ইয়াহিয়া, ইন্দিরা এক হ্যায়। শব্দ ব্রহ্ম কথায় বলে। শ্লোগানটা দিয়ে ফেলেই ভাবলেন মাত হয়ে যাবে। কিন্তু সেই শ্লোগানে সি. পি. এম.-ই মাত হয়ে গেল। দেশের জনসাধারণ একথা বুঝেছে যে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে প্রতিবেশী দেশের জনগণের মুক্তি সংগ্রামের ব্যাপারেও সমস্ত সাম্রাজ্যবাদের বিরোধী শক্তির সঙ্গে মোর্চা করতে প্রস্তুত নয় বরং তারা বিভেদ সৃষ্টি করেছে। এবং সেটা নির্বাচনের ঠিক পূর্বে সাম্প্রদায়িকতার আশ্রয় গ্রহণ করেছে, তার ফলে তাদের কমু্যনিষ্ট হিসাবে দাবী করবার পরিচয়ের শেষ অধিকারটুকুও চলে গিয়েছে বলে আমি মনে করি। তারা সাম্প্রদায়িকতার জিগির তুলে, পাকিস্থান ভেঙ্গে দিয়েছে এরা এই জিগির তুলে ভোট পাওয়ার চেষ্টা করেছে। পশ্চিমবাংলার জনসাধারণকে এত নির্বোধ মনে করে যেমন এককালে পুরাতন কংগ্রেস মারাত্মক ভুল করেছিল তেমনি সি. পি. এম.-এর মারাত্মক ভুল হয়েছে। আজকে সি, পি, এম, সেই ভুলটা দেখেও, যখন জনসাধারণ তাদের বিশ্বাস করতে পারছে না, এই সীমান্ত রাজ্যের পাশের রাজ্যে তাদের গভর্ণমেণ্টে আসতে দিতে সাহস পাচ্ছে না, তাই এই জিনিসটা সি. পি. এম. না বুঝে তাদের নীতি সংশোধন না করে তারা এই পথে কোথায় যে চলে যাচ্ছে তা বোঝা মুস্কিল। কোথায় চলে যাচ্ছে? তারা ঠিক করেছে যে ভোটের কারচুপি হয়েছে এই নিয়ে সারা ভারতবর্ষে একটা বিরাট ক্যামপেন করবে, তারা ঠিক করেছে যে দিল্লীতে একটা আন্তর্জাতিক প্রেস কনফারেন্স করে সারা দুনিয়াকে বলবে এই দেশে গণতন্ত্র নাই, ভারতবর্ষে গণতন্ত্র শেষ হয়ে গিয়েছে, ভারতবর্ষে ফ্যাসিবাদ এসে গিয়েছে, গণতন্ত্র শেষ হয়ে গিয়েছে। পশ্চিমবাংলার নির্বাচন প্রহসন ছাড়া আর কিছুই নয় এবং এই করতে গিয়ে তারা কাদের সঙ্গে হাত মিলালো? কংগ্রেসের যে চূড়ান্ত প্রতিক্রিয়াশীল অংশ, আজকে সিণ্ডিকেট বলে যারা ভারতের সবার কাছে পরিচিত এবং সেই সিণ্ডিকেটের নেতারাও বলছেন যে এই কংগ্রেস কারচুপি করে জিতেছে সারা দেশে, বিশেষ করে কতকগুলি রাজ্যে ত বটেই। এবং তারা এটাকে এক্সপোজ করবে এবং ক্যামপেন করবে। তারা বলেছে সাম্প্রদায়িক দল ছাড়া তারা সকলের সঙ্গেই হাত মিলাবে। কিন্তু যখন তাদের প্রশ্ন করা হয়েছে তখনই বলেছে যে এদের সঙ্গে হাত মিলাতে আমার আপত্তি নেই। সুতরাং সিণ্ডিকেট, জনসঙ্ঘ, সোসিয়ালিষ্ট পার্টি, এদের সকলের সঙ্গে মিলে সি. পি. এম. এবার একটা বিরাট ক্যামপেন করবে যে ভারতবর্ষে গণতন্ত্র ধ্বংস হয়ে গিয়েছে, ফ্যাসিবাদ এসে গিয়েছে। সি, পি, এম, তাদের নীতি সংশোধন না করার ফলে কোন দিকে চলেছে এখন? পরিস্কার প্রগতিশীল, প্রতি বিপ্লবী শিবিরের দিকে তার অগ্রগতি হচ্ছে। এটা খুবই দুঃখের কথা পশ্চিমবঙ্গে জনসাধারণের কাছে, মেহনতি মানুষের কাছে—কারণ পশ্চিমবঙ্গের মেহনতী মানুষের কাছে একটা খুব বড় দল ছিল সি, পি, এম, এবং এবারের নির্বাচনে সি, পি, এম, প্রায় শতকরা ২৮ ভাগ ভোট পেয়েছে। গতবারে সি, পি, এম, ৩২ ভাগ ভোট পেয়েছিল, এবারে ২৮ ভাগ ভোট পেয়েছে। বোঝা যায় মোটামুটি তাদের পিছনে সেই জনতাকেই রাখতে পেরেছে। কিন্তু বাকী সকলে মিলে এই প্রগতিশীল মোর্চাকে বিপুল সংখ্যায় জনসাধারণ ভোট দেবার ফলে সি, পি, এম, পরাজিত হয়েছে। এই সি, পি, এম, আজকে যে পথে চলেছে তা পশ্চিমবঙ্গের জনসাধারণের পক্ষে খুব আশঙ্কাজনক। আমি এখানে সি, পি, এম,-কে আহ্বান করবো যে তাঁরা এই নীতি পরিবর্তন করুন, সংশোধন করুন, নিজেদের ভুল স্বীকার করুন, ঘুরে দাঁড়ান এবং সমস্ত প্রগতিশীল শক্তির সঙ্গে হাত মিলাবার যে পথ সেই পথ তাঁরা গ্রহণ করুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি জিনিস আমি বুঝি না—অবশ্য আমাদের দেশে খুব চালু আছে,

সরকারী দল বিরোধী দল। সরকার দল করলে তার একটা বিরোধী দল থাকবে তার বিরোধী করার জন্য। সি, পি, এম,-ও নিজেকে কম্যুনিষ্ট বলে কিন্তু তাদেরও সরকারী দল বিরো দল। ইন্দিরা গান্ধীর সরকার রয়েছে অতএব বিরোধিতা করতে হবে। আমি একজন কম্যু হিসাবে এটা সম্পূর্ণ ভুল বলে মনে করি, আমি মনে করি এটা একটা বুর্জুয়া চিন্তাধারা এ এই বুর্জুয়া টার্মস সি, পি, এম, গ্রহণ করে নিয়েছে এই পথে চলে। আমি মনে করি আমাদে দেশে দুটি পক্ষ আছে। একটি হচ্ছে আমাদের দেশের জনসাধারণ—বেশীর ভাগ লোক, আর এক হচ্ছে তাদের শত্রুপক্ষ। আমাদের শত্রুপক্ষ হচ্ছে বিদেশী সাম্রাজ্যবাদ, বিশেষ করে মার্কি সাম্রাজ্যবাদ, এক চেটিয়া পুঁজিপতি, রাজা মহারাজা, বড় বড় জোতদার, জমিদার এবং মহাজন, ব বড় মুনাফাখোর ব্যবসায়ী এবং শাসনযন্ত্রের ভিতরে যারা তাদের সেবা করে এবং জনসাধারণে অত্যাচার করে। এরা জনসাধারণের শত্রু। এই দুটি পক্ষ। এদের সমর্থণ করব আর এদে বিরোধিতা করব, কমিউনিষ্ট হিসাবে এটা স্থির করিনি, কিন্তু দলের সাইনবোর্ড আছে, তাদে মার্কা দেওয়া আছে, আমরা কমিউনিষ্ট হিসাবে স্থির করেছি জনসাধাণের পক্ষে কে, আ জনসাধারণের শত্রু কে। এবং সেদিক থেকে আমরা জানি জনসাধারণের শত্রুর বিপক্ষে যা তারা সকলেই প্রগতিশীল, তারাই গণতান্ত্রিক বামপন্থী—তারা যে দলেই থাকুক, কংগ্রেসে ভিতরেই থাকুক আর কংগ্রেসের বাইরেই থাকুক, যে কোন নামেই থাকুক, এবং এই সম শক্তির একটা মোর্চা হওয়া উচিত, তাদের ঐক্যবদ্ধ হওয়া উচিত, গভর্ণমেণ্টের বাইরে থাকলে তাদের কার্য্যকরী মোর্চা হওয়া উচিত। এবং বাস্তবের মুখোমুখী হয়ে জনসাধারণকে মুক্ত করে দেশের উন্নতির পথে নিয়ে যেতে, প্রগতির পথে নিয়ে যেতে সেই সমস্ত শক্তির ঐক্যবদ্ধ হওয় উচিৎ। সেই নীতি অনুসরণ করেই আমাদের পার্টি কংগ্রেসের সঙ্গে জোট বেঁধেছিল আজকে এই জোটই বৃহত্তম দল। কংগ্রেস গভর্ণমেন্ট গড়েছে, আমরা তাদের অভিনন্দন জানিয়েছি। আমি আশা করব এই গভর্ণমেণ্ট তাঁদের প্রতিশ্রুতি রক্ষা করবেন এবং দেশকে প্রগতির পথে নিয়ে যাবেন। আজকে গভর্ণমেণ্ট যদি জনসাধারণের শত্রুর বিপক্ষে থাকেন তাহলে আমরা তাঁদের সমর্থন করব, আর যদি জনসাধারণের শত্রুর পক্ষে যান, তাহলে আমরা তা বিপক্ষকে সমর্থন করব। এই সোজা কথাই আমি বুঝি এবং আমাদের পার্টিও এই নূতন নীতি অনুসরণ করে চলবে।

রাজ্যপালের যে ভাষণ আমাদের কাছে দেওয়া হয়েছে এবং তাতে সরকার যেসব কথা বলেছেন আমি সে সম্বন্ধে একটু পরে আসছি, কিন্তু অতীতের সম্বন্ধে যেসব কথা বলা হয়েছে বিশেষতঃ গত এক বছরের কার্য্য সম্বন্ধে, তাতে আমার আপত্তি আছে। অতীতে তিন মাসের জন্য যে গভর্ণমেণ্ট ছিল তার প্রশংসা করেছেন, সেই সময় গণতান্ত্রিক সরকার ছিল, সেই সরকার গণতান্ত্রিক পদ্ধতিতে ব্যবস্থা অবলম্বন করার চেষ্টা করেছিলেন, কিন্তু দুর্ভাগ্যের বিষয় সেই গভর্ণমেণ্ট রইল না. সেই গভর্ণমেণ্টের পতন হয়েছে, কিন্তু তারপরে যে আমলা-শাসন, এবং পুলিশী শাসন হয়েছে, সেই সময় দু' চারটি ভাল কাজ হয়েছে, কিন্তু তাদের সম্বন্ধে এই ভাষণে যে প্রশংসা করা হয়েছে, সেই প্রশংসার অধিকারী তারা নন, কারণ সেই প্রশংসার যোগ্যতা তাঁদের ছিল না। এ সম্বন্ধে আমি সব কথার উল্লেখ করবনা কিন্তু দু-তিনটি কথার উল্লেখ করতে চাই। এত বড় বন্যা হয়ে গেল। তখন রাজ্যপালকে বলেছিলাম—দেখুন এত বড় বিধ্বংসী বন্যা হয়ে গেল, গ্রামের এত লোকের ঘরবাড়ী ভেঙ্গে পড়ল, এত চাষীর ঘরবাড়ী ভেঙে পড়ল, কিন্তু আমাদের যে অভিজ্ঞতা তাতে এত কম সাহায্য দিতে কখনো দেখিনি। কিছু কিছু সংখ্যাও তাঁকে আমি দিলাম—এত ঘর বাড়ী ভেঙ্গে পড়েছে,তারা গরীব মানুষ কিন্তু আজ পর্যন্ত তারা কিছু পায় নি। রিলিফই বলুন টেষ্ট রিলিফই বলুন, ঘরবাড়ী তৈরী করবার জন্য বিভিন্ন দিক থেকে যে সাহায্য তা অত্যন্ত কম। শুধু টাকার

ব্যাপার নয়, বিতরণের মধ্যেই যথেষ্ট দুর্নীতি চলেছে। রাজ্যপাল এবং তার সরকার গণতান্ত্রিক পদ্ধতি মানতে রাজী ছিলেন না। তিনি আমলাতান্ত্রিক কায়দায় চলেছেন। সুতরাং বিভিন্ন দলের প্রতিনিধি নিয়ে কোন কমিটি করার চেষ্টা করেন নি, আমলাতান্ত্রিক কাঠামোর মধ্যে তিনি ব্যবস্থা করেছেন। তাই এইসব হয়েছে। দ্বিতীয় কথা হচ্ছে ভূমিসংস্কার সম্বন্ধে। কোয়ালিশন সরকার ভূমিসংস্কারের ব্যাপারে যে কমিটি করেছিলেন তা তিনি ভেঙ্গে দিলেন। আপনাদের নিয়ে তিনি কমিটি করেছেন। আমলাতান্ত্রিক উইজ্‌ডমে তিনি যে ব্যবস্থা করেছেন তার প্রতি জনসাধারণের কোন বিশ্বাস নাই। আমলাতান্ত্রিক শাসন-ব্যবস্থার ফলে কোয়ালিশন সরকার যে জিনিষ আরম্ভ করেছিলেন সেই ভূমিসংস্কারের বেশীরভাগ কাজই বন্ধ হয়ে গেছে, প্রসেস্‌ স্থগিত হয়েছে এবং কাজ অগ্রসর হয় নি।

[1-50—2-00 p.m.]

কিন্তু আমার সবচেয়ে বড় অভিযোগ যেটা বলতে চাই সেটা হচ্ছে আইন-শৃঙ্খলা। অমরা আইন-শৃঙ্খলা, আইন-শৃঙ্খলা, বলি। কিন্তু আইন-শৃঙ্খলার কি একটাই মানে? মারামারি, কাটাকাটি বন্ধ করা দরকার, লুঠতরাজ বন্ধ করা দরকার, সাধারণ মানুষের নিরাপত্তা রক্ষা করা দরকার। আমি জিজ্ঞাসা করি সাধারণ মানুষ, গরীব মানুষ কি সাধারণ মানুষ নয়? আমি এখানে বিশেষ করে দরিদ্র ক্ষেতমজুরদের কথা বলতে চাই যে তারা এই শাসনে কি পেয়েছে। গত ৯ মাস ধরে যে অত্যাচার হয়েছে, অন্যায় হয়েছে সেটা বলবার কথা নয়। সন্ত্রাস বন্ধ করা দরকার। কিন্তু অনেক ক্ষেত্রে আমরা দেখেছি সন্ত্রাস বন্ধ করবার জন্য পুলিশের তৎপরতা নেই এবং বললেও কিছু হয় না। অস্ত্রশস্ত্র মজুত করে রেখেছে কিন্তু সার্চ করা হয় নি এটা আমরা দেখেছি। আবার এটাও দেখেছি গরীব কৃষকের বেলায় জোতদার, মহাজনদের অভিযোগে অংসখ্য বাজে মামলা করা হয়েছে। প্রাক্তন কোয়ালিশন গভর্ণমেণ্ট তাঁদের পদত্যাগের পূর্বে একটা সিদ্ধান্ত করেছিলেন যে সমস্ত বাজে মামলা, মিথ্যা মামলা রয়েছে সেগুলি তদন্ত করে তুলে নেওয়া হবে। কিন্তু রাজ্যপালের সরকার সেগুলি অনুসরণ করে নি। আমি লক্ষ্য করেছি কোথায় কে কবে ডায়রি করেছে তার তদন্ত না করে মিথ্যা রিপোর্ট দিয়ে অসংখ্য নূতন মামলা রুজু করা হয়েছে, লোককে গ্রেপ্তার করা হয়েছে, হয়রানি করা হয়েছে। আমি রাজ্যপালকে বলেছিলাম আপনার শাসনে আপনার এফিসিয়ান্সি বা যোগ্যতা সম্পর্কে অনেক কথা বলা হচ্ছে, কিন্তু গরীব কৃষক আপনার শাসনে হতাশ এবং তাদের উপর যে জুলুমবাজী চলেছে সেটা আপনি বন্ধ করতে পারেন নি, চেষ্টাও করেন নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অতীতের কথা আর কিছু না বলে বর্তমান সরকার যে কর্মসূচী রেখেছে এই রাজ্যপালের ভাষণে সে সম্বন্ধে ২।৪টি কথা বলছি। আমি আশাকরি প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার তরফ থেকে জনসাধারণ সম্পর্কে প্রকাশ্যে যেসব বিবৃতি দেওয়া হয়েছে, যেসব নীতি ঘোষণা করা হয়েছে এবং ১৭ দফা কর্মসূচীর কথা যা বলা হয়েছে সেই ভিত্তিতেই এই গভর্ণমেণ্ট চলবে। নূতন প্রোগ্রাম কিছু করতে পারেন, কিন্তু সেটা ১৭ দফা কর্মসূচীকে বাদ দিয়ে য়। সেই ১৭ দফা কর্মসূচী সম্পর্কে এই সরকার প্রতিশ্রুতি দিয়েছে এবং তাকে কার্যকরী করবার ন্য যা করা দরকার সেটা তাঁরা করবেন এই আশা আমি করি। এখানে কংগ্রেস দল আছেন, মামরা আছি—আমরা সকলে দেখব কি বাদ গিয়েছে, না গিয়েছে। আমি রাজ্যপালের ভাষণের ধ্যে এখন আর যাচ্ছিনা, আমি অন্য কয়েকটি কথা এখন উল্লেখ করতে চাই। আমি খুব মানন্দিত রাজ্যপালের ভাষণে এক জায়গায় বলা হয়েছে—It would be the earnest endeavour of my Government to restore and maintion law and order and to ensure to every citizen peace, security and tranquility. My Government will seek to establish a

clean, honest and dedicated administration. আমি এই এভরি সিটিজেন কথাট আণ্ডারলাইন করতে চাই। আমি সমর্থন করছি এই যে বিবৃতি দেওয়া হয়েছে এটা সময়োচি হয়েছে। কিন্তু একটা কথা বলতে চাই এই এভরি সিটিজেন যা বলা হয়েছে এ যেন প্রতিটি নাগরিকের ক্ষেত্রে অনুসরণ করা হয়। সাধারণতঃ দলগত দি থেকে কারুর দলে লোক অন্যায় করলে সেটা মাপ হবে এবং অন্য কেউ অন্যায় করলে তাদের শা হবে এটা পূর্বে বিভিন্ন দলের ক্ষেত্রে দেখা গেছে। আমি আশাকরি এই সরকার তা করবেন না আর এভরি সিটিজেন বলতে আমি শ্রেণীর দিক থেকে বলতে চাই যে, শ্রেণীর দিক থে একজন কারখানার মালিকও সিটিজেন। একজন শ্রমিক, সেও সিটিজেন। একজন বড় জমি মালিক, সেও সিটিজেন, একজন গরীব ক্ষেতমজুর সেও সিটিজেন। আমি এটা আশা কর যে আমাদের দেশে যে সমাজ ব্যবস্থা চালু আছে—পুঁজিতন্ত্র আমাদের দেশে আছে, গভর্নমে যত প্রগতিশীল গভর্ণমেণ্ট হোক না কেন অর্থনৈতিক ব্যবস্থায় যে পুঁজিবাদ ব্যবস্থা আমাদের দে আছে—তারা মাথায় একচেটিয়া পুঁজিপতিরা রয়েছে—গ্রামে এখনও পর্যন্ত জোতদার আ মহাজন আছে, মুনাফাখোর আছে, বৃহৎ ব্যবসাদার আমাদের দেশে আছে এবং পুরানো পুলি ব্যবস্থা তাও আমাদের দেশে আছে। এমন কি আমি বলবো যতটুকু আমার এই বিধানসভ অধিকার আছে, বিচারক যারা, তাদেরও একটা দৃষ্টিভঙ্গী আছে, তারাও সেই দৃষ্টিভঙ্গীর বাই নয় এবং বেশীরভাগ ক্ষেত্রে বিচারকের দৃষ্টিভঙ্গী জনসাধারণের দৃষ্টিভঙ্গী নয়, গরীবের দৃষ্টিভঙ্গী ন ওপরতলার দৃষ্টিভঙ্গী। এইরকম একটা পরিবেশের মধ্যে এই গভর্ণমেণ্ট কাজ করছে। যদি এ গভর্ণমেণ্টকে কাজ করতে হয় তাহলে প্রতিটি নাগরিকের নিরাপত্তা রক্ষা করবো, প্রতি নাগরিকের অধিকার রক্ষা করবো এর উপর যেন জোর দেওয়া হয় এবং আমাদের দেশের দরি মানুষ, বিশেষ করে শ্রমিক এবং কৃষক, বিশেষ করে গ্রামের দরিদ্র কৃষক এবং ক্ষেতমজুর, তা কথা যেন মনে রাখা হয়। এই সুত্রে আমি এই গভর্ণমেণ্টকে, বিশেষ করে মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধ শঙ্কর রায় মহাশয়কে—তাঁর হাতে স্বরাষ্ট্র দপ্তর আছে, তাঁকে আমি অনুরোধ করবো যে গ্রামে দরিদ্র জনসাধারণের প্রতি সুবিচার করবার জন্য যেসমস্ত মামলা বহুদিন ধরে হয়রানি করবার জ চাষীদের বিরুদ্ধে দিয়েছে,পুলিশকে ঘুষ দিয়ে নানারকম যোগসাজস করে, তাদের বিরুদ্ধে সেইসম মামলাগুলো প্রত্যাহার করে নেবার কোন একটা পদ্ধতি অবিলম্বে চালু করুন। আমার, আমাদে ক্ষেত্রে যেসমস্ত কেস জানা আছে, সেই সমস্ত কেস দিতে প্রস্তুত আছি। আপনারা কি পদ্ধ অবলম্বন করবেন, আমি আশা করবো এই আইনসভার অধিবেশনের মধ্যে মুখ্যমন্ত্রী সেটা ঘোষ করবেন, যে আমরা এই পদ্ধতি অবলম্বন করবো যে কি কেস, ফিল্মজি গ্রাউণ্ডে হয়েছে না হয়েছে, সেটা দেখে সেই কেসগুলো ড্রপ করে দেওয়া। আমি আর একটা কেস উল্লেখ কর যে ডেমক্রাটিক রাইটস—গণতান্ত্রিক অধিকার—আমি খুব আনন্দিত যে এই গভর্ণমেণ্ট বলেছে রাজ্যপালের ভাষণে যে, "The democratic rights of the people particularly worke peasants and the middle-classes would be preserved, safeguarded and enhance My Government would seek to ensure rapid economic growth consistent wi social justice." খুব আনন্দের কথা। কিন্তু তা যদি করতে হয় তাহলে একটা কথা ভাব হবে, যেটা আমাদের প্রগতিশীল মোর্চার যুক্ত বিবৃতিতে ছিল, এ্যাডমিনিষ্ট্রেটিভ রিফর্ম—আমি এ রাজ্যপালের ভাষণের মধ্যে সেটা পেলাম না, কিন্তু আমি এটা লক্ষ্য করেছি এবং খুব আনন্দি হয়েছি, সেইজন্য গভর্ণমেণ্টের দৃষ্টি আকর্ষণ করছি যে কি পুলিশ রিফর্ম হওয়া উচিত, এ্যাডমিনিষ্ট্রেটিভ রিফর্ম হওয়া উচিত, সেটা তারা গভীরভাবে চিন্তা করুন এবং যত শীঘ্র সম্ভব প্রশাসনিক সংস্কার এবং পুলিশ ব্যবস্থার সংস্কার যেন তাঁরা করতে পারেন, এবং তা না হলে এ

কথার কথায় পর্য্যবসিত হয়ে যাবে। দৈনন্দিন ঘটনায়, হাজার-হাজার লক্ষ-লক্ষ ঘটনায় তারা যে হস্তক্ষেপ করেন, সেটা যদি গণতান্ত্রিক পদ্ধতিতে না চলে তাহলে এই যে এদের অধিকার রক্ষা করতে পারবেন বলে বলছেন, তা করতে পারবেন না, সেটা কথার কথায় পর্য্যবসিত হয়ে যাবে। আমি আর একটা বিষয়ে খুব খুসী, যে ভূমিসংস্কার সম্বন্ধে এই গভর্ণমেণ্ট যে ষ্টেটমেণ্ট করেছেন এবং সেই ষ্টেটমেণ্টে যোগ দেবার কিছু নেই, সেই ষ্টেটমেণ্ট যা তাঁরা করেছেন, সব কথাই তাঁরা বলেছেন যে আইন তাড়াতাড়ি কার্য্যকরী করবেন, জমি বিলি করবেন, এলিজিবল ক্যাটাগরির মধ্যে এবং যেসমস্ত অন্যায় হয়েছে, সেই অন্যায় উচ্ছেদ বন্ধ করবেন এবং যেসমস্ত আইন কানুন করা দরকার সেটা তাঁরা করবেন। আমি শুধু একটা কথা বলতে চাই যে এ্যাডমিনিষ্ট্রেটিভ রিফর্ম-এর সূত্রে পুলিশের ব্যাপারে যেটা বলতে চাই যে পুলিশের উপর তদারক করবার জন্য একটা কিছু ব্যবস্থা থাকা দরকার।

[2-00—2-10 p.m.]

আমি খুব আনন্দিত যে মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন প্রত্যেক মন্ত্রীর সঙ্গে একটা করে স্থায়ী উপদেষ্টা কমিটি গঠিত হবে। ১৯৬৭ সালে আমাদের যুক্তফ্রন্টের অভিজ্ঞতা হলো এই যে মন্ত্রীদের যার যা খুশী স্বেচ্ছাচারিতা। তাই আমরা একটা প্রস্তাব এনেছিলাম। কিন্তু মার্কসিষ্ট পার্টি আমাদের এই প্রস্তাব গ্রহণ করেন নাই। কিন্তু আমাদের সরকার বিপুল সংখ্যাগরিষ্ঠতা লাভ করেও তাঁরা যে এই প্রস্তাব করছেন, তাতে আমরা আনন্দিত। এই পুলিশী হস্তক্ষেপ অন্যায়ভাবে করা বা না করা এই দুটোর উপর যুক্তফ্রন্ট যখন ভেঙ্গে যায়, তখন আমরা প্রস্তাব করেছিলাম সি. পি. এম. নেতাদের কাছে যে পুলিশের উপর একটা supervision-এর ব্যবস্থা রাখা দরকার। কারণ পুলিশ একটা colour পেয়েছে। কাজেই এই supervision-এর জন্য কোন গণতান্ত্রিক একটা ব্যবস্থা করা হোক। জ্যোতিবাবুকে একটা অনুরোধ করেছিলাম, তাদের পার্টি এক তরফা সঠিক এবং অপরদিকে পুলিশের যা করা দরকার, তা করছে না। ফলে সকলের মনে দারুন বিক্ষোভ। কিন্তু জ্যোতিবাবু তা সত্বে আমাদের অনুরোধ মত কোন কমিটি করতে রাজি হন নাই পুলিশের উপর supervision করবার জন্য। তাই আমি এই সরকারকে বলবো পুলিশের উপর supervision-এর জন্য থানা লেভেলে ও ডিষ্ট্রিক্ট লেভেলে স্থানীয় প্রতিনিধিদের নিয়ে ছোট ছোট কমিটি করে দেওয়া হোক। তাঁদের কাছে পুলিশ রিপোর্ট করবে। তাঁদের ডাকবে, তাঁদের অভিযোগ শুনবে। এইরকম ব্যবস্থা যাতে থাকতে পারে, তার চেষ্টা করুন। কারণ অভিজ্ঞতা থেকে শিক্ষালাভ করবার চেষ্টা করা উচিত যাতে শোচনীয় কোন ব্যবস্থা সৃষ্টি না হয়।

তারপর administrative reform-এর কথা বলা হয়েছে, এটা একটা খুব ভাল কথা। ভূমিসংস্কার আইন সংক্রান্ত একটা অর্ডিন্যান্স আমাদের সামনে শীঘ্র আসবে। ভূমিসংস্কারের জন্য একটা মেসিনারী করবার দরকার আছে। এখন থেকেই সেই সম্পর্কে গভর্ণমেণ্টের চিন্তা করা দরকার। অবিলম্বে একটা গণতান্ত্রিক মেসিনারী গঠন করা প্রয়োজন এইজন্য যেখান থেকে কৃষকরা ভূমি-সংস্কার সম্পর্কে একটা সাহায্য ও সহযোগিতা পেতে পারে। তারা তা শাসন করতে পারে, সেটা আমলাতন্ত্রের হাতে যেন ছেড়ে দেওয়া না হয়। এইরকম একটা ঘোষণা এখানে থাকলে আমরা খুশী হতাম।

তারপর State undertaking সম্বন্ধে যে নীতি গ্রহণ করা হয়েছে তাতে State বা রাষ্ট্রায়ত্ত্ব যে সমস্ত শিল্প যোগ্যতার সঙ্গে পরিচালিত হয়, লাভজনক হয়, resource পাওয়া যায়, যাতে সেখানকার শ্রমিক কর্মচারীদের সঙ্গে management-এর বা কর্তৃপক্ষের সহযোগিতা হয়। এও ভাল কথা বলেছেন। আমরা আশা করবো এমন একটা রূপ বা form শীঘ্র আপনারা evolve

করবেন এবং ঘোষণা করবেন যাতে সমস্ত রাষ্ট্রায়ত্ত শিল্প যোগ্যতার সঙ্গে পরিচালিত হয় ও শ্রমিক দের ন্যায্য অসন্তোষ দূর করা হয়। Administration-এর এই রূপটা বের করতে গেলে দরকা হবে সমস্ত ট্রেড ইউনিয়নকে ডেকে তাদের সঙ্গে যুক্তভাবে management-এর পরামর্শ করবে যাতে আপনাদের এই সাধু উদ্দেশ্য কার্যকর হতে পারে।

আর একটা কথা অভিনন্দনযোগ্য যেসমস্ত কারখানার মালিক ও জমির মালিক শ্রমিকদে ন্যায্য পাওনা চুরি করবে, সেই চুরির প্রতিকারের জন্য সরকার যে নীতি ঘোষণা করবেন, ত বাস্তবে কার্য্যকরী করা খুবই কঠিন। বর্তমান ব্যবস্থায় তাদের বিরুদ্ধে কোন penal ব্যবস্থা se up করা কঠিন—এটা আপনারা মনে রাখবেন।

আর একটা ব্যবস্থার আমরা প্রতিবাদ করছি—শ্রমিকদের ধর্মঘট বন্ধ করবার জন্য আপনারা আহ্বান জানিয়েছেন, শ্রমিকদের ধর্মঘট করবার fundamental right আছে, মৌলিক অধিকা আছে। তাদের হাতে যখন রাষ্ট্র ক্ষমতা থাকবে না, তখন শ্রমিকদের হাতে একমাত্র ক্ষমতা হে মালিকদের শোষণ, অন্যায় অত্যাচার এমন কি গভর্ণমেণ্টের অন্যায় অত্যাচারের বিরুদ্ধে তাদে প্রতিবাদ করবার একটা হাতিয়ার হলো এই হরতাল করা, ধর্মঘট করা তাদের এটা অধিকার—এব fundamantal right. হরতাল করবার অধিকার শ্রমিকরা ছেড়ে দেবে কেন? হরতাল আপনা বন্ধ করে দিতে পারেন, যদি তাদের উপর ন্যায় বিচার হয়, আর যদি আপনারা আইনের সংশোধ করেন, আইন ঠিক ঠিক প্রয়োগ করেন এবং তাদের অসন্তোষের কারণগুলি বার করতে পারে তাহলে ষ্ট্রাইক কমে যাবে ষ্ট্রাইক বন্ধ হয়ে যাবে। কিন্তু জোর করে ষ্ট্রাইক বন্ধ করা যাবে না ষ্ট্রাইকের অধিকার শ্রমিকরা ছাড়তে পারে না।

আর একটা জিনিষ রাজ্যপাল তাঁর ভাষণে উল্লেখ করেছেন, সেটা হল সংখ্যালঘু সম্প্রদায়ে অধিকার সম্বন্ধে। আমি এই সম্বন্ধে বলব যে শুধু নিয়মমত সংখ্যালঘুদের আশ্বস্ত করলে চলবেনা কার্য্য ক্ষেত্রে যে ডিসক্রীমিনেশন হয় সেই ডিসক্রীমিনেশনগুলি বন্ধ করবার জন্য কনক্রীট ষ্টেপ নি হবে, তার উপযুক্ত সারকুলার দিতে হবে,তার উপযুক্ত এ্যাডমিনিষ্ট্রেটিভ ব্যবস্থা আপনাদের অবলম্ব করতে হবে, তবে সংখ্যালঘু সম্প্রদায়ের অধিকার রক্ষা হবে। তাদের বিরুদ্ধে সাম্প্রদায়িক এব প্রতিক্রিয়াশীল লোকেরা সেখানে যে চেষ্টা করছে তাদের সেই চেষ্টা ব্যর্থ হবে যদি সেখানে বাস্তবি পক্ষে আপনারা তা কার্যকরী করতে পারেন। এই সভায় যাঁরা সংখ্যালঘু সম্প্রদায়ের মাধ্যে নির্বাচিত হত সেই ঝাড়খণ্ড দলের একজন সভ্যও নির্বাচিত হতে পারেন নি। এই কথা ঠিক ঝাড়খণ্ড দল দাবী করে যে তারাই উপজাতিদের প্রতিনিধি। কিন্তু আমরা যারা বসে আছি আমরা কি উপজাতিদের ভোট পাই না বা আমরা উপজাতিদের প্রতিনিধিত্ব করি না? আমা নিশ্চয়ই উপজাতিদের প্রতিনিধিত্ব করি। এবং তা যদি করি তাহলে সে সম্পর্কে আর একটা কথা বলব যে আমাদের সংবিধানে যেমন এ্যাংলো ইণ্ডিয়ানদের রাজ্যপালের মনোনীত প্রতিনি থাকে সেইরূপ ব্যবস্থা ঘোষণা করা উচিত। যে সমস্ত এলাকায় উপজাতি সংখ্যায় প্রচুর পরিমা আছে সেখানের তাদের দ্বারা নির্ব্বাচিত প্রতিনিধি গভর্ণমেণ্টের কাছে তাদের অভাব অভিযোগগু আনতে পারে।

আর একটা কথা আমি শেষে বলতে চাই সেটা হচ্ছে যে এই মূল্য বৃদ্ধি। এই যে কেরোসিনে উপর টেক্স বসেছে এতে গরীব মানুষেরা শংকিত হচ্ছে। আমাদের দেশের অর্থনৈতিক ব্যবস্থা জন্য ৬ পয়সা যখন ট্যাক্স বসল আর তা কমিয়ে দিয়ে ৪ পয়সা হল তখন দাম কত বাড়ান হয়েছে ৬ পয়সা তোলবার জন্য ৬ আনা বাড়িয়ে দেওয়া হয়েছে। এক টাকা—পাঁচশিকে নানান রকম দা

ান জায়গায় বিক্রি হচ্ছে। আর সার-এর ক্ষেত্রেও তাই হচ্ছে। সার আমাদের পশ্চিমবাংলার ত্রে অত্যন্ত দরকারী জিনিস কৃষিতে আমরা যখন অগ্রসর হওয়ার চেষ্টা করছি। এই সূত্রে আমি তে চাই যে একটা আত্মসন্তুষ্টির মনোভাব রাজ্যপালের ভাষণে রয়েছে। গত এক বছরের ভিতর য়ে আমরা কোথায় এসে পৌছেছি,না একটা টেক অব ষ্টেজে পৌছেছি। কৃষি এবং শিল্পে আমরা রুন লাফ মেরে যাবার আগে এসে পৌছিয়েছি। এই আত্মসন্তুষ্টি যদি থাকে তাহলে দারুন মুস্কিলে বেন। আমি বিশদ আলোচনায় যাব না। কৃষিক্ষেত্রে আমি ডিটেলে যাব না। আমি াণ করে দিতে পারি সরকারী সমস্ত নথিপত্র থেকে, যত তদন্ত হয়েছে এবং যত ষ্টাডি হয়েছে ভিন্ন বিশ্ববিদ্যালয় দ্বারা তার থেকে আমি প্রমাণ করে দিতে পারি যে কৃষি টেক অফ ষ্টেজে সে নি আর শিল্পও টেক অফ ষ্টেজে আসে নি। যাতে কৃষি ও শিল্পকে টেক অফ ষ্টেজে আনা যায় র চেষ্টা করতে হবে। ৬ পয়সা ট্যাক্স বাড়িয়ে দিলেন আর ৬ আনা দর বেড়ে গেল আর কৃষির সার এখানে বিশেষ প্রয়োজন তার উপর ট্যাক্স বসিয়ে দিলেন আর ব্ল্যাকমারকেটিং হতে লাগল র হায় হায় করে দুষ্প্রাপ্য হয়ে গেল উড়ে গেল—এর থেকে আমি গভর্ণমেণ্টকে একটা ওয়ারনিং তে চাই যে ওয়ারনিংটা হচ্ছে এই সরবরাহ ব্যবস্থা যদি আপনারা না করেন এই পুঁজিপতীদের তে সমস্ত রেখে দেন।

2-10—2-20 p.m.]

ং তা রেখে দিয়ে যদি বলেন যে আমরা প্রাইস কণ্ট্রোল করছি তাহলে কিছুই হবে না। র্থনীতিতে আবার আইন কি—অর্থনীতি নিজেই একটা আইন। সে আইনের পথেই চলে। তরাং একদিকে সরবরাহ ব্যবস্থা ঠিকমত করা দরকার আর একদিকে মুনাফাখোরদের কঠোর স্ত দমন করা দরকার এবং তা দমন করা পুলিশের হাতে ছেড়ে না দিয়ে তা দমন করবার জন্য কটা গণতান্ত্রিক পদ্ধতিতে ব্যবস্থা অবলম্বন করা দরকার। মানুষের নিত্য প্রয়োজনীয় জিনিষের র ট্যাক্স বাড়িয়ে রোজগার করা দরকার—কিন্তু সেই নীতি আমাদের দেশের হলে তা পজ্জনক। দু'পয়সা ট্যাক্স বাড়াবার সঙ্গে সঙ্গে দু'আনা চার আনা বেড়ে যাবে—কিছু করার কেনা। সেইজন্য এই সাবধান বাণী উচ্চারণ করা দরকার আছে। এই গভর্ণমেণ্ট ভবিষ্যতে আবার জেট নিয়ে আসবেন। এবং তাঁদের বলছি যে নিত্য প্রয়োজনীয় জিনিষের উপর ট্যাক্স বাড়িয়ে সা রোজগার করার চেষ্টা বোকামী। কারণ আপনারা দু'পয়সা বাড়ালে সাধারণ মানুষের কেট থেকে ১০ পয়সা বেরিয়ে যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য শেষ করে এনেছি— ষ করবার আগে আমি একথা বলতে চাই যে আমরা সর্বান্তকরণে আশা করবো যে এই সরকার ফল হোক—এই গভর্ণমেণ্ট যাতে সফল হয়, যাতে ১৭ দফা কর্মসূচী কার্যে পরিণত করেন তারজন্য মরা সাহায্য করবো। পশ্চিমবাংলার মানুষ দারুন ঠকেছে। ১৯৬৪ সাল পর্যন্ত যে শোষণ ত্যাচার তাদের উপর হয়েছে—তারা বিশ্বাস করে যাদের ভোট দিয়েছিল তারা তাদের প্রতি যে শ্বাসঘাতকতা করেছে তার ফলে তারা তাদের দেবার চেষ্টা করেছে। তারা যুক্তফ্রণ্ট সরকার তিষ্ঠা করেছিল—কিন্তু ঐ যুক্তফ্রণ্ট সরকারের নেতা মার্কসিষ্ট কমিউনিষ্ট পার্টি তা ভেঙ্গে দিয়েছে। তে তারা যে বিশ্বাসঘাতকতা করেছে তাতে মানুষের আশা ভেঙ্গে গিয়েছে। আজকে আবার ভন করে বুঝলো এবং এই প্রগতিশীল গণতান্ত্রিক মোরচাকে জয়যুক্ত করলো এবং এই গণতান্ত্রিক ারচার বৃহত্তর দল কংগ্রেসকে বিপুল ভোটাধিক্যে জয়ী করে তারা তাদের আস্থা প্রকাশ করেছে। ই আস্থা যদি নষ্ট হয়ে যায়, যদি ভেঙ্গে যায় তা হ'লে ভবিষ্যতে কি হবে সে কথা ভেবে গা শিহরে ১ সুতরাং এই গভর্ণমেণ্ট আমাদের দেশের মানুষের আশা ভঙ্গ করবেন না। যে প্রগতিশীল তশ্রুতি দিয়েছেন সেইভাবে কাজ করবেন এবং আইন পাশ করবেন। কোন কায়েমী স্বার্থের প কোন প্রতিক্রিয়াশীলদের প্রভাবে তাঁরা সেই প্রতিশ্রুতি থেকে সরে যাবেন না। এটা একটা

পবিত্র দায়িত্ব পশ্চিমবাংলার মানুষের কাছে। এই কথা বলে আবার সতর্ক করে দিতে চাই। খুবই স্বাভাবিক এতো বিপুল সংখ্যায় জিতে গভর্ণমেণ্ট করেছেন দলবাজী করবার যে মনোভাব আসতে পারে এবং ইতিমধ্যে অনেক খবর টুকরো টাকরা আসতে আরম্ভ হয়েছে আমি সেই সমস্ত বলে এই নূতন গভর্ণমেণ্টকে বিব্রত করতে চাই না। যা কিছু আমাদের দলের অভিযোগ আছে। মুখ্যমন্ত্রীকে দিচ্ছি—তিনি তার প্রতিকার করবেন,বিচার করবেন। কিন্তু বিভিন্ন দিক থেকে নানারকম অভিযোগ আসতে আরম্ভ করেছে। প্রতিক্রিয়াশীলদের চক্রান্ত চলেছে, সি. পি. এম. নানারকম কাণ্ডকারখানা করছে আবার শাসকদলের পক্ষ থেকে এই রকম ধরনের একটা প্রবণতার লক্ষণ দেখা যাচ্ছে। সময় থাকতে তাকে সংযত করুন, কণ্ট্রোল করুন যাতে শাসক দল এবং শাসন কর্তৃপক্ষ বাস্তবিকই নিরপেক্ষভাবে তাদের যে নীতি সেই নীতিগুলি কার্যকরী করার পক্ষে এগিয়ে যান। যাতে অতীতের পুনরাবৃত্তি না হয় এইদিকে অনুরোধ জানিয়ে এবং সতর্ক করে দিয়ে গভর্ণমেণ্টকে অভিনন্দন জানিয়ে তার সাফল্য কামনা করে আমাদের রাজ্যপালের ভাষণের উপর আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকুমার দীপ্তি সেনগুপ্ত: মিঃ স্পীকার, স্যার, পশ্চিমবাংলায় যে নূতন রাজনীতির ইতিহাস রচিত হচ্ছে বুলেটের মধ্য দিয়ে নয়,ব্যালট বাক্সের মধ্য দিয়ে যে বিপ্লব সুরু হয়েছে—যে দিন বদলের নূতন পালা সুরু হয়েছে—সেই সময় আমাদের রাজ্যপাল যে মনোজ্ঞ ভাষণ দিয়েছেন সেটাকে আমরা বৈপ্লবিক ভাষণ বলে অভিহিত করতে পারি। মাননীয় সদস্যদের আমি দৃষ্টি আকর্ষণ করবো রাজ্যপালের ভাষণের প্যারা ওয়ানে অর্থাৎ প্রথম পাতায় তিনি সোস্যাল জাসটিস বা সামাজিক ন্যায় বিচারের কথা বলেছেন। এই সামাজিক ন্যায় বিচার এমন একটা জিনিস যারজন্য আমাদের যুব শক্তি অনেক আত্মাহুতি দিয়েছে, বহু মায়ের চোখের জল পড়েছে এই ন্যায় বিচার আদায় করবার জন্য। আমি এই মন্ত্রিসভাকে শুধু এই অনুরোধ করবো যে ন্যায় বিচার যদি সুপ্রতিষ্ঠিত করতে হয়, যদি নিরন্নকে অন্ন দিতে হয়, বস্ত্রহীনকে যদি বস্ত্র দিতে হয় এবং এই যে হাজার হাজার বেকারদের দীর্ঘশ্বাস এবং তাদের যে শ্বাসরোধ তা যদি চিরকালের জন্য স্তব্ধ করে দিতে হয় তাহলে আমাদের ভাবতে হবে সমাজতান্ত্রিক আইন। সমাজতান্ত্রিক আইন ব্যতীত আমরা কোন দিন ধীরে ধীরে যে রাষ্ট্রের কথা চিন্তা করছি তা সফল হওয়া সম্ভব নয়।

আমি বাজেটে শঙ্কর বাবুর বক্তৃতা দেখেছি তিনি এখান থেকে ওখান থেকে টাকা জোগাড় করার জন্য বহু চেষ্টা করছেন। তার চেষ্টাকে আমি স্বাগত জানাই। কিন্তু তিনি চেষ্টা করে কি করবেন? গোটা পশ্চিমবঙ্গের একটা হিসাব যুগান্তর কাগজে বেরিয়েছে আপনি হয়ত সেটা দেখেছেন। আমি হিসাব করে দেখেছি এক বছরে লোকসান হচ্ছে ২ কোটি ২৬ লক্ষ টাকা। এ ছাড়া Mining and Allied Mechinery Corporation, Durgapur তাদের লোকসান হচ্ছে ৬৪০ লক্ষ টাকা এই টাকা যদি আমরা আমাদের ছেলেদের কাজে লাগাতে না পারি সুষ্ঠ বণ্টনের জন্য যদি আমরা কাজে লাগাতে না পারি তাহলে কোনদিনই কোন ব্যাপারে আমরা সাফল্য লাভ করতে পারবো না। আমাদের পক্ষে সামাজিক ন্যায় বিচার করার কথা চিন্তা করা ভুল হবে। সামাজিক ন্যায় বিচার এমন একটা জিনিষ যার সঙ্গে জড়িত রয়েছে maximisation of social return the returan—which will maximise gains to the nation. সেখানে যত প্রকল্প আছে সমস্ত প্রকল্প থেকে আমাদের টাকা নিংড়ে বের করতে হবে, যাতে সেই টাকা উন্নয়নমূলক, কল্যাণমূলক কাজে ব্যবহার করা যায়। আমরা যদি এই কাজের জন্য সত্যই প্রতিজ্ঞাবদ্ধ হয়ে থাকি, এশিয়ার নূতন সূর্য্য ইন্দিরা গান্ধীর প্রতি যদি আমাদের শ্রদ্ধা থাকে, যে সমস্ত অমর শহীদ জীবন দিয়েছেন—those who have sacrificed

to-day for our to-morrow. জীবনে যারা কিছু পেল না, যাদের কল্যাণে আজকে আমরা এখানে বসেছি, এই অমর আত্মার প্রতি যদি আমাদের শ্রদ্ধা জানাতে হয় তাহলে মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে আমি আমার মন্ত্রিসভাকে আহ্বান জানাবো অবিলম্বে আপনারা সমাজতন্ত্র প্রতিষ্ঠা করার জন্য সরকারী সংস্থাগুলিতে Comrades' Court প্রবর্তন করুন। আমাদের আশে-পাশে বহু তরুন বন্ধু আছেন, যাঁরা M. L. A. হয়ে এখানে এসেছেন, সেখানে worker's representatives নেওয়া যেতে পারে এবং এদের নিয়ে আমরা Comrades'Court-এর মধ্য দিয়ে আমাদের সমাজতন্ত্রকে প্রতিষ্ঠা করতে পারি এবং আমাদের রাষ্ট্র পশ্চিমবঙ্গকে পুড়িয়ে ফেলার জন্য ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সালে ঐ তিন তলার ঘর থেকে যে চক্রান্ত হয়েছিলো তা ব্যর্থ করতে সম্ভব হব। আমি দেখেছি যে সমস্ত সরকারী প্রকল্প আছে সেই প্রকল্পে যে loss হয় তার হিসাব আমি আপনার কাছে দিলাম। এ ছাড়া go slow or insubordination তো লেগেই আছে, তারপর চুরি এবং Corruption। আমাদের তরুন M. L. A.—এদের কাজে লাগাতে পারি এবং তাদের সহযোগিতা নিতে পারি। Comrades' Courts এগুলি Russia-তে হয়েছে। Russia-তে হয়েছে বলে আমরা নেব এও যেমন ঠিক নয়, আবার Russia-তে হয়েছে সুতরাং আমরা নেব না সেটাও তেমন ঠিক নয়। আমরা তাদের ভাল জিনিষ যা আছে সেগুলি অনুসন্ধান করবো এবং বিশ্বাস আছে যদি এই Comrades' Court প্রবর্তন করতে পারি, যদি আমাদের যুব সমাজের যে M. L. A.-রা আছেন তাঁরা এগিয়ে এসে আমাদের সরকারকে সাহায্য করেন তাহলে বাজেটে—"হা টাকা, হা টাকা, কোথায় টাকা" একথা বলে এখানে ওখানে ভিক্ষার ঝুলি নিয়ে ঘুরতে হবে না।

রাজ্যপালের ভাষণে আর একটা অমূল্য বিষয়ের কথা উল্লেখ করা হয়েছে। সেটা হচ্ছে "যে সব সরকারী উদ্যোগে প্রকৃত উৎসাহ ও অর্থ নিয়োগ করা হয়েছে, সেগুলি লাভজনক করে তুলতে এবং সেগুলি যাতে শুধু কর্ম সৃষ্টির কেন্দ্র না হয়ে সম্পদ সৃষ্টিরও কেন্দ্র হয়ে উঠতে পারে সেই অবস্থা সৃষ্টি করতে আমার সরকার আগ্রহী"। এটা হচ্ছে ২১ দফাতে। আমার মনে হয় এর চেয়ে বৈপ্লবিক ভাষণ এই Assembly-তে যুক্তফ্রন্ট সরকার কেন কোন সরকার কোন দিনই দিতে পারে নি এবং কোন সরকার চিন্তাও করতে পারে না। এ ছাড়া আজকে আমরা কি দেখছি? কলকাতা শহর বা অন্যান্য শহরে আমরা দেখতে পাচ্ছি যে একটা বড়লোক ৫০টি, ১০টি, ৫টি জমির plot কিনে রাখলো এবং সেই plot তিনি ধরে রেখেছেন। যখন আমাদের মত মধ্যবিত্ত লোক সেই plot কিনতে যাচ্ছে তখন অস্বাভাবিক দামের সৃষ্টি হচ্ছে। কোন জমির অভাব নয় এটা ফটকাবাজী। Socialist Country-তে or Russia-তে এর বিহিতের ব্যবস্থা আছে। সেখানে speculationগুলি প্রতিরোধ করার জন্য আইনের ব্যবস্থা হয়েছে।

[2-20—2-30 p.m.]

সরকারী উদ্যোগে আমরা গৃহ নির্মাণ করি—কিন্তু বড় লজ্জার কথা কল্যাণী কংগ্রেস যখন আমাদের হয়েছিল তখন তার দু' একদিনের মধ্যে দেখেছিলাম যে সরকারী উদ্যোগে সেখানে যেসমস্ত গৃহ হয়েছিল তার মধ্যে জল পড়তে সুরু করল এবং সেই জল আমাদের সমস্ত ঘর ভাসিয়ে দিল। আজকে সেই কংগ্রেস আর নেই- এখনকার কংগ্রেসের চেহারা, কর্মপদ্ধতি সম্পূর্ণ সতন্ত্র। সেইজন্য আমি বলছি সরকারী উদ্যোগে যে সমস্ত গৃহ নির্মাণ হয় লোক-চোখে আমাদের হেয় হয়ে যেতে হয়। আমাদের লোকের মনে এই বিশ্বাস যেন না হয় যে, যে টাকা খরচ হবে সেগুলি সত্যিকারের কল্যাণমূলক কাজে খরচ হবে না—এই টাকা যেন সত্যিকারের কল্যাণমূলক কাজে ব্যয় হয় সেদিকে আমাদের নজর রাখতে হবে। আমরা দেখেছি ইঞ্জিনিয়ার, ওভারসিয়ার ইত্যাদি আমলা-

তন্ত্ররা পশ্চিমবঙ্গকে ধ্বংস করছে। শুধু সি. পি. এম. কে শত্রু বলে মনে করি না, এই আমলাতন্ত্রও আমাদের শত্রু, এদেরকেও আমাদের চিনতে হবে। আমরা ইচ্ছা করলে ক্রিমিন্যাল কোর্ট আইন এইভাবে প্রবর্তন করতে পারি যাতে এই সমস্ত কর্মচারীকে আসামীর কাঠ-গোড়ায় হাজির করতে পারি এবং এই সমস্ত অন্যায়ের বিহিত করতে পারি। আমি যখন ভোট করতে গিয়েছিলাম তখন সিদ্ধার্থবাবুও আমার সঙ্গে গিয়েছিলেন। তিনি একজন জনদরদী ব্যক্তি এবং তিনি দেশবন্ধুর ঘর থেকে এসেছেন। তাঁর চোখ দিয়েও জল গড়িয়ে পড়ছে যখন তিনি আমার সঙ্গে বাড়ী গিয়ে ঘুরে দেখেছেন—আমাদের দেশে এখনও এমন এমন বাড়ী রয়েছে যেখানে কাপড় নেই। আমি যখন তাদের বললাম তোমরা ভোট দিতে চল, তারা বলল আমরা ইন্দিরা গান্ধীকে ভোট দেব, কিন্তু বাবু আমাদের পরনের কাপড় নেই, ভোট দিতে যাব কি করে? কাজেই এই সমস্ত গরীবের টাকা নিয়ে আমরা যখন সরকারী উদ্যোগে বাড়ী, ব্রীজ, রাস্তা ইত্যাদি তৈরী করবো তাতে যদি গলদ হয় তাহলে আমাদের আর খরচ করতে ইচ্ছাই থাকে না। গরীব লোকেরা ট্যাক্স দেবে অথচ কাজ হবে না—এর জন্য যারা দায়ী আমরা সেই সমস্ত কর্মচারীকে আসামীর কাঠগোড়ায় দাঁড করাবো এবং সেই ধরনের আইন প্রবর্তন করবো। আমাদের মন্ত্রিসভার সদস্য সাত্তার সাহেব আছেন, তিনি একজন বিশিষ্ট আইনজ্ঞ ব্যক্তি এবং মাননীয় সিদ্ধার্থবাবু তিনিও একজন ভারতের বিখ্যাত জননেতা, তাঁদের কাছে আমি অনুরোধ করবো যে এই ধরনের সোসালি. লিগ্যালিটির কথা যা আমি একটু আগে বললাম সেটা করতে পারলে শুধু বেকার সমস্যা নয়, অন্যান্য অনেক সমস্যা আমরা দূর করতে পারবো। কাজেই এই সমস্ত লিগ্যালিটির দিকটি ভাল ভাবে চিন্তা করতে হবে। আজকে আমার কাছে একটি সি. পি. এম.-এর প্যামপ্লেট আছে, তাতে লেখা আছে দেখছি আমরা নাকি সবাই রিটার্ন হই নি, জিতিনি। আবার নাকি ভোট হবে অনেকে বলছে। তাদের জিজ্ঞাসা করলাম ভোট কেন হবে? জ্যোতিবাবুর দল আসন পায় নি, তাই ভোট হবে। কাজে কাজেই ওরা বলছে এই ভোট, ভোট নয়, আবার ভোট হবে। আমি বললাম এর জন্যই তো ওরা আমাদের সেন বর্মার হাতে পায়ে ধরছে এবং দরকার হলে জ্যোতিবাবু পায়ে ধরুন, অনুনয় বিনয় করুন কিন্তু মানুষ মানুষের কাছে স্থান হবে না তা আমরা জানি। আমরা এই প্যামপ্লেট দেখে বুঝতে পারছি যে একটা চক্রান্ত সুরু হয়েছে। আপনারা সবাই জানেন দলীয় স্বার্থে ট্রাম, বাস পোড়ানো হয়েছে। এ্যাসেমব্লীতে সিট পাবার জন্য এবং স্কুল কলেজের ল্যাবোরেটরি পোড়ানো হয়েছে। কাজেই এই ধরনের ঘটনা আর যাতে না ঘটে সেই জন্য আগে যে অর্ডিন্যান্স জারি হয়েছিল সেই অর্ডিন্যান্স আবার চালু করা দরকার। আমার সময় খুব কম, আরো অনেক বলার ছিল, ভবিষ্যতে আরো অনেক কিছু বলব। কিন্তু এখন আমি শুধু একটু নিবেদন করবো অনেক ছেলের ভালবাসার মধ্যদিয়ে, অনেক মায়ের চোখের জলের মধ্য দিয়ে আমরা এখানে এসেছি। আমরা সেদিনে আর ফিরে যেতে চাই না যেদিন মায়ের বুক থেকে টেনে নিয়ে খুনের তাজা রক্তে ওরা উৎফুল্ল হয়ে উঠেছিল এবং সেদিন যারা গর্ব অনুভব করেছিল, আজকে পশ্চিমবাংলার জনগণ তাদেরই ইতিহাসের ডাষ্টবিনে নিক্ষেপ করেছেন।" এইখানে আমি আমার বক্তব্য শেষ করলাম। জয় হিন্দ।

মিঃ স্পীকার: মাননীয় সদস্যদের কাছে আমি একটি আবেদন করছি যে রুল ৩২৫, সাব রুল (৪) অনুযায়ী, আপনারা অনেকে নতুন মেম্বার আছেন হয়ত জানেন না যে member স্যাল নট পাস বিটুইন দি চেয়ার এণ্ড এনি মেম্বার হু ইজ স্পীকিং, তাতে এটা নির্দেশ দেওয়া আছে। কাজেই বক্তৃতার সময় আপনারা চেয়ারের ও বক্তার মাঝখান দিয়ে যাতায়াত করবেন না বা কোন ডিষ্টার্বের চেষ্টা করবেন না, এটা জানা দরকার। আর একটি অনুরোধ করছি যদি কোন মেম্বার বাইরে যান—রুল ৩২৫, সাব রুল (৪) অনুসারে তাকে নিয়ারেষ্ট ডোর ব্যবহার করতে হয়—এই নিয়মটি

মানলে ভাল হয় এবং ঐখান দিয়ে বেরিয়ে ঐখান দিয়ে অর্থাৎ পাশের দরজা দিয়ে ঢুকে বসলে ভাল হয় এবং তা না হলে অনেকখানি হাউস ডিস্টার্বড হয়। সেইজন্য নিয়ারেষ্ট ডোর ব্যবহার করলে ভাল হয় এটা আমি প্রত্যেক মাননীয় সদস্যের কাছে অনুরোধ করছি।

শ্রীতুহিন কুমার সামন্তঃ মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর আলোচনা করার আগে আমি একটি প্রস্তাব রাখতে চাই। প্রস্তাবটি হচ্ছে, মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি—বিশ্বনাথদা যে কথা বলেছেন, ধুয়া তুলেছেন, তাঁরা সমস্ত কিছু হারিয়েছেন, অবৈধভাবে হারিয়েছেন। আমি বলতে চাই, তাঁদের সদস্য সংখ্যা এত কম যে তাঁরা বিধানসভায় এসে বসতে সাহসী হন নি বা লজ্জায় তাঁরা বসতে চান নি। তাই আমি প্রস্তাব রাখছি যে আমাদের কয়েকজন আমরা পদত্যাগ করতে রাজি আছি তাঁরা এসে—বিধানসভায় বিরোধীদলের জন্য ত সংখ্যক আসন দরকার, তাঁরা এসে বসুন। স্যার, প্রথম কথা হচ্ছে, আমাদের স্থায়ী সরকারে আমরা ২১৬ জন আছি, সি. পি. আই আমাদের সঙ্গে আছেন, অনেক আসন আমরা পেয়েছি, তাই আমার প্রস্তাব আমি রাখলাম। আমি এইজন্য রাখলাম তাহলে আর গ্রামবাংলার মানুষকে নূতন করে ভাঁওতা দিতে পারবেন না যে আবার নূতন করে নির্বাচন হবে, আমরা এক বছরের মধ্যে নির্বাচন আনছি ইত্যাদি বলে। তাই তাঁদের অনুরোধ জানাবো, হয় বিধানসভায় এসে বসুন, না হয় আমাদের বলুন, আমরা কিছু আসন ছেড়ে দিচ্ছি—পদত্যাগ করছি, সেই আসনে আপনারা আসুন আমরা আপনাদের আনকনটেষ্টেড জিতিয়ে দেব, আমরা কনটেষ্ট করবো না। সে সৎসাহস যদি থাকে তাহলে আসুন। স্যার, রাজ্যপালের ভাষণ সম্বন্ধে আলোচনা করতে উঠে একটা কথা বলতে চাই। কথাটা হচ্ছে, আমার যেটা মনে হচ্ছে, ভাষণ খুব ভালো হয়েছে, ধন্যবাদ দেবার কথা কিন্তু গ্রামের মানুষ হিসাবে আমি মনে করছি কিছুটা আমরা ক্ষতিগ্রস্ত হয়েছি। এখানে কৃষি ব্যবস্থার কথা বলা হয়েছে, সেচ ব্যবস্থার কথা বলা হয়েছে। আমি বর্ধমান জেলার লোক, আমি আপনাদের বলছি, গত কয়েকদিন ছোটাছুটি করছি আমার এলাকার জন্য। আমার এলাকা—মন্তেশ্বরের বিস্তৃত এলাকা একটা কৃষিপ্রধান এলাকা। সেখানে আই. আর. এইট. হাজার হাজার বিঘাতে চাষ করা হয়েছে কিন্তু জল পাওয়া যাচ্ছে না। সেখানকার চাষীরা মারা পড়ছে। তারপরে সারের কথায় আসুন। চাষীরা সমস্ত কিছু বন্ধক দিয়ে বা গচ্ছিত রেখে চাষ করছেন কিন্তু তারা সার পাচ্ছেন না। সেখানে সারের কালোবাজারী বা মুনাফাখোরী চলেছে। চাষীরা সার সার করে হাহাকার করছেন। আজকে তাই কৃষির উন্নতি করতে গেলে গ্রামের মানুষের যা প্রয়োজন সেই জল এবং সার তা যদি তারা না পায় তাহলে কেমন করে তারা কৃষির উন্নতি করবে আর আমরাই বা খাদ্যে সয়ম্ভর হব কি করে এটা চিন্তা করার আছে। তাই স্যার, আমি আপনার মাধ্যমে হাউসের কাছে বলছি সারের ব্যাপারে এমন পদ্ধতি নেওয়া দরকার যে পদ্ধতির দ্বারা গরীব কৃষক ভায়েরা সুলভে এবং সুষ্ঠু পন্থায় সার পেতে পারে। কালোবাজারী এবং মুনাফাখোরদের প্রসঙ্গে বলতে চাই যে আজকে গ্রামে চিনির দাম ৪ টাকা হয়েছে, তেল এবং অন্যান্য জিনিষের দামও বেড়ে গিয়েছে। যার ৫ বিঘা জমি আছে এবং বাড়ীতে কোন চাকুরিয়া নেই তাদের পক্ষে সংসার চালানো কষ্টকর হয়ে দাঁড়িয়েছে। আজকে তাই বলতে চাই দ্রব্যমূল্য বৃদ্ধি যে হারে বেড়ে চলেছে বা কালোবাজারী এবং মুনাফাখোরী যেভাবে বেড়ে চলেছে তার বিরুদ্ধে অবিলম্বে যদি ব্যবস্থা গ্রহণ করতে না পারি বা তার দিকে যদি সচেতন দৃষ্টি দিতে না পারি তাহলে জিনিষের দাম বেড়েই যাবে। স্যার, শহরের মানুষের তুলনায় গ্রামের মানুষ সুযোগ কম পায়। আজকে আমরা ৫ টাকা দরের চিনি খাচ্ছি, রেশনে তো চিনি দেওয়া উঠেই গিয়েছে, আজকে তাই গ্রামের মানুষরা প্রশ্ন তুলেছেন গ্রামের মানুষ

যারা শস্যের জন্য মুখের রক্ত উঠিয়ে পরিশ্রম করছেন তাদের কি অবস্থা হচ্ছে? গ্রামের মানুষ যারা চাষের কাজে খাটে তাদের পেটে গামছা বেঁধে কাজ করতে হয়।

[2-30—240- p.m.]

আজকে সেই কারণে গ্রামে এবং শহরে কিভাবে খাদ্যশস্য সুষ্ঠুভাবে বণ্টন করতে পারি সেকথা চিন্তা করার দিন এসেছে। আজকে গ্রাম থেকে গ্রামান্তরে বেকার সমস্যা সম্বন্ধে মানুষের আর্তনাদ শুনছি। বেকার সমস্যা সম্বন্ধে বহু প্ল্যান হয়েছে, দুর্গাপুর এক্সটেনসান হবে ইত্যাদি অনেক কথা শুনেছি। কিন্তু গ্রামের মানুষ, গ্রামের শিক্ষিত বেকাররা আজকে আমাদের কাছে জানতে চাচ্ছে যে বলুন, কতদিন পরে আমাদের এই বেকারত্ব দূর হবে? আমাদের বলুন, ১ বছর কি ২ বছর কি ৩ বছরের মধ্যে চাকরি দেবেন। রাজ্যপালের ভাষণে রয়েছে বেকারদের কর্ম সংস্থানের জন্য বন্দোবস্ত করা হচ্ছে। কিন্তু কত দিনের মধ্যে সেটা হবে তার একটা নির্দিষ্ট পন্থ থাকা দরকার। তা না হলে শিক্ষিত বেকার যুবকদের মধ্যে একটা হতাশা সৃষ্টি হবে এবং হতাশ সৃষ্টি হলে তার রূপ ভয়ংকর হবে। তারপর আদিবাসী, তপশিলী অধিবাসীদের সম্বন্ধে বলা হয়ে যে এদের সর্বাঙ্গীণ উন্নয়নমূলক কাজ করা হবে। তারা বলে বাবু, চিরকাল তো আমাদের পাতা ছাউনির ঘরে কেটে গেল, যে কালো মুচি ছিলাম সেই কালো মুচি রয়ে গেলাম, আপনারা তো মন্ত্রী হলেন, এম. এল. এ হলেন, আমাদের কি হল? সেইজন্য বলছি তাদের জন্য এই যে সর্বাঙ্গী উন্নয়ন এটা কোন পদ্ধতিতে হবে এবং তার কি কি স্কেচ তার কিছু উল্লেখ থাকা প্রয়োজন ছিল বলে আমি মনে করি। আজকে সেই যে মানুষগুলি যারা অবহেলিত, যাদের অভাবের সুযোগ নিয়ে কিছু কিছু দল তাদের বিভ্রান্তির মধ্যে ফেলে দেয় তাদের জন্য বাস্তব কর্মসূচীর ভিত্তিতে কাজ করতে হবে। আজকে কেন গ্রামের গরীব, অথর্ব মানুষ জি. আর.-এর জন্য বি. ডি. ও.-র উপর নির্ভর করে থাকবে? আজকে তাদের কথা চিন্তা করে আমাদের বাস্তব কর্মসূচী নেওয়া দরকার। আইন-শৃঙ্খলার ব্যাপারে আমি একটি কথা বলতে চাই। মাঝে মাঝে খবরের কাগজে দেখি কয়েকদিন আগে খবরের কাগজে দেখলাম দমদমে কয়েকটি খুন হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে এই যে সমস্ত ঘটনা ঘটছে আমাদের পুলিশ বিভাগ কি করছে? আমি পুলিশ বিভাগকে দোষী করি না, কিন্তু প্রশ্ন রাখছি কেন আজ পর্যন্ত বিভিন্ন হত্যাকাণ্ডের রহস্য উদ্ঘাটন হল না? কেন আজ পর্যন্ত হেমন্ত বসুর আততায়ীর শাস্তির ব্যবস্থা হল না? গ্রামের ও শহরের মানুষ যারা খবরের কাগজ পড়ছে তারা বলছে কেন এই সমস্ত হত্যাকাণ্ড ঘটছে? আজকে তাদের কাছে আমরা কি জবাব দেব? এই দিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় স্পীকার মহাশয়, অনেক প্ল্যান প্রোগ্রামের কথা বলা হয়েছে, হুগলী সেতুর কথা বলা হয়েছে। কিন্তু আমাদের দামোদর সেতু সম্বন্ধে কোন কথা বলা হয় নি। হুগলীর সঙ্গে আমাদের বর্ধমানের যোগাযোগের যে একমাত্র সেতু সেই দামোদর সেতু নির্মাণের কোন ব্যবস্থা হল না। হুগলী সেতু নিশ্চয়ই করবেন কিন্তু দামোদর সেতুর উল্লেখ থাকা উচিত ছিল। সেজন্য আমি বলতে চাই যেসমস্ত উন্নয়নমূলক কাজ গ্রহণ করেছেন সেগুলি সব দিক চিন্তা করে করা উচিত ছিল। যাই হোক, আমি সকলকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুধীর চন্দ্র বেরা: মাননীয় স্পীকার মহোদয়, আমি রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করছি। রাজ্যপাল আমাদের আশ্বাস দিয়েছেন, কিন্তু তাঁর ভাষণের মধ্যে সুনির্দিষ্ট কোন কর্মপন্থা আমরা পাই নি। তিনি সবুজ বিপ্লবের কথা বলেছেন কিন্তু সে ব্যাপারে কোন (phased) দেন নি যে, কিভাবে কবে সবুজ বিপ্লব হবে। আমাদের উনি আশ্বাস দিয়েছেন যে সবুজ বিপ্লব করবার জন্য তার সরকার সর্বতোভাবে চেষ্টা করবেন। তারজন্য

আমরা আশা পোষণ করছি। মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে বেকার সমস্যা সমাধানের কথা বলেছেন। এবং বলেছেন যে নিত্য-নূতন কল-কারখানা করে বেকার সমস্যার সমাধান করবেন। এ ব্যাপারে আমরা আশা করেছিলাম আরও সুনির্দিষ্ট কর্মপন্থা তিনি আমাদের সামনে রাখবেন। কিন্তু বেকার সমস্যা আজ বিশেষ করে এমন একটা পর্যায়ে নিয়ে এসেছে যে লক্ষ লক্ষ তরুনের কাছে আজ হাহাকার ছাড়া আর কিছু নেই। কাজেই আমরা আশা করেছিলাম তাঁর ভাষণে সঠিক কর্মপন্থা কিছু পাবো। চাকুরি ছেলেরা পাবে এবং কেমন করে পাবে সে সম্বন্ধে তিনি সুনির্দিষ্ট নির্দেশ দেবেন। যেমন ধরুন যে প্রাইমারি স্কুলে ডাঃ রায়ের আমলে "স্পেশাল" ক্যাডার বলে একটা ক্যাডার তৈরী করা হয়েছিলো। তাতে সাময়িকভাবে অনেক শিক্ষিত তরুন প্রাইমারি স্কুলে চাকুরী পেয়েছিল। মাননীয় স্পীকার, স্যার, আপনি অবগত আছেন যে বর্তমান ব্যবস্থার প্রতি ৪০ জন ছাত্রের পিছু ১ জন করে শিক্ষক নেওয়া হয়। সেই স্থানে প্রতি ২০ জন পিছু একজন করে শিক্ষক যদি নেওয়া হয় তাহলে অনেক শিক্ষিত বেকার যুবক চাকরী পাবেন এবং এইভাবে আমার মনে হয় পর্যায়ক্রমে ফেজ্ বাই ফেজ্ আমরা চাকরীর খানিকটা সমাধান করা যেতো ও রাজ্যপালের ভাষণে সে কথা থাকলে আমরা আরো বেশী খুশী হতাম। রাজ্যপালের ভাষণে দুর্নীতি দূর করার কথা আছে। মাননীয় স্পীকার মহোদয়, আপনি জানেন আমাদের দেশে প্রশাসন এরূপ দুর্নীতিগ্রস্থ এবং এমন জনকল্যাণের পরিপন্থী যে একে দিয়ে কোনরকম কোন কাজ পাওয়া যায় না। শিবের জটা থেকে গঙ্গাকে মানুষের কল্যাণের জন্য আনতে ভগীরথকে অনেক তপস্যা করতে হয়েছিল। কিন্তু এই সরকারের আমলাতন্ত্র থেকে কল্যাণকর কিছু বার করতে আরো বেশী দুরূহ তপস্যা করতে হয়। আমি আশা করেছিলাম যে রাজ্যপালের ভাষণে দুরূহ আমলাতন্ত্রের বেড়াজাল থেকে মুক্তি পেয়ে সুবিধা-সুযোগ যাতে সাধারণের কাছে পৌছে যায় তার সুনির্দিষ্ট কর্মপন্থা থাকবে। যদিও সেটা নেই জনসাধারণের জন্য কাজ করবার প্রতিশ্রুতি আছে। সেইজন্য আমি তাঁকে ধন্যবাদ জানাই। ঘাটাল, দাশপুর প্রভৃতি জায়গায় মানুষ এমন দুঃখ-দুর্দশায় দিন কাটাচ্ছে যে মানুষ রোজ খেতে পাচ্ছে না। হাজার হাজার লোক ২ বেলা খেতে পাচ্ছে না। আমরা আশা করেছিলাম রাজ্যপালের ভাষণে অভাব-অভিযোগের আশু সমস্যা সমাধানের একটা কথা থাকবে। কিন্তু সে নির্দেশ নেই। আমরা আশা করবো দেশের দুঃস্থ জনসাধারণকে নানারকম-ভাবে সাহায্য করা হবে। আশা করবো এবং মন্ত্রিসভার কাছে আশা করবো সে দেশের যে সমস্ত লোক ২ বেলা পেট ভরে খেতে পাচ্ছে না বা না খেয়ে কোনরকমে বেচে আছে তাদের কাছে খাবার পাঠানোর জন্য আশু ব্যবস্থা তাঁরা গ্রহণ করবেন। আর একটি বিষয়ে মাননীয় স্পীকার মহোদয় আপনার মাধ্যমে আমি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের দেশে যে সমস্ত আইন আছে তার প্রয়োগ সব "নেগেটিভ এ্যাপ্রোচ" অর্থাৎ কিনা কোন কিছু জনকল্যাণমূলক কাজ করতে গেলে সরকারের শাসনতন্ত্র সর্বদাই সবই না-না করে ওঠে। এই নেতিবাচক দৃষ্টিভঙ্গীর পরিবর্তন করে এটা "পজেটিভ" দৃষ্টিভঙ্গী আমরা রাজ্যপালের ভাষণে আশা করেছিলাম। অবশ্য সেটার সুস্পষ্ট আভাষ না থাকলেও তার কিছু আভাষ আছে। তা সত্বেও জনকল্যাণের পথে সরকারের যে পদক্ষেপ তা সমর্থন করছি। যে সমস্ত আইন-কানুন আছে তার প্রয়োগ যাতে জনকল্যাণের দিকেই যায়, এবং নেতিবাচক দৃষ্টিভঙ্গী নিয়ে তা যেন ব্যাহত না হয় সে ব্যাপারে সরকার যথেষ্ট সচেতন হবেন বলে আমি আশা করছি।

[2-40—2-50 p.m.]

রাজ্যপাল সমাজ বিপ্লবের কথা বলেছেন, কিন্তু সেই আসন্ন সমাজ বিপ্লবের রূপরেখার স্পষ্ট কোন ছাপ নেই। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে বলব যে সমাজ বিপ্লবকে লক্ষ্য

করে জনসাধারণ আমাদের জয়ী করেছেন সেটাকে লক্ষ্য করে আমাদের একটা ফেজড (phased) প্রোগ্রামের দিকে এগিয়ে যেতে হবে। আমি আবার স্মরণ করিয়ে দিতে চাই যে রাজ্যপাল সেই শুভ সূচনা করেছেন। কিন্তু তাই যথেষ্ট নয়। কারণ আমাদের জনসাধারণের ধৈর্য্য অনেক কমে গেছে। তাই এবিষয়ে যতদুর সম্ভব তাড়াতাড়ি ব্যবস্থা নিতে হবে এবং সেই তাড়াতাড়ি ব্যবস্থা নেবার জন্য মাননীয় রাজ্যপাল এবং মন্ত্রিসভাকে আবেদন করছি।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য্য ঃ মিঃ স্পীকার, স্যার, আজ পশ্চিমবাংলার নির্বাচনের পর প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার এই যে বিপুল জয় এই জয়ের তাৎপর্য্য কি রাজ্যপালের ভাষণ পড়ে সেই তাৎপর্য্য সম্পর্কে আমি যথাযথভাবে কিছু উপলব্ধি করতে পারি নি। প্রতিটা কেন্দ্রে আমরা লক্ষ্য করেছি ৭।৮ লক্ষ যুবক এই নির্বাচনে পরিশ্রম করেছে। ৭।৮ লক্ষ তাজা যুবক যারা আমাদের দেশের এই নির্বাচনে পরিশ্রম করেছিল তারা কি চায়? এই নির্বাচনের কাজে পরিশ্রমের ভেতর দিয়ে তাদের একটা প্রচণ্ড বাসনা যেটা প্রকাশ পেয়েছে সেটা হল সমাজ পরিবর্তনের একটা আকাঙ্ক্ষা। সেই বাসনা হল শুধুমাত্র চাকুরী পাবার বাসনা নয়। সেটা হল নিজেদের সমাজের কাজে লাগাবার একটা আকাঙ্ক্ষা। রাজ্যপালের ভাষণে নিশ্চয় এ সম্পর্কে একটা কিছু থাকা উচিৎ ছিল যে সেই আকাঙ্ক্ষাকে আমরা কিভাবে কাজে লাগাব। কয়েকজন বলেছেন কোনরকম সুনির্দিষ্ট পরিকল্পনা নেই। এ বিষয়ে আমি তাঁদের সঙ্গে একমত। সেজন্য আমি বলছি যে অর্থনৈতিক পরিকল্পনার কোন রূপরেখা এই ভাষণের মধ্যে নেই। নিশ্চয় ভাল কাজ করার ইচ্ছা প্রতিফলিত হয়েছে। কিন্তু কোন দিক দিয়ে তা করতে পারব সেরকম কোন সুনির্দিষ্ট অর্থনৈতিক পরিকল্পনা শুধু যে আকাঙ্ক্ষা প্রকাশ পেয়েছে তাই নয় আজ এই পশ্চিমবাংলায় একটা প্রচণ্ড সম্ভাবনাও সৃষ্টি হয়েছে। এইরকম কোন সময় এ দেশে আসে নি। সেই সমাজ পরিবর্তনের সম্ভাবনা আমাদের দেশে আছে। আমাদের কেন্দ্রীয় সরকার অত্যন্ত সহানুভূতিশীল, আমাদের সংবিধান অত্যন্ত ভালভাবে সংশোধিত হয়েছে। আমরা জানি সমাজতান্ত্রিক আদর্শ কেন্দ্রে আছে এবং কেন্দ্রে যাঁরা রাজ্য চালাচ্ছেন সেই কংগ্রেস দল সমাজতান্ত্রিক আদর্শে উদ্বুদ্ধ। আমরা জানি ভারত সোভিয়েট চুক্তি হয়েছে এবং সমাজতান্ত্রিক দেশগুলির সঙ্গে ব্যবসা-বাণিজ্য সুরু হয়েছে। আমরা এটাও দেখছি বাংলাদেশ স্বাধীন হয়েছে এবং সীমান্তে উপদ্রব হয়েছে। একদিকে প্রচণ্ড আকাঙ্ক্ষা, আর একদিকে সম্ভাবনা এই দুই মিলিয়ে অর্থ নৈতিক উন্নতি সম্ভব। এই দু'টাই অর্থ নৈতিক পরিকল্পনার মূল ভিত্তি। আমরা লক্ষ্য করছি রাজ্যপালের ভাষণে শুভ ইচ্ছা প্রকাশ পেয়েছে এটা ঠিক, কিন্তু তথাপি এই ভাষণ অসম্পূর্ণ ও আংশিক। এই পরিকল্পনা অসম্পূর্ণ তার কারণ কোন সুনির্দিষ্ট পরিকল্পনা নেই এবং সময় সীমা নেই কিন্তু সময় সীমা নির্ধারিত সেই পরিকল্পনাকে কার্যাকরী করতে হবে। মাননীয় স্পীকার মহাশয়, আমি মন্ত্রিমণ্ডলীর কাছে আশা করবো রাজ্যপালের ভাষণের এই অসম্পূর্ণ দূর করবার জন্য অবিলম্বে যেন একটা সুনির্দিষ্ট পরিকল্পনা তাঁরা ঘোষণা করেন। আপনারা সকলেই জানেন পরিকল্পনা যদি না থাকে তাহলে একটা দেশের অর্থনীতি একটা নোঙরহীন নৌকার মতো একবার এদিকে যাবে আর একবার ওদিকে যাবে কোন সুনির্দিষ্ট দিকে যাবে না। সরকারী বিভাগের আমলারা হঠাৎ স্বাস্থ্য খাতে এত টাকা চাই, কৃষি খাতে এত চাই, সেচ খাতে এত চাই বলবেন আর বিভিন্ন কেন্দ্র থেকে এম, এল, এরা বিভিন্ন রকম পরিকল্পনা দেবেন, তার মধ্যে কোনটা গৃহীত হবে, কোনটা হবে না, এইভাবে বাজেট রচিত হবে, এইভাবে পরিকল্পনা রচিত হবে—একে সুনির্দিষ্ট বাজেট বা পরিকল্পনা বলে না। এর ফলে আমরা আমলাতন্ত্রের শিকার হবো, আমরা হয়তো ছিঁটেফোটা কাজ পাবো, হয়তো কিছুটা অগ্রসর হবো, কিন্তু সুনির্দিষ্ট লক্ষ্যে এগোতে পারবো না। তাই বলি সুনির্দিষ্ট লক্ষ্য থাকা উচিত ছিলো, সময় সীমা থাকা উচিত ছিলো। আমরা দেখেছি রাজ্যপালের ভাষণে কতকগুলো কাজের উল্লেখ

আছে যেমন গত বছর কেন্দ্রীয় সরকার কতকগুলো সুযোগ-সুবিধা দিয়েছিলেন, সস্তা সুদের ঋণ দেবেন—এইরকম কতকগুলো সুযোগ-সুবিধার কথা। কয়েক বছর আগের টাকা রেহাই দেবেন এইরকম ইনফ্রা ষ্ট্রাকচার্স বা সুযোগ-সুবিধা দিয়ে সমাজতান্ত্রিক উন্নয়ণ হয় না। এইরকম সুযোগ-সুবিধা দিয়ে ধনতান্ত্রিক উন্নয়ন হতে পারে এবং আমাদের মতো দেশের যেখানে বাজার নেই সেখানে ধনতান্ত্রিক উন্নয়নও হবে না। আমি আশা করবো রাজ্যপালের ভাষণের ধনতান্ত্রিক উন্নয়নের এই দিকটা মন্ত্রিমণ্ডলী বিবেচনার সঙ্গে বাদ দেবেন এবং তাতে অবশ্য একটা সুনির্দিষ্ট পরিকল্পনার ব্যবস্থা করবেন। সেই সুনির্দিষ্ট পরিকল্পনা আমরা কোন ধরণের ঘোষণা করত পারি ? সেই পরিকল্পনার মূল নীতি দুটো হবে। একটা হচ্ছে বেকার সমস্যার সমাধান অর্থাৎ খুব বেশি কর্মসংস্থান হয় এইরকম কাজগুলো আমরা হাতে নেবো এবং দ্বিতীয়তঃ এই কর্মসংস্থান যেন উৎপাদন ভিত্তিক কর্মসংস্থান হয়। গর্ত খুঁড়ে আবার গর্ত বুঁজে এইরকম করলে হয়ত কাজ হয়, কিন্তু তাতে উৎপাদন হয় না। এখানে আমাদের একজন তরুন বন্ধু বললেন প্রাইমারী স্কুলে শিক্ষক নিয়োগ করা হোক। আমি মনে করি আরও শিক্ষক নেওয়া যেতে পারে কিন্তু সেটা উৎপাদন ভিত্তিক কর্মসংস্থান হবে না। তাতে যে টাকা খরচ হবে তাতে উৎপাদন হবে না। আমি মনে করি তাতে আমাদের দেশের অর্থনীতির উন্নতি হবে না। আমি শিক্ষক। কিন্তু আমি বলবো যে, প্রাইমারী স্কুলের আগে আমাদের জলসেচের কথা ভাবতে হবে, প্রাইমারী স্কুলের আগে পুকুর কাটার কথা ভাবতে হবে, নূতন উৎপাদনের কথা ভাববো। আমি শিক্ষক, শিক্ষার বিরোধী নয়। কিন্তু আমি নিশ্চয় প্রয়োজন হলে দৃঢ় অর্থনীতির জন্য এক বছর প্রাইমারী স্কুলের বদলে জলসেচকে অগ্রাধিকার দিতে প্রস্তুত আছি। আমরা পরিকল্পনার রূপ তিনটি স্তরে ভাগ করতে পারি। আমাদের পরিকল্পনার প্রধান কাজ হচ্ছে, কৃষির উন্নয়ন। আমাদের দেশের শতকরা ৭৫ জন লোক কৃষির উপর নির্ভরশীল। ৬৯·৮ জন তারা কৃষির কাজ করে আর বাকি লোক চাষের উপর নিভরশীল। কৃষির উন্নতি না হলে, ছোট ছোট ব্যবসাদাররা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সুযোগ-সুবিধা নিয়েও কলকারখানা তৈরী করতে পারবে না।

[2-50—3-00 p.m.]

আপনার ছেলে যদি একটা ছোট সাবানের কারখানা তৈরী করে তাহলে সাবানটা কিনবে কে ? যদি দেশের শতকরা ৭৫ জনের ক্রয় ক্ষমতা বৃদ্ধি না পায় তাহলে ঐ ছোট ছোট সুযোগ-সুবিধা দিয়ে ছোট ছোট এন্টিপ্রিণিয়োর বা উৎপাদক তৈরী করা এই অবস্থা পশ্চিমবঙ্গের অর্থ নৈতিক কাঠামোতে আর সম্ভব নয়। তীব্র বেকার সমস্যা এবং ধনতান্ত্রিক ব্যবস্থার শেষ যুগে আর ঐ সব ছোট ছোট সুবিধা সম্ভব নয়। আমাদের তাই প্রথম দায়িত্ব হবে কৃষি উন্নয়ন। দ্বিতীয় দায়িত্ব হবে কৃষিভিত্তিক শিল্পের উন্নয়ন। এবং তৃতীয় দায়িত্ব হবে আমাদের হাওড়া অঞ্চলে অথবা পশ্চিমবাংলায় যে ইঞ্জিনীয়ারিং শিল্পগুলি আছে সেই ইঞ্জিনীয়ারিং শিল্পগুলি যেটা আমাদের সমগ্র অর্থনীতির একটা প্রধান অংশ—সেই ইঞ্জিনীয়ারিং শিল্পগুলিতে যাতে এই কৃষি উৎপাদনের উপযুক্ত যন্ত্রপাতি তৈরী করতে পারে এমনভাবে সেই ইঞ্জিনীয়ারিং শিল্পগুলির পুনর্গঠন। এই তিনটি হচ্ছে স্তর। প্রথম স্তর হচ্ছে কৃষি উৎপাদন—দরকার হলে প্রথম বছর কৃষির উৎপাদন বৃদ্ধির চেষ্টা করানো। মাননীয় স্পীকার মহাশয়, যদি প্রয়োজন হয় পরের বছর কৃষিভিত্তিক শিল্প উৎপাদনের চেষ্টা করানো। এবং প্রয়োজন হলে পরের বছর ইঞ্জিনীয়ারিং শিল্প কারখানাগুলির পুনর্গঠন করার চেষ্টা। এইরকমভাবে প্রতিটি স্তরে স্তরে পরিল্পনার কথা আজকে আপনাদের ঘোষণা করবার চেষ্টা করা উচিত। মন্ত্রিমণ্ডলীর কাছে আমার এই আবেদন আমি রাখছি। এই তিনটি স্তরের মধ্যে আজকের দিনে একটা স্তর যদি আমরা ঘোষণা না করি তাহলে পুনর্গঠন সম্ভব নয়। আমি আপনাদের সামনে এখনই পাঁচটা পরিকল্পনার কথা বলতে

পারি যা থেকে ৬ লক্ষ লোকের চাকরী হবে। এক বছরের মধ্যে এই পরিকল্পনা আপনারা ইচ্ছ করলে করতে পারেন। যে আকাঙ্ক্ষা আছে এবং যে সম্ভাবনা সৃষ্টি হয়েছে শুধুমাত্র আপনার যদি অগ্রসর হন তাহলে এক বছরের মধ্যে ৬ লক্ষ লোকের চাকরী দেওয়া সম্ভব। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন আমাদের দেশে ৩৮ হাজার গ্রাম আছে। প্রতি গ্রামে যদি ১০টি করে টিউবওয়েল হয় যা পানীয়জল এবং সেচের জন্য প্রয়োজন তাহলে তিন লক্ষ আশি হাজার টিউবওয়েলের প্রয়োজন হয়। যেসমস্ত বন্ধ ইঞ্জিনীয়ারিং কারখানাগুলো আছে সেখানে এই টিউবওয়েলের ব্যবস্থা আপনারা করতে পারেন। তাহলে এখানে কত লোকের কর্মসংস্থান হয়। এবং আপনারা জানেন আমাদের দেশে যদি গ্রাম পিছু একজন করে মেকানিক রাখতে পারি য রাখা উচিৎ, কারণ আমি নির্বাচনের সময় দেখেছি গ্রামের বহু টিউবওয়েল অকেজো হয়ে আছে, তাহলে দেখুন মাননীয় স্পীকার মহাশয়, ৩৮ হাজার মেকানিকের চাকরী হয়। এবং দশটি গ্রাম ধরে যদি একজন এল. সি. ই বা সুপারভাইজার নিযুক্ত করি তাহলে ৩৮০০ লোকের চাকরী হয় এবং দশ জন করে সুপারভাইজর পিছু যদি একজন করে ইঞ্জিনীয়ারিং ইনস্‌পেক্টর রাখেন তাহলে ৩৮০ জন ইঞ্জিনীয়ারিং ইনস্‌পেক্টরের আপনারা চাকরী দিতে পারেন এবং এ দেওয়া অত্যন্ত দরকার। আজ যে আকাঙ্ক্ষা এবং সম্ভাবনার সৃষ্টি হয়েছে তাকে এরকমভাবে দূর করে দেওয়া সম্ভব নয়। আমার দ্বিতীয় পরিকল্পনা হচ্ছে প্রতিটি গ্রামে যদি দশটি করে ইলেক্‌ট্রিক পোষ্ট বসানো যায় তাহলে তিন লক্ষ আশি হাজার পোষ্টের প্রয়োজন। এবং ইলেক্‌ট্রিকের তার সাজ-সরঞ্জামের জন্য আপনারা ভূপালের হেভি ইলেক্‌ট্রিক কারখানা থেকে এনে পারবেন না। আমাদের রূপনারায়ন পুরে হিন্দুস্থান কেবলস্‌-এর মতো আরও দুটি কারখানা পশ্চিমবাংলায় অবিলম্বে খোলা প্রয়োজন। ৩৮ হাজার গ্রামকে আমরা ক্রমে ক্রমে বৈদ্যুতিকরণ করতে চাই—মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ঘোষণা করেছেন যে ১০ হাজার গ্রামে বৈদ্যুতিকরণ করবেন। কোথায় সেই ভূপালের হেভী ইঞ্জিনীয়ারিং কারখানা—এখানে যদি এই কারখানা করতে পারেন তাহলে তার সাজ-সরঞ্জাম তৈরী করবার জন্য ১০ হাজার লোকের কর্মসংস্থান হতে পারে এবং এটা এখনই করা সম্ভব। যদি চারটে কারখানা করেন তাহলে ১০ হাজার লোকের চাকরী এখনই হতে পারে। এবং এটা একটা উৎপাদক কর্মসংস্থান হবে। এবং এর নির্মাণ এবং রক্ষণাবেক্ষণের জন্য যদি দুটি গ্রাম পিছু একজন কর্মী নিযুক্ত করেন তাহলে ১৯ হাজার কর্মীকে আপনারা এখনই চাকরী দিতে পারেন। উন্নয়ন আর কর্মসংস্থান একই জিনিস। কর্মসংস্থান মানে উন্নয়ন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে গ্রাম পিছু যদি গড়ে এক মাইল করে রাস্তা হয় তাহলে আমাদের দেশে ৩৮ হাজার মাইল রাস্তা তৈরী হবে। যদি ১০ জন লোক এক মাইল রাস্তা তৈরী করে এক বছরে তাহলে আমাদের ৩ লক্ষ ৮০ হাজার লোক দরকার শুধু রাস্তাগুলি তৈরী করার জন্য। মাননীয় স্পীকার, স্যার, এখানে যে বেকার সমস্যার কথা বলা হয়েছে, আমার দুঃখ হচ্ছে, আমাদের দেশে সত্যি সত্যিই যদি কেউ কাজ করে তাহলে শ্রমিকের অভাব হয় না। বেকার সমস্যা এটাই ভুল কথা শ্রমিকের অভাব হয় না। গ্রাম পিছু যদি একটি মজা পুকুর আপনারা কাটতে চান জল সেচ এবং মৎস্য চাষের জন্য তাহলে অন্তত ৪ লক্ষ লোকের চাকরী হয়। এরজন্য ৭৬ হাজার পুকুর আপনাদের কাটাতে হবে। এই কাজের পরিকল্পনাই আমাদের সুনির্দিষ্ট পথ। ১০টি গ্রাম পিছু যদি একটি করে সরকারী গুদাম করেন তাহলে ৩৮ শত গুদাম আমাদের তৈরী করতে হবে। বলতে পারেন টাকা কোথায়। সমাজতান্ত্রিক পরিকল্পনা, মাননীয় স্পীকার মহাশয়, টাকার অপেক্ষা করে না। এতে ৭।৮ লক্ষ যুবককে ডাক দিতে পারেন যেমন কেরেলার মুখ্যমন্ত্রী শ্রীঅচ্যুত মেনন ১০ লক্ষ ছাত্রকে ডাক দিয়েছেন তেমনিভাবে কি আপনারা পারেন না। তিনি এক লক্ষ গৃহহীনের জন্য গৃহ তৈরী করে দিতে হবে বলেছেন এবং গরমের ছুটি নষ্ট না করে দেশ গঠনের কাজে ঝাপিয়ে পড়তে বলেছেন।

ইরকম ডাক এই প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চা দিতে পারে। আপনাদের টাকা বলে কিছু নেই, ই জন শক্তি, শ্রম শক্তি এটাই আপনাদের টাকা। আপনারা সকলকে ডাক দিন। এই হচ্ছে নির্দিষ্ট পরিকল্পনা। আমি ভেবেছিলাম আমাদের রাজ্যপালের ভাষণে আমাদের দেশের যে কণ শ্রেণী যারা উন্মাদ হয়ে ছুটে এসেছে নির্বাচনে আমাদের সাহায্য করবার জন্য, মাননীয় পীকার মহাশয়, আমি আশা করবো আপনারা তাদের বিবেচনা করবেন, তাদের জন্য সেই মশক্তি নিয়োগ করবার জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা রচনা করবেন।

শ্রীশচীনন্দন সাউ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রাজ্যপালের ভাষণ আমি সম্পূর্ণরূপে মর্থন করছি এবং এই রাজ্যপালের ভাষণে যে আইন-শৃঙ্খলতার পরিস্থিতির যে উন্নতি হয়েছে—বলা হয়েছে সে সম্পর্কে আমরা সুনিশ্চিত। আমি যে জেলা থেকে এসেছি, বীরভূম জেলা, যে জেলা হচ্ছে উগ্রপন্থীদের হাঙ্গামাত্মক কার্যকলাপ এবং সমাজবিরোধীদের কার্যকলাপের আড্ডাখানা ছিল। পশ্চিমবঙ্গের যিনি মুখ্যমন্ত্রী, তিনি সে দিন পশ্চিমবঙ্গ বিষয়ক কেন্দ্রীয়মন্ত্রী ছিলেন, তিনি বীরভুম জেলায় ছুটে এসেছিলেন সেখানকার পরিস্থিতি নিজে পর্যালোচনা করবার জন্য। আজকে এই সভায় আপনারা দেখেছেন, ডাক্তার রাধাকৃষ্ণ সিংহ, তাঁর মৃত্যু হয়েছে, কিন্তু তিনি খুন হয়েছিলেন, তিনি তখন বীরভূম জেলার কংগ্রেসের সহসভাপতি। এই বীরভূম জেলায় তখন এত খুন, এত বন্দুক ছিনতাই ঘটেছিল যে এক একদিন শিউড়ীতে মানুষের মৃতদেহ ১৫।১৬টি জমা হয়ে যেতো, আজকে সেখানে এই আইন-শৃঙ্খলার পরিস্থিতি, আমাদের মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায় বীরভূমে একদিন পদার্পণ করার সঙ্গে সঙ্গেই বদলে গেল এবং বীরভূম জেলায় তারপর একটিও খুন হল না। এই পরিস্থিতি বিশ্লেষণ করলে পরিষ্কার দেখা যাবে যে এই নির্বাচনের মুখে আমরা যারা বীরভূমবাসীর কাছ থেকে আশীর্বাদ পেলাম তার কারণটা কি? বীরভূম জেলায় নকশালদের নামে এস. ইউ. সি এবং সি. পি. এম. একটার পর একটা খুন করে গিয়েছে।

[3-00—3-20 p.m. including adjourument]

আপনি লক্ষ্য করলে দেখবেন স্যার, এই জিনিষ পশ্চিমবাংলায় আরম্ভ করেছিলেন সি. পি এম. নকশাল ক্লাস, বীরভূম জেলার বুকে দিনের পর দিন কংগ্রেস কর্মী এবং কংগ্রেসের শ্রদ্ধেয় নেতা যদুগোপাল রায়, রাধাকৃষ্ণ সিংহ-এর মত নেতাই নয়, ছাত্র পরিষদের সভাপতি, সহ সভাপতি, সম্পাদক—সাক্ষীগোপাল তেওয়ারী, অমল ব্যানার্জি, মলয় দাস চৌধুরী প্রভৃতি বিভিন্ন ছাত্রনেতা এবং যুবনেতা ও কংগ্রেস কর্মী একের পর এক খুন হয়েছে। আর এই পরিস্থিতি সৃষ্টি করেছিলেন এই সি. পি. এম. এবং এস. ইউ. সি। এরাই বীরভূমের বুকে এই সন্ত্রাস এনেছিলেন। মাননীয় স্পীকার মহাশয়, আমি বীরভূম জেলার এই সমস্ত হত্যাকাণ্ডের তদন্ত করার জন্য অনুরোধ জানাই। আমি জানি বীরভূম জেলায় যে হত্যাকাণ্ড ঘটেছিল তা ঐ সমস্ত দলই করেছিল। আজ আমি যখন এখানে বসে আছি, কলকাতায় বিধানসভায় এসেছি, তখন আমার কাছে জেলাকংগ্রেস থেকে খবর এসেছে, অনেক এম. এল. এ-ও জেলা থেকে ফিরে এসেছে, তাঁদের কাছেও জনেছি যে সেখানে বীরভূমে ডাকাতি সুরু হয়েছে দিকে দিকে। আমি মনে করি এই সমস্ত দলই ডাকাতি সুরু করেছে। শ্রদ্ধেয় সিদ্ধার্থবাবু বীরভূম থেকে ফিরে এলে সেখানে পুলিশ বন্দুক ছিনতাইয়ের ব্যাপারে তল্লাসী চালায়, তাতে এস. ইউ. সি এবং সি. পি. এম কর্মীদের বাড়ীতে অনেক ছিনতাই বন্দুক পাওয়া যায়। কিন্তু আমি মনে করি যে সব ছিনতাই বন্দুক এখনও জমা পড়ে নি, সব পুলিশ উদ্ধার করতে পারে নি,তাই এই সমস্ত দল সেই ছিনতাই বন্দুক দিয়ে ডাকাতি সুরু করেছে। আমার এলাকা দুবরাজপুর, আমি সেখান থেকে নির্বাচিত হয়ে এসেছি। আজকে দুবরাজপুরের বিভিন্ন দিকে ডাকাতি সুরু হয়েছে। আমি স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি এ বিষয়ে আকর্ষণ করছি। আমার জেলা বীরভূম জেলা অত্যন্ত অবহেলিত জেলা। কিন্তু রাজ্যপালের

ভাষণে একটা জিনিষ দেখে সন্তুষ্ট হয়েছি। আজকে জায়গায় জায়গায় বৈদ্যুতিকরণ হচ্ছে। এ বিদ্যুৎ সেচের পক্ষে খুব প্রয়োজন। আমার জেলা কৃষি প্রধান জেলা। এই জেলার যদি উন্নতি ঘটা হয়, মানুষের জীবনের যদি উন্নতি করতে হয়, বীরভূম জেলার গ্রামে গ্রামে নিশ্চিতভাবে বিদ্যুতে প্রয়োজন আছে। আজকে এই জেলায় একটা ফসল হচ্ছে, যদি জেলার উন্নতি করতে হয় তাহলে একটা ফসল নয়, দু-তিনটি ফসল করতে হবে, আজকে যদি বৈদ্যুতিকরণ হয়, চাষী যদি বুঝে টিউবওয়েলের সুইচ টিপলে মাঠে জল যাবে তাহলে আমি নিশ্চিত বিশ্বাস করি তিনটি ফসল হওয়া সম্ভব। এই দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ হয়েছে। বীরভূম জেলা অন্য সব দিক থেকেই অনুন্নত। কি শিক্ষা, কি স্বাস্থ্য, কি রাস্তাঘাট সব দিক থেকেই অনুন্নত। আজকে রাজ্যপালের ভাষণে যা দেখছি, তাতে প্রতিটি দিকে যাতে উন্নতি ঘটে সে প্রয়াস রয়েছে, এই সমস্ত সুযোগ সৃষ্টি হবে বলে আমি আশা করি। সেজন্য আমি এই ভাষণকে সমর্থন করছি। পল্লী অঞ্চলে জল সরবরাহের ব্যবস্থার জন্য গ্রামকে বৈদ্যুতিকরণ, জনস্বাস্থ্য এবং কৃষির উন্নতির জন্য ব্যবস্থার কথা থাকাতে এবং পথ ঘাট উন্নতির দিকে সরকারের দৃষ্টি আকৃষ্ট হওয়াতে আমি রাজ্যপালের ভাষণকে সমর্থন জানাই।

আমি এখন আর একটি কথা বলতে চাই। আমাদের মহান নেত্রী ইন্দিরা গান্ধী 'গরিবী হঠাও' বলে যে ডাক দিয়েছেন তাতে সারা পশ্চিমবাংলার মানুষ বিশেষ করে আমার বীরভূম জেলার মানুষ সাড়া দিয়েছে। আমার জেলা পর পর দু'বার নির্বাচনে কংগ্রেস এক রকম নিশ্চিহ্ন হয়ে গেছল। কিন্তু এবারে নির্বাচনে, এই গরিবী হঠাও আহ্বানে সাড়া দিয়ে তারা ১২টি আসনের মধ্যে ১১টিতেই গণতান্ত্রিক মোর্চাকে জয়যুক্ত করেছে। আজকে এই গরিবী হঠাও প্রস্তাবে যদি গরীব মানুষ, শ্রমিক মানুষের স্বার্থ রক্ষা করতে হয়, তাহলে চালের দর যেভাবে দ্রুত গতিতে বেড়ে চলেছে, সেটাকে রুখতে হবে, সরকার তো অনেক পয়সাই অনেকভাবে খরচ করছেন, আমি মনেকরি ভরতুকি দিয়েও যদি সম্ভব হয় তাহলে এই চালের দাম ১টা ২৫পয়সার মধ্যে রাখতে হবে। আমি আশাকরি খেটে খাওয়া মানুষের দিকে সরকারের দৃষ্টি আকৃষ্ট হবে। আজকে মাননীয় স্পীকার মহাশয় আমাকে যে বলবার সুযোগ দিয়েছেন সেজন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি এবং সমস্ত সদস্যদের অভিনন্দন জানিয়ে এবং ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর বক্তৃতা করতে উঠে প্রথমে আমি এই সর্বাঙ্গসুন্দর ভাষণকে সমর্থন জানিয়ে এইসভার সামনে দু-একটি কথা বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৬৭ সালের পর এই পশ্চিমবাংলায় একটি নয়, দু'টি নয়, তিনটি নির্বাচনের মাধ্যমে পশ্চিমবাংলার জনগণ একটা বিরাট আশা এবং আকাঙ্খা নিয়ে বিভিন্ন সময় বিভিন্ন সরকার প্রতিষ্ঠা করবার জন্য যে প্রচেষ্টা করেছিলেন মানুষের সেই আশা এবং আকাঙ্খা ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। কাজেই বাংলাদেশের সাড়ে চার কোটি মানুষের সামনে একটা স্থায়ি সরকার প্রতিষ্ঠার প্রবণতা দেখা দিয়েছে এবং তার সঙ্গে সঙ্গে একটা বিশেষ উদ্দেশ্য সাধনের জন্য পশ্চিমবাংলার মানুষ নির্বাচনের মাধ্যমে এই রায় দিয়েছেন। এই নির্বাচনে আমরা দেখতে পাচ্ছি একদিকে দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীল শক্তিকে সম্পূর্ণ নস্যাত করতে মানুষ সাহায্য করছে এবং অপর পক্ষে দেখতে পাচ্ছি উগ্রবামপন্থী হঠকারী রাজনীতি পশ্চিমবাংলায় খতম হয়েছে। আমরা চেয়ে ছিলাম এই দেশের মানুষ একটা স্থায়ী সরকার গঠন করুক। তাই দেখতে পাচ্ছি পশ্চিমবাংলার অস্বাভাবিকতা, অস্থিরতার বিরুদ্ধে মানুষ রায় দিয়ে আজকে কংগ্রেসদলে ২১৬জন সদস্য করেছে। গণতান্ত্রিক মোর্চার সদস্য সংখ্যা যোগ করলে এই সংখ্যা আরও বেশী হবে। আজকে দুঃখের কথা সি. পি. এম এই সভায় নেই থাকলে আনন্দিত হতাম। একথা ঠিক যে আমাদের এই বক্তব্য নিশ্চয়ই সংবাদপত্রের মাধ্যমে, স্পীকার মহাশয়ের মাধ্যমে বাইরের মানুষের

াছে,বাংলাদেশের সাড়েচার কোটি মানুষের কাছে এবং তথা ভারতবর্ষের ৫৮কোটি মানুষের কাছে গিয়ে পৌছবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একথা আজ না বলে পারছি না যে, পশ্চিমবাংলায় এই যে রায় হোল এটা কার বিরুদ্ধে রায়? এই রায় হচ্ছে এথোরার হেড মাষ্টারকে খতম করার বিরুদ্ধে রায়, এই রায় হচ্ছে পাথরপ্রতিমা থানার মধুসূদনপুর গ্রামে একসঙ্গে ৬টি মানুষকে খতম করার বিরুদ্ধে রায়, এই রায় হচ্ছে ভূমিহীন চাষীকে খতম করার বিরুদ্ধে রায়। এই রায় তাই শান্তির প্রয়াসে রায়। এই রায়ে আজকে হেরে গিয়ে সি. পি. এম. এই কথা বুঝিয়ে বলার চেষ্টা করছে যে ভোটে কারচুপি হয়েছে। বাংলাদেশের মানুষ তাদের প্রত্যাখ্যান করেছে শান্তির আশায়। সাধারণ মানুষের মুঠো খাবারের আশা সেটা এরা অস্বীকার করতে চায় না। পরোক্ষভাবে তারা একথা প্রচার চালাবার চেষ্টা করছে আগামী দিনের ভবিষ্যৎ রচনা করবার জন্য—আবার ভয় দেখিয়েছে যে পার্লামেণ্টারী ডেমোক্রাসির মাধ্যমে আর দেশের কোন সমস্যার সমাধান হবে না, রক্তাক্ত বিপ্লবই তাদের কাম্য। ওরা বিপ্লবের কথা বলছেন, কিন্তু ১৯৬৭ সালের পরে আমরা হরেকৃষ্ণবাবুর বহু বিপ্লব দেখেছি, লাঠির বিপ্লব দেখলাম, আমরা তীরের বিপ্লব দেখলাম, ধনুকের বিপ্লব দেখলাম, আমরা গোল আলুর বিপ্লব দেখলাম, আমরা তিন ইঞ্চির বিপ্লব দেখেছি। সেই বিপ্লব থেকে যখন বাংলাদেশের সাড়ে চার কোটি মানুষ ওভার কাম করে এসে শান্তির জন্য আজকে লড়াইয়ে জিতেছে, সেই বিপ্লবের ভয় বা ভ্রুকুটিকে বাংলাদেশের শান্তিকামী মানুষ আর ভয় খাবে না। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার সামনে একটি কথা রাখতে চাই যে নির্বাচনের সময় সি, পি, এম,-এর বন্ধুরা এই বাংলাদেশের সমস্যা নিয়ে যেটা শুধু ভারতবর্ষের সমস্যা বললেই ভুল হবে, গোটা পৃথিবীর মধ্যে একটা আন্তর্জাতিক সমস্যা বলে দেখা দিয়েছিল তখন আমরা দেখেছিলাম তারা প্রচার কার্য চালাতে লাগল এই কথা বলে যে শরণার্থীদের শুধু খেতে দিয়েছে, কৈ তোমাদের তো খেতে দেয় নি? ভোট যদি কংগ্রেস চায় তাহলে ঐ বাংলাদেশের মানুষ-এর কাছ থেকে নিয়ে আসুক। সাধের পাকিস্তান এবং ইন্দিরা গান্ধী ও কংগ্রেস দল, কংগ্রেস সরকার ভেঙে চুরমার করে দিয়েছে মুসলমান বন্ধুদের কাছে এই কথা বুঝিয়ে বলার চেষ্টা করেছে এই সমস্ত অসত্য কথা বলার জন্য আজকে মানুষের রায় অসত্যের পিছনে ছোটে নি। মানুষ যে ব্যর্থ রাজনৈতিক দল তাদের যে ভুল ও ভাঁওতা মিথ্যার বেসাতীর জন্য রাস্তায় যারা পসার নিয়ে ঘোরে তাদের পেছনে যে ছোটে না তা আজ প্রমাণ হয়ে গেছে। আজকে বাংলাদেশের নীতির উপর যে কথা সি. পি. এম. বলার চেষ্টা করেছিল নিশ্চয়ই সেটা বিচার করে দেখার আজকে দিন এসেছে। আজকে এই কথা যদি সত্য হয় তাহলে কি তারা চেয়েছিল না যে বাংলাদেশের শরণার্থীদের এই পশ্চিমবাংলার মানুষ তথা ভারতবর্ষের সরকার এবং মানুষ তাদের সাহায্য করুন,তাদের যে গণ-মুভমেণ্ট সেই মুভমেণ্ট সব সার্থক হোক, যদি তা না চান তাহলে এ দেশের জন্য কি প্রস্তাব ছিল এটা আজকে ভেবে দেখার প্রয়োজন আছে। আমি তাই বলছিলাম রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধ করবার জন্য হাটে-মাঠে, ঘাটে-গঞ্জে যত সস্তা কথাই বলুন আদর্শবাদ ভুলে গিয়ে, সস্তা বুলি আওড়ে গিয়ে মানুষের কাছ থেকে ভোট সিকিওর করবার যে প্রবণতা চলছিল তা গ্রামের মানুষ আজকে গ্রহণ করেন নি বলে সি. পি এম. আজকে এই সভায় আসতে চায়নি। সি.পি. এম. যদি আসত তাহলে তাদের সামনা-সামনি বসে নিশ্চয়ই আমরা আর একবার সুযোগ পেতাম তাদেরসঙ্গে ভালভাবে বোঝাপড়া করে আমাদের আগামীদিনের ভবিষ্যৎ রচনার কথা চিন্তা করতাম। কিন্তু আজকে তারা হাউসে আসছে না, তারা হাউস বয়কট করে রয়েছে। আমরাআশা করবো সুচিন্তিতমত নিয়ে আবার দ্বিতীয়বার চিন্তা করে জ্যোতিবাবু, প্রমোদবাবু, হরেকৃষ্ণবাবু যে দলের নেতৃত্ব করেন—উগ্রবামপন্থী হঠকারী—হঠকারী বামপন্থী দলের নিজেদের পরিচালিত করে গোটা বাংলাদেশে অশান্তির রাজত্ব সৃষ্টি করেছিলেন আজকে তারা

আবার তাদের ভুলের কথা স্বীকার করবেন বাংলাদেশের মানুষের কাছে, ভুল স্বীকার করে এখা এসে জবাবদিহি না করে ভোটে হেরে গিয়ে পালিয়ে বাঁচবার চেষ্টা করছেন। আমার ধারনা বাং দেশের মানুষ যেভাবে তাদের মন্দ কথা বলে ছুঁড়ে ফেলে দিয়েছে আগামী ৫০ বছরের মধ্যে, এ মতের যদি পরিবর্তন না হয় তাহলে বাংলাদেশ তথা ভারতবর্ষ তাদের যে রাজনৈতিক মতবা উদ্দেশ্য সিদ্ধির অপপ্রয়াস সেই অপপ্রয়াসের কথা কিছুতেই আমাদের দেশে আসবে না। এই স সঙ্গে রাজ্যপালের ভাষণের উপর আমি বক্তব্য রাখতে গিয়ে প্রথমেই আমি দেখি আমাদের সংগ কংগ্রেসের এক বন্ধু যেকথা বললেন যে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য আমরা কন্ট্রোল করতে পার না। এখানে ভূমিসংস্কারের কথা বলা হয়েছে তার নাকি স্বার্থক রূপায়ণ হচ্ছে না এই সমস্ত ক বলেছেন। তাঁরা তো জানেন কারণ তাঁদের নেতৃত্বে এই দেশ তো কম দিন ছিল না—২১ বছর ধ তাঁরা দিনের পর দিন শাসন করে গেছেন তাঁরা কি এই কথা জানেন না যে ভূমিসংস্কার কর প্রয়োজন ছিল? আজকে তাঁরা যদি এই কথা বলেন তাহলে তাঁরা মানুষ হাসাবারই চে করবেন। এই কথা বলে আবার কি আপনারা জনমানসে ফিরে আসার চেষ্টা করছেন ভারতবর্ষের মানুষ আজকে আপনাদের প্রত্যাখ্যাণ করেছে, আপনারা কোথায় চলে গেছেন তারপরে আবার এইরকম প্রয়াস কেন? এই ভাঁওতা এবং অসত্য কথায় আর আপনারা আগা দিনের ভবিষ্যৎ রচনা করতে পারবেন না।

[3-30—3-40 p-m.]

তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা কথা বলছিলাম যে আমার বন্ধুরা এই Assembl কক্ষের নিরাপদ আশ্রয়ের সুযোগ নিয়ে সাধারণ মানুষকে বিভ্রান্ত করবার চেষ্টা করছেন তাঁদের পুনরায় সে কথা ভেবে দেখতে হবে এই বাংলাদেশের মানুষ সন্ত্রাসের খুণে রাজনীতি বিশ্বাস করে নি, বাংলাদেশে ভুল রাজনীতি তারা স্বীকার করে নি। ২১ বছর ধরে তারা ব রাজনীতি করার পরে আবার তারা ঘুরে আসবার চেষ্টা করছে। নিশ্চয়ই সরকারের দোষক্র থাকবে এবং তা সংশোধনও করতে হবে।

এখানে ভূমিসংস্কার সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে। আমি ভূমি এবং ভূমিরাজস্ব বিভাগে মন্ত্রীর কাছে একটা কথা রাখছি যেটা আপনাকে ভেবে দেখতে হবে। এই ভূমিসংস্কার আইনে আমূল পরিবর্তনসাধন করে গোটা বাংলাদেশের উপকারার্থে একটা আইন করতে হবে। জ সুষম বণ্টনের প্রয়োজন আছে। জমি বণ্টনের পর উদ্বৃত্ত কৃষকদের জন্য বিকল্প কর্মসংস্থানের প্রয়োজ দেখা দিয়েছে বিগত ১২ বছর ধরে যে সমস্ত জেলা বানে-বন্যায় ডুবছে, সেখানকার সাধারণ চাষীদে প্রতি তাকিয়ে দেখুন আজকে তাদের সমস্ত জোত-জমি মহাজন-সুদখোর-মুনাফাখোরদের কা বন্ধক রাখতে তারা বাধ্য হয়েছে। সামান্য টাকায় তারা মহাজনদের কাছে জমি রেজিষ্ট্রী কোবল করে দিয়েছে। আজকে সেইসব জমি উদ্ধার করবার জন্য land registration আইন নতুনভা করতে হবে। সামান্য জমির মালিক যারা দু-পাঁচ-দশ-পনের বিঘার জমির মালিক, তাদে সেই জমি আজকে তাদের প্রত্যর্পণ করতে হবে সেইসব মালিককে যারা সে জমি কিনেছিল।

আজকে সারা দেশে আইন-শৃঙ্খলা রক্ষার জন্য আমাদের দৃঢ়হস্তে ব্যবস্থাদি অবলম্বন করতে হবে। আসুন আজ আমাদের গোটা বাংলাদেশের সাড়েচার কোটি মানুষের মঙ্গলের জন্য একত্রে এগিয়ে আসি এবং সরকারের গঠনমূলক সমালোচনা করি ও কোন destructive সমালোচনা করে দেশে লোকের বিভ্রান্ত না করি। সরকারের যে সমস্ত ভুলভ্রান্তি থাকবে তা আমাদের সংশোধন করবা চেষ্টা করতে হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিক্ত অভিজ্ঞতা নিয়ে আমি এখানে এসেছি। সুযোগ পেলে নিশ্চয়

আবার আমার বক্তব্য রাখবো। এখন আমার সময় নাই। মাননীয় রাজ্যপালের ভাষণের প্রতি আমি আমার অন্তরের অন্তঃস্থল থেকে আমার সমর্থন জানাচ্ছি। আগামী দিনে সুস্থ বাংলা গড়ে তোলবার প্রয়াস সরকার যেন করেন এই অনুরোধ ও আশা রেখে আমি আমার বক্তব্য এখানেই শেষ করছি।

শ্রীসুব্রত মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার বিধানসভায় মাননীয় রাজ্যপাল যে ভাষণ রেখেছেন, তাকে আমি আন্তরিক অভিনন্দন জানাই। তাঁর বক্তব্যের মধ্যে আমি সমাজবাদী মনোভাবের পরিচয় পেয়েছি। লাঞ্ছিত, অত্যাচারিত মানুষ, কৃষক, শ্রমিক ভরসা পেয়েছেন যে তাদের অধিকার রক্ষা করতে পারবে আমাদের এই সরকার। তারা ভরসা পেয়েছে, আনন্দ পেয়েছে শুনে যে সমস্ত জায়গায় মালিক বে-আইনীভাবে বর্গাদারদের হাত থেকে জমি কেড়ে নিয়েছে, আমাদের সরকার তাদের সেই জমি পুনরায় ফিরিয়ে দেবেন। যারা এই জমি নিয়ে অবৈধ ব্যবসা করে, সরকার বলেছেন, তাদের আইন করা হবে। যে সমস্ত কারখানার মালিক শ্রমিকদের উপর অত্যাচার করতো, এখন চাইলেই লক্ আউট ইত্যাদি যখন তখন ইচ্ছামত করতে পারবে না। এরজন্য সাতদিন আগে সরকারকে নোটিশ দিয়ে কারণাদি জানাতে হবে। এর আগে যে আইন হয়েছিল, তা কার্য্যকরী করবার জন্য আমাদের সরকার সংকল্প গ্রহণ করেছেন। মাননীয় রাজ্যপালের ভাষণের মাধ্যমে আমাদের সরকার যে ছবি আমাদের কাছে তুলে ধরেছেন, তাতে দেখছি সরকারের কাছে কোন শোষকের রেহাই হবে না। লাঞ্ছিত, বঞ্চিত মানুষ সাহস পেয়েছে এ কথা শুনে। সঙ্গে সঙ্গে আমি একথা আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই যে আমরা যারা তরুন নওজওয়ানরা পশ্চিমবঙ্গ বিধান সভায় এসেছি, যারা শুনেছি আহ্বান সোনার বাংলা গড়বার, আমাদের বিশ্বাস সেই সোনার বাংলা আমরা গড়তে পারবো। আমরা তাই ভয় পাই, আতঙ্কিত হই, একটা জায়গায় যে এত ভাল ভাল কথা। এই ভাল কথা যদি কার্যকরী হয় আমাদের বিশ্বাস সোনার বাংলা গড়তে পারব। কিন্তু তার পথে অন্তরায় একটা জায়গায় সেই জায়গা হচ্ছে ব্যুরোক্র্যাটদের কন্সপিরেসি। সরকারী আমলাদের মধ্যে কিছু কিছু আছেন যাঁদের ঢিলেমী কুড়েমী, যাঁদের কাজ না করার ইচ্ছা এই স্বপ্নকে হয়ত বাস্তবায়িত হতে দেবে না। আমি আশা করেছিলাম মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে সেই আমলাদের সম্পর্কে, সেই সরকারী কর্মচারীদের সম্পর্কে চিন্তা করবেন, কিভাবে মোকাবিলা করা হবে। কেবল একটা জায়গায় বলা হয়েছে, মাননীয় রাজ্যপাল উল্লেখ করেছেন যে, সুদক্ষ এবং পরিচ্ছন্ন শাসন ব্যবস্থার দিকে লক্ষ্য রাখতে হবে। কিন্তু আমরা এই কথা এর আগে বহুবার শুনেছি। আমরা চাই কাজ এবং সেই কাজের পথে যারা বাধা—আমরা মনে করি তারা মহান নেত্রী ইন্দিরা গান্ধীর ঘোষিত গণতান্ত্রিক সমাজবাদের দুশমন, এই দুশমনদের মোকাবিলা করার প্রয়োজন আছে। আমরা দেখেছিলাম মাননীয় রাজ্যপালের ভাষণে কালোবাজারী, মজুতদারী, আড়তদারদের সম্পর্কে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। এই কথার উল্লেখ শুনে আমরা তরুনরা আনন্দ পেয়েছি। কিন্তু সঙ্গে সঙ্গে আমরা জানি যে এই কালোবাজারীরা কাজ করে কাদের যোগ সাজসে, আমরা জানি এই সারের কালোবাজারী, ফটকাবাজী হচ্ছে এদের সঙ্গে কাদের যোগাযোগ আছে। যোগাযোগ হচ্ছে সরকারী আমলাদের। যে আইনই তৈরী হোক না কেন, সেই আইনকে কার্যকরী করার দায়িত্ব, ইমপ্লিমেনটেশন করার দায়িত্ব যাদের, তাঁরা থাকবেন ভুল পথে তাতে দেশের কল্যাণ করা সম্ভব নয়। আমি জানি যে পুলিশ আমলাদের দায়িত্ব কালবাজারীদের গ্রেপ্তার করা, চোরাকারবারীদের গ্রেপ্তার করা। অনেক জায়গায় আমরা জানি সেই পুলিশ আমলাদের সঙ্গে কালবাজারীদের সঙ্গে মাসিক বন্দোবস্ত আছে, কালবাজারীদের সাজা হয় না, চোরাকারবারীদের সাজা হয় না। আমি নিজে এইরূপ একটি ঘটনার সঙ্গে পরিচিত, গত ৭ই

জানুয়ারী কাটোয়ার বুকে আমরা ৯ হাজার মানুষ ধরবার করেছিলাম, আমরা মিছিল করেছিলাম, সেই ৯ হাজার মানুষ আওয়াজ তুলেছিলাম যে কালবাজারীদের গ্রেপ্তার করা চাই। আমরা সেখানে বলেছিলাম ১৫ দিনের মধ্যে কালবাজারীদের গ্রেপ্তার করতে হবে পি. ভি. আইনে এবং আমার সরকার এই আইন তৈরী করেছিলেন কিন্তু দেখা গেল কি—এই আন্দোলনের পর যখন থানায় গিয়েছিলাম তখন থানার ও, সি, সাহেব তিনি খুব ক্ষুব্ধ হলেন। আমরা বলেছিলাম প্রকাশ্যে পুলিশ যোগাযোগ চোরাকারবারীদের সঙ্গে থাকে যার ফলে চোরাকারবারীরা গ্রেপ্তার হয় না। তারপর ৭ই জানুয়ারীর পরে ৯ই জানুয়ারী একটা সামান্য ঘটনার অছিলায় আমরা যারা নেতৃত্ব দিয়েছিলাম কাটোয়া থানার ও, সি, এবং এ. এস, আই-এর কাছে অপমানিত হলাম। তাই মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে কাটোয়ার বুকে যে ব্যুরোক্র্যাট কন্সপিরেসি এইটা বিচ্ছিন্ন ঘটনা নয়। এই আমলাদের নিয়ন্ত্রণ করার জন্য প্রতিটি বিভাগে তদারকী একটা কমিটি গঠন করা হোক যে কথা বিশ্বনাথবাবু বিধান সভায় উল্লেখ করেছেন। এবং এই আমলাদের নিয়ন্ত্রণ যদি না করা যায় তাহলে সোনার বাংলা গড়া সম্ভব নয়। মাননীয় রাজ্যপালের ভাষণের আর এক জায়গায় আমি বেদনাহত হয়েছি—পশ্চিমবঙ্গের প্রথম এবং প্রধান যে সমস্যা সেই বেকার সমস্যা সম্পর্কে তাঁদের যে কথা সেই কথায় আমি বেদনাহত হয়েছি। কারণ মাননীয় রাজ্যপাল যেদিন এই ভাষণ দেন সেদিন দেখেছিলাম যে এই শীতাতপনিয়ন্ত্রিত কক্ষের দ্বিতলে অলিন্দে, রাস্তায় যুবকরা ভিড় করেছিল। মাননীয় রাজ্যপালের ভাষণে বেকার সমস্যার মোকাবিলায় কি পথের নিশানা থাকবে তা বলা হয় নাই। কেবল বলা আছে একটা সুনির্দিষ্ট কর্মসূচী থাকবে, বেকার সমস্যার মোকাবিলা করা হবে।

[3-40—3-50 p.m.]

আমরা জানতে চাই যে কি সেই সুনির্দিষ্ট কর্মসূচী তা স্পষ্টভাবে পরিষ্কারভাবে খোলাখুলিভাবে এই বিধানসভায় রাখলে আমরা খুশী হতাম। আমরা খুশী হতাম একটা টাইম ডাউন—একটা নির্দিষ্ট সময়সূচী যদি থাকতো যে আগামী এক বছর কি ছয় মাসের মাধ্যে এই পরিকল্পনাতে এতগুলি বেকারের জীবিকার ব্যবস্থা হবে এতগুলি বেকারের জীবিকার পথ খুলে দেওয়া হবে এই কথা শুনলে বাংলার যুবক খুশী হোত। মাননীয় রাজ্যপালের ভাষণে আমরা বেদনাহত হয়েছি যে সেচ ব্যবস্থা সম্পর্কে গভীর এবং অগভীর নলকূপ করে সেচ ব্যবস্থার উন্নতির যে ভবিষ্যতে ব্যবস্থা হওয়া উচিত তা নাই বলে। এই কার্য না করে গ্রামবাংলার উন্নতি করা যাবে না। গ্রামবাংলার কৃষি প্রধান এলাকায় সেচের ব্যবস্থা করে বছরে তিন চার বার যদি ফসল তোলার ব্যবস্থা করা হয় তাহলে কৃষকদের মুখে হাসি ফুটে উঠতো। আমরা তা যদি না করতে পারি তাহলে আমাদের সোনার বাংলার যে স্বপ্ন তা স্বপ্নেই থেকে যাবে তা বাস্তবে রূপায়িত হবে না। আমাদের বিরোধী বন্ধু যাঁরা এখানে উপস্থিত নাই তাঁদের আমি আহ্বান জানাচ্ছি যে দল আগে নয় দেশ আগে। আসুন আমরা হাতে হাত মিলিয়ে গণতান্ত্রিক পথে আগিয়ে যাই। এই ভরসা রেখে আমি বক্তব্য শেষ করছি।

শ্রীপ্রশান্ত কুমার সাহু: মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ-সূচক প্রস্তাব আনা হয়েছে তাকে আমি সমর্থন জানাই। সমর্থন জানাচ্ছি এই জন্য যে এই ভাষণের মধ্য দিয়ে বাংলাদেশের জনসাধারণের আশা-আকাঙ্ক্ষা স্পষ্টভাবে প্রতিফলিত হয়েছে। প্রথমেই আমি যেটা লক্ষ্য করেছি আমাদের দেশের বিশেষ করে গ্রামবাংলার দিকে যে বছরের পর বছর যে প্রাকৃতিক দুর্যোগ ঘটে গেছে যেভাবে বন্যা হয়েছে যেভাবে খরাক্লিষ্ট হয়ে পশ্চিমবাংলার গ্রাম বিধ্বস্ত

হয়েছে তার দিকে সরকারের তীক্ষ্ণ দৃষ্টি দেওয়া দরকার। বাংলাদেশের পাড়াগাঁয়ে লক্ষ্য করলে দেখবেন যে গ্রামে কোন রাস্তা নেই কোন টিউবওয়েল নেই—এই সমস্ত দিকে ঠিকমত দৃষ্টি দেওয়ার জন্য আমি সরকারকে অনুরোধ করবো। আমি মাননীয় অধ্যক্ষের মাধ্যমে সরকারকে অনুরোধ করবো যে মানুষের যেটা নিত্য প্রয়োজনীয় যা না হলে মানুষ হিসাবে বেঁচে থাকতে পারে না সেই দিকে দৃষ্টি দিতে। মাননীয় রাজ্যপালের ভাষণে আমি অনেক উন্নতির কথা দেখেছি যেমন আছে গত বৎসর যেসব অসুবিধার সম্মুখীন হতে হয়েছিল সেগুলি সত্ত্বেও নাগরিক এবং গ্রামীন এলাকা-গুলিতে উন্নয়নের অভিযান অব্যাহত আছে। হলদিয়া প্রকল্পের চারিদিকে উপনগরী স্থাপন এবং দুর্গাপুর ও শিলিগুড়িতে ইতিপূর্বে স্থাপিত উপনগরীগুলির উন্নয়নসহ কল্যানী উপনগরী উন্নয়ন ও কলিকাতা মহানাগরিক উন্নয়ন কর্তৃপক্ষের কাজ যথারীতি এগিয়ে চলেছে। খুব সুন্দর কথা। কিন্তু সঙ্গে সঙ্গে মেদিনীপুর জেলার একজন বিধানসভার সদস্য হিসাবে আমি বলতে পারি যে মেদিনীপুরের কোন উন্নয়ন প্রকল্প এখানে স্থান পায় নাই। মেদিনীপুর—হলদিয়ার কথা রয়েছে। মেদিনীপুরে যে অর্থনীতি সেটা পুরোপুরিই কৃষিভিত্তিক। কৃষির দিকে মোটেই লক্ষ্য করা হয় নাই। সেখানে কৃষির জন্য দরকার বৈদ্যুতিক শক্তি। এখানে মাননীয় রাজ্যপালের ভাষণে রয়েছে বৈদ্যুতিকরণ যেটুকু হচ্ছে নাকি Corporation এখন পর্যন্ত ২ হাজার ৮৮৭টি গ্রামে বৈদ্যুতিকরণ এবং ১২ হাজার ৫শত ২৩টি কৃষি pump-এর শক্তি সঞ্চয়ের জন্য ৯কোটি ৭৫হাজার টাকা বরাদ্দ করেছেন। এই যে scheme চালু হচ্ছে তাকে আমি সমর্থন জানাই কিন্তু সঙ্গে সঙ্গে একথাও জানাই ১৯৭৩ সালে যতটা শেষ হবে ১০ হাজার গ্রামে বিদ্যুৎ সরবরাহ তার আরো বেশী দরকার। কারণ আমাদের মেদিনীপুরে দেখেছি বৈদ্যুতিকরণ অত্যন্ত অল্প রয়েছে। বাংলাদেশের দিকে যদি তাকাই তাহলে দেখব অন্যান্য জেলার তুলনায় আমাদের মেদিনীপুরে বৈদ্যুতিকরণ সরবরাহ অত্যন্ত নগন্য। তাই আমি সরকারের দৃষ্টি এদিকে আকর্ষণ করছি। এখানকার অর্থনীতি কৃষির উপর নির্ভরশীল। সেই কৃষিকে যদি ত্বরান্বিত করতে হয়, কৃষি ভিত্তিক সোচ্চার করতে হয় তাহলে সেখানে দরকার আরো অনেক বেশী শক্তি চালিত pump। তাহলে পর আমাদের ছেলেরা ডবল ক্রপিং,ট্রিবল ক্রপিং করে সেখানে তারা কিছুটা করতে পারবে। বেকার সমস্যার চারি দিকে একটা ভয়াবহ রূপ দেখা দিয়েছে এটা বিশ্বাস করি কিন্তু সঙ্গে সঙ্গে একথা বলবো, আগেও অনেক সদস্য বলেছেন যে বেকার সমস্যা সমাধান সরকারকে করতে হবে। কিন্তু প্রশ্ন যেটা সেটা হচ্ছে সরকারকে এমন একটা পরিবেশ সৃষ্টি করতে হবে, সরকারকে এমন অবস্থার সৃষ্টি করতে হবে যাতে নিজেদের ব্যবস্থা মানুষ নিজেরাই সৃষ্টি করে নেবে, নিজেদের সংস্থান তারা নিজেরাই করে নেবে, নিজেদের সহায় সম্বলের ব্যবস্থা করে নেবে। কিন্তু এরজন্য যে পরিবেশ দরকার সেটুকুই সৃষ্টি করে দিতে জানাচ্ছি। সেজন্য সরকারকে অনুরোধ করবো এইটুকু পরিবেশ যেন সৃষ্টি করে দেন।

আর একটি কথা হচ্ছে পশ্চিমবঙ্গের গ্রামে যে সমস্ত অঞ্চল পঞ্চায়েৎ system রয়েছে, আমরা যারা বিশেষ করে গ্রামের অধিবাসী, যারা গ্রামে বাস করে এই অঞ্চল প্রধানদের যে সব কীর্তি কাহিনী তা সকলেই অবগত আছেন। কিন্তু মাননীয় রাজ্যপালের ভাষণে পঞ্চায়েতের ব্যাপারে বা বিলের ব্যাপারে বা পঞ্চায়েৎ system-এর ব্যাপারে সুনির্দিষ্ট কোন ব্যবস্থা নেই। আমি সেজন্য সরকারের এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং এ কথা বলতে চাচ্ছি যে যেসমস্ত কাজকর্ম এই সমস্ত অঞ্চল প্রধানদের মাধ্যমে হয়, যেসমস্ত অঞ্চল পঞ্চায়েতে দীর্ঘদিন ধরে তারা শাসনে কায়েম রয়েছেন, দীর্ঘদিন ধরে তারা ক্ষমতার অপব্যবহার করেছেন সুতরাং এই system প্রায় dead হয়ে গেছে। তাই আমি আবেদন করছি যথাশীঘ্রসম্ভব আমাদের যে

পঞ্চায়েৎ ব্যবস্থা সেই পঞ্চায়েৎ ব্যবস্থাকে তাড়াতাড়ি যাতে রূপায়িত করা যায় এবং সেটাকে আরো বেশী যাতে আধুনিকরণ করা যায় সেজন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

আর একটা কথা বলছি সরকার যে বেকারের এত চাপ সৃষ্টি করেছে সেই চাপ সম্পর্কে বলতে গিয়ে একথা বলতে চাই যে সরকারের যে ঋণদান নীতি আছে সেটাকে আরো একটু বেশী উদার করতে আহ্বান করছি। সরকারের ঋণদান নীতি নিয়ে অনেক প্রশ্ন উঠেছে। কাজেই আমি আর একটা অনুরোধ রাখবো যেন এই ঋনদান নীতি আরো বেশী উদার হয়। যাদের জমিজমা আছে তারা ঋণ পাবে আর যাদের কিছু নেই তারা ঋণ কোথায় পাবে। তাদের ঋণের প্রয়োজন—কোথাও একটা ব্যবস্থা করবার জন্য বা কোন কিছু একটা করে খাওয়ার জন্য—ঋণের দরকার—সে ঋণ কোথায় পাবে। সরকারের কাছে বা কোন অফিসে গেলে তাকে বলা হয়, তোমার কি আছে mortgage দেবার মত। এই সমস্ত প্রশ্ন রয়েছে। কাজেই আমি বলি সরকারের ঋণদান নীতির আরো বেশী উদারতার পরিচয় দিতে হবে।

সব শেষে আমি একটি কথা উল্লেখ করবো যে প্রত্যেকটি সরকার শিক্ষা ব্যবস্থাকে অগ্রাধিকার দেবেন বলে প্রতিশ্রুতি দেন, কিন্তু তা তাঁরা বাস্তবে রূপ দেন নি। তাই আমি এই সরকারের কাছে নিবেদন করবো যে তাঁরা যেন প্রাথমিক শিক্ষাকে অবৈতনিক এবং মাধ্যমিক ও কলেজীয় শিক্ষাকে যেন জাতীয় ভিত্তিতে করেন এবং শিক্ষকদের মর্যাদা যেন পুনঃপ্রতিষ্ঠিত করেন এইটুকু আবেদন রাখছি। সর্বোপরি আমি মেদিনীপুরের দিকে সরকারের একটু দৃষ্টি আকর্ষণ করছি। আগামী ৩১শে তারিখ থেকে সমগ্র জেলায় পরিবহন ব্যবস্থা ব্যাহত হতে চলেছে সেদিকে সরকার যেন নজর রাখেন। সরকারী পরিবহন কর্মচারীরা অন্যায়, অবিচার, মারপিট ইত্যাদি এইসমস্ত ঘটনার বিরুদ্ধে তারা সমগ্র জেলাব্যাপী লাগাতর ধর্মঘটের প্রশ্ন তুলেছেন এবং সেইভাবে তারা আবেদন প্রচার করেছেন। তাই আমি এই বিষয়টির প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

[3-50—4-00 p.m.]

ডাঃ এ. এম. ও. গনি ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি মাননীয় রাজ্যপালের ভাষণকে স্বাগত জানাচ্ছি এবং তাঁকে ধন্যবাদজ্ঞাপন করবার জন্য যে প্রস্তাব আমাদের সামনে পেশ করা হয়েছে তাকে সম্পূর্ণভাবে সমর্থন জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, কালকে বাংলাদেশের স্বাধীনতা দিবস ছিল। আপনি নিশ্চয়ই সেখানকার প্রধানমন্ত্রী শেখ মুজিবর রহমানের ভাষণ শুনেছেন এবং না শুনে থাকলে অন্ততঃ আজকের কাগজে দেখেছেন যে তিনি বলিষ্ঠভাবে কয়েকটি অত্যন্ত মূল্যবান জিনিস ঘোষণা করেছেন। আমি যখন আমাদের রাজ্যপালের ভাষণ দেখছিলাম, চিন্তা করছিলাম তাতে আমার মনে পড়ল যে আমাদের এই রাষ্ট্রে এই যে সরকার গড়ে উঠেছে কি ব্যাপক জনসমর্থন এবং সংখ্যাগরিষ্ঠতা দিয়ে গড়ে উঠেছে। আমরা কি এর চেয়ে আরো বলিষ্ঠ-নীতি প্রকাশ করতে পারতাম না, প্রচার করতে পারতাম না? যাই হোক যা আমরা করেছি আশাকরি আমাদের সরকারপক্ষ সেটা ইমপ্লিমেণ্ট করবেন ভাল করে। একটি জিনিস দেখে আমি আঘাত পেয়েছি। রাজ্যপালের ভাষণে স্বাস্থ্য সম্বন্ধে ছোট্ট একটি প্যারাগ্রাফে দু'টি সেন্টেন্সে সেরে দেওয়া হয়েছে। সেটা শুধু স্বাস্থ্য সম্বন্ধেই না, এতে শিক্ষা, স্বাস্থ্য, ফ্যামিলি প্ল্যানিং প্রভৃতি নিয়ে ছোট্ট একটি সেনটেন্সে একটি প্যারাগ্রাফের মধ্যে সেরে দেওয়া হয়েছে। তার থেকে এটা কি আমি ধরে নেব যে আমাদের এই সরকার স্বাস্থ্য সমস্যাকে খুব বেশী গুরুত্বপূর্ণ বলে মনে করছেন না? তা নিশ্চয়ই নয়। তাঁরা নিশ্চয়ই জানেন যে স্বাস্থ্য সমস্যা পশ্চিমবাংলার মত একটা দেশে কি ভয়ঙ্কর সমস্যা হয়ে দাঁড়িয়েছে—যেখানে এত বন্যা হয়, এত জনসমষ্টি যেখানে

রয়েছে, এত গরীব রয়েছে সেখানে এই অবস্থার মধ্যে তাঁরা নিশ্চয়ই স্বাস্থ্য সম্বন্ধে অবগত আছেন। আমি আমাদের মন্ত্রিমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই স্বাস্থ্য সম্বন্ধে, যার উল্লেখ আমাদের রাজ্যপালের ভাষণে কমই আছে, কিন্তু আমি আশা করবো যে আমাদের মন্ত্রিমহোদয় এগুলি ভাল করে বিচার বিবেচনা করে দেখবেন। স্বাস্থ্য সমস্যা শুধু চিকিৎসার ব্যাপারে নেই, সেখানে চিকিৎসার ব্যাপার আছে, প্রিভেনটিভ মেডিসিনের ব্যাপার আছে, স্কুল হেল্‌থের ব্যাপার আছে, হাসপাতালে সার্ভিসের ব্যাপার আছে। আপনি হয়ত জানেন অধ্যক্ষ মহোদয়, যে আমাদের দেশে হাসপাতালের সার্ভিসে কোন ইউনিফর্মিটি নেই, এমন কি কলকাতা সহরের মধ্যে যেখানে ভিন্ন ভিন্ন হাসপাতাল আছে সেখানে নানারকম ভিন্ন ভিন্ন ব্যবস্থা রয়েছে। বাহিরের কথা তো ছেড়েই দিলাম, জেলার যে অবস্থা আছে সেটা না বলাই ভাল, সাব ডিভিসনের অবস্থা আরো খারাপ, সেখানকার হেল্‌থ সেণ্টার আরো খারাপ। কলকাতা সহরে কোথাও কোন ইউনিফর্মিটি নেই, অথচ আমাদের দেশে নতুন নতুন ডাক্তার, সার্জেন, ফিজিসিয়্যান, স্পেশালিষ্ট ইত্যাদি পাশ করে বের হচ্ছে। ডাক্তারের অভাব নেই অথচ আমাদের সরকার তাদের ভাল করে ব্যবহার করে একটা সুস্থ স্বাস্থ্য ব্যবস্থা করতে পারছেন না কেন, সেটা একটু ভেবে দেখা দরকার। ৫ বছর বাদে তারা ক্ষমতায় ফিরে এসেছেন, বোধ হয় আগেকার অনেক কিছু ভুলে গেছেন, ভালই হয়েছে। আগে যা হয়েছিল সেসব মনে না রাখাই ভাল, নতুন অবস্থার মধ্যে নতুন দৃষ্টিভঙ্গী দিয়ে আপনারা দেখবেন যাতে করে স্বাস্থ্য, চিকিৎসার একটা সুব্যবস্থা হতে পারে। আজকে আমরা দেখতে পাচ্ছি মহামারী আমাদের দেশে এখনও রয়েছে। কলেরা আছে, স্মল পক্স আছে, মিজিলস্ আছে, ইনফ্লুয়েঞ্জা আছে এবং এইগুলি এখনও মহামারী আকারে বছর বছর আসছে এবং সেগুলি প্রিভেণ্ট করার ব্যাপারে আমরা এখনও সফল হই নি। আমরা আরো দেখেছি যক্ষা রোগ আমাদের দেশে একটা বিভিষিকার মত দাঁড়িয়ে রয়েছে। যদিও সায়েনটিফিক্যাল চিকিৎসার অনেক উন্নতি হয়েছে তা সত্বেও এটা এখনও তেমনি রয়েছে। সরকারী ব্যবস্থা ছাড়াও বে-সরকারী অনেক সংস্থা রয়েছে যারা সরকারকে সম্পূর্ণভাবে সহায়তা করছেন। যেমন বেঙ্গল টিউবারকুলেসিস এ্যাসোসিয়েসান, টিউবারকুলেসিস রিলিফ এ্যাসোসিয়েসান, নিরাময় এবং রামকৃষ্ণ মিশন টি, বি, হাসপাতাল। এ ছাড়া ভিন্ন ভিন্ন সোস্যাল ওয়েলফেয়ার হেল্‌থ সেণ্টার রয়েছে এরা সবাই নানা দিক থেকে সাহায্য করছেন। কিন্তু তা সত্বেও যক্ষা রোগের সমস্যার এখনও সমাধান হয় নি, এখনও এটা গুরুতর অবস্থায় রয়েছে। এরপর স্যার, হাসপাতালের ডায়েট সম্বন্ধে আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। যদি বিভিন্ন হাসপাতালে গিয়ে দেখেন তাহলে দেখবেন যে সব জায়গায় এক রকম ডায়েট পাবেন না। বড় বড় হাসপাতালে কিছু ভালো আছে, সেকেণ্ড গ্রেড হাসপাতালে খারাপ, ছোট ছোট হাসপাতালে আরো খারাপ, ডিষ্ট্রিক্ট হাসপাতালের কথা না বলাই ভালো, এবং হেল্‌থ সেণ্টারে ডায়েট অনেক সময় ঠিকমত পাওয়াই যায় না। তা ছাড়া ঔষধপত্র যা ইনডেণ্ট করা হয় তার শতকরা ৫০ ভাগও যায় না। এই যে অবস্থা রয়েছে এটা একটু দেখবেন আপনার ডিপার্ট-মেণ্টের তরফ থেকে যাতে এটা ঠিকমত করা হয়। আপনার যে ডাইরেকটরেট রয়েছে তারমধ্যে নতুন চেতনা আপনাকে ইনফিউজ করতে হবে, এটা করার প্রয়োজন রয়েছে। একটা ডায়নামিক ইনিসিয়েটিভ নিয়ে এবং আপনার গাইডিয়েন্সে যাতে আপনার ডিপার্টমেণ্ট সুষ্ঠুভাবে চলে তার ব্যবস্থা আপনাকে করতে হবে কারণ দুর্নীতি অনেক রয়েছে। ইণ্ডিয়ান মেডিক্যাল এ্যাসোসিয়েসান আমাদের মেডিক্যাল প্রফেসানের একমাত্র ন্যাশানাল এ্যাসোসিয়েশান। দেশের স্বাস্থ্যব্যবস্থা ষ্টাডি করার জন্য এর একটা বিশেষ সাব-কমিটি আছে। এটা শুধু বাংলাদেশে নয় সারা ভারতবর্ষে আছে। প্রত্যেক বছর সেই সাব কমিটি সমস্ত সমস্যা সামগ্রিক ভাবে ষ্টাডি করে রিজলিউসানের

আকারে ষ্টেট গভর্ণমেন্ট এবং সেণ্ট্রাল গভর্ণমেণ্টের কাছে তাদের প্রস্তাবগুলি পাঠান। কিন্তু সেই প্রস্তাবগুলি যে কি হয় মাননীয় মন্ত্রিমহাশয় সেটা একটু খোঁজ নিয়ে দেখবেন কি? আমার মনে হয় সেগুলি র‍্যাকে পড়ে থাকে এবং পোকায় খায় কেন না কোন নীতির পরিবর্তন আমরা দেখতে পাচ্ছি না। ইণ্ডিয়ান মেডিক্যাল এ্যাসোসিয়েশান যেভাবে পরিশ্রম করে এগুলি করেন তার একটা সুযোগ গভর্ণমেণ্টের নেওয়া দরকার বলেই আমি মনে করি। আর এই যে আমলাতান্ত্রিক ফেলিওর তাতে হয় কি ডাক্তারদের মধ্যে একটা নিরাশা, একটা ডিসকনটেণ্ট, তাদের একটা মনোভাব আছে যে তাদের উপর অবিচার হচ্ছে এবং সেইজন্য রোগীরাও সাফার করছে। কেন না, চিকিৎসার সবচেয়ে বড় স্তম্ভ হচ্ছে মেডিক্যাল প্রফেসান। সেই মেডিক্যাল প্রফেসান যদি স্যাটিসফায়েড না থাকেন তাহলে চিকিৎসা সুষ্ঠভাবে হবে কি করে। তাই চিকিৎসা জগতে আপনি দেখবেন একটা সুস্থ ব্যবস্থার বদলে ওখানে একটা সংঘর্ষ কনফনট্রেসান রয়েছে। মেডিক্যাল প্রফেসানের আর সরকারের মধ্যে, যা কিছু স্বাস্থ্য ব্যবস্থায় রয়েছে তার মধ্যে এবং রোগীদের মধ্যে একটা সংঘর্ষ কনফ্রনটেসান রয়েছে এবং সকলেরই এই চেষ্টা বা সংগ্রাম যে এই অবস্থার পরিবর্তন করা দরকার। হাসপাতাল সার্ভিসের যাতে উন্নতি হয়—হাসপাতালের ইকুইপমেণ্টস বিশেষ করে ডিষ্ট্রিক্ট হাসপাতাল এবং হেল্‌থ সেণ্টারের ইকুইপমেণ্টস, ডায়েট, ঔষধ সরবরাহ ইত্যাদির যাতে উন্নতি হয় তারজন্য একটা সংগ্রাম চলে আসছে। আমাদের সরকারের যদি একটা এইরকম অবজেকটিভ থাকে যে সমাজবাদ করবো তাহলে এই পার্সপেকটিভে প্রথম যে কাজ করা উচিত সেটা হচ্ছে চিকিৎসা জগতটাকে সম্পূর্ণভাবে ন্যাশানালাইজ করা। আমি জানি মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন যে এটা এখনই করা সম্ভব নয় কিন্তু আরম্ভ করা যেতে পারে তো। একটা ব্যাপক কমপ্রিহেনসিভ ন্যাশনাল হেল্‌থ সার্ভিস দ্বারা যে হেল্‌থ সার্ভিস সম্পূর্ণভাবে সরকারি হবে না। ওতে সরকারের চাকরিতে যাঁরা আছেন তাঁরাও থাকবেন, যাঁরা চাকরির বাইরে আছেন, প্রাকটিসে আছেন তাঁরাও থাকবেন, তাদের টেনে এনে ঐ ব্যাপক কম্প্রিহেনসিভ স্কীমে আনবার চেষ্টা করবেন ইণ্ডিয়ান মেডিক্যাল এ্যাসোসিয়েশান, বার বার এ সাজেসান আপনাদের দিয়েছে এবং আমার কথা হল একটু চিন্তা করে দেখবেন, ষ্টাডি করে দেখবেন যে কতটা সম্ভব।

[4-00—4-10 p.m.]

যে ই. এস. আই. স্কীম রয়েছে এটা আরো সম্প্রসারিত করতে পারেন কিনা যাতে সমস্ত ওয়ার্কাস ফ্যামিলি ইনক্লুডেড হতে পারে সেটা চিন্তা করে দেখবেন। কম্পালসারি হেল্‌থ ইন্‌সিওরেন্স স্কীম করতে পারেন কি না সেটাও ভেবে দেখবেন। সেটা শুধু আপনাদের দ্বারা নয়, এখানে যে বড় বড় কলকারখানা রয়েছে তাঁরাও এটা করতে পারেন। তারপর ডাক্তারদের কিছু প্রোটেকসান দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের দেশে কোন আইন নেই যাতে ডাক্তারকে কি কি করতে হবে না করতে হবে। চিকিৎসা এবং রোগীর ব্যাপারে কে এক্সপ্লয়েড করে কি না করে সে সম্বন্ধে ডেফিনিট রুল নেই। তার সুযোগ নেওয়া হচ্ছে—সরকারও নিচ্ছেন, অন্যান্য যে সমস্ত সংস্থা রয়েছে তারাও নিচ্ছে। যা কিছু আইন আছে—প্ল্যানটেসান লেবার আইন আছে, ইণ্ডিয়ান মাইন্স এ্যাক্ট আছে, ফ্যাক্টারি এ্যাক্ট আছে ই.এস.আই. এ্যাক্ট আছে কিন্তু তাতে এত বড় বড় ফাঁক রয়েছে যে তার সুযোগ নিয়ে এমপ্লয়ার্স'রা ফুললি এক্সপ্লয়েড করে এবং ওয়ার্কার্স'রা খুব বেশী ক্ষতিগ্রস্ত হন, এমন কি সরকারও ছাড়েন না। ডাক্তারদের এক্সপ্লয়েড করা হয়, রোগীদের সম্পূর্ণভাবে সেবা করা হয় না। অথচ বলা হয় যে এটা সেবার কাজ, এটা ট্রেড ইউনিয়ন নয়। চিকিৎসার মধ্যে শুধু ডাক্তার থাকেন না, ডাক্তার

আছেন, নার্স আছেন, প্যারা-মেডিক্যাল ষ্টাফ সকলের অভিযোগ আছে। তাদের সম্বন্ধে কিছু করা হয় নি। অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন শেখ মুজিবর রহমান ঘোষণা করেছেন, খুব শীঘ্র আরো একটা ঘোষণা করবেন, যে লেবার এবং ক্যাপিটালের মধ্যে যে কনফ্রনটেসান আছে তার যেন অবশান হয় তার চেষ্টা করবেন। আমাদের এখানে চেষ্টা হচ্ছে—ডাক্তারদের বলা হচ্ছে তোমরা তো ওয়ার্কার্স নও,তোমাদের কেন ট্রেড ইউনিয়ন রাইট থাকবে,মেডিক্যাল ইন্সটিটিউসানে কোন স্ট্রাইক হতে পারে না কেননা ওটা একটা সেবা সংস্থা। এটা খুব ভাল কথা। এটা যাতে না হয় তারজন্য ডাক্তার, নার্স, ওয়ার্কার্সদের কি প্রোটেকসান দিচ্ছেন সেটা চিন্তা করে দেখবেন। এটা না হলে সমস্ত শ্রেণীর মধ্যে যে নৈরাশ্য আছে সেটা দূর হবে না এবং তারজন্য তারা দায়ী আর কাউকে না করে সব সময় গভর্ণমেন্টকে করে। হাসপাতালগুলিতে এবং বিশেষ করে ডিষ্ট্রিক্ট এবং সাব-ডিভিসান হাসপাতালে, হেল্থ সেণ্টারে চিকিৎসার মান অত্যন্ত নীচে এটা আমরা সকলেই জানি। গ্রামাঞ্চলে প্রত্যেকটি হাসপাতালে, হেল্থ সেণ্টারে, প্রত্যেকটি জায়গায় যদি একটা সেল করে দেওয়া যায়,লোক্যাল প্রভাবশালী যাঁরা আছেন তাঁদের নিয়ে যদি ভিজিটিং সেল করে দেওয়া হয় তাহলে তাঁরা প্রত্যেকটি ইনডিভিজুয়াল প্রিভান্সের তদারক করতে পারেন এবং তার যাতে সমাধান হয় তার চেষ্টা করতে পারেন। আর একটা কথা আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে আমাদের এই পশ্চিমবাংলার ফিজিক্যাল থেরাপি-উর কোন ভাল ব্যবস্থা নেই। বড় বড় হাসপাতালে নেই, ছোট হাসপাতালের কথা ছেড়েই দিন। আমি দিল্লীতে, বোম্বেতে, মাদ্রাজে দেখে এসেছি সেখানে অত্যন্ত ভাল ফিজিক্যাল থেরাপি উর ব্যবস্থা আছে। ফিজিক্যাল থেরাপি-উর গুরুত্ব আমাদের সরকার অনুভব করেন না। মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি অনুরোধ করব যদি সুযোগ পান বাজেট সেসানের পর দিল্লী, বোম্বে, মাদ্রাজ গিয়ে বড় বড় হাসপাতালগুলি দেখে আসুন। এখানে ইকুইপমেণ্ট অনেক কিছু আছে, স্পেশালিস্ট আমাদের দেশে আছে, তাঁদের নিয়ে এটা কিভাবে করা যায় সেটা দেখবেন। রুরাল হেল্থ সার্ভিস আপনারা এখনও মিন করতে পারেন নি, সে সম্বন্ধে ব্যাপক ক্যাম্পেন করার দরকার আছে। নতুন পাশ করা ডাক্তারকে গ্রামের ভেতর পাঠিয়ে দিলেন সেখানে তাদের কোন এ্যাসোসিয়েসানের সুযোগ নেই, সেখানে থাকবে কি করে। সেজন্য আমি সরকারের কাছে প্রস্তাব রাখছি যে আমরা ইণ্ডিয়ান মেডিক্যাল এ্যাসোসিয়েসানের সিনিয়ার মেম্বাররা আপনাদের সব রকম সহযোগিতা অফার করতে রাজি আছি, আপনারা যদি বলেন যে কোন গ্রামে যেতে প্রস্তুত আছি। নতুন যাঁদের পাঠাবেন তাঁরা ওখানে যাতে সুষ্ঠুভাবে কাজ করতে পারেন, তাদের কি অসুবিধা আছে সেগুলি জেনে শুনে আমরা আপনাদের কাছে রাখব যাতে আপনারা সেগুলি মিট করতে পারেন। আপনারা যদি আমাদের থাকবার ব্যবস্থা করেন এবং যাবার ব্যবস্থা করে দেন তাহলে যতদিন দরকার হয় ততদিন থাকবো এবং জুনিয়র ক্যাডাররা যাতে ভাল করে কাজ করবার সুযোগ পায় তার ব্যবস্থা করবো। আমি আই. এম. এ অথরিটি নিয়ে এই কথা পেশ করছি। এইরূপ যদি গুরুত্বপূর্ণ পদক্ষেপ না নেওয়া হয় তাহলে গ্রামের ব্যাপারে আমরা সমস্যার সমাধান করতে পারবো না। আমরা টেকনিক্যালি একটা করতে পারি যে পাশ করবার পর প্রত্যেক গ্রাজুয়েটকে গ্রামে দুই বছর সারভিস দিয়ে এলে তবে তাকে ডিগ্রি দেওয়া হবে। এটা কোন নতুন কথা নয়। এটা বহু পুরোনো সাজেশন। এটাকে কার্যকরী করা দরকার। এ যদি না করা হয় আমরা যদি কেবল একটা অল্প বয়সের ডাক্তারকে নিরাশ করি তাহলে সে ভয় পাবে এবং নানা অবস্থার মধ্যে সে নিজেকে খাপ খাওয়াতে পারবে না। আমরা প্রস্তুত আছি সাহায্য করবার জন্য, আমাদের আপনারা ব্যবহার করতে পারেন। এই কয়টি কথা বলে রাজ্যপাল-

মহোদয় যে ভাষণ দিয়েছেন এবং যে ধন্যবাদের প্রস্তাব এসেছে তাকে সম্পূর্ণরূপে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসনৎ কুমার মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় রাজ্যপাল মহোদয় যে মঞ্চে ভাষণ দিয়েছেন এবং তার উপর যে প্রস্তাব এসেছে তাকে সম্পূর্ণরূপে সমর্থন করে আমি দু' একটি কথা বলতে চাই। আমি যে জায়গা থেকে এসেছি সেটা বাংলাদেশের মধ্যে সবচেয়ে অবহেলিত জায়গা—পুরুলিয়া। এখানে জমির সিলিং যা রাখা হয়েছে সেই সিলিং সুচিন্তিতভাবে করা হয় নি। সেইজন্য মাননীয় স্পীকার মহাশয় আপনার মাধ্যমে আমি মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। কারণ এখানে জমি খুব অনুর্বর এবং সেখানে যে উৎপাদন হয় তা সেচের জায়গার তুলনায় খুবই কম। যে সিমেণ্ট ফ্যাক্টরীর কথা বলা হয়েছিল যে ঝালদায় সিমেণ্ট ফ্যাক্টরী করা হবে, বহুদিন থেকেই লোক এইসব কথা শুনে আসছে কিন্তু সিমেণ্ট ফ্যাক্টরী হবার পথে যে সমস্ত বাধা আছে সে সম্বন্ধে কোন উল্লেখ করা হয় নি। সিমেণ্ট ফ্যাক্টরী করতে গেলে লাইম ষ্টোনের দরকার হয়। সেই লাইম ষ্টোনের মাইন যা আছে তা সরকারের নিয়ন্ত্রণাধীনে নেই, লাইম ষ্টোনের মালিক ইনডিভিজুয়াল ওনারের হাতে। সেই লাইম ষ্টোনের মালিকানা সরকার যাতে নিজের হাতে নিতে পারেন তার ব্যবস্থা করা দরকার। তা নাহলে সিমেণ্ট ফ্যাক্টরী হওয়া অসম্ভব। আজকে রাজ্যপালের ভাষণে আমরা তা দেখতে পাইনি। তা যদি দেখতে পেতাম তাহলে আমরা নিশ্চয়ই ভাবতাম যে সিমেণ্ট ফ্যাক্টরী হবে। তৃতীয় কথা হচ্ছে লোকাল এমপ্লয়মেণ্ট সম্বন্ধে। পুরুলিয়াতে কোন ইণ্ডাষ্ট্রি নেই। স্থানীয় ছেলেরা যাতে চাকরী পায় সেদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। যদিও সরকারের তরফ থেকে ঠিক করে দেওয়া থাকে তবুও ব্যুরোক্রাট বা আমলাতন্ত্ররা চাকরী ক্ষেত্রে বাধা সৃষ্টি করে। কিছুদিন আমরা দেখছি যে সেন্সার এমপ্লয়িজ যাঁরা সেই এক্স সেন্সার এমপ্লয়িজ যাঁরা ছিলেন তাঁদের সরকারের থেকে বলা হয়েছিল যে সেন্সার হয়ে যাবার পর যে সমস্ত ভেকেন্সি হবে ডিসেম্বরের পর সেই সেন্সার এমপ্লয়িজরা সেখানে কাজ করতে পারবেন, অর্থাৎ স্থানীয় ভেকেন্সি যে থাকবে তাতে তাঁদের নিতে হবে এবং তাঁদের ইণ্টারভিউ করে রিক্রুট করে কোয়ালিফিকেসন থাকলে তাকে নেওয়া হবে। কিন্তু তাদের নেওয়া হয় নি।

[4-10—4-20 p.m.]

এইরকম ২৫০ জন ছেলে ছিল। কিন্তু সরকারের Circular থাকা সত্ত্বেও সেখানে দেখা গেল ছেলেদের নেওয়া হচ্ছে না। এরজন্য ছেলেরা আন্দোলন, অনশন করল, সেখানে পুলিশ গিয়ে তাদের উপর লাঠি চার্জ করল। কিন্তু আজ পর্যন্ত তাদের নেওয়া হল না। এদিকে দৃষ্টি দিতে হবে। আজ গ্রামবাংলার কথা চিন্তা করতে হবে। চিন্তা করতে হবে ঐ সমস্ত অবহেলিত জায়গাগুলির কথা। এ বিষয়ে স্বাস্থ্য দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়ার মত District Town-এ একটা মাত্র হাসপাতাল আছে। সেখানে রুগীর সংখ্যা দিনের পর দিন কিভাবে বেড়ে চলেছে তা কিভাবে কমান যেতে পারে, শয্যার সংখ্যা বাড়ান যেতে পারে সেদিকে নজর দিতে হবে। পুরুলিয়া District-এ একটাও Blood Bank নেই। রক্তের প্রয়োজন হলে ৭২।৭৫ মাইল দূরে রাঁচী বা বাঁকুড়ায় যেতে হয়। যেখানে Blood Bank নেই সেসব জায়গার কথা চিন্তা করতে হবে। আজ যে মন্ত্রিমণ্ডলী আমাদের সামনে আছে তাঁদের উপর বিশ্বাস আছে বলে বলতে চাই যে নিশ্চয় তাঁরা এদিকে নজর দেবেন এবং তাড়াতাড়ি কাজ করবেন। আজ জনগণের রায় negative রায় নয়। আজ জনসাধারণ প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চাকে যে ভোট দিয়েছে সেই ভোট হিংসার বিরুদ্ধে ভোট নয়। রাজন্যভাতা বিলোপ, ব্যাঙ্ক, জীবন বীমা, কয়লা শিল্পকে

জাতীয়-করণ করার জন্য এই রায় তারা দিয়েছে। নিশ্চয় আগামী দিনে আমাদের এই সমস্ত অবহেলিত জায়গাগুলির দিকে যদি দৃষ্টি দিতে পারি তাহলে জনসাধারণ আবার এই জায়গায় আমাদের ফিরিয়ে আনবে। সুতরাং কেবলমাত্র কোলকাতার কথা চিন্তা করলে হবে না, গ্রাম-বাংলার কথাও চিন্তা করতে হবে। আজ ঐসমস্ত জায়গায় স্কুল, কলেজ, হাসপাতাল, রাস্তাঘাটের কথাও চিন্তা করতে হবে। সুতরাং এই সমস্ত কথা যে মন্ত্রিমণ্ডলী চিন্তা করবেন সেই স্থির বিশ্বাস আমার আছে এবং যত তাড়াতাড়ি সম্ভব তাঁরা এই সমস্ত অবহেলিত জায়গাগুলির দিকে তাঁরা নজর দেবেন। এই বিশ্বাস নিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমৃগেন্দ্র মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণ এবং তাঁকে ধন্যবাদ জানিয়ে যে প্রস্তাব এই সভায় পেশ করা হয়েছে আমি তাকে সমর্থন করছি। এই বছরের বিধানসভায় যখন আমাদের মতন কিছু লোক নির্বাচিত হলেন তখন একদিকে যেমন সৌভাগ্য তেমনি অপরদিকে দুর্ভাগ্য কিছু আছে। আজ আর সেই বিধানসভা নেই, যাতে আপনার বাঁদিকে উত্তাপ বা উত্তেজনা থাকবে এবং অনাস্থা প্রস্তাব আসবে। আজকের এই বিধানসভা নিরুত্তাপ ও শান্ত। এই শান্ত বিধানসভায় আমরা যাঁরা নূতন নির্বাচিত হয়েছি জানিনা কতটা আমরা দৃষ্টি আকর্ষণ করতে পারব। আজ এই নির্বাচনে যে রায় জনসাধারণ দিয়েছে সেটা মন্ত্রিসভা ও এই বিধানসভার কাছে একটা নূতন ইঙ্গিত বহন করছে। আজ এই প্রগতিশীল সরকারের জন্মলগ্নে দেখতে পেলাম আজ যে বিপুল সংখ্যাধিক্য আমাদের রয়েছে তাতে এটা একদিকে যেমন সৌভাগ্য, অপরদিক থেকে এটা তেমনি বিচার বিবেচনা করতে হবে। ১৯৬৯ সালে দেখেছিলাম ভারতবর্ষে রেকর্ড ভঙ্গ করে বিধানসভায় যুক্তফ্রন্ট বিপুল সংখ্যাধিক্য লাভ করেছিল। আজ দেখলাম ভারতবর্ষের সেই রেকর্ডকে ভঙ্গ করে দিয়ে প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চা এই বিধানসভায় বিপুল সংখ্যাধিক্য লাভ করল। এর পেছনে রয়েছে জনসাধারণের একটা প্রবল ইচ্ছা যে একটা স্থায়ী সরকার এখানে তৈরী হোক। আজকে যখন বাংলাদেশে পদ্মার ওপারে সামরিক সন্ত্রাসের বিরুদ্ধে জনগণ জেগে উঠেছেন এপার বাংলায়ও রাজনৈতিক সন্ত্রাসের বিরুদ্ধে জনতা রায় দিয়েছেন। এই নির্বাচনে শ্রীমতী গান্ধী যে আশা-আকাঙ্ক্ষা সৃষ্টি করেছেন জনগণের, তরুণদের মনে তাঁরই ছায়া, তারই প্রতিচ্ছবির প্রতিফলন ব্যালট পেপারে দেখা গিয়েছে। আজকে এই নির্বাচনের মধ্য দিয়ে এই রায় আমরা যেন মনে রাখতে পারি যে আমাদের কাছে জনসাধারণ যা চেয়েছেন যে পাঁচ বছরে তাঁরা কাজ কিছু দেখতে চান। ইতিহাসের পাতায় সমাজবাদ তো কোন ভিক্ষার দান নয়, করুণার দান নয়; তারজন্য সংগ্রাম চাই, আন্দোলন চাই। আমরা বিশ্বাস করি আমাদের সরকার নিশ্চয়ই সচেষ্ট হবেন, আমলাতন্ত্রের ঠাণ্ডা ঘর থেকে প্রশাসনযন্ত্রকে মুক্ত করে দেবেন। আমরা বিশ্বাস করি যে আমলাতন্ত্রের অচলায়তনের দ্বারা আমাদের শুভেচ্ছা, আমাদের আইন বারবার ব্যাহত হয়। আমলাতন্ত্রের লালফিতার দৌলতে মার্টিনের রেলের চাকা জমে যায়, রেয়নের মতো কারখানা খোলা থাকে না। আরতী কটন মিল জাতীয়করণের সিদ্ধান্ত থাকা সত্ত্বেও তা ফাইলে চাপা থাকে। 'হাসপাতাল নেই, হাসপাতাল নেই' বলে আওয়াজ সত্ত্বেও আমার হাওড়া জেলায় দু'টি হাসপাতালের যন্ত্রপাতি, বাড়ী ঘর-দোর সব থাকা সত্ত্বেও সরকারী সিদ্ধান্তের শুভেচ্ছা সেখানে গিয়ে পৌছায় নি। রোগের জন্য সেখানে কেউ আর যান না। হাসপাতালে অথবা অনেক যক্ষ্মা হাসপাতালে রোগীরা মেঝেতে পড়ে থাকে। সাজান-গোছান বাড়ী, equipment এবং যন্ত্রপাতি থাকা সত্ত্বেও হাসপাতাল সেখানে খালি পড়ে থাকে, রোগী দেখার ব্যবস্থা নেই। এর নাম আমলাতন্ত্র। আমরা আশা করি, বিশ্বাস করি আজকের নূতন সরকার ওই আমলাতন্ত্রের

কাছ থেকে পশ্চিমবঙ্গের প্রশাসনযন্ত্রকে পরিষ্কার ও পরিচ্ছন্ন করার চেষ্টা করবেন। আমরা বিশ্বাস করি এই সরকার সচেতন থাকবেন জনসাধারণ যে রায় দিয়েছেন। সে রায় থেকে ইতিহাসের রায় যেন তাঁরা দেখে নেন। আমরা জানি বিরোধী বামপন্থী ফ্রন্ট বিধানসভায় প্রবেশ করতে রাজী নন। আমরা জানি বিরোধী বামপন্থী ফ্রন্ট নির্বাচনে পোষ্টার লিখেছিলেন, দেওয়ালের গায়ে গায়ে; কিন্তু দেওয়ালের লিখন তাঁরা পড়ে নিতে পারেন নি। সন্ত্রাসের যে রাজত্ব সৃষ্টি হয়েছিল হিংস্র রাজনীতির দৌলতে পশ্চিমবাংলার মানুষের নাভীশ্বাস উঠেছিল, গণতন্ত্র কবরস্থ হবার উপক্রম হয়ে উঠেছিল। সেই সময় আমরা দেখলাম জনসাধারণ ব্যাপক উদ্দীপনার সঙ্গে সন্ত্রাসের মুখোমুখি হলেন। রাজ্যপালের ভাষণে পুলিশের গৌরবকে যেন একটু বড় করে দেখান হয়েছে। তাঁরা যেন জনসাধারণের পাশে এসে গিয়েছেন। পুলিশ এমন একটা বেশী কাজ করেছেন। আমরা জানি, হাওড়া থেকে আমরা নির্বাচিত প্রতিনিধি, আমাদের প্রত্যক্ষ অভিজ্ঞতা আছে। ১৯৬৯ সালের পর থেকে শ্রীমতী ইন্দিরা গান্ধীর ইমেজ যখন ক্রমশঃ ক্রমশঃ বেড়ে উঠতে লাগলো, ১৯৭১ সালের শ্রীমতী গান্ধীর গণতান্ত্রিক, প্রগতিশীল, বৈপ্লবিক পদক্ষেপ যখন বাড়তে লাগলো, যে সমস্ত তরুণ পাগল মেহের আলীর মত 'সব ঝুটা হ্যায়, সব ঝুটা হ্যায়' বলে ভাঙ্গতে লাগলো। তাদের মেরুদণ্ড তখন ভেঙ্গে পড়তে লাগলো, তারাও ভাবতে শুরু করলো নব কংগ্রেস এবং ইন্দিরা গান্ধীর মাধ্যমে কিছু হয়তো পরিবর্তন আসা সম্ভব হতে পারে। সঙ্গে সঙ্গে দেখলাম তাদের মধ্যে ভাঙ্গন ধরতে লাগলো। যারা ছিল কট্টর নক্‌শালপন্থী তাদের বিশ্বাসের ভিত টলে যেতে লাগলো। সুতরাং আজকের সেই উগ্রপন্থীর হাত থেকে পশ্চিমবাংলা রক্ষা পেয়েছে। উগ্রপন্থী রাজনীতির অগ্নিজঠর থেকে আমাদের রাজনীতি, আমাদের গণতন্ত্র রক্ষা পেয়েছে। হাজার হাজার মানুষের রক্তঝরা পথ দিয়ে আমরা যখন বিধানসভায় প্রবেশ করতে পেরেছি, আমরা যেন শুধুমাত্র পুলিশের গৌরব বা প্রতিরোধ বাহিনীর গৌরব বলে জিনিষটাকে না দেখি। তার সঙ্গে দেখতে হবে নতুন আশা-আকাঙ্ক্ষা উদ্দীপনা যেটা সৃষ্টি হয়েছে, নয়া দিল্লীর সাম্রাজ্যবাদ-বিরোধী ঘাঁটি হিসাবে প্রতিষ্ঠিত হয়েছে। সেখানে নয়া নেত্রী ইন্দিরা নতুন একটি আবিষ্কারের সৃষ্টি করেছিলেন। জনসাধারণ এবং তরুণরা যাঁরা হতাশাক্লিষ্ট হয়ে সামনে কোনরকম আদর্শ পায়নি সম্পূর্ণরূপে দেয়ালে মাথা খুঁড়ে মরছিল—শ্রীমতী গান্ধীকে দেখার পর, তাঁর কথাবার্তা শোনার পর কিছুটা তাদের মন ঘুরেছে। যার ফলে পুলিশের পক্ষে সম্ভব হয়েছে, জনসাধারণের পক্ষে এগিয়ে যাওয়া সম্ভব হয়েছে উগ্রপন্থী কার্য্যকলাপ দমন করে আমরা গণতন্ত্রের পথে পা ফেলে এগোতে পেরেছি। সুতরাং আজকে যে নতুন সরকার তাঁরা যেন এর যথেষ্ট মূল্যায়ণ করতে পারে। যে আশা-আকাঙ্ক্ষার সৃষ্টি হয়েছে উগ্রপন্থীর হাত থেকে পশ্চিমবঙ্গ রক্ষা পেয়েছে সেই আশা-আকাঙ্ক্ষা যদি নষ্ট হয়ে যায়, তাহলে এবার জেনে রাখতে হবে ১৯৭২ সালের নির্বাচন পশ্চিমবাংলার ইতিহাসে সর্বশেষ নির্বাচন। কারণ আমরা আগুনের উপর বসে আছি। আমাদের কাছে অনেক কিছুর সমস্যা রয়েছে। বাংলাদেশে শেখ মুজিবর রহমানের উত্থান আমাদের একটা নূতন দিক খুলে দিয়েছে। সাধারণ মানুষের কাছে একটা জঙ্গী মনোভাব রাজনীতির কাছে এসে পড়েছিল সকলেই ধারনা করেছিলেন বোধ হয় রক্ত ছাড়া কোন পরিবর্তন সম্ভব নয়। আজ যখন পরিবর্তনের আওয়াজ আমরা তুললাম মাঠে-ময়দানে গিয়ে আমলাতন্ত্রের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করলাম, পুঁজিবাদের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করলাম, মালিকী সন্ত্রাস, কারখানা বন্ধের চক্রান্ত আমলাতান্ত্রিক লালফিতা, আন্তর্জাতিক সাম্রাজ্যবাদ, নিকসন-মাও-সে-তুঙের চক্রান্ত এইসব positive বক্তব্য জনসাধারণের সামনে রাখলাম তখন জনসাধারণ ব্যালট পেপারে আমাদের ছাপ দিয়েছেন এবং এত অভূতপূর্ব-অলৌকিকভাবে আমাদের ছাপ দেওয়া হয়েছে যার ফলে তাঁরা মনে করছেন এটা কারচুপি হয়েছে, জালিয়াতী হয়েছে। আমরা জানি এক এক কেন্দ্রে এক এক রকম

কথা বলছেন। বরানগরে গিয়ে বলছেন বালীগঞ্জে জালিয়াতী, বালীগঞ্জে গিয়ে বলছেন বরানগরে জালিয়াতী। আসলে জালিয়াতী যদি পশ্চিমবঙ্গের রাজনীতিতে হয়ে থাকে, সবই যদি চোর বনে যায় তাহলে বিধানসভা বয়কট করে সিধে বৃন্দাবন চলে যান। রাজনীতির আসর থেকে তাঁরা প্রস্থান করুন। আর যদি চুরি হয়েই থাকে তাহলে একটা চুরি হয়ত হয়েছে সারা ভারতবর্ষ জুড়ে সে চুরি। সে চুরির একমাত্র অপরাধী হলেন শ্রীমতী ইন্দিরা গান্ধী। যে ৫৫ কোটি মানুষের মন চুরি করেছেন তার ফলে ব্যালট পেপারে এই পরিবর্তন হয়ে গিয়েছে।

(সদস্যদের হাস্যরোল।)

এরজন্য তো আমরা শ্রীমতী ইন্দিরা গান্ধীকে শাস্তি দিতে পারি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আপোষে বিশ্বাস করেন। কমরেড জ্যোতি বসুর চোখের জল মুছিয়ে তাঁকে ডেকে বলুন, আমি না হয় পদত্যাগ করতে পারি, আমার কোন বন্ধু পদত্যাগ করতে পারেন বিধানসভার এই ঠাণ্ডা ঘর, সামনের ময়দান, ফুলবাগান ভাল যদি লাগে আমরা সসম্মানে তাঁর আসবার ব্যবস্থা করে দিতে পারি। তাঁর জন্য জনাদশেক প্রাণী এখানে ঢুকতে পারছেন না; এটা সত্য পরিতাপের বিষয়। আমরা বিশ্বাস করি রাজ্যপালের এই ভাষণ আমাদের কাছে নূতন দিগন্তের সূচনা করুক, রাজাপালের শাসনের মধ্য দিয়ে পশ্চিমবাংলার সমস্যার দায়ভার থেকে মুক্তি হয়ে নতুন দিগন্তের দিকে এগিয়ে যাক্, তাইতো আমরা রাজ্যপালের ভাষণকে স্বাগত জানাই। জয় হিন্দ।

[4-20—4-30 p.m.]

শ্রীকৃষ্ণপদ রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের সভায় পশ্চিমবঙ্গের রাজ্যপালের ভাষণে স্বাগত জানিয়ে আমি আমার বক্তব্য সুরু করছি। পশ্চিমবঙ্গের নূতন বিধান সভায় পশ্চিমবঙ্গের নবীন এবং তরুন প্রার্থী হিসাবে আমরা আজ এখানে উপস্থিত হয়েছি। আমরা অনেক উৎসাহ এবং আশা নিয়ে পশ্চিমবাংলার সাধারণ মানুষের জন্য প্রতিশ্রুতি রেখেছিলাম নির্বাচনের আগে সংবাদপত্রের ভাষায় আমরা অনেক কচি-কাচা-বাঁচা এবং বাঁচানোর প্রতিশ্রুতি নিয়ে এই সভায় হাজির হয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের মাননীয় মন্ত্রিমণ্ডলীর কাছে তাদের সেই বক্তব্য আমরা এখানে পৌছে দিতে চাই। আমরা আগেই রাজ্যপালের ভাষণকে স্বাগত জানিয়েছি। আমরা যারা পশ্চিমবাংলার যুবক এবং ছাত্র যারা জাতীয়তাবাদী দেশপ্রেম এবং গণতন্ত্রে বিশ্বাস করি আমরা অনেক কিছুই দাবী করতে পারি। আজকে পশ্চিমবঙ্গের মন্ত্রিমণ্ডলীর কাছে জানাতে চাই বিগত চার বছর ধরে পশ্চিমবাংলায় যে অস্থির রাজনীতি পশ্চিমবাংলার যুব এবং ছাত্র সমাজের মধ্যে যে হতাশার সৃষ্টি হয়েছিল পশ্চিমবাংলার সামগ্রিক জাতিয়তাবাদী রাজনীতিতে যে ঘুন ধরেছিল আজ পশ্চিমবাংলার যুব সমাজ নতুন পথ দেখিয়ে, পশ্চিমবঙ্গের ছাত্র সমাজ নতুন পথ দেখিয়ে কংগ্রেসকে ২১৬টি আসনে বিধানসভায় সংখ্যাধিক্যে প্রবেশ করিয়ে দেয়ার সুযোগ করিয়ে দিয়েছে। পশ্চিমবাংলার কংগ্রেসের পাশে থেকে যুব কংগ্রেস এবং ছাত্র পরিষদের আমরা যারা কর্মী হিসাবে তাদের পাশে দাঁড়িয়েছি তাতে আমরা আশা করেছিলাম যে রাজ্যপালের ভাষণের মধ্যে আরো কিছু বৈপ্লবিক পরিবর্তন থাকবে। পশ্চিমবাংলার মন্ত্রিসভা প্রগতিশীল দৃষ্টিভঙ্গী নিয়ে আরো কিছু বৈপ্লবিক পরিবর্তন ঘটাবেন। এখানে পশ্চিবাংলার বেকার সমস্যা নিয়ে এর আগে এখানে অনেকে বলেছেন, অনেক বক্তা বেকার সমস্যা সম্বন্ধে তাদের বক্তব্য তুলে ধরেছেন। আমরা পশ্চিমবাংলার যুব কংগ্রেসের পক্ষ থেকে একটি সমস্যার প্রতি মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে, আমরা নূতন করে কর্মসংস্থানের কথা বলে একটি অত্যন্ত

প্রয়োজনীয় স্লোগান পশ্চিমবাংলায় দিয়েছিলাম যুব কংগ্রেসের পক্ষ থেকে, পশ্চিমবাংলায় সরকারী এবং বে-সরকারী ক্ষেত্রে শিল্পসংস্থানে সাময়িকভাবে আইন করে ওভার টাইম বন্ধ করে দিয়ে নতুন বেকার যুবকদের কর্ম সংস্থানের সুযোগ করে দেওয়া হোক। আমাদের পশ্চিমবাংলার যুবক সমাজের কাছে আজকে শ্রীমতী ইন্দিরা গান্ধীর নেতৃত্বে গণতান্ত্রিক সমাজবাদের প্রতিশ্রুতি যে দিকে লক্ষ্য করে পশ্চিমবঙ্গ এবং ভারতবর্ষের নূতন রাজনীতি যেদিকে সূচনা করেছে আজকে পশ্চিমবাংলার মন্ত্রিমণ্ডলী, পশ্চিমবাংলার মন্ত্রিসভা সেদিকে নজর রেখে আমাদের মত তরুন নবীনদের আশায় আরো উৎসাহ দেবার জন্য বিধানসভায় হাজির হয়েছি, মন্ত্রিসভার সাহচর্যে কাজের দায়িত্ব ও সুযোগ পেয়ে আমরা সেই দায়িত্ব পালনের প্রতিশ্রুতি রেখেছি আগেও, আজকেও রাখতে চাই। আমরা হাওড়া জেলার নির্বাচিত প্রতিনিধি হিসাবে হাওড়া জেলার সঙ্গে হুগলী এবং পশ্চিমবাংলার একটা সমস্যার কথা অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মন্ত্রিসভার কাছে পেশ করছি। আজকে আমাদের সৌভাগ্য বা দুর্ভাগ্য যাই বলুন, যেকথা আমার পূর্ববর্তী বক্তা বলেছেন যে মন্ত্রিসভার মাননীয় সদস্যের আমরা আজকে এই সভায় দেখতে পাচ্ছি না, আমি যে এলাকার প্রতিনিধি সেই এলাকার এবং পশ্চিমবঙ্গের মানুষের কাছে এত পরিচিত একটি রেলপথ, মার্টিন লাইট রেলওয়ে, যার সঙ্গে হাওড়া ও হুগলী জেলার দুই লক্ষের উপর মানুষের এবং বিস্তীর্ণ গ্রামাঞ্চলের অর্থনৈতিক, রাজনৈতিক, সমাজজীবন গত ৭৫ বছর ধরে গড়ে উঠেছে, যে কোন কারণেই হোক, শ্রমিকই হোক বা মালিকের চক্রান্তেই হোক, আমরা দেখেছি এক বছরের উপর ঐ রেলপথ বন্ধ হয়ে রয়েছে। একাধিকবার পশ্চিমবঙ্গ সরকারের কাছে আমরা আবেদন করেছি। আমরা একটি জিনিষ আজকে মাননীয় অধ্যক্ষের মারফৎ পশ্চিমবাংলার মন্ত্রিসভার কাছে পৌছে দিতে চাই। এই যে মার্টিন রেলপথ এই রেলপথের কোন বিকল্প ব্যবস্থা নেই। এই রেলপথকে কেন্দ্র করে দু'টি জেলার অর্থনীতি, সমাজনীতি, ছোট ছোট অসংখ্য ব্যবসা, লক্ষ লক্ষ মানুষের দৈনন্দিন জীবনে চরম বিপর্যয় আমরা লক্ষ্য করছি। এই সম্পর্কে নির্বাচনের আগে ভারতবর্ষের মহান নেতৃ শ্রীমতী ইন্দিরা গান্ধী একটি জনসভায় প্রতিশ্রুতি দিয়েছিলেন যে এই মার্টিন রেলপথ পুনরায় চালু করবার জন্য ব্যবস্থা গ্রহণ করবেন, আমরা পশ্চিমবঙ্গের মন্ত্রিসভার কাছে এই আবেদনটা রেখে এই সম্পর্কে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার জন্য মাননীয় অধ্যক্ষের মারফত পৌছে দিতে চাই। এছাড়া হাওড়া শিল্পাঞ্চল পশ্চিমবঙ্গের শিল্প ক্ষেত্রে সুনাম অর্জন করা সত্বেও কোন রহস্যজনক কারণে—কোথাও শ্রমিকদের স্বার্থে, কোথাও মালিকদের স্বার্থে বহু বিরাট কলকারখানা দীর্ঘদিন ধরে বন্ধ হয়ে পড়ে আছে, আমরা পশ্চিমবঙ্গ যুব সমাজের পক্ষ থেকে মন্ত্রিসভার কাছে আবেদন পেশ করছি যে, যে কোন স্বার্থে হোক,যে কোন উপায়ে হোক এই বিরাট শিল্পাঞ্চলের বিরাট বিরাট শিল্পগুলির বন্ধ দরজা খুলে দিয়ে পশ্চিমবঙ্গের সাময়িক অর্থনীতি, পশ্চিমবঙ্গের ভেঙ্গে পড়া শিল্প ব্যবস্থাকে আবার নূতন করে তৈরী করার ব্যাপক কর্মসূচী গ্রহণ করুন। আমরা পশ্চিমবঙ্গের জনসাধারণের অনেক আশীর্বাদ নিয়ে বিধানসভায় হাজির হয়েছি, যাঁরা পশ্চিমবঙ্গের বিধানসভায় আছেন তাঁরা এই সরকারকে সর্বতোভাবে সাহায্য করে পশ্চিমবাংলাকে নূতন করে পশ্চিমবাংলার, গত ৪ বছরে খুন, হত্যা, হিংসায় পঙ্গু সমাজ জীবন, ভেঙ্গে পড়া রাজনীতিকে আবার সুস্থ, সবল চরিত্রে রূপ দেবেন। আজকে যে প্রগতিশীল স্থায়ী সরকার তৈরী হয়েছে আমরা সেই সরকারকে জনসাধারণের কাছে সেইভাবে পৌছে দিতে চাই। এই কথা বলে, অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-30—4-40 p.m.]

শ্রীমধুসূদন রায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল যে ভাষণ প্রদান করেছেন তার মধ্যে

পশ্চিমবাংলার রূপ সামগ্রিকভাবে ফুটে উঠেছে। রাজ্যপাল মহাশয়ের ভাষণের উপর যে ধন্যবাদ-জ্ঞাপক প্রস্তাব এসেছে, আমি তা সমর্থন করছি। রাজ্যপালের ভাষণে একটা জিনিষ লক্ষ্য করার আছে। সে জিনিষটা হল যে সমস্ত ভারতীয় জোয়ান মাত্র ১৪ দিনের মধ্যে রক্ত দিয়ে, প্রাণের বিনিময়ে ভারতবর্ষকে বিশ্বের দরবারে শ্রেষ্ঠত্বের আসন দিয়েছে, সেই ভারতীয় জোয়ানদের জন্য বাস্তুজমি এবং কৃষিজমি ব্যবস্থা করার কথা আছে। এটা অত্যন্ত আশাব্যঞ্জক কথা। আমরা পশ্চিমবাংলার মানুষ যে ভারতীয় জোয়ানদের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি এটা আশার কথা এবং আনন্দের কথা।

তবে একটা কথা, এই সুদীর্ঘ ভাষণের মধ্যে আমি মনে করি আমাদের উত্তর বাংলার প্রতি অবিচার করা হয়েছে, কেননা এই ভাষণের মধ্যে উত্তর বাংলা সম্বন্ধে মাত্র কয়েকটি কথা আছে। এই শব্দ কয়টি হল—২৭নং অনুচ্ছেদে বলা হয়েছে—"উত্তর বাংলার জন্য একটা উন্নয়ন পর্ষৎ গঠন করা হবে।" এই উন্নয়ন পর্ষত গঠনের কথা উত্তর বাংলার তথা পশ্চিমবাংলার লোক অনেক দিন থেকে শুনে আসছে কিন্তু কবে সেটা গঠন করা হবে এবং কবে কার্যকরী হবে সেই সম্পর্কে সুস্পষ্টভাবে কোন উল্লেখ রাজ্যপালের ভাষণের মধ্যে না থাকায় উত্তরবাংলার অধিবাসী হিসাবে আমরা দুঃখিত। এই উত্তরবাংলার সমস্যা অন্যান্য যে কোন অঞ্চলের চেয়ে বেশী, উত্তরবাংলা অনুন্নত, উত্তরবাংলায় বেকার সমস্যা আছে এবং সেই বেকার সমস্যা সমাধান করার দরকার আছে। তা করতে গেলে উত্তরবাংলায় নূতন নূতন শিল্প গড়ার দরকার সব চেয়ে বেশী এবং এই ব্যাপারে সব চেয়ে বেশী প্রয়োজন বিদ্যুতের ব্যবস্থা করা। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন যে উত্তরবাংলায় বিদ্যুতের জন্য জলঢাকা প্রকল্প করা হয়েছে। এই জলঢাকা প্রকল্প সারা উত্তরবাংলার জলে ঢাকা পড়ে হাবুডুবু খাচ্ছে। এই থেকে কিভাবে পরিত্রাণ পাব, কিভাবে এই সমস্যার সমাধান হবে রাজ্যপালের ভাষণের মধ্যে সেই কথা না পেয়ে, আমরা উত্তরবাংলার যে সমস্ত সদস্য এখানে এসেছি সকলেই অত্যন্ত দুঃখিত। অবশ্য এটা আশার কথা যে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে ভাষণ দিয়েছেন তাতে দেখা গেছে যে ১৯৭৩ সালের মধ্যে ১০ হাজার গ্রামকে বৈদ্যুতিকরণ করা হবে। এখন উত্তরবাংলার গ্রামগুলি যাতে প্রাইওরিটি পায় সেদিকে লক্ষ্য দিবার জন্য আমি আপনার মারফৎ মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি।

ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট এ্যাকুইজিশন এ্যাক্ট হয়েছে ১৯৫৩ সালে, এই আইন চালু হওয়ার পর থেকে বহু জল গঙ্গা দিয়ে বয়ে গেছে, কিন্তু সমস্যার সমাধান হয় নি। সরকারের বর্তান জমি কিভাবে বন্টিত হবে তার কোন সুস্পষ্ট নির্দেশ রাজ্যপালের ভাষণের মধ্যে নাই। এবং সব চেয়ে বড় কথা এই যে ফ্যামিলি সিলিং-এর কথা বলা হয়েছে, তাতে আরও জমি সরকারে বর্তাবে, কেননা বহু জমি উদ্বৃত্ত হবে। এই বর্তান জমি কিভাবে বন্টন করা হবে সে সম্পর্কে সুস্পষ্ট নির্দেশ রাজ্যপালের ভাষণের মধ্যে থাকা উচিত ছিল। উত্তরবাংলার উন্নতি কৃষির উপর নির্ভরশীল, কিন্তু সেই কৃষির উন্নতি করতে গেলে সেচের প্রয়োজন। উত্তরবাংলা দীর্ঘকাল ধরে অনাদৃত এবং অবহেলিত হয়ে পড়ে আছে। উত্তরবাংলায় যদি সেচের ব্যবস্থা না করা যায় তাহলে কোন কিছু হবে না। আর তারজন্য সব চেয়ে বেশী প্রয়োজন বিদ্যুতের। এ কথা আমি আগেই বলছি। আমি আশা করি এবং আবেদন করি আপনার মারফৎ যে এ বিষয়ের প্রতি মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকৃষ্ট হবে। কৃষির উন্নতির জন্য সমবায় ব্যাঙ্কের মাধ্যমে ঋণ দেওয়া দরকার। ঋণ যদি না দেওয়া যায় তাহলে কৃষির উন্নতি সম্ভব নহে। ছোট ছোট যে সমস্ত কৃষক আছে তাদের পক্ষে সেচ বা সার ব্যবহার করা সম্ভব নয়, আমি জানি কুচবিহার জেলায় সমবায় ব্যাঙ্ক মারফৎ ঋণ দেওয়া বন্ধ হয়ে গেছে। কারণ ঋণের টাকা পরিশোধ হয় নাই। আমাদের এই মন্ত্রিসভা নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে গঠিত

হয়েছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার নিকট অনুরোধ জানাই যে কুচবিহার জেলার সমবায় ব্যাঙ্কের ঋণের টাকা মকুব করে দিয়ে, আবার নূতন ভাবে ঋণ দিবার ব্যবস্থা করা হোক।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কিছুক্ষণ আগে একজন মাননীয় সদস্য আমলাতান্ত্রিকতার কথা যা বললেন সে সম্পর্কে আমারও কিছু অভিজ্ঞতা আছে এবং সেটা হচ্ছে তিক্ত অভিজ্ঞতা। সাধারণ একজন গ্রামসেবক কিভাবে মানুষকে ঠকাতে পারে সেই অভিজ্ঞতা আমার কন্সটিটিউয়েন্সী অর্থাৎ মেখলিগঞ্জ কন্সটিটিউয়েন্সীতে দেখেছি। দরিদ্র লোকদের জন্য কয়েকটি তুলোর কম্বল দেওয়া হয়েছিল। অত্যন্ত দুঃখের বিষয় গ্রামসেবক সেই কম্বল নিয়ে সারা শীতে ব্যবহার করেছে এবং তারপর চৈত্র মাসে সেই কম্বল নিয়ে উপস্থিত হয়েছে। যাদের কাছে গিয়ে উপস্থিত হয়েছেন তাঁরা বললেন এখন কেন এই কম্বল নিয়ে এসেছেন? তখন তিনি বললেন সরকার যদি দেন তাহলে আমি কি করব। এইভাবে যে তাঁরা মানুষকে বিব্রত করেন এটা অত্যন্ত দুঃখের কথা। আমাদের এই নূতন সরকার যদি এই আমলাতান্ত্রিক দোষত্রুটি দূর করতে না পারেন তাহলে ১৯৭২ সালের নির্বাচনই শেষ নির্বাচন এই যে একজন সদস্য বলে গেলেন সেটা আমারও মত। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আর কিছু না বলে মাননীয় রাজ্যপালের আশাব্যঞ্জক ভাষণের প্রতি ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রীনরেশ চন্দ্র চাকী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সভাতে মহামান্য রাজ্যপাল যে ভাষণ রেখেছেন সেই ভাষণের জন্য, তাঁকে ধন্যবাদ জানিয়ে যে প্রস্তাব উত্থাপিত হয়েছে আমি সেই প্রস্তাবকে সম্পূর্ণরূপে এবং সর্বান্তকরণে সমর্থন করছি। এই ভাষণকে সমর্থন করেও আমি দুঃখের সঙ্গে এই ভাষণের কিছু কিছু দোষত্রুটির প্রতি উপাধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। মহামান্য রাজ্যপালের ভাষণের ৬নং অনুচ্ছেদে গত বিধ্বংসী বন্যার কথা বলা হয়েছে এবং সেই বন্যায় ক্ষতিগ্রস্ত লোকদের সাহায্যদানের কথা উল্লেখ করা হয়েছে। আমি দুঃখের সঙ্গে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করে জানাচ্ছি যে, তাঁরা যদি দয়া করে খোঁজ করেন তাহলে জানতে পারবেন যে আরও দু'টি কথা এই অনুচ্ছেদে যুক্ত করা উচিত ছিল। এই বন্যায় যারা ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের গৃহ নির্মান ঋণ এবং অন্যান্য ঋণ পাবার কথা যা ছিল সেখানে দেখতে পাচ্ছি তারা অনেকেই অনেকাংশে সেইসব ঋণ বা সাহায্য পায় নি। আমি আশা করি আমাদের এই মন্ত্রিসভা খোঁজ খবর নিয়ে যদি উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেন তাহলে গ্রামবাংলার মানুষ আরও সুখে এবং শান্তিতে এগিয়ে যেতে পারবেন। তারপর, রাজ্যপালের ভাষণের ৭নং অনুচ্ছেদে আইন-শৃঙ্খলার কথা বলা হয়েছে এবং পুলিশী ব্যবস্থার প্রতি আমাদের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। কিন্তু আমি এখানে একটা ত্রুটির কথা উল্লেখ না করে পারছি না। আমরা দেখেছি, পশ্চিমবাংলায় যে পুলিশ বাহিনী কাজ করছে তাদের মধ্যে সমাজ বিরোধী কিছু লোক বেনামীতে ঢুকে পড়েছে এবং এটা লক্ষ্য করেছি জ্যোতিবাবু যখন, স্বরাষ্ট্রমন্ত্রী ছিলেন তখন কিছু সমাজবিরোধীর অনুপ্রবেশ ঘটেছে। আমরা এই জিনিস ভুলতে পারব না। আজকে আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবাংলার গ্রামে গ্রামে পুলিশ বাহিনীতে এই যে সমাজ বিরোধীদের অনুপ্রবেশ ঘটান হয়েছে তারা আজকে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা ভঙ্গ করবার জন্য সাধারণ মানুষকে প্ররোচিত করছে, তারা তাদের কাজ সমানে চালিয়ে যাচ্ছে এবং বিপথে অবৈধভাবে অর্থ উপার্জন করতে বিন্দুমাত্র কসুর করছে না।

[4-40—4-50 p.m.]

আমি পরিষ্কারভাবে প্রস্তাব রাখতে চাই এই প্রসঙ্গে যেসমস্ত দুর্নীতিপরায়ন পুলিশ কর্মচারী

পুলিশ বাহিনীতে ঢুকে পড়ে ঐ পুলিশ প্রশাসনকে দুর্নীতি যুক্ত করছে তাদের বিরুদ্ধে এবং বিশেষ করে ১৯৬৭ সাল থেকে আজকে ১৯৭২ সাল পর্যন্ত এই গত ৫ বছরে যেসব পুলিশ কর্মচারীদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ আনা হয়েছে, তাদের সেই দুর্নীতিকে খতিয়ে দেখবার জন্য, একটা কমিটি গঠন করবার জন্য, একটা তদন্ত কমিটি গঠন করবার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আশাকরি মন্ত্রিসভা এই বিষয়ে যথেষ্ট দৃষ্টি দেবেন। মাননীয় রাজ্যপালের ভাষণের ১০নং অনুচ্ছেদে বিভিন্ন শহর এবং উপনগরীর উন্নয়নের কথা বলা হয়েছে। কিন্তু আমি বেদনার সঙ্গে আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি যে আমাদের এই পশ্চিমবাংলাতে বহুজায়গা আছে যেখানে উদ্বাস্তুদের নিয়ে উপনগরী গঠন করা হয়েছে এবং যেসব উদ্বাস্তু উপনগরীতে লক্ষ লক্ষ উদ্বাস্তু বসবাস করছে এবং যাদের রাস্তাঘাটের ব্যবস্থা নেই, যাদের পানীয় জলের ব্যবস্থা নেই, যার বিভিন্ন সমস্যায় বিভ্রান্ত হয়ে পড়েছে, সেই সমস্ত উদ্বাস্তু ভাই-বোনের কথা এখানে উল্লেখ থাকলে আনন্দিত হতাম। মাননীয় রাজ্যপালের ভাষণের ১৭ নং অনুচ্ছেদের প্রতি আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষন করছি। আমরা দেখেছি এই গরিবী হটাও আন্দোলনকে কেন্দ্র করে মাননীয়া নেত্রী এবং ভারতের প্রধান মন্ত্রীর নেতৃত্বে সমাজবাদ কায়েম করবার জন্য দৃঢ় পদক্ষেপে আজকে পশ্চিমবাংলায় কংগ্রেস সরকারের গরিবী হটাও আন্দোলনকে যদি সার্থক করতে হয়, সমাজবাদের যে আহ্বান আমাদের নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী জানিয়েছেন তাকে যদি কায়েম করতে হয়, তাহলে যেসমস্ত প্রগতিশীল কর্মসূচী নেওয়া হবে, আজকে পশ্চিমবাংলার প্রশাসনের মধ্যে যে দুর্নীতিপরায়ন কর্মচারী রয়েছে—আমরা প্রতি পদক্ষেপে দেখেছি—একটু আগে মাননীয় সদস্য সেই বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন, সেইসব দুর্নীতিপরায়ন কর্মচারী, যাঁরা রাইটার্স বিল্ডিংসের ঠাণ্ডা ঘর থেকে শুরু করে সুদূর গ্রামে গ্রামসেবক পর্যন্ত যাঁরা দুর্নীতিপরায়ন সরকারী কর্মচারী রয়েছেন যাঁরা আমাদের কর্মসূচীকে বানচাল করে দেবার চক্রান্ত করছেন তাঁদের বিরুদ্ধে আজকে সুস্পষ্ট বক্তব্য ভাষণের মধ্যে আশা করেছিলাম। প্রশাসনকে দুর্নীতি মুক্ত করতে না পারলে কখনই এই প্রগতিশীল কর্মসূচীকে রূপদান করা সম্ভব হবে না। এই দুর্নীতিপায়ন এবং স্বেচ্ছাচারী সরকারী প্রশাসনযন্ত্র পদে পদে আমাদের এই আন্দোলনকে বানচাল করে দিয়ে আমাদের এই পশ্চিমবাংলার জনসাধারণের কাছ থেকে বিচ্ছিন্ন করে দেবার যে চক্রান্ত হবে, সেই প্রশাসনকে দুর্নীতি মুক্ত করবার জন্য পরিকল্পনা তৈরী করবেন এই মন্ত্রিসভা, এই বিষয়ে আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। এইসব বিষয়গুলো যদি রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লেখ থাকতো তাহলে আমরা আরও আনন্দিত হতাম। এই নির্বাচনকে কেন্দ্র করে সি. পি. এম. দল থেকে কারচুপির অভিযোগ তোলা হয়েছে। এই বিষয়ে একটা ছোট্ট গল্প মনে পড়ছে। গল্পটা হলো—একটা চোর রোজ রাত্রে চুরি করে সকাল বেলা একটা পুকুরের ঘাটে চান করতে যেত, যে ঘাটে সে চান করতো তার বিপরীত দিকে আর একটা ঘাট ছিল, সেই ঘাটেও রোজ একজন সাধু একই সময় চান করতে যেত। সাধু ঐ চোরকে দেখে ভাবতো, সে বোধ হয় তার চেয়ে বড় সাধু এবং চোর ভাবতো ঐ সাধু বোধ হয় তার চেয়ে আরও বড় চোর; সুতরাং ওর কাছ থেকে চুরি বিদ্যা শিখতে হবে। আজকে মাননীয় সি. পি. এম. নেতারা আকাশ বাতাস মুখরিত করে দিয় বলছেন যে কারচুপি হয়েছে আসল বক্তব্য হল, ওরা কারচুপিতে জালিয়াতিতে অভ্যস্ত, এইরকম নজীর অতীতে বহুবার দেখেছি। এবার পশ্চিমবাংলার মানুষ জেগেছে, পশ্চিমবাংলার যুবসমাজ জেগেছে, ওদের কারচুপি, জালিয়াতিকে রুখে দিয়েছে। তাই আজকে ওরা পরাজিত হয়ে পশ্চিমবাংলার আকাশ বাতাস মুখরিত করে বলে বেড়াচ্ছেন যে আমরা জালিয়াতি করেছি। আমরা নাকি জোচ্চুরি করেছি। এটা আমি পরিষ্কারভাবে বলতে চাই যে তারা ভুলে যাচ্ছে যে এই রায় সন্ত্রাসের বিরুদ্ধে রায়, এই রায় সি. পি. এম.-এর বিরুদ্ধে রায়, এই কথা আমরা পরিষ্কারভাবে ঘোষণা করতে পারি।

আর একটা বিষয়ের প্রতি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই বিধানসভার স্বাস্থ্য একেবারেই যেন ভগ্নস্বাস্থ্য আজকে এখানে কোন উত্তাপ নাই, উত্তেজনাও নাই। কেমন যেন দুর্বল হয়ে পড়েছে এই বিধানসভা। তার উপরে লক্ষ্য করছিলাম—একমাত্র স্বাস্থ্যমন্ত্রী সেই ভগ্নস্বাস্থ্য রক্ষা করবার জন্য এখানে বসে ছিলেন। আমি আপনার মারফৎ অনুরোধ করছি মন্ত্রীরা যদি অধিক সংখ্যায় এখানে উপস্থিত থাকেন, তাহলে বোধহয় বিধানসভার স্বাস্থ্য রক্ষা করা যাবে। জয় হিন্দ।

শ্রীবীরেশ্বর রায়: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মহামান্য রাজ্যপালের ভাষণকে স্বাগত জানিয়ে কয়েকটি কথা বলতে চাই।

আমি সীমান্তবর্তী অঞ্চলের একজন প্রতিনিধি হিসেবে এখানে এসেছি। বিগত বাংলাদেশের স্বাধীনতার যুদ্ধে সীমান্তবর্তী অঞ্চলের যেসমস্ত জনসাধারণ ক্ষতিগ্রস্ত হয়েছে, যাদের ধনপ্রাণ লুণ্ঠিত হয়েছে, তাদের প্রতি রাজ্যপাল সহানুভূতিশীল আছেন দেখে আমরা অত্যন্ত আশান্বিত বোধ করছি। বিগত বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে যেসমস্ত প্রাণ বলি গিয়েছে, যেসমস্ত সাধারণ নাগরিক ধনপ্রাণ হারিয়েছে, তাদের শোকসন্তপ্ত পরিবর্গকে সান্ত্বনা দেবার যে সরকারী পরিকল্পনা আছে সেই পরিকল্পনা কার্য্যে রূপায়িত করবার জন্য এখন পর্যন্ত সরকারীভাবে কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নাই। এই ব্যবস্থা গ্রহণ না করার জন্য সেই সব এলাকার অধিবাসীবৃন্দ হতাশ হয়ে পড়েছেন। আমি মনে করি রাজ্যপালের ভাষণে তিনি যে আশ্বাস দিয়েছেন তাদের, তা যাতে সত্বর কার্যকরী হয়, তারজন্য আমি আপনার মাধ্যমে সরকারকে অনুরোধ জানাই। বিশেষ করে পশ্চিম দিনাজপুরের হিলি ও বালুরঘাটের কথা আমি বলছি। সেটা একটা ব্যাপক যুদ্ধক্ষেত্রে পরিণত হয়েছিল। বালুরঘাট ও হিলির যুদ্ধের অবস্থা পত্রিকা মারফৎ আপনারা সবাই অবগত আছেন।

এই প্রসঙ্গে আর একটা কথা বলতে চাই। বিগত যুদ্ধের সময় আমাদের মুখ্যমন্ত্রী সিদ্ধার্থবাবু সেইসময় ঐ সমস্ত এলাকা পরিদর্শন করেছিলেন এবং আমাদের পাশে গিয়ে অত্যন্ত সাহস ও মহত্বের পরিচয় দিয়েছেন। জনসাধারণের ভেতর আশা ও উৎসাহের সঞ্চার করেছিলেন। তখন তিনি বলে এসেছিলেন—যারা শেলিং-এর দরুন ও ট্যাংক পরিচালনার দরুন ক্ষতিগ্রস্থ হয়েছে—ফসলহানি হয়েছে—তাদের সেই ক্ষতি পুরণ করা হবে, সাহায্য করা হবে। তাড়াতাড়ি যাতে এই ক্ষতি পূরণের ব্যবস্থা করা হয়, তারজন্য আমি সরকারকে অনুরোধ জানাচ্ছি।

এর পরে আমি আইন-শৃঙ্খলার ব্যাপার নিয়ে দু-চারটি কথা বলতে চাই। বর্তমানে সহরাঞ্চলে আইন-শৃঙ্খলার উন্নতি হলেও গ্রামাঞ্চলে দেখা যায় আইন-শৃঙ্খলার অবনতি হয়েছে বিশেষ করে সীমান্তবর্তী এলাকায়। সেখানে দেখা যাচ্ছে নির্বাচনের আগে এবং পরে রাইফেল নিয়ে বেশ চুরি-ডাকাতি সুরু হয়েছে। তবে এই চুরি-ডাকাতি কতকটা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত বলে মনে হয়। খবর পেয়েছি বিরোধী দল জনসাধারণকে বলছে—তোমরা কংগ্রেসকে ভোট দিয়েছ -তার ফলেই এই চুরি-ডাকাতি বৃদ্ধি পেয়েছে। এই চুরি-ডাকাতির সঙ্গে বিরোধী দলও লিপ্ত আছে বলে আমার সন্দেহ হয়। তার পর আমাদের পুলিশ প্রশাসনকে আরও শক্ত করা দরকার। এবং এই সমস্ত চুরি ডাকাতি যাতে বন্ধ হয় এবং বিরোধীদলের যে প্রেরণা এর ভিতর আছে, গুপ্ত রহস্য এর মধ্যে আছে এইগুলি যাতে শুদ্ধ করা যায় সেজন্য চেষ্টা হওয়া দরকার। আমাদের পশ্চিমবংগের শিল্প উন্নয়নের জন্য একটি কমিটি পুনর্গঠন করা হয়েছে,সে সম্পর্কে আমি উত্তরবঙ্গ এবং বিশেষ করে পশ্চিম দিনাজপুরের মত শিল্পে সম্পুর্ণ অনুন্নত জেলায় যাতে শিল্প সংস্থাকে আরও জোরদার করা যায় .এবং

সেচের ব্যবস্থা করা যায় তারজন্য আমি আপনার মাধ্যমে সরকারকে অনুরোধ জানাচ্ছি। সেচ এবং বিদ্যুৎ এই দুটি যদি পাশাপাশি না থাকে তাহলে কুটির শিল্পকে জাগ্রত করা যায় না। ক্ষুদ্র এবং কুটির শিল্পের জন্য সেচ এবং বিদ্যুৎ অপরিহার্য্য এবং কৃষিক্ষেত্রেও প্রয়োজনীয়। আমাদের জেলায় বিদ্যুতের অত্যন্ত অপ্রাচুর্যের জন্য অধিক পরিমাণে ফসল ফলান যায় না। কৃষকদের অসুবিধা হচ্ছে। এই জন্য আমি আপনার মাধ্যমে সরকারকে অনুরোধ করছি যাতে আমাদের জেলায় বিদ্যুৎ, সেচ এবং কুটির শিল্পের সুষ্ঠু ব্যবস্থা করা হয়।

[4-50 – 5-00 p.m.]

আর আমি একটা কথা বলছি যে মুনাফাখোর এবং কালোবাজারীদের কঠিন হস্তে দমন করবার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিগত বছর ছাত্র কংগ্রেস এবং যুব কংগ্রেস এই বিষয়ে যে আন্দোলন আরম্ভ করেছিল তার ফল আমরা হাতে হাতে দেখেছি, তারজন্য দ্রব্যমূল্য বৃদ্ধি অনেকটা প্রতিহত হয়েছিল। বর্তমানে যে দ্রব্যমূল্য বৃদ্ধি দেখা দিয়েছে এর ফলে মুনাফাবাজ এবং কালোবাজারীদের হাতকে সংকুচিত করবার জন্য আমরা আমাদের তরুন এম, এল, এদের বলি তারা যুব সমাজকে ক্রমে ক্রমে সক্রিয় এবং সজাগ করে তুলুন তারজন্য আমরা তাঁদের অনুরোধ জানাচ্ছি। এবং এই জন্য সরকারী প্রশাসন যন্ত্রকে আরও সজাগ হতে হবে। যাতে বাজারে দ্রব্যমূল্য বদ্ধি না প য় এবং মুনাফাখোর আর কালোবাজারীরা উৎসাহ না পায় তারজন্য সরকারী প্রশাসনকে অত্যন্ত সক্রিয় হতে হবে। সরকারী যেসমস্ত সংস্থা এবং শিল্প আছে সেগুলির জন্য একটা সরকারী ডিপার্টমেণ্ট আমাদের তৈরী করা হয়েছে। এই ডিপার্টমেণ্টকে যাতে আরও সক্রিয় করা যায় এবং আমাদের দেশে যেসমস্ত বেকার যুবসম্প্রদায় আছে তাদের জন্য যাতে আরও অধিক পরিমাণে চাকুরির ব্যবস্থা করা যায় এবং এই সমস্ত সংস্থার দ্বারা যাতে আমাদের অধিক পরিমাণে জিনিসপত্র তৈরী করা যায় এবং দেশের জনসাধারণের মধ্যে সেগুলি বিতরণ করা যায় তারজন্য সচেষ্ট হওয়া দরকার। বর্তমানে শিবির কর্মচারীদের ব্যাপারে আমি বলতে চাই যে প্রতি দু' মাস, এক মাস পর পর তাদের চাকুরী এক্সটেনসন করা হচ্ছে। এই সমস্ত কর্মচারীরা হতাশার মধ্যে বাস করছে। এদের যাতে স্থায়ী চাকুরীর ব্যবস্থা করা হয় তারজন্য সরকার যাতে ব্যবস্থা গ্রহণ করেন সেই অনুরোধ আমি সরকারকে জানাচ্ছি। সবচেয়ে বড় কথা হচ্ছে রাজ্যপালের ভাষণে উত্তরবঙ্গ সম্বন্ধে একমাত্র উত্তরবঙ্গ উন্নয়ন পরিষদ গঠন করা ছাড়া অন্য কিছু নাই। গত বছরও দেখেছিলাম এই পরিষদ গঠন করার কথা। কিন্তু তা কার্যকরী হয় নি। উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষৎ যাতে কার্যকরী হয় এবং সেখানে যাতে উন্নয়নমূলক কার্য হয় তারজন্য আমি অনুরোধ জানাচ্ছি।

শ্রীসুনীল কর: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল পশ্চিমবঙ্গ বিধানসভায় যে ভাষণ দিয়েছেন তাকে আমি আন্তরিকভাবে স্বাগত জানাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল তাঁর ভাষণে কিছু কিছু আশাব্যাঞ্জক বক্তব্য রেখেছেন। কিন্তু আমরা আশা করেছিলাম যে এই অবহেলিত উত্তরবঙ্গ সম্বন্ধে তিনি স্পষ্ট কিছু কিছু বক্তব্য রাখবেন—যথা বন্যা নিয়ন্ত্রণ কমিশনের কথা বলেছেন। কিন্তু এই বন্যা নিয়ন্ত্রণ কমিশন যে কি তা আজও উত্তরবঙ্গের মানুষ বুঝতে পারে নি। গত বছর বিধানসভায় রাজ্যপাল উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের কথা বলেছিলেন- কিন্তু আজ পর্যন্ত উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠন করা হয় নি। রাজ্যপাল ভূমিসংস্কার ও কৃষি ব্যবস্থা উন্নতির কথা বলেছেন। কিন্তু কৃষি ব্যবস্থার উন্নতি করতে গেলে চাই সেচ ব্যবস্থা। কিন্তু সেই সেচ ব্যবস্থা করতে গেলে চাই বিদ্যুৎ। উত্তরবঙ্গ উন্নয়নে সব চেয়ে বড় যে প্রয়োজন সেটা হল বিদ্যুৎ। সেই বিদ্যুতের কোন ব্যবস্থা সেখানে করা হয় নি। জলঢাকা প্রকল্প ইত্যাদি করা হয়েছে কিন্তু সেখানে

গ্রামের মানুষ দূরের কথা, সেখানে সেচের ব্যবস্থা দূরের কথা, সহরে যাঁরা বাস করেন তাঁদের বছরে ৬ মাসের বিদ্যুতের অভাব। এবং এই বিদ্যুতের অভাবেই সেখানে শিল্প সংস্থা গড়ে উঠে নি। সেখানে কাচা মালের যথেষ্ট যোগান থাকা সত্ত্বেও শিল্প ঠিকমত গড়ে উঠছে না। সেখানে বহু কারখানা করা যায়—পাট যথেষ্ট আছে, সেখানে চটকল করা যায়। উত্তরবঙ্গে যথেষ্ট কাঠ ও খড় পাওয়া যায়, সেখানে কাগজের কল করা যায়—সেখানে যথেষ্ট লাইম ষ্টোন পাওয়া যায়, সিমেণ্টের কারখানা হতে পারে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখের সঙ্গে আজকে উত্তরবঙ্গের মানুষ চীৎকার আরম্ভ করেছে যে পশ্চিমবঙ্গ বিধানসভায় পশ্চিম বাংলার বাজেটে যে রাজস্ব থাকে—পশ্চিম বাংলার উন্নয়নের জন্য যে টাকা ধরা থাকে যেহেতু উত্তরবঙ্গ কলিকাতা রাইটার্স বিল্ডিংস থেকে কয়েক শত মাইল দূরে অবস্থিত, যেহেতু রাইটার্স বিল্ডিংসের মন্ত্রীমণ্ডলীকে তদ্বীর করতে পারে না সেইজন্য উন্নয়ন খাতের বরাদ্দ ঠিকমত তাদের ভাগ্যে জোটে না। আমি আপনার মাধ্যমে আমাদের মন্ত্রিমণ্ডলীর কাছে ও মুখ্যমন্ত্রী সিদ্ধার্থবাবুর কাছে আবেদন রাখছি যে অত্যন্ত সহানুভূতির সঙ্গে উত্তরবঙ্গের মানুষের অভাব অভিযোগের দিকে যেন সরকার লক্ষ্য রাখেন।

[5-00—5-10 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উত্তর বাংলা কৃষি প্রধান এলাকা। উত্তর বাংলার শতকরা ৮৫ জন মানুষ কৃষির উপর নির্ভরশীল। উত্তর বাংলার বৃহদাংশ মানুষ যারা গ্রামে বাস করে তাদের বছরে ৬ মাস অর্ধাহারে জীবন-যাপন করতে হয়। এই অবস্থার মধ্যে থেকে, উত্তর বাংলার মানুষ শান্তিতে বিশ্বাস করে। উত্তর বাংলার মানুষ একতায় বিশ্বাস করে এবং আপনি দেখেছেন যে বারবার এই যে ডামাডোল হয়ে গেল, এই যে নির্বাচন হয়ে গেল তথাপি উত্তর বাংলার মানুষ শান্তির পথে তাদের মতামত প্রকাশ করেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ব্যাঙ্ক জাতীয়করণ করা হয়েছে। আমি কুচবিহার জেলা থেকে এসেছি। কুচবিহার জেলা এর আগে একটা রাজ্য ছিল এবং মহারাজার অধীনে সেখানে শাসন ব্যবস্থা ছিল। পশ্চিমবঙ্গের সঙ্গে merged হবার পর কুচবিহার জেলার কৃষি ব্যবস্থা আরো অবনতির দিকে গেছে। বন্যা উত্তর বাংলার মানুষের কাছে প্রতি বছর একটা অভিশাপ স্বরূপ। এইরকম কোন এলাকা নেই যেখানে প্রতি বছর প্রতিনিয়ত হাজার হাজার মানুষ ক্ষতিগ্রস্ত না হচ্ছে। কিন্তু সরকারের যে সাহায্য পাওয়া দরকার সেই সাহায্য তারা পায়না। উত্তর বাংলা কৃষক ভাইরা এর থেকে বঞ্চিত। আজকে জমিতে যে সার প্রয়োজন, যে বীজ প্রয়োজন, যে বীজের প্রয়োজন হয়ত March মাসে, সেই বীজ, সার সরকারের প্রশাসন ব্যবস্থার গাফিলতির জন্য সেটা ২ মাস, তিন মাস পরে গিয়ে পৌছায়। উত্তরবঙ্গে বর্ষা আরম্ভ হলেও নিত্যপ্রয়োজনীয় জিনিস যথা—কেরোসিন তেল, নুন ইত্যাদি অত্যন্ত চড়া দামে বাজার থেকে কিনতে হয়। যোগাযোগ ব্যবস্থা বিপর্যস্ত হয়ে পড়ে এবং মুনাফাখোর ব্যবসায়ী তার সুযোগ নিয়ে গরীব লোকের রক্ত শোষণ করে আর সরকারী প্রশাসন ব্যবস্থা সেখানে নীরব দর্শকের ভূমিকা পালন করে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পশ্চিমবাংলার মন্ত্রিমণ্ডলীর কাছে আবেদন জানিয়ে রাখছি এই ব্যাপারে তাদের ওয়াকিবহাল করবেন। উত্তর বাংলায় মানুষের প্রতি সহানুভূতি দৃষ্টি যেন এই মন্ত্রিমণ্ডলী দেয়। ব্যাঙ্ক জাতীয়করণ হয়েছে, কুচবিহার জেলাকে Central Bank of India-এর আওতায় দেওয়া হয়েছে, যে Bank-এর কুচবিহার জেলায় কোন Branch নেই। সরকার যেসব Bank জাতীয় করণ করেছেন সেইসব Bank এক একটা জেলাতে ভাগ করে দেওয়া হয়েছে, যাদের নির্দেশে, যাদের প্রেরণায় বিভিন্নমুখী কর্মসূচী রূপায়ণ করা হবে। গরীব কৃষকরা ঋণ পেতে পারে ছোট ছোট ব্যবসায়ীরা Bank থেকে সাহায্য পেতে পারে অথচ কুচবিহার জেলায় Central Bank of India-র কোন Branch নেই। সেখানে Central Bank

of Indiaকে lead Bank হিসাবে দায়ীত্ব দেওয়া হয়েছে। ইতিপূর্বে স্থানীয় প্রশাসনের সঙ্গে এই ব্যাপারে আমি যোগাযোগ করেছি, তাদের সঙ্গে কথা বলেছি কিন্তু দেখেছি যে, কুম্ভকর্ণের আর ঘুম ভাঙ্গবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে উত্তর বাংলার এই বিভিন্নমুখী সমস্যার কথা বললাম, আপনি এগুলি মন্ত্রিমণ্ডলীর কাছে তুলে ধরবেন এই নিবেদন আপনার কাছে রাখছি। পরিশেষে রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তাকে আন্তরিকভাবে সমর্থন করে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীশিবশঙ্কর ব্যানার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপাল যে মনোজ্ঞ ভাষণ দিয়েছেন, সেই ভাষণের সমর্থনে যে প্রস্তাব উত্থাপিত হয়েছে আমি সেই প্রস্তাব সর্বান্তঃকরণে সমর্থন করছি। এই প্রস্তাবে দ্রুতগতিতে যে অর্থনৈতিক পরিবর্তন এবং সমাজতন্ত্র আনয়নের জন্য সরকার যে বদ্ধপরিকর এবং ভবিষ্যৎ কর্মপদ্ধতির রঙীন রূপরেখার কথা বলা আছে যাতে বেকারী দূর করার কথা, সামাজিক বৈষম্য দূর করার কথা, নতুন শিল্প উৎপাদনের কথা, গ্রামীন বৈদ্যুতিকরণের কথা বলা আছে সেসব কথা দেখে গ্রামবাংলার মানুষ নিশ্চয়ই আশ্বস্ত হচ্ছেন যে এবার তাদের জীবনে নতুন করে সুখের দিন ফিরে আসবে। কিন্তু সেই সঙ্গে সঙ্গে আর একটি কথা না বলে পারছি না সেটা হচ্ছে এই যে মাননীয় রাজ্যপালের ভাষণে বন্যা পরিস্থিতির কথা বলা হয়েছে—আমি নদীয়া জেলার যে অংশ থেকে এখানে এসেছি সেখানে গঙ্গা নদীর সঙ্গে অজয় নদী এসে মিশেছে এবং সেখানে যে ভয়াবহ বন্যা গত বছর হয়ে গেল তাতে সেখানে তিন মাস ধরে বন্যার জল ছিল এবং বন্যার জলে সেখানকার সব মাটির ঘর ভেঙ্গে ধূলিস্যাৎ হয়ে গেছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এইসব বন্যাপীড়িত মানুষের ত্রাণকার্যের জন্য নানা কথা বলা হলেও প্রকৃত অবস্থা হচ্ছে এই যে এই সব মানুষদের জন্য সত্যিকারের কোন ত্রাণ ব্যবস্থা করা হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে জানাতে চাই যে এই সরকার বন্যাপীড়িত গৃহহারা মানুষদের ত্রাণের জন্য মাত্র ৪০।৫০ টাকা গৃহনির্মাণ বাবদ সাহায্য দিয়েছেন। কিন্তু দুনীতি পরায়ণ প্রশাসন ব্যবস্থার জন্য, গ্রামসেবক থেকে সুরু করে বি. ডি ও. পর্যন্ত প্রত্যেকের পায়ে ভেট দিতে দিতে বন্যাপীড়িত মানুষদের কাছে প্রকৃত সাহায্য গিয়ে দাঁড়ায় ২০।২৫ টাকা মাত্র এবং এই ২০।২৫ টাকায় কেমন করে গৃহনির্মাণ করা যায় সে কথা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই বুঝতে পারছেন। অধ্যক্ষ মহাশয়, আপনার নিকট আমার নিবেদন হচ্ছে এই যে এর আগের বন্যার সময় ডাঃ রায়ের মন্ত্রিসভা যখন বিল্ড ইওর ওন হাউস স্কীম-এর মাধ্যমে বন্যা বিধ্বস্ত মানুষদের নূতন করে ঘর তৈরীর ব্যবস্থা করেছিলেন তেমনি আমাদের এই মন্ত্রিসভা ঐরকম একটা কোন স্থায়ী ব্যবস্থা গ্রহণ করুন যাতে করে বন্যাপীড়িত, গৃহহীন মানুষরা আবার নূতন করে ঘর বাধার স্বপ্ন দেখতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামবাংলার নানা রকম উন্নতির কথা বলা হলেও আমি আপনার কাছে কয়েকটি নিখুঁত ছবি তুলে ধরছি। পৃথিবীর অন্যান্য উন্নতিশীল দেশের লোকেরা যখন চাদে গিয়ে উপস্থিত হচ্ছে তখন আমাদের দেশের মানুষদের আমরা ভাত নয়, গৃহ নয়, স্বাস্থ্য নয়, শুধু একটু পানীয় জলের ব্যবস্থা করে দিতে পারছি না। এ্যাসিওরড সাপ্লাই অব ড্রিংকিং ওয়াটার এটাও আমাদের দেওয়া যাচ্ছে না। আমি গ্রামবাংলায় ঘুরে ঘুরে দেখেছি বিশেষ করে নদীয়া জেলার কালিগঞ্জ থানায় দেখেছি যে আমরা মুখে যতই সামাজিক বৈষম্য দূরীকরণের কথা বলি না কেন, কিন্তু প্রকৃত অবস্থা হচ্ছে এই যে আজও হাড়ী, মুচি, বাগদীকে সমাজে ভাল স্থান দেওয়া যায় নি, তাদের সামাজিক মর্যাদা দেওয়া যায় নি। তাই সেই হাড়ী, মুচি, বাগদীদের ওখানে তিন বছর আগে যে ডেরিলিক্ট টিউবওয়েল বসেছিল ২১ দিন বাদে সেই টিউবওয়েল খারাপ হয়ে পড়ে আছে, আজও সেই টিউবওয়েল দিয়ে জল ওঠে নি। আজও ওরা সমাজের অধিকতর দুর্বল শ্রেণী হয়ে পড়ে রয়েছে, আজও তারা জলের সুযোগ পায় নি। এই দারুণ গ্রীষ্মে মাঠ-ঘাট

চারিদিকে শুকনো খট্ খট্ করছে, সেখানে হয়ত এতটুকু পানীয় জল থাকবে না। তাই অ আপনার মাধ্যমে মন্ত্রিসভার সদস্যদের কাছে অনুরোধ করবো যে এই দরিদ্র মানুষদের কষ্টের ব বিবেচনা করে আশু জলের ব্যবস্থা করুন। সরকারী প্রশাসন ব্যবস্থায় যাঁরা নিযুক্ত আ তাঁদের ১২ মাসে বছর নয়, ১৮ মাসে বছর নয়, ১১৮ মাসে বছর, সুতরাং সেদিকে নজর দি যাতে ২।৪ দিনের মধ্যে ব্যবস্থা করতে পারেন সেদিকে দৃষ্টি দেবেন, তা নাহলে মানুষ জল খেয়ে মরে যাবে। ভাত নয়, কাপড় নয়, শুধু এক গ্লাস পানীয় জলের ব্যবস্থা আপনারা আ করুন, এই হচ্ছে আমার আবেদন।

[5-10—5-25 p.m.]

আর সবশেষে একটা কথা বলব সেটা হচ্ছে, বিরোধীদলের একজন বললেন যে 'গরিবী হটা এই যে শ্লোগান এই শ্লোলগানের মাধ্যমে প্রকৃত প্রস্তাবের শাসকদল গরিবকে দূরে হটিয়ে দেব চেষ্টা করেছেন। জনসাধারণের জন্য এই যে মায়াকান্না এই মায়াকান্না এই দেশের মানুষ বুঝ পেরেছেন। মাননীয় সদস্য যিনি এই কথা বললেন তিনি যদি তাঁর আশপাশের চেহারা দেখত অর্থাৎ বাংলাদেশের মানুষ কতজনকে জিতিয়ে তাদের পক্ষে এনেছেন তাহলে বুঝতে পারতেন মায়াকান্না বাংলাদেশের মানুষ সহ্য করে নি। গরিবী হটানোর যে প্রচেষ্টা আমাদের সরকার গ্র করেছেন আমার দৃঢ় প্রত্যয় আছে যে রাজ্যপালের ভাষণের মধ্যে তার ইংগিত রয়েছে যে গরিবী করার ব্যবস্থা করা হবে। স্যার, সবশেষে বলতে চাই যে আমাদের দেশের এই যে প্রশাসনযন্ত্র এ অত্যন্ত দুর্বল, হৃদয়হীন, দুর্নীতিগ্রস্ত এবং শ্লথ প্রশাসনযন্ত্র। এই প্রশাসন যন্ত্রের মাধ্যমে কিছুত আমাদের দেশে সমাজতন্ত্র দ্রুত আনয়ন করা সম্ভব নয়। তাই এই প্রশাসনযন্ত্রকে নতুন করে করে পুনরুজ্জীবিত করা যায়, তাকে গতি সম্পন্ন করা যায় এবং তাকে দুর্নীতিমুক্ত করা য সে সম্পর্কে আমাদের মন্ত্রিমণ্ডলীকে ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ জানাচ্ছি। পরিশে রাজ্যপালের মনোজ্ঞ, সুচিন্তিত ভাষণের জন্য তাঁকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে আমার বক্ত শেষ করছি।

শ্রীপ্রবোধ কুমার সিংহ রায়ঃ মাননীয় সভাপাল মহাশয়, রাজ্যপালের আশাব্যঞ্জ ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব আনিত হয়েছে সেই প্রস্তাবের প্রতি সমর্থন জানাতে গি আমি আপনার মাধ্যমে আমার সরকারের কাছে কিছু বক্তব্য তুলে ধরতে চাই। পশ্চিম বাংল লক্ষ লক্ষ বেকার যুবক, কৃষক, মজুর, মধ্যবিত্ত, নিম্নবিত্তের আশা আকাংখা ও প্রত্যাশার ব রাজ্যপালের ভাষণে প্রতিফলিত হয়েছে সে ইঙ্গিত আমরা দেখেছি এবং দেখে আশান্বিত হয়েছি কিন্তু মাননীয় সভাপাল মহাশয়, অতীতের অভিজ্ঞতা থেকে আমি আমার সরকারকে এই কথ বলতে চাই যে এই আশাব্যঞ্জক ভাষণ শুধু ভাষায় সীমিত থাকলেই এর সফল রূপায়ন হবে না এর সাফল্য যা বাংলাদেশের প্রতিটি মানুষের কাম্য তা সম্ভবপর হবে না, এরজন্য মন্ত্রীমণ্ডলীর স এবং উদার দৃষ্টিভঙ্গীর প্রয়োজন আছে। অভিজ্ঞতা থেকে আমরা দেখেছি আমলাতান্ত্রিক চক্রা প্রতিক্রিয়াশীল গোষ্ঠীর কারচুপি সরকারের প্রগতিমূলক সব প্রত্যাশাকে প্রতিহত করেছে, পিছি নিয়ে গিয়েছে। এই কারণেই দেশের সরকারের উপর আস্থা হারিয়েছিল। এর পুনরাবৃ যাতে পশ্চিমবাংলায় না ঘটে এদিকে সতর্ক দৃষ্টি রাখবার জন্য কর্মসূচীর বিভিন্ন পর্যায়ের নতুন ক মূল্যায়ণ আশা করি আমার সরকার করবেন এই অনুরোধ আপনার মাধ্যমে রাখতে চাই। অ উত্তর বাংলার পশ্চিম দিনাজপুর জেলার সীমান্তবর্তী এলাকার কুমারগঞ্জ বিধানসভা কেন্দ্র থে নির্বাচিত হয়ে এসেছি। আমরা অতীতের অভিজ্ঞতা থেকে দেখেছি যে প্রগতিমূলক কর্ম এতাবৎকাল যা দেশে চালু হয়েছে তা থেকে পশ্চিম বাংলার গ্রামাঞ্চলগুলি বহুলাংশে বঞ্চি

শ্রীপ্রবোধকুমার সিংহ রায় : মাননীয় সভাপাল মহাশয়, রাজ্যপালের আশাব্যঞ্জক ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব আনীত হয়েছে সেই প্রস্তাবের প্রতি সমর্থন জানাতে গিয়ে আমি আপনার মাধ্যমে আমার সরকারের কাছে কিছু বক্তব্য তুলে ধরতে চাই। পশ্চিমবাংলায় লক্ষ লক্ষ বেকার যুবক, কৃষক, মজুর, মধ্যবিত্ত, নিম্নবিত্তের আশা-আকাঙ্খা ও প্রত্যাশার কথা রাজ্যপালের ভাষণে প্রতিফলিত হয়েছে সে ইঙ্গিত আমরা দেখেছি এবং দেখে আশান্বিত হয়েছি। কিন্তু মাননীয় সভাপাল মহাশয়, অতীতের অভিজ্ঞতা থেকে আমি আমার সরকারকে এই কথাই বলতে চাই যে এই আশাব্যঞ্জক ভাষণ শুধু ভাষায় সীমিত থাকলেই এর সফল রূপ দান হবে না। বা এর সাফল্য যা বাংলাদেশের প্রতিটি মানুষের কাম্য তা সম্ভবপর হবে না। এরজন্য মন্ত্রীমণ্ডলীর সতর্ক এবং উদার দৃষ্টিভঙ্গীর প্রয়োজন আছে। অভিজ্ঞতা থেকে আমরা দেখেছি অগণতান্ত্রিক চক্রান্ত, প্রতিক্রিয়াশীল গোষ্ঠীর কারচুপি সরকারের প্রগতিমূলক সব প্রচেষ্টাকে ব্যাহত করেছে, পিছিয়ে নিয়ে গিয়েছে। এই কারণেই দেশের জনগণ সরকারের উপর আস্থা হারিয়েছিল। এর পুনরাবৃত্তি যাতে পশ্চিমবাংলায় না ঘটে এদিকে সতর্ক দৃষ্টি রাখবার জন্য কর্মসূচীর বিভিন্ন পথ যেন নতুন করে মূল্যায়ন আশা করি আমার সরকার করবেন এবং অনুরোধ আপনার মাধ্যমে জানাতে চাই। আমি উত্তর বাংলার পশ্চিম দিনাজপুর জেলার সীমান্তবর্তী এলাকা [illegible] কেন্দ্র থেকে নির্বাচিত হয়ে এসেছি। আমি অতীতের অভিজ্ঞতা থেকে দেখেছি যে [illegible] কর্মসূচী এতাবতকাল যা দেশে চালু হয়েছে [illegible] থেকে পশ্চিম বাংলার গ্রামাঞ্চলগুলি [illegible]। বাংলা দেশের গ্রামাঞ্চলের জনসাধারণের [illegible] উন্নয়ন [illegible]। [illegible] এলাকার দৃষ্টিভঙ্গী দিয়ে [illegible] করে [illegible] পশ্চিম [illegible] অবস্থা, যেখানে আজও স্বাধীনতার ২৫ বছর পরেও [illegible] হয়ে [illegible] সাম্যতম হয়ত [illegible]। আমি আমার এলাকার কথা যদি এখানে সবিশেষভাবে না রাখি তাহলে আমার মনে হয় যে আমার এলাকার জনসাধারণের প্রতি আমার যে নৈতিক কর্তব্য রয়েছে তাদের আশা-আকাঙ্খা, অভাব-অভিযোগ, নানারকম সমস্যা আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি গোচরে নিয়ে আসা তার থেকে আমার কর্তব্য হানি হবে। তাই আমার এলাকার যে সমস্যা সেটা আপনার মাধ্যমে সরকারের দৃষ্টিতে আনতে চাই। আমার এলাকা বিশেষ করে পশ্চিম দিনাজপুর কৃষি ভিত্তিক এলাকা। সেখানে সেচের ব্যবস্থা, মজে যাওয়া খাল, নালা, খাড়ি প্রভৃতি সংস্কারের অভাবে বন্যার প্রকোপে প্রতি বছর বহু কৃষকের কষ্টে উৎপন্ন ফসল ধ্বংস হওয়ায় দারিদ্র্য ধীরে ধীরে সেই পরিবারগুলিকে ধ্বংস করতে চলেছে। কত তদ্বির-তদারক করা হয়েছে, কত সমাজকর্মী সরকারের দরজায় ধর্না দিয়েছেন কিন্তু সব ব্যর্থ হয়েছে। এই কারণে আমি আমার সরকারকে আপনার মাধ্যমে সচেতন করে রাখতে চাই, সতর্ক হতে অনুরোধ করি যে এই ত্রুটিগুলি যাতে পুনরায় না ঘটে তারজন্য সচেষ্ট হন। তা না হলে আবার বাংলার কৃষক, বেকার যুবক কেউ আর ক্ষমা করবে না একথা আশা করি আমার সরকার স্মরণে রাখবেন। কৃষকের বিভিন্ন সমস্যা সম্বন্ধে আলোচনা হয়েছে। আমার এলাকার রাস্তাঘাটের সমস্যা সম্বন্ধে দু'একটা কথা বলতে চাই। আমার এলাকার গ্রামাঞ্চলগুলি বছরে সাত মাস যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে থাকে। এমতাবস্থায় কৃষকের প্রয়োজনীয় সার সরবরাহ ব্যাহত হতে বাধ্য। সড়ক ব্যবস্থা এমন ত্রুটিপূর্ণ যে কৃষক প্রয়োজনীয় সময় তার চাহিদামত না পায় রাসায়নিক সার না পায় কীটনাশক ঔষধপত্র। এই হচ্ছে অবস্থা। এই যদি অবস্থা চলতে থাকে আমাদের শাসন-ব্যবস্থায়, সমাজতন্ত্র ব্যবস্থায় তা হলে আমরা যে সমাজতান্ত্রিক লক্ষ্যে পৌছতে চাই তা কোনদিন সম্ভবপর হবে না। গ্রামাঞ্চলে চাকুরীর হার যেভাবে কমে যাচ্ছে ও বেকারের হার যেভাবে বেড়ে যাচ্ছে সেদিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের যে অভিজ্ঞতা আছে তাতে আমরা দেখেছি

যে সরকারী কর্মসংস্থানের যেটুকু সুযোগ-সুবিধা আছে তাতে অধিকাংশই শহরাঞ্চলের লোক পেয়ে থাকে। গ্রামাঞ্চলে খবর পৌছায় যখন তখন সেই সুদূর উত্তরবঙ্গে বা কলকাতায় বা শিলিগুড়ি, দার্জিলিং-এ ইনটারভিউর ব্যবস্থা হয়। বহু গ্রামাঞ্চলের লোকের সে সুযোগ গ্রহন করা সম্ভব হয় না। তাই আপনার মাধ্যমে এই অবস্থার আমূল পরিবর্তন করবার জন্য সরকারের কাছে অনুরোধ রাখছি যাতে এইসমস্ত সুযোগ সুবিধার গ্রামাঞ্চলের যারা বেকার চাকুরী চায় সেই সব ছেলেদের কাছে গিয়ে পৌছাতে পারে, তারা যেন ক্ষেত্র বিশেষে চাকুরী পায়। সেই কথা স্মরণ রাখবার জন্য আমি সরকারকে অনুরোধ করছি। আইন ও শৃঙ্খলার কথা রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লেখ করা হয়েছে। শরিকি সংঘর্ষ, রাজনৈতিক দলীয় সংঘর্ষ সীমিত হওয়ায় এবং কমে যাওয়ায় যে আইন-শৃঙ্খলার উন্নতি হয়েছে এই কথা যদি সত্য হয় তা হলে বলার কিছু নেই। কিন্তু আমি আমার সীমান্তবর্ত্তী জেলার কথা এখানে একটু উল্লেখ করতে চাই। সেখানে ব্যাপক ভাবে গ্রামাঞ্চলে প্রতিদিন মারাত্মক অস্ত্র নিয়ে ডাকাতির খবর এসে পৌছায়। আমি যে কয়েকদিন বিধানসভায় এসেছি প্রতিদিনই এই খবর আমার কাছে আসছে যে বিভিন্ন গ্রামে স্টেনগান, ব্রেনগান ও রাইফেল নানাধরনের মারত্মক অস্ত্র নিয়ে বিশেষ করে কংগ্রেস সমর্থকদের বাড়ীগুলি আক্রমণ করছে ও যে সমস্ত বাড়ী আক্রমণ করেছে তাতে জীবনহানি হচ্ছে। এইসমস্ত বিষয় বিশেষভাবে অবহিত হবার জন্য অনুরোধ করবো এবং এর ব্যবস্থা নিলে এর প্রতিকার হয় ও জনসাধারণ একটা নিরাপত্তাবোধ অনুভব করতে পারে, আশা করি, তারজন্য সরকার চেষ্টিত হবে। এই কথা বলে আমি আবার রাজ্যপাল এর এই আশাব্যঞ্জক এবং উৎকৃষ্ট ভাষণের জন্য ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

জয়হিন্দ।

Mr. Deputy Speaker : The House stands adjourned till 1 p.m. tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 5. 25 p.m. till 1 p.m. on Tuesday, the 28th March, 1972, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 28th March, 1972, at 1 p.m.

PRESENT

Mr. Speaker (Shri Apurba Lal Majumdar) in the Chair, 15 Ministers; 8 Ministers of State, 3 Deputy Ministers and 208 Members.

[1-00—1-10 p.m.]

Oath or affirmation of allegiance

Mr. Speaker : Hon'ble members, if any of you has not yet made an oath or affirmation of allegiance, he may kindly do so.

(There was none to take oath)

Message

The Secretary (Shri K. K. Moitra) : Sir, I beg to report that a message has been received from the Rajya Sabha for the ratification of the amendments to the Constitution of India falling within the purview of the proviso to clause (2) of Article 368 thereof proposed to be made by the Constitution (Twenty-fifth Amendment) Bill, 1971, as passed by the two Houses of Parliament.

Sir, I lay the message on the table.

শ্রীআবদুল বারি বিশ্বাস : On a point of order, Sir, এই যে Constitution Amendment বা Ratification Bill আনা হয়েছে তাতে রাজ্যসভা ও লোকসভায় এসব বিষয় নিয়ে যে আলোচনা হয়েছে আমরা যদি সেখানকার বিতর্কিত বিষয় যা বক্তব্য ছিল তার copy যদি না পাই তাহলে সে সম্বন্ধে আমাদের যে অসুবিধা হচ্ছে সেটা নিশ্চয় আপনি অনুধাবন করতে পারছেন। আমরা আশা করি মাননীয় সদস্যরা আপনার মাধ্যমে সেখানকার বক্তব্যের copy-গুলি পাবেন এবং সে সম্বন্ধে আপনি আমাদের আশ্বাস দেবেন।

মিঃ স্পীকার : মাননীয় সদস্যদের জানাচ্ছি যে এইমাত্র Secretary যেটা laid on the table করলেন Ratification of the amendments to the Constitution সেটা আমাদের Rule of Procedure-এর Rule 181 অনুসারে পড়েছেন। এর আগে আমাদের House-এ যেভাবে Resolution আকারে আসত সেটা এই rule অনুযায়ী আসত না। বর্তমানের rule অনুযায়ী Chapter 12 অনুসারে এখানে resolution table করা হয়েছে, এর সঙ্গে সঙ্গে Bill-এর proceedings-গুলি আপনাদের কাছে দেওয়া হোত। এবার প্রথম Parliament আমাদের

message দিয়েছে under rule 181. আপনি উল্লেখ করছেন যে Bill-এর proceedings in the House যা লোকসভায় হয়েছে সেগুলি যাতে আপনারা পান। ইতিমধ্যে যে communicationআমরা পেয়েছি from the Loksabha তাতে Ratification-এর যখন প্রশ্ন আসবে, Resolution-এর প্রশ্ন যখন আসবে তখন আপনাদের কাছে Bill-এর লোকসভায় যা আলোচনা হয়েছে তারproceedings-গুলি আপনাদের কাছে দিতে পারব এবং তখন আপনাদের আলোচনা করতে অসুবিধা হবে না।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker : I have received nine notices of Calling Attention on the following subjects, namely :

(1) Execution of schemes for repairing and reconstruction of Veri Bandh at Panskura in the district of Midnapore—from Dr. Omar Ali.

(2) Steps for utilisation of money allotted for opening or sanctioning of new primary schools—from Shri Kumardipti Sen Gupta.

(3) Rise in price of kerosene—from Shri Abdul Bari Biswas.

(4) Crisis due to shortage of coins—from Shri Abdul Bari Biswas.

(5) Inaction of the local police against jotedars of village Bandarpur, Dist., Birbhum—from Shri Harasankar Bhattacharyya.

(6) Reopening of Howrah-Amta and Howrah-Sheakhala Light Railways—from Shri Ganesh Hatui, Shri Md. Safiullah, Shri Bhawani Prosad Sinha Roy, Shri Balai Lal Sheth, Shri Kashinath Patra, Shri Basudeb Hazra, Shri Madanmohan Medda, Dr. Sailendra Chattopadhyay, Shri Aftabuddin Mondal, and Shri Saroj Karar.

(7) Attack on Railway Gangmen by R. P. F. at Kshirai Railway Station from Shri Rajani Kanto Doloi.

(8) Distress to the workmen due to closure of Dhakeswari Cotton Mill, Burnpur, from Shri Sukumar Bandyopadhay.

(9) Firing by R. P. F. on 27.3.72 near Kshirai Station, from Shrimati Geeta Mukhopadhyay and Dr. Omar Ali.

I have selected the notice of Shri Rajani Kanta Doloi and Shrimati Geeta Mukhopadhyay on the same subject, i.e., firing by R. P. F. on 27.3.72 near Kshirai Station.

Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if posssible, or give a date for the same.

Dr. Md. Fazle Haque : The statement will be made on Thursday next.

Mention Cases

Mr. Speaker : I have got several mention cases. I call upon Shri Rajani Kanta Doloi to mention his case.

শ্রীরজনীকান্ত দোলই: মাননীয় স্পীকার মহাশয়, গতকাল বেলা তিনটার সময় খিরাইতে ওখানকার রেলওয়েমেন্স কংগ্রেসের যাঁরা ছিলেন······

Mr. Speaker : Mr. Doloi, your calling attention notice has been accepted already and the Minister will make a statement on the subject on Thursday. So, I request you not to mention it again. Please take your seat.

ডঃ সেখ ওমর আলী : মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে হাউসের কাছে আর. পি.এফ. কর্তৃক একটা বীভৎস হত্যাকাণ্ডের কাহিনী বলছি এবং এই সম্পর্কে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি ব্যবস্থা গ্রহণের জন্য। গতকাল খিরাইতে আর. পি. এফের লোকেরা যে এলোপাতাড়ী গুলি চালিয়েছিল তাতে দু'জন রেলওয়ে গ্যাঙ্গম্যান এবং পাঁশকুড়া বনমালী কলেজের ছাত্র মারা যান। শুধু তিনজন মারা যায় নি, গুরুতর আহত হয়েছে তার সংখ্যা হল দশজন এবং এই দশজনের মধ্যে চারজনের অবস্থা গুরুতর আশঙ্কাজনক বলে জানা গিয়েছে এবং তারা হাসপাতালে রয়েছে। আমি ঘটনাস্থলে কালকে গিয়ে যে মর্মস্পর্শী দৃশ্য দেখলাম তা ভাষায় প্রকাশ করা খুবই মুশকিল। প্রত্যক্ষদর্শী যাঁরা ছিলেন তাঁদের কাছ থেকে বিবরণ সংগ্রহ করা হল। রেলওয়ে গ্যাঙ্গম্যানরা যখন দুপুর বেলা বসে নিজেদের মধ্যে আর. পি এফের ক্যাম্পের সামনে বসে ভাত খাচ্ছিলেন এবং নিজেদের মধ্যে আলোচনা করছিলেন তখন তাতে আর পি. এফের লোকেদের বিশ্রাম নিতে অসুবিধা হয়। সেজন্য আর. পি. এফের একজন লোক এসে তাদের চলে যেতে বলে। কিন্তু তারা বুঝিয়ে বলার চেষ্টা করে যে তারা খাচ্ছে কাজেই তাদের যেতে অসুবিধা। কিন্তু আর. পি. এফের লোকেরা এসে তাদের ভাতের থালা লাথি মেরে ফেলে দেয় এবং গালাগালি দেয়। তখন ওখানকার গ্যাংগম্যানদের যে মেট স্থরেন মাঝি তাকে লাঠি দিয়ে মারে। এই রকম ঘটনা যখন ঘটছিল তখন আপ হায়দ্রাবাদ এক্সপ্রেস আসছিল। একজন Railway Officer তাতে করে খড়্গপুর হাসপাতালে নিয়ে যান এবং খবর পাঁশকুড়া থানায় পাঠান হয় এবং পাঁশকুড়া রেলওয়ে ষ্টেশনে পাঠান হয়।

[1-10—1-20 P.m,]

এই মারামারির খবর পেয়ে পাঁশকুড়ার পি. ডব্লিউ. আই ঘটনাস্থলে যান। তিনি গিয়ে আর. পি. এফ সমেত বাকী যে সমস্ত লোকজন ছিল তাদের পাঁশকুড়ায় আসতে বলেন। তখন গ্যাঙ্গ-ম্যানরা ও স্থানীয় দু-চার জন লোক ওখানে উপস্থিত ছিলেন। তারা ওখান থেকে আর. পি. এফ দের নিয়ে যাবার বিরোধিতা করেন। সেই সময় ডাউন খড়্গপুর প্যাসেঞ্জার ট্রেন সেখানে আসে। সেখানকার পি, ডব্লিউ. আই. ও আরও দু-একজন রেলওয়ে কর্মচারী সেই গাড়ীতে পাঁশকুড়া ষ্টেশনে আসার জন্য অনুরোধ করেন। আর ওখানকার লোকেরা আর, পি, এফ-দের কাজের তদন্তের দাবী করেন যেহেতু পুলিশকে এই মারামারির খবর দেওয়া হয়েছে পুলিশ এসে যাতে তদন্ত করে তারজন্য বলে। যখন গাড়ী প্রায় ছাড়া ছাড়া সেই সময় হঠাৎ আর, পি, এফ-রা উত্তেজিত হয়ে তিনজন লোককে গুলি করে মারে। এর মধ্যে দু'জন গ্যাঙ্গম্যান মারা যায় আর একজন কলেজের ছাত্র মারা যায়। সবচেয়ে বীভৎসতা হল কলেজের যে ছাত্র মারা গেল তার নাম অনিল আদক। সে গতকালই কলেজের ফাংশনে আসার জন্য বাড়ী থেকে বেরিয়েছিল। তার প্রথম গুলিটা কানের পাশে এসে লাগে। সে পড়ে যায়। তারপর ছুটে গিয়ে সে ট্রেনে উঠতে যায়। কিন্তু আর, পি, এফের লোকেরা তাকে ট্রেন থেকে নামিয়ে এনে তার বুকে রাইফেলের নল বসিয়ে তাকে গুলী করে মারে। আমি নিজে তার আঘাতের স্থান দেখেছি। এরপর চণ্ডী শাসমল বলে একজন গ্যাঙ্গম্যান তাকে গুলী করা হয়। সে ওয়েটিং রুমের পিছনের দিকে পালিয়ে যেতে চেষ্টা করে কিন্তু আর, পি, এফের লোকেরা তাকে সেখান থেকে টেনে নিয়ে আসে এবং সকলের চোখের সামনে নিজেদের ক্যাম্পে আগুন লাগিয়ে তাকে আর একবার গুলী

করে। তারপর ঐ জলন্ত ক্যাম্পে ফেলে দেয়। অত্যন্ত বীভৎসভাবে বিনা প্ররোচনায় একমাত্র খুন করার উদ্দেশ্যেই এদের খুন করা হয়েছে। ওখানে অন্তত দশজন লোক গুলীর আঘাতে আহত হয়েছে। আমি দাবী করছি অবিলম্বে সমস্ত ঘটনা তদন্ত করা হোক এবং দোষীদের শাস্তি বিধান করা হোক এবং নিহতদের পরিবারবর্গের ক্ষতিপূরণের ব্যবস্থা করা হোক এবং আহতদের সাহায্য করা হোক। এই প্রসঙ্গে আমি ওখানকার পুলিশের ব্যবহার সম্পর্কে কিছু বলতে চাই—পুলিশকে খবর পাঠানো হয়েছিলো সাড়ে বারোটায় কিন্তু পুলিশ ঠিক সময়মত আসে নি দেরী করেছিল। তখন পাঁশকুড়া পুলিশের উর্দ্ধতন অফিসারদের জানানো হয়। প্রকৃতপক্ষে পুলিশ ওখানে এসেছিল বিকাল পাঁচটা-ছটার সময় যখন সমস্ত ঘটনা ঘটে গেছে। আজকে খবরের কাগজ, আনন্দবাজারে বেরিয়েছে যে আর. পি. এফের লোকেরা আত্মরক্ষার জন্য গুলী চালিয়েছে। ওখানে উত্তেজিত জনতা, মারমুখী জনতার হাত থেকে আত্মরক্ষার জন্য তারা গুলী চালিয়েছিল এটা সম্পূর্ণ মিথ্যা কথা। আমি প্রকৃত ঘটনা এখানে জানালাম। এবং স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি এ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীঅজিত কুমার বসু: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে ব্যাপার এখানে মেনশেন করতে চাইছি তা অত্যন্ত সাধারণ ও তুচ্ছ ব্যাপার। এই বছর বন্যায় এবং সাইক্লোনে যে সমস্ত গরীব লোকদের ঘরবাড়ী পড়েগেছে তাদের যাতে সাহায্যকরা হয় অর্থাৎ তাদের যে অনুদান দেওয়া হয় ঘর-বাড়ী তোলবার জন্য তা তারা এ-বছর কিছুই পায় নি। অনেক তদ্বীর হয়েছে, অনেক চেষ্টা হয়েছে, কিন্তু তারা কিছুই পায়নি যাতে তারা মোটামুটিভাবে বাড়ী তৈরী করে নিতে পারে। প্রচণ্ড শীত চলে গেল, গ্রীষ্মকালও তাদের মাথার উপর দিয়ে যাচ্ছে, এরপর বর্ষা আসছে, তাদের মাথার উপর কোন আশ্রয় নাই। কাজেই এই ব্যাপাবে সরকারের রীতিমত চেষ্টা করা দরকার। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে একটা আমলাশাহী তরফ থেকে খুব নক্কার জনক একটা ব্যবস্থা ঘটেছে। কিছু জেলায় কিছু টাকা বিতরণ করা হচ্ছে কোথাও বা কিছুই করা হচ্ছে না। কিছু থানায় কিছু টাকা দেওয়া হচ্ছে। বহু ঘর পড়ে গিয়েছে যার জন্য টাকা বিতরণ করা হচ্ছে কিন্তু বেশীর ভাগ থানাই পাচ্ছেনা। এই অবস্থার প্রতি আমি মাননীয় রিলিফ মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই ব্যাপারে একটা সুষ্ঠু ব্যবস্থা থাকা দরকার। টাকা কম হয় তাহলে সেই টাকা সমানভাবে দেওয়া উচিত। যদি টাকা বেশী থাকে, যেমন গতবারে দু'শত। আড়াই শত করে দেওয়া হয়েছিল যদিও এই টাকায় আপনার বাড়ী হয় না তবুও দেওয়া হয়েছিল। এবারে কিছু কিছু লোককে দেওয়া হচ্ছে কিন্তু বেশীর ভাগ লোকই বাদ পড়েছে, বেশীর ভাগ থানাই বাদ পড়ছে। এইরকম আমলাশাহীর হাত থেকে গরীব মানুষদের মন্ত্রিমহাশয় রক্ষা করবেন এই আশা নিয়ে আমি এটা মেনশন করছি।

Shri Prem Oraoan :

अध्यक्ष महात्य, मैं यहां पर एक चाय बागान के बारे में बोलना चाहता हुँ। कालीपोंग कहलमा के अन्दर कुमायुं चाय बगान बोलकर एक चाय बगान हैं। उस पिछले दिसम्बर १९७१ साल से मालिक बन्द करके रखा है। इस कारण से वहाँ पर ८५० मजदुर जो काम करने थे, वे आज बेकार है। चाय बगान बन्द होने के बाद भी ५० हजार के, जी, मजदुरों ने उठाकर गन दिवा। पिछले अक्टवर माहीनें से चाय

वगान के मजदूर तलव नहीं पा हि हैं। उनका तलव वन्द हैं। मैं मंन्त्रीमन्डली से निषेदन करता हुँ कि ने इधर ध्यान दें। जिससे मजदूरों का मल्म हो। मैं मन्त्री-मन्डल से महूँआ कि आज उस चाय वगान के मजदुरों का जो दुंख हैं उसे दुर करें। हमारें मजदुर भाई वहूत वड़ा दुख और तकलीक उठा रहे है। मालिक मजदुरों पर बड़ा अत्याचार करते हैं। मैं आशा करता हूं कि हमारे मंन्त्री महोदय इधर ध्यान देंग।

कुमायू चाय वगान में सी० पी० एम्० वली पार्टी थी। उसी सी० पी० एम० पार्टी को लेकर उस चाय वगान के ८५० मजदुर भाई तकलीफ उठा है। मैं आशा करता हूं कि मन्त्री-मन्डली इस पर जल्द से जल्द विचार करेगी, और मजदुरों को तकलीफ को दूर करेगी।

मैं इस सदन का नया सदस्य हूं। इसलिए इतनी ही वात कहकर खत्म करता हुं।

শ্রীআব্দুল বারি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়বস্তুর কথা আপনার সামনে আনছি সে বিষয়টা কৃষিজীবীদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। আপনি জানেন, অধ্যক্ষ মহাশয়, আমাদের এই মুর্শিদাবাদ জেলা এবং পশ্চিমবঙ্গের কথাও বলা যেতে পারে, আমাদের জেলায় যে সমস্ত কেন্দ্র জলঙ্গী, রাণীনগর ইত্যাদি বিগত বন্যার সময় এই জেলার প্রভূত ক্ষতি সাধন হয় যার ফলে কতকগুলি ডিপ-টিউবয়েল অচল হয়ে যায় এবং মেশিনগুলি একেবারে অকেজো হয়ে গিয়েছে এবং যার ফলে দেখতে পাচ্ছি যে আমাদের যে রবিশস্য চাষ হয়েছিল তাতে গমের চাষ খুবই ব্যাহত হয়েছে। শুধু তাই নয়, আগামী দিনে যে চাষ হবে সেই চাষও ব্যাহত হতে চলেছে। সেই সময় যখন আমাদের নির্বাচন চলছিল তখন আমরা দেখেছি যে আমাদের জেলা শাসক এবং সংশ্লিষ্ট অফিসাররা বিভিন্ন এলাকায় গিয়েছেন কিন্তু সামগ্রিকভাবে দেখতে পাচ্ছি তার যথাযথ ফল হয়নি।

[1.20—1-30 p. m.]

Mr. Speaker : Mr. Biswas, you are an old member of this House. Please don't make any statement. You can only state the facts. Pleases don't make any remark or put any argument or make any request for action. You only mention the matter. I think you have already mentioned the facts very clearly and categorically. So, you need not take much more time.

শ্রীকেশবচন্দ্র ভট্টাচার্য্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণে আমাদের কংগ্রেস সরকারের কর্মসূচী এবং পশ্চিম বাংলার সমৃদ্ধির একটা সুস্পষ্ট রূপ তুলে ধরেছেন। আমি রাজ্যপালের ভাষণকে দ্ব্যর্থহীনভাবে সমর্থন করি। আমি মনে করি যে-সমস্ত কারখানা বন্ধ হয়ে আছে সেগুলি খোলবার জন্য সরকার চেষ্টা করবেন এবং আন্তরিকভাবে এটা আশা করি যে সরকারের সবুজ বিপ্লব নীতি সার্থকভাবে রূপায়িত হবে।

মিঃ স্পীকার : Mr. Bhattacharya, are you going to move your amendment ?

শ্রীকেশবচন্দ্র ভট্টাচার্য:

রাজ্যপাল তাঁর ভাষণে ইয়াহিয়া খাঁনের অত্যাচারের ফলে যে সমস্ত মুক্তি যোদ্ধা এবং সৈনিক হত হয়েছেন তাঁদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেছেন বলে আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি। কিন্তু সি. পি. এম. পশ্চিমবাংলায় যে সন্ত্রাস সৃষ্টি করেছিল এবং তার ফলে পশ্চিমবাংলায় বহু কর্মচারী বহু ব্যক্তি এবং বহু তরুণ যে হত্যা হয়েছে তাদের প্রতিও রাজ্যপালের সমবেদনা জানান উচিৎ ছিল। আমি আশা করি আমাদের এই মন্ত্রীসভা এই সমস্ত নিহত ব্যক্তিদের পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করবেন। বাংলাদেশের মধ্যে ২৪-পরগণা বৃহত্তম জেলা। এই জেলার প্রশাসনকে সুদৃঢ় করবার জন্য স্বর্গত ডাঃ বিধানচন্দ্র রায় ২৪-পরগণাকে দুই ভাগে ভাগ করবার ব্যবস্থা করেছিলেন। আমি আপনাদের কাছে অনুরোধ করছি বারাসতকে হেড কোয়ার্টার করে আপনারাও সেই ব্যবস্থা করুন। রাজ্যপালের ভাষণে এইসমস্ত সুস্পষ্ট সিদ্ধান্ত নেই। আমি আশা করি মুখ্যমন্ত্রিমহাশয় ২৪-পরগণাকে ভাগ করে সুষ্ঠু প্রশাসনের দায়িত্ব গ্রহণ করবেন। রাজ্যপাল তাঁর ভাষণে ২৪-পরগণাকে একটি সর্বতোমুখী জেলা হিসাবে বলেছেন। কিন্তু আমি মনে করি ২৪-পরগণার ব্যারাকপুর অঞ্চল ছাড়া বনগাঁ, বারাসত মহকুমা এবং বসিরহাট মহকুমায় কোন শিল্পসংস্থা নেই। আমি আশা করি যে-সমস্ত অর্থ লগ্নী করা হবে তার ফল বনগাঁ, বারাসত এবং বসিরহাট মহকুমার জনগণ ভোগ করতে পাববে। তারপর, পশ্চিমবাংলায় যে বিরাট বেকার সমস্যা দেখা দিয়েছে তার ফলে যুবকবৃন্দ হতাশায় ভেঙ্গে পড়েছে। ২৫ হাজার যুবককে শরণার্থী শিবিরে চাকুরী দেবার ব্যবস্থা হয়েছিল। কিন্তু দুঃখের বিষয় তার মধ্যে ১৩ হাজার যুবক চাকুরী পায়নি। ১২ হাজার যুবক চাকুরী পেয়ে তাদের সংসারের মুখে দুটো ভাত দিতে সক্ষম হয়েছিল। কিন্তু আজকে দুঃখের বিষয় সেই ১২ হাজার যুবকেরও চাকুরী যাবার পথে। আমি পশ্চিমবাংলার মন্ত্রীসভাকে অনুরোধ করছি এই হতভাগা যুবকদের চাকরী যাতে না যায় তারজন্য আপনারা ব্যবস্থা করুন। তারপর, অশোকনগর একটি উদ্বাস্তু নগরী এবং ডাঃ রায়ের স্বপ্ন ছিল এটি একটি "এ" ক্লাশ টাউন হোক। ডাঃ রায় পূর্ববাংলার অনেক হাজার উদ্বাস্তুদের সেখানে পুনর্বাসন দিয়েছিলেন। ডাঃ রায় বলেছিলেন যে শহরকে একটি "এ" ক্লাশ শহরে পরিণত করবেন। মাননীয় স্পীকার মহাশয়, আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি অশোকনগরকে আপনারা "এ" ক্লাশ টাউন হিসাবে গড়ে তুলুন। সেখানে কোন রাস্তা-ঘাট নেই, অনেক জায়গা জলে ডুবে থাকে, সেখানে কোন টিউবওয়েল নেই, যুক্তফ্রণ্ট সরকারের আমলেও সেখানে কোন টিউবওয়েল হয়নি এবং এই সমস্ত নানা কারণে সেখানকার লোক হতাশায় ভেঙ্গে পড়েছে। সেইজন্য আমি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করে বলছি সেই শহরকে একটি সুন্দর শহর হিসাবে গড়ে তোলা হোক। রাজ্যপাল তাঁর ভাষণে দুর্গাপুর এবং শিলিগুড়িকে উন্নয়ন করবার জন্য বলেছেন। আমার অনুরোধ হচ্ছে অশোকনগর টাউনকেও আপনারা যেন সর্বাঙ্গসুন্দর টাউন হিসাবে তৈরী করেন। আমি নিজে একজন উদ্বাস্তু। কিন্তু দুঃখের বিষয় আজ ৩০ বছর হয়ে গেল আজ পর্যন্ত আমি সরকারের স্বীকৃতি পাইনি এবং আমি যে বাড়ীতে আছি তার মালিকানাস্বত্ব পাইনি। আমাদের পুনর্বাসন দপ্তর বৈধ কলোনী বৈধ করবেন এবং আমাদের মালিকানাস্বত্ব দিয়ে আগামী দিনে আমাদের পুনর্বাসনের ব্যবস্থা করবেন এই আশা আমি রাখি। এই ব্যবস্থা যদি না করেন তাহলে আমাদের পুত্র বা অংশীদার যাঁরা থাকবেন তাঁদের অবস্থা ভবিষ্যতে কি হবে সেকথা ভেবে আমরা দুঃশ্চিন্তায় দিন কাটাচ্ছি।

[1 30—1-40 p.m.]

আজকে আপনারা সবাই জানেন, যাঁরা গ্রাম থেকে নির্বাচিত হয়ে এখানে এসেছেন, গ্রামের

বিভিন্ন সমস্যার কথা, কৃষকদের সমস্যার কথা, যে কৃষকরা অনাবৃষ্টি এবং অতিবৃষ্টির ফলে আজকে প্রায় মৃতপ্রায়। সেই কৃষকরা বহু টাকা তাদের জমি রেখে কোঅপারেটিভ ব্যাঙ্কের কাছ থেকে লোন নিয়েছিলেন, কিন্তু আজকে তারা সেই লোন শোধ করতে পারছে না, আমি মন্ত্রিসভার কাছে আপনার মাধ্যমে আবেদন রাখছি যে—সরকারী কর্মচারীদের ধাপে ধাপে বেতন বৃদ্ধি করছেন, গত পাঁচ বছরে ৫০ ভাগ বেতন বৃদ্ধি করা হয়েছে কিন্তু গ্রামে যারা দুস্থ কৃষক, যারা তাদের জমি বন্ধক রেখে কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে ঋণ নিয়েছিলেন, প্রায় ২০।২৫ কোটি টাকা হবে, আমি সরকারের কাছে আবেদন জানাচ্ছি সেই মুমূর্ষু কৃষক যারা আমাদের খাদ্য জোগায়, যারা ইন্দিরা গান্ধীর সবুজ বিপ্লবকে সফল করে তোলার চেষ্টা করেছে, সেই দুস্থ কৃষক, যাদের কো-অপারেটিভ ব্যাঙ্কে ঋণ আছে, সেই কৃষকদের ঋণ মকুব করা হোক, এই আবেদন আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে জানাচ্ছি। গ্রামের প্রতিনিধি যারা আছে তারা সহজেই অনুভব করতে পারবে যে গ্রামে ঠাকুরদার আমলে যে লোক রাস্তায় গামছা পরে সাঁকো পার হতো, নদী পার হতো, আজকে তার পুত্র, পিতা, সেই অবস্থাতেই আছে, গ্রামে রাস্তা নেই, গ্রামে ডাক নেই। আমি মনে করি কলকাতা শহর বা বিভিন্ন শহরকে আপনারা উন্নত করে তুলছেন, এই দেখে মনে হয় যে মানুষের দেহের রক্ত যদি মুখে এসে জমে থাকে যেমন স্বাস্থ্য তাকে বলা যায়না সেই রকম গ্রামের সমস্ত সম্পদকে যদি শহরে আলোকিত করা হয় এবং গ্রামকে যদি মৃতপ্রায় করে তুলি তাহলে ঐ গ্রাম যেমন মরবে, তেমনি আস্তে আস্তে শহরেরও মৃত্যু ঘটবে। সেইজন্য শহরের সঙ্গে গ্রামের উন্নতির দিকেও লক্ষ্য রাখা দরকার। গত কয়েক বছর যাবত আমাদের গ্রামের কৃষকরা এবং মধ্যবিত্ত সাধারণ মানুষ যেভাবে দিনের পর দিন অনশনে দিন কাটাচ্ছে, আমি আপনার মাধ্যমে সরকারের কাছে আবেদন জানাবো যে সরকারী সাহায্য, টেস্ট রিলিফ এবং বিভিন্ন কাজের মাধ্যমে গ্রামের দুস্থ মানুষদের বাঁচানোর যেন একটা পন্থা উদ্ভাবন করা হয়। রাজ্যপালের ভাষণে যদি বাংলা ভাষা সম্বন্ধে কিছু বক্তব্য থাকতো আমি খুব খুশী হতাম। বাংলাভাষাকে আমরা সর্বস্তরে গ্রহণ করেছি, কিন্তু সেই বক্তব্য শুধু কাগজে কলমে আমরা দেখতে পাচ্ছি। আমরা যখন বি. ডি. ও. অফিসে যাই, তখন দেখি ইংরাজীতে সার্কুলার, গ্রামের অর্ধশিক্ষিত সাধারণ মানুষ ইংরাজী বোঝেনা, তাদের পক্ষে ইংরাজী বোঝাও সম্ভব নয়। আমরা যদি পুঁথি পত্রেই বাংলা ভাষার কথা বলি, এবং বাংলাভাষাকে কার্যে পরিণত না করি, তাহলে আমাদের পক্ষে তা লজ্জার কথা হবে। সেইজন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে আবেদন জানাচ্ছি যে বাংলাভাষাকে সত্যকারের ভাষায় রূপ দিন। টাইপ রাইটার মেশিন তৈরী করুন, আমাদের বক্তব্য যাতে বাংলা ভাষায় তৈরী করতে পারি, বি. ডি ও এবং পঞ্চায়েত অফিসে যাতে আমরা বাংলায় সার্কুলার দিতে পারি, তার ব্যবস্থা করার জন্য আমি অনুরোধ রাখছি। গ্রামের মানুষ ইংরাজী বোঝেনা, সেইজন্য তাদের কাছে যাতে আমাদের বক্তব্য, মন্ত্রিসভার বক্তব্য কিংবা আমাদের এই বিধান সভার বক্তব্য পৌছতে পারে সেইজন্য বাংলা ভাষাকে সর্ব স্তরে চালানোর জন্য অনুরোধ জানাচ্ছি। রাজ্যপালের ভাষণে শিক্ষাকে আমরা জাতীয় হিসাবে গ্রহণ করিনি। ভারতবর্ষের বিভিন্ন প্রভিন্সে এগার ক্লাস পর্য্যন্ত ফ্রি এডুকেশন হয়েছে, আমি অনুরোধ জানাচ্ছি আমাদের মন্ত্রিসভাকে যে দয়া করে পশ্চিম বাংলার দুস্থ মানুষ যাতে লেখাপড়া করতে পারে সেইজন্য আপনারা অন্ততঃ এগার ক্লাস পর্যন্ত ফ্রি শিক্ষার ব্যবস্থা করবেন, তাতে যদি আর্থিক ক্ষমতায় না কুলায়, তবে প্রত্যেকটি মাধ্যমিক স্কুলের শিক্ষকদের সরকারী ভাণ্ডার থেকে বেতন দেবার বন্দোবস্ত করুন। আমরা জানি বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে, যারা নাকি কম বেতন পান, আর মাধ্যমিক শিক্ষকরা কোন মাসে ১০০ টাকা কোন মাসে ৫০ টাকা পান, এই যদি

মাষ্টার মহাশয়দের অবস্থা হয়, তাহলে ছাত্ররা কি করে তাঁদের কাছ থেকে শিক্ষা লাভ করতে পারবে। সেইজন্য মন্ত্রিসভার কাছে মাধ্যমিক শিক্ষকদের বেতন সরকারী তহবিল থেকে দেবার জন্য অনুরোধ জানাচ্ছি। আমাদের গণতান্ত্রিক কংগ্রেস সরকার যেভাবে পশ্চিম বাংলার অফুরন্ত আশীর্বাদ নিয়ে এখানকার সরকারে এসেছেন, তাঁদের কাছে পশ্চিম বাংলার মানুষ অনেক কিছু আশা করে, আমি আশা করবো আমাদের মন্ত্রিসভা পশ্চিম বাংলার দুস্থদের কথা—বিভিন্ন সমস্যার কথা চিন্তা করে তার প্রতিকার করবার জন্য বাস্তব রূপ দিয়ে পশ্চিম বাংলাকে সোনার বাংলায় পরিণত করতে পারবেন, এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীসোমনাথ লাহিড়ী : শ্রীযুক্ত অধ্যক্ষ মহাশয়, আপনি হয়ত জানেন যে সি-পি-এম দলের একটা বেনামী মুখপত্র আছে—তার নাম সত্যযুগ। সেই সত্যযুগ কাগজে তাঁদের প্রচার চলছে যে সারা পশ্চিমবাংলায় অবৈধ নির্বাচন হয়েছে; যদি বৈধ নির্বাচন হতো, তাহলে তাঁরা ক্ষমতায় আসতেন ইত্যাদি। সেই সত্যযুগ কাগজের সম্পাদক শ্রীবিবেকানন্দ মুখোপাধ্যায়। সম্প্রতিকালে সি-পি-এম দলের প্রতি অবিচল নিষ্ঠার জন্য তিনি বিখ্যাত। বোধহয় সেই কারণে সত্যযুগ কাগজের তিনি সম্পাদক। কাল সেই কাগজে বিবেকানন্দ মুখোপাধ্যায়ের একটা বক্তৃতা ছাপা হয়েছে দেখলাম। তাতে তিনি স্বভাবতই যে দলের প্রতি তাঁর ভক্তি সেই সি.পি. এমের ঐ সমস্ত নির্বাচনী কারচুপি ইত্যাদির কথা তুলেছেন, তুলে কিন্তু তারপর তিনি যা বলেছেন তা খুব interesting। সেটা যদি সি-পি-এম দলের নেতারা নিজেদের সম্পাদকের মন্তব্য একটু ধীরভাবে পড়েন ও শোনেন তাহলে তাঁদের খুব উপকার হবে। তিনি ইণ্ডিয়ান কাউন্সিল অফ্ ইকনমিক অ্যাফেয়ার্সের সভায় বক্তৃতা দিতে গিয়ে বলেছেন—"বাংলাদেশের সফল স্বাধীনতা সংগ্রামের ক্ষেত্রে ভারতের প্রধান মন্ত্রী রূপে শ্রীমতী ইন্দিরা গান্ধী যে বীরাঙ্গনার ভূমিকা পালন করেছিলেন—ভারতের সাধারণ মানুষ তাতে মুগ্ধ হয়েছিল। বাংলাদেশের মুক্তি সংগ্রাম এবারের নির্বাচনে নির্বাচকমণ্ডলীর উপর বিরাট প্রভাব বিস্তার করেছিল। তিনি আরো বলেন যে ১৯৬৭ এবং ১৯৬৯ সালের যুক্তফ্রণ্ট মন্ত্রিসভা নানা কারণে দেশের সাধারণ মানুষের আশা-আকাঙ্খাকে রূপায়িত করতে পারেনি। রাজনৈতিক অনিশ্চয়তায় ক্লান্ত পশ্চিমবঙ্গবাসী কংগ্রেসকেই সমর্থন করেছেন।

"যে-কোন কারণেই হোক পশ্চিমবাংলার যুব-সম্প্রদায়ের এক ব্যাপক অংশকে কংগ্রেস তার পতাকাতলে সমবেত করতে পেরেছে। এই যুবশক্তিই এবারের নির্বাচনে কংগ্রেসকে জয়যুক্ত করেছে বলে শ্রীমুখোপাধ্যায় উল্লেখ করেন। পশ্চিমবঙ্গের নির্বাচকমণ্ডলীকে কংগ্রেস সমর্থক, বামপন্থী সমর্থক ও দোদুল্যমান এই তিন শ্রেণীতে বিভক্ত করে শ্রীমুখোপাধ্যায় বলেন যে এক তৃতীয়াংশ দোদুল্যমান ভোট এবার কংগ্রেসের পক্ষে গেছে। কংগ্রেসের জয় লাভের এটিও একটা কারণ বলে তিনি মনে করেন।

"প্রসঙ্গতঃ শ্রীমুখোপাধ্যায় বলেন বামপন্থীদলগুলি সঠিকভাবে সামগ্রিক পরিস্থিতির মূল্যায়ন করতে পারেনি। বর্ধমান পৌরসভার নির্বাচনে সি-পি-আই-এমের শোচনীয় পরাজয় ছিল ঐ দলের পক্ষে এক অশুভ সঙ্কেত। কিন্তু ঐ পার্টি নেতৃত্ব সাংগঠনিক দুর্বলতা দূর করতে সচেষ্ট হয় নি। আসলে সি-পি-আই-এম সহ সব বামপন্থী দলই আত্ম সন্তুষ্টির মত ক্ষতিকারক ব্যাধিতে ভুগেছেন বলে তিনি উল্লেখ করেন।"

এই কাগজে দেখলাম সি-পি-আই-এম নেতারা দিল্লী থেকে রুমানিয়া এবং রুমানিয়া থেকে লণ্ডন পাড়ি দেবেন—অবৈধ নির্বাচন হয়েছে পশ্চিমবঙ্গে তা বোঝাবার জন্য এবং বৈধ নির্বাচন হলে

তাঁরা ক্ষমতায় আসতেন একথা বোঝাবার জন্য। আমি বলবো তাদেরই কাগজের সম্পাদককে যেন তাঁরা আগে বোঝান এবং তারপরে রুমানিয়া ও লণ্ডন যান।

আসলে কংগ্রেসের মধ্যে একটি পরিবর্তনের সূচনা দেখা গেছে। আমি বলি না এখনই সম্পূর্ণ পরিবর্তন এসে গেছে। একটা যুবশক্তি ও কর্মপ্রেরণার শক্তি তাদের মধ্যে জাগ্রত হয়েছে।

[1-40—1-50 p.m.]

আমি আশা করি যে কংগ্রেসের ভিতরকার এই নব জাগ্রত বামপন্থী শক্তি এরা কংগ্রেসের ভিতরকার এখনো বর্তমান যে দক্ষিণপন্থী শক্তি তার প্রতিক্রিয়াশীল প্রচেষ্টাকে বিরত করাতে পারবে। এবং এদের সাহায্য নিয়ে আমরা এই দেশের জন্য যে প্রোগ্রাম তৈরী করা হয়েছে সেই প্রোগ্রামকে সম্পূর্ণ করতে পারব এই আশা নিয়ে আমরা কংগ্রেসের সঙ্গে মিলিত হয়েছি, এই সরকারকে সমর্থন করছি এবং এই সূত্রে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করছি।

কিন্তু আমাদের মনে রাখতে হবে যে, মানুষের মনে কংগ্রেসের এই গণতান্ত্রিক জয়ের পিছনে বিপুল প্রত্যাশা আছে। প্রথম প্রত্যাশা হল শান্তি। সি, পি, এম. সেই শান্তিকে নানানভাবে যে ভেঙ্গেছিল শুধু তাই নয়, মানুষকে জয় করবার যে গণণাস্ত্রিক পদ্ধতি সেই পদ্ধতি প্রয়োগ না করে গায়ের জোরে ইউনিয়ন দখল করে, গায়ের জোরে জমি দখল করে, গরীব কৃষকের জমি দখল করে অর্থাৎ গায়ের জোরের নীতি তারা গণতন্ত্রের বদলে প্রয়োগ করে। আজকে পশ্চিম বাংলায় শান্তি আনতে হলে গণতান্ত্রিক রাজনৈতিক আবহাওয়া আনতে হবে। আমরা এই কথা বলতে চাইনা যে সেদিকে চেষ্টা হচ্ছে না, কিন্তু এমন মানুষ আছেন যারা হয়ত মনে করছেন যে, যে পদ্ধতি সি, পি,এম. চালু করেছে আমরাও সেই পদ্ধতিতে ইউনিয়ন দখল করব এলাকা দখল করব। আমি বলব তাহলে তাদের সি, পি, এম-এর শিক্ষা গ্রহণ করতে হবে এবং এই যে প্রোগ্রাম সেটাকে ধ্বংস করবে। গণতান্ত্রিক রাজনৈতিক আবহাওয়াকে সি. পি, এম. সম্পূর্ণ ধ্বংস করেছিল নিজেদের দলীয় স্বার্থে। সেই গণতান্ত্রিক রাজনৈতিক আবহাওয়াকে পশ্চিম-বাংলায় পূর্ণ-প্রতিষ্ঠা করুন। যে-কোন কারণেই হোক সি, পি, এম-এর যে-সমস্ত সমর্থকরা ঘর ছেড়ে চলে যেতে বাধ্য হয়ে থাকুন আমাদের সরকারের দায়িত্ব তাদের নিশ্চিন্তে নিজেদের জায়গায় বসবাস করতে দিতে হবে এবং এইজন্য পশ্চিবাংলার মানুষ অপেক্ষা করে আছে। তারা যদি দেখে যে তা হল না তাহলে পশ্চিমবাংলার মানুষ এই সবকারকে মনে রাখবে না, এই কথা আমাদের মনে রাখতে হবে।

দ্বিতীয় মানুষের প্রত্যাশা সরকারের কাছে তা হল শিল্পোদ্যোগ এবং কর্মসংস্থান। আমি শহরের লোক শহরের কথা বলছি। পশ্চিমবাংলা ভারতের মধ্যে শিল্পে প্রথম ছিল কিন্তু সেখানে দ্বিতীয় থেকে প্রায় তৃতীয়ে নেমে এসেছে এবং তার প্রধান কারণ আমার মনে হয় যে পশ্চিম-বাংলার দিকে এতদিন কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গী দায়ি। পশ্চিমবাংলা প্রধান শিল্প কেন্দ্র ব্যবসা কেন্দ্র ছিল বলে রিজার্ভ ব্যাঙ্কের হেড অফিস পশ্চিমবাংলায় ছিল। কংগ্রেস সরকারের আমলে রিজার্ভ ব্যাঙ্কের হেড্ অফিস চলে গেল বোম্বাইয়ে অর্থাৎ কি না মূলধন যোগানোর একটা প্রধান অফিস সেটা সরে গেল। সেই থেকে স্বভাবতই শিল্প ক্ষেত্রে অসুবিধা চলেছে। তারপর লাইফ ইনসিয়রেন্স করর্পোরেশনএর হেড অফিসকেও এখান থেকে সরিয়ে বোম্বাইয়ে নিযে যাওয়া হল।

তারপর দেখুন আমাদের পশ্চিমবাংলায় বিশেষ সুবিধা ছিল যে আমাদের এখানে ইস্পাত ও কয়লা ঘরের কাছে পাওয়া যেত। সুতরাং সেই সুবিধার জোরে এবং তার সঙ্গে চা, পাট ও বন্দরের সুবিধা মিলিয়ে পশ্চিমবঙ্গে দ্রুত শিল্প গড়ে উঠল। কংগ্রেস সরকার কেন্দ্র থেকে স্থির করলেন যে কয়লার দাম সমান হবে সর্বত্র ষ্টীল-ইস্পাতের দাম সমান হবে সর্বত্র। অর্থাৎ আমাদের যে বিশেষ সুবিধা ছিল তা চলে গেল কিন্তু তার জন্য কোন নতুন সুবিধা পেল না যার মধ্যে পশ্চিমবঙ্গে শিল্পোদ্যোগ গড়ে উঠতে পারে। তারপর আমাদের এখানকার প্রধান যে শিল্প পাট এবং চা সেই পাট এবং চা থেকে মুনাফা যা নতুন করে মূলধন গঠনে সাহায্য করতে পারে তার বেশীরভাগ অংশ আমাদের প্রদেশের শিল্পোদ্যোগে ব্যবহৃত হোল না। এর আগে যে কংগ্রেস কেন্দ্রে রাজত্ব করেছে তাদের নীতি কেন এমন হোল কি,জন্য এই নীতি তাঁরা নিয়েছিলেন তার কোন পরিষ্কার জবাব আমরা পাইনি। একবার মাত্র আমরা শুনেছিলাম বিহার প্রদেশের গভর্ণর শ্রীঅনন্ত সয়নম আয়েঙ্গার ছিলেন তিনি বলেছিলেন যে আমাদের ইষ্টার্ণ রিজিয়ান অর্থাৎ তিনি পশ্চিমবঙ্গ এবং বিহারকে মিন করেছিলেন— যে যেহেতু এটা সীমান্ত সন্নিকটবর্তী এলাকা সেইজন্য বোধ হয় কেন্দ্রীয় সরকার এখানে শিল্প প্রসারে জোর না দিয়ে অন্য জায়গায় শিল্প প্রসারে জোর দিয়েছিলেন। কিন্তু এমন একটা জিনিস তা পরিষ্কারভাবে স্পষ্টভাবে কেন্দ্রীয় সরকার কখনও ব্যক্ত করেনি। কিন্তু প্রাকটিক্যালি এই ঘটনা ঘটেছে এটা আমরা জানি। যদি এই কারণ হয়ে থেকে থাকতো যে পশ্চিমবাংলা সীমান্তবর্তী এখানে শিল্পের উপর আক্রমণ হবার আশঙ্কা আছে তাহলে দূরে সরিয়ে নিয়ে যেতে হোত। কিন্তু আজ অন্তত সেই বিপদের আশঙ্কা প্রায় দূরীভূত হয়েছে, পশ্চিমবাংলার কাছে আমাদের শ্রেষ্ঠ বন্ধু নতুন রাষ্ট্রকে আমরা পেয়েছি। সুতরাং এখন আর সে কথা নয়। পুরানো নীতি পরিবর্তন করে পশ্চিমবাংলায় শিল্পোন্নয়নের উপর সমস্ত দিক থেকে জোর দেবার কি কেন্দ্রীয় সরকারের কি প্রাদেশিক সরকারের কারও অসুবিধা হবে না। এবং আমি আশা করবো যে আমাদের নতুন সরকার এ বিষয়ে কেন্দ্রীয় সরকারকে অবহিত করে পশ্চিমবাংলা যাতে দ্বিতীয় থেকে আর তৃতীয় স্থানে নেমে না যায় মাদ্রাজের পিছনে চলে না যায় যাতে প্রথমে উঠতে পারে তার চেষ্টা করবেন।

এখানে শিল্প বিকাশ অনেকটা ব্যাহত হয়েছে এই কারণে যে বড় বড় পুঁজিপতির হাতে মূলধনের ক্ষমতা ইত্যাদি কেন্দ্রীভূত আছে, বিড়লা প্রভৃতি বড় বড় মূলধনীর এখানে রাজত্ব যার ফলে এখানে পাবলিক সেক্টরের ইণ্ডাষ্ট্রিজ কিছু পরিমাণে ক্ষতিগ্রস্ত হয়েছে। উন্নতির সুযোগ পায়নি, অপর দিকে মাঝারি এবং ছোট শিল্প ক্ষতিগ্রস্ত হয়েছে এদের সঙ্গে প্রতিযোগিতায় পারেনি। একটা ছোট উদাহরণ দিচ্ছি-এই যে দ্বিতীয় হুগলী সেতু প্রকল্প গ্রহণ করা হয়েছে তার টেণ্ডার দিয়েছিল পাবলিক সেক্টর এনটারপ্রাইজের একটা কমবিনেসন ই.পি.আই.আর দিয়েছিল প্রাইভেট সেক্টর বি, বি, জে, গেমন এণ্ড কোং, বার্ণ, ব্রেথওয়েট, জেসপ। এরা হোল বৃহৎ শিল্পপতি, তাদের অর্ধেক হোল বোম্বেতে, বাকী এখানকার বি, বি, জে-এর পুঁজিপতিরা তাদের সঙ্গে প্রতিযোগিতায় পাবলিক সেক্টর আণ্ডারটেকিং এর কনসর্টিয়াম কোম্পানী তাদের টেণ্ডার দিয়েছিল। টেণ্ডার বরং কনসর্টিয়াম-এর কিছু কম ছিল সামান্য পরিমাণে এবং যেটার বিশেষত্বছিল যে এমপ্লয়মেণ্টের সম্ভাবন হোত যদি এই পাবলিক সেক্টর কোম্পানীকে টেণ্ডারটা দিতাম সম্পূর্ণরূপে-তাহলে যে এমপ্লয়মেণ্টের পসিবিলিটি ছিল এদের কাছে বি, বি, জে-তে তার চেয়ে কম এই কারণে যে তাদের গেমন অংশ বোম্বেতে প্রতিষ্ঠিত। সুতরাং তার টেকনিক্যাল পার্সন্যাল সব সেখান থেকে আসবে, বড় জোর কুলি, আনস্কিলড লেবারদের ব্যবস্থা হবে—এদেরকে টেণ্ডার দেবার ফল হবে এই। অথচ যদি এই

পাবলিক সেক্টর কোম্পানীকে দেওয়া হোত, যেহেতু এই কোম্পানীর বডি সব নতুন তাতে সম্পূর্ণ নূ.ন অফিস খুলতে হোত কলকাতায় এবং সমস্ত ব্যাপারেই কলকাতার উপর তাকে নির্ভরশীল হয়ে থাকতে হোত।

[1-50—2 p.m.]

দ্বিতীয়ত: তারা এখানকার একটি Company কলকাতা Chanda Engineers তাদের সংগে চুক্তি করেছিলেন। এখানকার পুরো Sub-structural কাজের ভার তাদেরকে দেবেন। আমরা কিন্তু অবাক হলাম যে যদিও Hooghly Bridge Construction-এর যে Commissioners তারা প্রায় এক বাক্যে recommend করলেন যে ঐ Public Sector. Consortium-কে tender দেওয়া হোক। কিন্তু দেখলাম আমাদের রাজ্যপাল মহাশয় সেটা রদবদল করে দিলেন। অর্থাৎ এই Private Sector, Big Capital, কি প্রচণ্ড pull, আমাদের উচ্চতম মহলের উপর এটা হল তার একটা নজির। দ্বিতীয়তঃ পুল তৈরী করার দিক থেকে এই BBJ Garman & Co. তারা যাদেরকে consultant করেছেন, যাদের design-এর ভিত্তিতে পুল তৈরী করবেন ঠিক করেছেন তারা হলেন Freeman Fox & Partners. এই Freeman Fox & Partners দুটি cable-stayed পুল তৈরী করেছেন আজ পর্যন্ত। একটি Mil-ford-on-Avon Wales,আর একটি Australia, Yarra নদীর উপর। এই দুটি পুলই ভেঙ্গে পড়ে গেছে। অথচ আমরা অবাক হয়ে দেখলাম যে Public Sector, আমাদের প্রশ্ন নয়, কারো প্রশ্ন নয় Govt.-এর Public Sector Enterprise-এর Consortium offer-কে নাকচ করলেন Governor মহাশয়। Hooghly Bridge Commissioners-এর সুপারিশকে নাকচ করে ওদেরকে tender দিলেন এবং শেষ পর্যন্ত রফা হল রাস্তা তৈরী করবে E.P.I, আর Bridge তৈরী করবে তারা যাদের দুটি bridge ধ্বসে পড়েছে।

আমি এটা একটা উদাহরণস্বরূপ দিলাম। আমাদের দেশের দ্রুত শিল্পায়ন এবং এখানকার মানুষের কর্মসংস্থানের বিরুদ্ধে বৃহৎ শিল্পপতিদের প্রভাব কতখানি। কংগ্রেসের মধ্যে যে পরিবর্তন এখনই এসে থাকুক বা ভবিষ্যতে আসার সম্ভাবনা থাকুক, বৃহৎ শিল্পপতিদের এখনও পর্যন্ত কি pressure কি ক্ষমতা, এই হচ্ছে তার একটা উদাহরণ।

দ্বিতীয়তঃ আমাদের অনেক যুবক বন্ধু নির্বাচিত হয়েছেন। খুব আনন্দের কথা। তাদের সঙ্গে নির্বাচনের সময় একসাথে কাজ করে তাদের আদর্শের প্রতি প্রেরণা দেখে আমি খুব আনন্দিত হয়েছি। তারা সমাজতন্ত্রের নামে অনুপ্রাণিত হন। কিন্তু সমাজতন্ত্র দূরের কথা সমাজতন্ত্র মানে উৎপাদনের সমস্ত সাধনকে সমাজের হাতে নিয়ে আসা। সম্পূর্ণরূপে মূলধনীদের উচ্ছেদ করা এজন্য আমাদের আরো অপেক্ষা করতে হবে। আপাতত এই বৃহৎ শিল্পপতি, ঐ একচেটিয়া পুঁজিপতি তাদের ক্ষমতা খর্ব করা আমাদের প্রথম পদক্ষেপ. সেটুকু অন্তত আমরা আরম্ভ করতে পারি, কিন্তু 2nd Hooghly Bridge-এর বেলায় দেখলাম তা সম্ভব হল না। এখানে ওদের ক্ষমতা খর্ব করতে হলে পশ্চিমবঙ্গে কি করতে হবে? একটা প্রধান item হল বৃহৎ শিল্প এখানে প্রতিষ্ঠিত হচ্ছে চটকল শিল্প। এই চটকল শিল্প যদি জাতীয়করণ হয় তাহলে তাদের এখানে একটা বৃহৎ শিল্পের প্রধান খুঁটি আমরা দুর্বল করে দিতে পারবো। আমাদের সরকারের যে ১৬ দফা programme-এ আমরা দুই পক্ষই প্রতিশ্রুতি-বদ্ধ তার মধ্যে ঐ দফাটাও আছে। কিন্তু আমি আগ্রহের সঙ্গে দেখতে থাকবো যে এই দফা দফা হিসাবে কাগজে থেকে যাবে না কতদিনের মধ্যে কর্মে রূপায়িত হবে। তার উপর নির্ভর করছে

আমাদের দেশের শিল্পোগুম বাড়বে কিনা, ঐ একচেটিয়া প্রতিষ্ঠানের মুনাফা মূলধনে রূপান্তরিত হয়ে নতুন শিল্প সরকারী sector-এ সৃষ্টি করতে পারবে কিনা এবং তারমধ্য দিয়ে মানুষ নতুন কাজ পাবে কিনা এর মধ্য দিয়ে আমরা দেখতে পারবো। চা শিল্প জাতীয়করণ আমাদের পশ্চিমবঙ্গের পক্ষে খুব জরুরী। আমরা যত শীঘ্র করতে পারি কেন্দ্রীয় সরকারকে বলে ততই ভাল। আমাদের প্রত্যেকটি সদস্য যিনি চান সমাজতন্ত্র হোক, গণতন্ত্র বিকশিত হোক, ছেলেরা কাজ পাক, প্রত্যেককে মিলে কেন্দ্রকে বলতে হবে যে এটা তাড়াতাড়িতে কর।

আমাদের প্রতিবেশী বাংলাদেশ মাত্র কয়েকদিন হল রাজ্য গঠন করেছে। রাজ্য গঠনের প্রথম সুরুতেই তারা কয়েকটি গুরুত্বপূর্ণ জিনিষ ঘোষণা করেছেন এবং পাট শিল্পকে তাঁরা জাতীয়করণ করেছেন। আমরা এতদিনের পুরানো, অনেকদিন ধরে শিল্প করছি, কিন্তু আমরা এখনও করতে পারিনি এবং ২৫ বছর স্বাধীনতার পরেও আমরা এখনো বুঝতে পারিনি। কাজেই আমি আশা করবো যে আমাদের সরকার এ বিষয়ে চাপ দেবেন এবং এর ব্যবস্থার জন্য চেষ্টা করবেন। বাংলাদেশের মুক্তি যুদ্ধের সমর্থনের মধ্য দিয়ে আমরা দেখলাম যে কারা বিদেশে আমাদের বন্ধু এবং কারা আমাদের শত্রু। ভারতবর্ষের বোধ হয় এমন লোক খুব কমই আছেন যাঁরা আজকে জানেন না বা ভাবেন না যে মার্কিন সাম্রাজ্যবাদ হচ্ছে আমাদের প্রধান শত্রু। বাংলাদেশের মুক্তি যুদ্ধে বহু নিরীহ নরনারীর রক্ত স্রোতের মধ্য দিয়ে এই মর্মান্তিক অভিজ্ঞতা আমরা পেয়েছি যে পৃথিবীর স্বাধীনতা বিশেষ করে আমাদের দেশের স্বাধীনতার সব চেয়ে বড় শত্রু হচ্ছে মার্কিন সাম্রাজ্যবাদ। অথচ আমি অবাক হয়ে দেখি যে আজকে আমাদের গভর্ণমেন্টের সি. এম. পি. ও-র ওপর সেই আমেরিকান ফোর্ড ফাউণ্ডেশনের সাহেব বসে কর্তৃত্ব করছে—এটা একটা অবাক কাণ্ড। আমরা এখান থেকে সেই ফোর্ড ফাউণ্ডেশনকে পাৎতাড়ি গুটিয়ে স্বদেশে চলে যেতে বলতে পারছি না কেন? আমাদের ডেভেলাপমেণ্ট মিনিষ্টার এবং চীফ মিনিষ্টার, হয়ত এইসব বিষয়ে ভাববার সুযোগ পাননি। কিন্তু কিটিং সাহেব-এর প্লেনের তলে সম্ভবতঃ গোপন ফটোগ্রাফির যন্ত্রপাতি কিছু আছে সুতরাং সেই প্লেনে কিটিং সাহেবকে উড়তে দেওয়া হবে না, সংগতভাবে আমাদের এই কাজ যদি কেন্দ্রীয় সরকার করতে পারেন তাহলে আমাদের এই পশ্চিমবঙ্গ সরকার কেন এই প্লেনের তলের খুঁটির চেয়ে একটা জলজ্যান্ত আমেরিকান লোক বছরের পর বছর ধরে কিটিং-এর ক্যানভাসার হিসাবে আমেরিকার সংগে সংযোগ রেখে হয়তো আমাদের দেশের বহু শহরাঞ্চলের সমস্ত খবর আমেরিকায় সাপ্লাই করছে, তাকে কেন আমরা এখানে এখন বসিয়ে রাখবো, আমি এর অর্থ বুঝতে পারিনে। কাজেই আমি সরকারের কাছে অনুরোধ করবো যে ফোর্ড ফাউণ্ডেশনকে এখান থেকে তাদের পাৎতাড়ি গুটিয়ে নেবার জন্য অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করুন।

আমাদের অগ্রগতির পথে আর একটি বাধা হল আমলাতন্ত্র। এই আমলাতন্ত্রকে আমি আই. এ. এস. ডাম মনে করি। তারা মনে করেন পৃথিবীতে যত কিছু বিদ্যে আছে তা সবই তাদের পেটের মধ্যে আছে, যা কিছু অভিজ্ঞতা, প্রশাসনেই বলুন আর টেকনিক্যালেই বলুন সবই তাদের পেটের মধ্যে আছে, আর বাকি সব তুচ্ছ জিনিস। রাজনীতি যারা করে তাঁরা সবচেয়ে তুচ্ছ তাদের কাছে, নেহাৎ মন্ত্রী থাকতে হয় তাই থাকে। এক কথায় যখন মন্ত্রী থাকে তখন কিছু কিছু মেনে চলে এবং মন্ত্রী না থাকলে তারা দুহাত তুলে নৃত্য করে। এই গভর্ণররাজ ও বুরোক্রাসির স্তম্ভ হলেন এই সমস্ত আই.এ.এস. ডোম। এই আই. এ. এস. তন্ত্র মারফৎ আমরা সমাজতন্ত্র নিয়ে আসবো তার কোন সম্ভাবনা আছে? আমার মনে বিন্দুমাত্র সেই সম্ভাবনা নেই। কাজেই এই

আই. এ. এস. তন্ত্র খর্ব করে, তাদের ক্ষমতা খর্ব করে আমাদের সরকার কি নীতি গ্রহণ করবেন এবং কেন্দ্রীয় সরকার-এর কাছে তারা কি সুপারিশ করবেন তা আমি জানতে চাই।

সি. এম. ডি. এ. হল কেন? তার আগের তো সি. এম. পি. ও নামে একটা সংস্থা আছে, তারজন্য বার্ষিক ৩০ লক্ষ টাকা খরচ হয়। সি. এম. পি. ও বসিয়ে বিধানবাবু ভেবেছিলেন যে যদি আমরা সি. এম. পি. ও করি তাহলে হয়ত আমেরিকা আমাদের টাকা দেবে, তাই দিয়ে আমরা সহর বানাবো। আমেরিকা থেকে কয়েকজন এক্সপার্ট পাঠিয়েছিলো। তারা যতখানি না এক্সপার্ট তার চেয়ে বেশী এক্সপার্ট হচ্ছে খবর সরবরাহের এজেন্সীর ব্যাপারে এবং তারা কোন প্ল্যান ইমপ্লিমেনটেশনের জন্যে এক পয়সাও দিল না। কিন্তু আমাদের সেই সি. এম. পি. ও. মেনটেন করার জন্য প্রতি বছর ৩০ লক্ষ টাকা খরচ করে যেতে হচ্ছে। কাজেই সেই ৩০ লক্ষ টাকার একটা সি. এম. পি. ও আছে। তারপরে হল যে, না ঐ সি. এম. পি. ও মিনিষ্টারের আণ্ডারে, এতে বড় অসুবিধা হয়। অতএব আর একটি হল সি. এম. ডবলিউ. এস. এ—যেটা ষ্ট্যাটুটারি বডি, সুতরাং মন্ত্রীর দখলে কম থাকবে।

[2-00—2-10 p.m.]

আমলার দখল তাতে পুরো থাকবে। আমাকে একবার জিজ্ঞাসা করেছিলেন ফোর্ড ফাউণ্ডেসানের একজন ভদ্রলোক যে দেখুন এই ষ্ট্যাটুটারী বডি হলে মন্ত্রীদের ইনটারভেনসান না থাকলে এই আমলারাই ভালো কাজ করতে পারেন। আমি বলেছিলাম মহাশয়, আমি বুঝতে পারি না আমাদের সি. এম. ডব্লু. এস. এ-তে যাঁরা গিয়েছেন তাঁরা সবাই আমাদের ডিপার্টমেণ্টে কাজ করতেন, রিটায়ার করার পর চেয়ার-এ বসে বসে যখন ঘুমিয়ে পড়েন এই অবস্থা তখন সি. এম. ডব্লু এস এ-তে গিয়ে বসলেন। তাঁরা যে নতুন কি কাজ করবেন আর কি যে দক্ষতা দেখাবেন তা আমি জানি না। সি এম ডব্লু এস এ হল তাতে ষ্টাটুটারী বডি হল জনসাধারণের রিপ্রেজেন-টেসান প্রথমে ছিলই না তারপরে কংগ্রেসের কয়েকজন বন্ধুর সঙ্গে মিলে আমরা অনেক চেষ্টা করে ২।৪জন রিপ্রেজেনটেটিভ তার মধ্যে ঢুকিয়েছিলাম। সুতরাং ফোর্ড ফাউণ্ডেসান ক্ষেপে গেলেন যে আমাদের মতলব পূর্ণ হল না। পরে আমরা যখন গদিচ্যুত হলাম গভর্ণর সাহেবের শাসন যখন কায়েম হল তখন নিরংকুশ আই. এ. এস. ডাম দিল্লী থেকে সি. এম. ডি. একে এতে বসালেন। সেখানে পাবলিক রিপ্রেজেনটেসানের কোন ব্যবস্থা নেই। দুটিমাত্র লোক—একজন কোলকাতা কর্পোরেশানের আর একজন বাইরের মিউনিসিপ্যালিটির, দুজনই মাত্র বাইরের লোক তাও ঐ অফিসাররাই মনোনয়ন করবেন। অর্থাৎ জনপ্রতিনিধিদের থেকে বড় হলেন অফিসার। ঐ অফিসার সবাই তো আমাদের বিভিন্ন ডিপার্টমেণ্টে কাজ করেছেন। তাঁদের কি অতিরিক্ত যোগ্যতা আছে—কেউ হয়ত যোগ্যতা দেখিয়েছেন, কেউ দেখাননি, হতে পারে কিন্তু মন্ত্রীদের তাদের উপর বিশেষ ক্ষমতা থাকবে না কেন? বলা হয়, দুটি কারণ আছে। একটা হচ্ছে, যদি মন্ত্রীদের আণ্ডারে হয় তাহলে বাজেটে টাকা মঞ্জুর থাকলেও কোন একটা কাজ করার সময় আবার ফাইনান্সের মঞ্জুরি নিতে হয়, তাতে দেরি হয়ে যায়। কিন্তু যদি ষ্ট্যাটুটারী বডি হয় তাহলে একবার বাজেটে পাশ হয়ে থাকলে দ্বিতীয়বার আর ফাইনান্সের মঞ্জুরি নিতে হয়না। তাই যদি অসুবিধা হয় মন্ত্রীদের দপ্তরের বেলায় সেই ব্যবস্থা করুন। তাতে অসুবিধা কোথায়? কিন্তু সেটা আসল নয়, আসল হচ্ছে এই ওঁরা বলেন, জনপ্রতিনিধি হলে বড় ঝামেলা মহাশয়। ওঁরা অনবরত বলেন,

এটা নয়, ওটা নয়, সেটা নয় ইত্যাদি। আমরা আমলারা যারা বিদ্যায় দিগগজ, সব ব্যাপারে আ
নিরংকুশ ক্ষমতা না থাকলে কাজ হতে পারে না। কিন্তু হয়নি। সি.এম.ডি.এর কাজ যেটুকু
হয়েছে তাতে যে কয়জন আমলা রিটায়ার্ড হয়ে বা তার আগেই ওখানে গিয়ে বসেছেন ত
কল্যাণে নয়, টাকা ছিল না, টাকা এসেছে. সেইজন্যই হয়েছে। যখন যুক্তফ্রন্ট সরকার ছিল
কোলকাতার জন্য ৪৩ কোটি টাকা মাত্র আদায় হবে কিনা এ নিয়ে মোরারজীদেশাই-এর
আমাদের প্রত্যেহ চুলোচুলি করতে হয়েছিল। শেষ পর্যন্ত ৪৩-ও সাব্যস্ত করাতে পারলাম
কাজেই অভাব চাবুকের ছিল না, ছিল ঘোড়ার অর্থাৎ টাকার। এঁরা করলেন কি চাবুকটা আ
করলেন, সেটা খুব সুন্দর করে রুপো দিয়ে বাঁধানো সেই চাবুকের নাম আই. এ. এস. ডা
স্ট্যাটুটরি বডি। তারপরে ঘোড়া যদি পাওয়া যায় ভাল, আর যদি না পাওয়া যায় আর পাঁচ জ
উপর ছড়ি ঘোরাবো।

এই যে দৃষ্টিভঙ্গী এই দৃষ্টিভঙ্গীকে যদি আমাদের প্রগতিশীল সরকার ত্যাগ করতে না পা
আই. এ.এস. ডমের প্রতি অতিরিক্ত মমতাই চালু রাখেন, তার স্বরূপ কি তার আমি এ
উদাহরণ দিই। আমাদের ফাইনান্স কমিশনার ছিলেন আগে, তিনি ছিলেন একজন ব্যারিষ্ট
আর এখন যিনি হয়েছেন তিনি একজন কেমিষ্ট—কেমিষ্ট্রীর ছাত্র তিনি। দুজনেই খুব ভদ্রলে
আমি দুজনকেই খুব সৎ কর্মচারী বলে জানি। কিন্তু কেমিষ্ট্রি পড়ে কি করে ফাইনান্স সং
বিশেষ জ্ঞান হতে পারে বা ব্যারিষ্টারি পাশ করার পর ফাইনান্স সম্বন্ধে কি করে সবজ্ঞ হতে পা
তা আমি কিন্তু ভেবে পাইনা। এটা তাদের কোন অন্যায় নয়। আই, এ, এস, পাশ করার
যেমন যেমন সিনিওরিটি তেমন প্রমোশন হবে এই হচ্ছে আইন সুতরাং তাঁরা গিয়ে বসেছে
প্রশাসনে এই যে বৃটিশ আমল থেকে অর্জিত আই, সি, এস তারপরে আই, এ, এস, ভিত্তিক
ব্যবস্থা এই ব্যবস্থা যদি বদলাতে না পারি তাহলে সমাজতন্ত্র চুলোয় যাক, তার তো বস্তুত দে
গণতন্ত্রও হবে না, আমলাতন্ত্রই হবে যা এখন আছে।

সেটাকে বদলাতে হবে। আগেকার সঙ্গে এখন তফাৎ কোথায়? বৃটিশ আমলে মন্ত্রী
কেউ পরোয়া করত না, মন্ত্রী ডায়ার্কির অন্তর্ভুক্ত। বৃটিশ সরকারের পলিশি মেকার ছি
সেক্রেটারী, সুতরাং সেক্রেটারীর প্রয়োজন ছিল। আর বাকি টেকনিক্যাল পার্সোনাল তারাহি
এগজিকিউটর। আজকে তো তা নয়, আজকে মন্ত্রী পলিসি মেকার। তাহলে সেক্রেটারীর দরক
কি আমি বুঝতে পারছি না। এগজিকিউসানের কাজ টেকনিক্যাল পার্সোনেল করুব
আর এ্যাডমিনিষ্ট্রেসান, আমি বহু অফিসার দেখেছি যাঁরা গোলমাল দেখলে ছুটে আসেন, বলে
আপনি সামলান, আমি পারব না। সুতরাং কি প্রচণ্ড এ্যাডমিনিষ্ট্রেটর তার আমরা ভুক্তভোগী
দুর্গাপুরের ভদ্রলোক বললেন আমাকে ছুটি দিলে এখনই চলে আসি, ওখানে বড় গণ্ডগোল হচ্ছে
এই হচ্ছে আই, এ, এস,-ডোম। সুতরাং এই ধরনের আমলাতন্ত্রভুক্ত সংগঠন যেন গড়ে তোলা
হয়।

কর্পোরেশান বাতিল করে শুনছি আরো সাতজন বড় আমলা সেখানে যাবেনা উন্নতি কি হ
জানি না, জোচ্চুরি থাকে থাকুন আপত্তি নেই, কিন্তু কর্পোরেশানের উন্নতি মানে যদি আরো ৬
বড় আমলা বা আই, এ, এস, কে প্রোভাইড করা হয় তাহলে খুব উন্নতি হবে বলে মনে করি না
যদি কর্পোরেশানে গণ্ডগোল, দলাদলির দরুন অচল হয় তাহলে কর্পোরেশানকে সাময়িকভা
বাতিল করতে হতে পারে তাতে আপত্তি নেই। কিন্তু যতশীঘ্র সম্ভব আবার গণপ্রতিনিধি

ফিরিয়ে আনার চেষ্টা করতে হবে। যদি বলেন কর্পোরেশান, সি, এম, ডি, এ সি,, এম, ডব্লু, এস, এ, যে গণপ্রতিনিধিত্বের দরকার নেই তাহলে গভর্ণমেন্টের বেলায়ই বা দরকার কি? তাহলে আই,এ, এস,-দের ছেড়ে দিন। গণপ্রতিনিধিত্ব হচ্ছে গণতন্ত্রের ভিত্তি,সেই ভিত্তিকে ভাঙতে হবেনা, তাকে রক্ষা করতে হবে। সেই রক্ষা করার বিরুদ্ধে সব থেকে প্রচণ্ড ধাক্কা আসে একদিকে বৃহৎ পুঁজিপতিদের পক্ষ থেকে, আর একদিকে সুপ্রতিষ্ঠিত আমলাতন্ত্রের পক্ষ থেকে। সেই পুঁজিপতিদের শৃঙ্খল, আমলাতন্ত্রের শৃঙ্খল ভাঙতে হবে। এইভাবে যদি সরকার অগ্রসর হতে পারেন তাহলে আমরা প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চা সফলকাম হতে পারব। বাস্তুহারা ব্যাপারে কয়েকটি কথা বলতে চাই। কলকাতা শহরে এখনও বহু বাস্তুহারা আছে যাঁরা রিহ্যাবিলিটেসান পাননি এবং যাঁরা পেয়েছেন জবরদখল কলোনীতে তাঁরা এখনও জমির স্বত্ব পেয়েছেন কি পাননি। এখন পার্লামেন্টে যে সংবিধান সংশোধিত হল তাতে দখল করতে হলে পুরো ক্ষতিপূরণ দিতে হবে এমন কোন কথা নয়। সুতরাং নতুন সুযোগ নেওয়া যায় এবং সেই সুযোগ নিয়ে যারা জবর দখল করে ঘর বানিয়েছে তাদের অবিলম্বে জমির স্বত্ব দেওয়া হোক যাতে তারা পুরাপুরি মিউনিসিপ্যাল ফেসিলিটি পেতে পারে। যারা এখনও রিহ্যাবিলিটেশান পায়নি তাদের রিহ্যাবিলিটেশানের তাড়াতাড়ি ব্যবস্থা করে দয়া করে এই গরীব মানুষদের উদ্ধার করুন। এই বলে এই ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2-10 – 2-20 p.m.]

শ্রীকৃষ্ণকুমার শুক্লা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম বাংলার রাজ্যপাল এর ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এখানে উপস্থিত হয়েছে তাকে সমর্থন করে আমি দু-একটি কথা আপনার মাধ্যমে রাখতে চাই। রাজ্যপাল মহাশয় পশ্চিম বাংলার বিভিন্ন সমস্যার প্রতি দৃষ্টি দিয়েছেন। এর জন্য তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু তাঁর বক্তব্য আমাদের হতাশ করেছে বলে আমার মনে হয়। আমি আরো পরিষ্কার কিছু প্রত্যাশা করেছিলাম। পশ্চিম বাংলার মানুষ গত নির্বাচনে গণতান্ত্রিক প্রগতিশীল মোর্চার প্রতি রায় দিয়েছেন, যেমন তাঁরা চেয়েছেন বর্তমানের রুগ্ন অসুস্থ পশ্চিম বাংলাকে নূতন পথে এগিয়ে নিয়ে যাবার যে আশ্বাস প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চা দিয়েছেন তাকে পালন করবেন, তেমনি যাঁরা পশ্চিম বাংলার জনজীবন বিষাক্ত করেছেন, বিপর্যস্ত করেছেন তাঁদের বিরুদ্ধেও পরিষ্কার রায় দিয়েছেন এই পশ্চিম বাংলার মানুষ নির্বাচনের মাধ্যমে। সেই নির্বাচনকে পুরাপুরি শ্রদ্ধা জানিয়ে আমি বিশেষভাবে অনুরোধ করতে চাই যে আমি প্রত্যাশা করেছিলাম, রাজ্যপাল মহাশয় যেমন বলেছেন যে তার এই সরকার পশ্চিম বাংলার স্থায়ী এবং উন্নতিকামী সরকার গড়ে তুলবেন তেমন আমি আশা করেছিলাম তিনি পরিষ্কারভাবে বলবেন পশ্চিম বাংলার পরিচ্ছন্ন ও পরিষ্কার প্রশাসন ব্যবস্থা হবে। পশ্চিম বাংলার মানুষ প্রশাসনিক অবস্থায় অনেক দিন ভুগছে। এবং এই প্রশাসনিক অব্যবস্থা যদি দূর করা না যায় তবে যতই আশ্বাস দেওয়া যাক না কেন কিছু দিন বহু তিক্ত অভিজ্ঞতা তাদের হয়েছে তাই পশ্চিম বাংলার মানুষ তা আর আস্থা রাখতে পারছেনা, আমি অত্যন্ত বিনীতভাবে আবেদন রাখতে চাই যে পশ্চিম বাংলার পরিচ্ছন্ন প্রশাসন রাখতে গেলে রাইটার্স বিল্ডিংস এবং রাইটার্স বিল্ডিংস এর যে সমস্ত ছোট ছোট টুকরো টুকরো বিভাগ পশ্চিম বাংলার দূর দূরান্তে ছড়িয়ে আছে সেই সব জায়গায় যারা জনসাধারণের অর্থে প্রতিপালিত হয় তারা সরকার ও জনসাধারণের বিরুদ্ধে যেভাবে কাজ করে যাচ্ছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা দরকার। পশ্চিম বাংলা সরকার ১০ হাজার গ্রামে বৈদ্যুতিকরণের পরিকল্পনা নিয়েছেন। পশ্চিম বাংলার মানুষ অত্যন্ত আনন্দের সঙ্গে তাকে

সমর্থন করছে। কিন্তু বিভাগীয় মন্ত্রীর কাছে আমি নিবেদন করতে চাই ঐ ১০ হাজার গ্রামে বৈদ্যুতিকরণ সম্ভব হবে না কারণ বৈদ্যুতিকরনের যে ব্যবস্থা আছে তাকে যদি দোষমুক্ত, ক্রটিমুক্ত না করা যায় তাহলে হবে না। ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড এবং এই বোর্ড ও তার আনুসঙ্গিক যে কর্মচারী তারা এখনও পর্যন্ত জনসাধারণের প্রতি যদি তাদের দায়িত্ব সম্বন্ধে সজাগ না হন তা হলে যে ব্যবস্থাই করুন না কেন বৈদ্যুতিকরণে তা সুফল হবে না। ইলেকট্রিফিকেসান সুইচ ইত্যাদি কিছুই যাবে না, সাধারণ মানুষের জীবনে কোন সচেতনতা আসবে না। আমি বিভাগীয় মন্ত্রিমহাশয়কে বলতে চাই যে ১০ হাজার গ্রামে বৈদ্যুতিকরণ করতে হলে বিপ্লবের দৃষ্টিভঙ্গী গ্রহণ করতে হবে।

বিভাগকে এই কথা পরিষ্কার করে বলতে হবে আমরা দায়িত্ব নিয়েছি ও ১০ হাজার গ্রাম অপেক্ষা করে আছে। যদি না পরিষ্কার-পরিচ্ছন্ন প্রশাসন ব্যবস্থা হয় তাহলে ঐ সকল গ্রামে বৈদ্যুতিকরণ করা যাবে না। এবং ঐ বিভাগকে যদি আজ রাহুমুক্ত না করতে পারেন তা হলে কোন জায়গায় বৈদ্যুতিকরণ যাবে না। এবং এই সম্বন্ধে যাঁরা দায়ী তাঁদের সম্বন্ধে বর্তমান সরকার সজাগ আছেন। তাঁরা জানেন দিনের পর দিন মাসের পর মাস ঐ ফরাক্কা বানচাল করে দেবার প্রয়াস হয়েছিল। মন্ত্রিমহাশয় জানেন কত দিন সময় লেগেছে এই ফরাক্কা ব্যারেজ সম্পন্ন করতে। তার বিরুদ্ধে যদি ব্যবস্থা না গ্রহণ করে থাকেন ভবিষ্যতে ব্যবস্থা গ্রহণ করবেন এই আশ্বাস পরিষ্কারভাবে না রাখলে এই রাজ্যপালের ভাষণের উপর উৎফুল্ল হবার কোন অবকাশ আছে বলে আমি মনে করি না। আইনের কথা তিনি বলেছেন, ক্লোজার বন্ধ করবার তিনি চেষ্টা করছেন। বলা আছে ক্লোজার হবার ৬০ দিন আগে জানিয়ে দিতে হবে। এই আইন আমরা পাশ করেছি। তদানীন্তন শ্রমমন্ত্রী আজকে সৌভাগ্যবশতঃ পশ্চিম বাংলার শ্রমমন্ত্রী হয়েছেন। তাকে অত্যন্ত বিনীতভাবে নিবেদন করছি যাদের বিরুদ্ধে এই আইন ঘোষণা করা হয়েছিল তারা কি এই এক বা দেড় বছর এই আইন মেনেছে? এই আইন পাশ হবার পর পশ্চিম বাংলায় কত ক্লোজার হয়েছে? কোন closure-এর নোটিশ কোন কারখানার মালিক সরকারকে ৬০ দিন আগে দিয়েছে কি? আইন হয়েছে ৬০ দিন আগে জানাতে হবে। তারা আজকাল আর closure করে না। তাঁরা বুদ্ধিমান,তাঁদের আইন আছে,তাঁরা জানেন সরকারী আইনকে কিভাবে এড়িয়ে যাওয়া যায়। তাই তারা আজকাল closure করে না, temporary closure করে এবং তারজন্য শ্রমিকদের ফুটপাতে দাঁড়াতে হয় এবং দিনের পর দিন তাদের এজন্য শ্রমদপ্তরের কাছে হত্যে দিতে হয়। আমি পরিষ্কারভাবে বলতে চাই যে আমরা পশ্চিমবাংলার শ্রমিকদের কি আশ্বাস দিয়েছি? আমরা একচেটিয়া পুঁজিবাদের বিরুদ্ধে সংগ্রাম করার শপথ নিয়েছি। সুতরাং এর বিরুদ্ধে সংগ্রাম করতে গেলে আইনের মধ্যে যেসব loophole আছে সেগুলি বন্ধ করতে হবে। একটা কারখানা এইভাবে বন্ধ করলে তার মালিককে হাজতে দিতে হবে এই ব্যবস্থা করতে হবে। তাই বিভাগীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করছি যে আমরা যখন নূতনভাবে কাজ আরম্ভ করছি, সমস্ত দায়-দায়িত্ব নিয়ে আজ একথা বলতে হবে যে আজ পশ্চিমবাংলায় যেসব জঞ্জাল, আবর্জনা আছে তা আমরা দূর করার শপথ নিচ্ছি এবং সেটা আমরা করব। পশ্চিমবাংলার মানুষকে আশ্বাস দেওয়া হোক যে পরিষ্কার-পরিচ্ছন্ন, দোষ-দায়মুক্ত সরকার আমরা এখানে প্রতিষ্ঠা করব। পুলিশ সম্বন্ধে অনেক কথা বলেছেন। পুলিশ সম্বন্ধে আমি এখন কিছু বলতে চাই না—পরে বলব। কিন্তু আপনারা জানেন যে মার্কসবাদী কম্যুনিষ্ট পার্টির হাতে যখন পুলিশ বিভাগ ছিল তখন গোটা পুলিশ বিভাগকে তছনছ করা হয়েছিল। তারা যতখানি infiltration করে সমস্ত তছনছ করে দিয়েছে। আজ স্ক্রিনিং করে এটাকে পরিষ্কার না করলে কিছুই এদের দ্বারা করান

যাবে না। আমি কারুর বিরুদ্ধে কোন কটূক্তি বা মন্তব্য না করে বলতে চাই যে পশ্চিমবাংলায় প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার এই সরকারের কাছে অনেক কিছু প্রত্যাশা করে মানুষ কংগ্রেসকে ২১৬ এবং আমাদের শরীক C.P.I.-কে ৩৫টি আসন দিয়ে এখানে পাঠিয়েছে। কিন্তু এবারের ব্যর্থতা যদি হয় তাহলে তা সারা পশ্চিমবাংলার রাজনীতিকে নিঃশেষ করে দেবে। সুতরাং যারা এত বেশী সংখ্যায় আমাদের এখানে পাঠিয়েছে তাদের কাছে আমাদের বক্তব্য পরিষ্কারভাবে সমর্থন করে বলতে চাই যে আরও পরিষ্কারভাবে তার বক্তব্য রাখা উচিৎ ছিল এবং আমরা তাহলে পশ্চিমবাংলার মানুষকে অনেক বেশী উৎসাহ দিতে পারতাম। আর একটি ছোট কথা বলতে চাই—কোলকাতার ফুটপাতকে মুক্ত করা হয়েছে। যে চৌরঙ্গী বা কোলকাতার অন্য রাস্তা দিয়ে হাঁটা সম্ভব ছিল না এবং যাঁরা হঠাৎ কোলকাতায় আসতেন তাঁদের ধারণা হোত যে ওখানে বোধ হয় ফুটপাত নেই, কিন্তু এখন সেই ফুটপাতকে ফাঁকা করে দেওয়া হয়েছে। এরজন্য বিভাগীয় মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ দিচ্ছি। সাড়ে চার লক্ষ অনুমিত মানুষ কোলকাতায় আছে। এই যারা ফুটপাতের উপর থেকে রুজি-রোজকার করে খেত তাদের বিকল্প ব্যবস্থা কি করেছেন? এক জায়গা থেকে তাদের উৎখাত করলেন কিন্তু তাদের মৃত্যু মুখে ঠেলে দেবেন না। Hawkers corner করে তাদের জন্য রুজি-রোজকারের একটা ব্যবস্থা করুন।

[2-20—2-30 p.m.]

প্রভিডেণ্ট ফাণ্ড এবং ই. এস. আই-য়ের টাকা যে শিল্পপতি জমা দেবে না তাকে গ্রেপ্তার করা এবং মেণ্টেন্যান্স অফ ইনটারনাল সিকিউরিটি অ্যাক্টের আওতার মধ্যে আনা হবে—একথা এখানে বলা হয়েছে। আমি অত্যন্ত বিনীতভাবে বলতে চাই যে মানুষ আজকে কাজ চায়। কোন কোন শিল্পপতি প্রভিডেণ্ড ফাণ্ড এবং ই. এস. আই-য়ের টাকা ফাঁকি দিয়েছে দয়া করে লাইন করে সাধারণ মানুষের সামনে হাটিয়ে দিন, মানুষ ধন্যবাদ দেবে, কৃতজ্ঞতা জানাবে। এই কথা কটি বলে আমি রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন জানাচ্ছি।

শ্রীলক্ষ্মীকান্ত বসু:

স্পীকার, স্যার, রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন এবং সেই ভাষণে যে আশার আলো প্রদান করেছেন তাকে ধন্যবাদ জানাই। বিধানসভার যে নির্বাচন সবে অনুষ্ঠিত হয়ে গিয়েছে তার বিরোধী দল বিধানসভায় আসছেন না। শাস্ত্রে একটা কথা আছে, মৃত ব্যক্তি সমালোচনার উর্দ্ধে। তাই মার্কসবাদী কম্যুনিষ্ট পার্টি সম্পর্কে সমালোচনা না করে দু-একটা কথা নিবেদন করছি। আজকে পরিষ্কার জনসাধারণ যাঁদেরকে পশ্চিমবঙ্গ বিধানসভায় ২০ টি আসনে নির্বাচিত করেছিলেন তাঁরা জনগণের দোহাই দিয়ে থাকেন তাঁরা জনগণের রায়কে উপেক্ষা করে পার্টির সিদ্ধান্ত অনুযায়ী বিধানসভায় অনুপস্থিত থাকছেন। এবার তাঁরা প্রমাণ করলেন জনগণের বক্তব্যই শেষ বক্তব্য নয়, তার উপর তাঁদের পার্টির বক্তব্য এবং সেই বক্তব্যই শেষ বক্তব্য। আজকে সন্ত্রাসের কথা বা নির্বাচনে কারচুপির কথা তুলে যখন মানুষের কাছে সুযোগ-সুবিধা হলো না তখন আজকে সংবাদপত্রে দেখলাম মাননীয় জ্যোতিবাবু ইউরোপ যাচ্ছেন বিভিন্ন দেশের লোককে বুঝিয়ে বলবার জন্য নির্বাচনে কোথায় কত কারচুপি হয়েছে। সেটা বুঝিয়ে বলবার জন্য শুধু কম্যুনিষ্ট দেশগুলোতে যাবেন না, তিনি ক্যাপিটালিষ্ট দেশগুলোতেও যাচ্ছেন। অর্থাৎ আজকে তাঁর দোসর ক্যাপিটালিষ্টরা। পশ্চিমবঙ্গে সিণ্ডিকেট কংগ্রেস আগেই তাঁদের সঙ্গে যোগ দিয়েছে এবং তাঁদের দাবী সমর্থন করে এখানে ভাষণ প্রদান করেছেন। আজকে তাঁদের সঙ্গে জনসঙ্ঘ, স্বতন্ত্র, সিণ্ডিকেট

আর ইউরোপের ক্যাপিটালিষ্ট দেশগুলো আসবে ; এই আশা নিয়ে তিনি যাচ্ছেন। আজকে সন্ত্রাসের কথা বলা হচ্ছে। আমি খুব বিনীতভাবে বলবো শ্রদ্ধেয় প্রফুল্লচন্দ্র সেন মহাশয় নিশ্চয় আসতে পারতেন না সেখানে যদি বলপ্রয়োগ করা যেতো। অতি শান্তিপ্রিয় রাম চ্যাটার্জী মহাশয়ও নিশ্চয় হারতেন না। তিনি নাকি সন্ত্রাসের ভয়ে পরাজিত হয়েছেন। পশ্চিমবাংলার মানুষকে এটা বুঝিয়ে বলবার প্রয়োজন নেই।

সরকার রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে আইন শৃঙ্খলার কথা যা বলেছেন এই সম্পর্কে বলতে গিয়ে বলতে হয় পুলিশী জুলুম কিন্তু কমে নি, পুলিশের জুলুম বেড়ে চলেছে। সরকারকে অনুসন্ধান করতে বলি। গত ১৯৬৭ সাল থেকে দু-দুবার যে রাজ্যপালের শাসন এসেছে সেইসময় থেকে পুলিশ যা যা অত্যাচার করেছে তার একটা নিরপেক্ষ তদন্ত হওয়া দরকার।

আমরা জানি কলকাতা পুলিশের এক একটি থানা অঞ্চলের এক একজন পুলিশ অফিসার আছে যারা এক থেকে দশ ব্যক্তিকে গুলি করে হত্যা করেছে। প্রতিটি ক্ষেত্রে অভিযোগ কিন্তু এক কথা যে আসামীরা পালিয়ে যাচ্ছিল তাই বাধ্য হয়ে গুলি করতে হয়েছে। অভিযোগ একই রকম, ভবানীপুরে আমার এলাকার থানাতে সেখানে একটি ছেলে নিহত হয়। সে নাকি প্রাচীর থেকে পড়ে গিয়ে মারা যায়। প্রাচীরের উচ্চতা মাত্র চার হাত। চার হাতের উপর থেকে পড়ে আসামী মারা গেল এর কোন তদন্ত হলনা। ঐ সময় একজন সার্জেন্ট আসেন, আমাদের মাননীয় মুখ্য-মন্ত্রী অবগত আছেন সে দশ জনের বেশী লোককে গুলি করে হত্যা করেছেন—কি অপরাধ? না আসামী পালিয়ে যায়, তাকে বারবারই গুলি করতে হয়। একথা কি সরকার একবার ভেবে দেখেছেন কেন একই ব্যক্তির হাত থেকে বারবার আসামী পালিয়ে যায় আর তাকে হত্যা করে সেই আসামীকে আটক রাখতে হয়। এর আমূল পরিবর্তন দরকার। স্যার,কলকাতা পুলিশের যে সমস্ত থানা আছে সেইসমস্ত থানা যদি রাত্তিরে পরিদর্শন করা যায় তাহলে দেখা যাবে রাত্রি বারো টার পর সেখানে মদের আড্ডা আর উচ্ছ্বাস ছাড়া আর কিছুই দেখা যায় না। পরিচ্ছন্ন প্রশাসন আনতে গেলে থানা থেকে এইসমস্ত দুর্নীতি দূর করতে হবে। আমি,স্যার,কিছুদিন আগে চোলাই মালসহ টালিগঞ্জ থানার সাব-ইনস্পেক্টরকে থানায় হাতে নাতে তুলে দিয়ে এসেছিলাম কিন্তু অক্ষমতার জন্য আজ পর্যন্ত ঐ অফিসার ইনচার্জকে অপসারণ করা হল না —অপসারণ তো দূরের কথা শুনছি নাকি তাকে রাষ্ট্রপতির পুরস্কার দেওয়ার সুপারিশ করা হচ্ছে। তারপর আজকে আর একটা জিনিষ দেখছি যে অত্যাচার চলছে শ্রমিকদের উপর মালিকপক্ষ থেকে। রাতারাতি মালিক পক্ষ শ্রমিকদের উপর আক্রমণ শুরু করেছে, শ্রমিকদের গণতান্ত্রিক অধিকারকে নষ্ট করতে চলেছে। রাজ্যপালের ভাষণে এটা পরিষ্কার থাকা উচিত ছিল যে মালিকপক্ষের সমর্থনে পুলিশ যাবে না, শ্রমিকদের স্বার্থে গণতান্ত্রিক আন্দোলনে শ্রমিকদের পাশে সব সময় পুলিশ থাকবে। বড়বাজার অঞ্চলে আপনি জানেন, স্যার, লরির আড্ডা, সেখানে মালিকপক্ষ হঠাৎ রাতারাতি লরি চালানো বন্ধ করে দিচ্ছে। শ্রমিক যাঁরা কাজ করতেন লরিতে তারা ঘর পেতেন। রেশন কার্ডে তাদের রেসিডেন্সের ঠিকানা আছে তাদের সেই গো-ডাউন। তাদের মালিকদের দেওয়াই আই-ডেনটিটি কার্ডে ঠিকানা আছে তাদের এ্যাড্রেস লেখা আছে গো-ডাউন মালিকেরা যা দিয়েছে। হঠাৎ কিন্তু দেখা গেল জোড়াবাগান থানার ও, সি, আর জোড়াসাঁকো থানার ও,সি, রাত্রি বেলা জোর করে তাদের গো-ডাউন থেকে বাহিরে তুলে ফেলে দিল। মালিকপক্ষ টেলিফোন করে শ্রমিকদের এইভাবে সরিয়ে দিলো। আজকে রাজ্যপালের ভাষণ অনুযায়ী যদি প্রচ্ছন্ন প্রশাসন আনতে হয় তাহলে এই সমস্ত দুর্নীতির মূলকে সমূলে উৎপাটন করতে হবে। আজকে আমি জানি টালিগঞ্জের শ্রমিকরা গিয়ে দেখে যে কারখানায় তালা ঝুলছে। কালকে তারা সেখানে কাজ করে

এসেছেন। শ্রমিকদের কিছু না জানিয়ে মালিকপক্ষ কারখানা বন্ধ করে দিয়েছে। এর এখনই একটা ব্যবস্থা করতে হবে। কয়েকদিন আগে শ্রমদপ্তরের রাষ্ট্রমন্ত্রী একজন কোলিয়ারী মালিককে গ্রেপ্তারের জন্য অনুমতি চেয়েছিলেন মুখ্যমন্ত্রীর কাছে। জানি না গ্রেপ্তার হয়েছে কিনা? যদি ন্যায় সঙ্গত হয় তাহলে নিশ্চই তাকে গ্রেপ্তার করা উচিত। এইরকম [illegible] দেখবার ব্যবস্থা না থাকলে মালিকপক্ষকে সংস্কুচিত না করতে পারলে আমরা [illegible] নিয়ে [illegible] নিয়ে সাধারণ মানুষের কাছে অঙ্গীকার করে প্রতিশ্রুতি দিয়ে পশ্চিমবাংলার [illegible] এসেছি সেই অঙ্গীকারকে সেই প্রতিশ্রুতিকে ফলবতী করতে পারব না। সাধারণ মানুষের আশা-আকাঙ্খা পূর্ণ করতে পারব না। সবশেষে আমি রাজ্যপালের ভাষণকে স্বাগত জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2-30—2-40 p.m.]

ডাঃ শান্তিকুমার দাশগুপ্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমেই আমি রাজ্যপালের ভাষণকে স্বাগত জানাচ্ছি এবং এখানে তার উপর [illegible] এসেছে তাকে আমি সমর্থন জানাচ্ছি। এটা একটি দিকনির্ণয় যন্ত্র হিসাবে [illegible] দিকনির্ণয় যন্ত্র সুন্দর হলেও যারা নাবিক তারাই জাহাজকে লক্ষ্যস্থলে পৌঁছে দেবে এবং [illegible] সুদক্ষ নাবিক হতে হয় তাহলে সেই দিকনির্ণয় যন্ত্র কোথায় কিভাবে [illegible] জানতে হবে। আমি বিশ্বাস করি এখানে যে মাননীয় সদস্যগণ [illegible] আলোচনা করতে যাচ্ছেন তাঁরা সবাই সুদক্ষতা সত্ত্বেও আমার মত [illegible] নিয়ে [illegible] কথা তাঁদের সামনে নিবেদন করবে এটা খুবই স্বাভাবিক। [illegible] পশ্চিমবাংলার কয়েকটি জায়গার কথা উল্লেখ করেছেন এবং আমি সেখান থেকে [illegible] কথাও বলেছেন। সেখানে বারবার বন্যা হচ্ছে এবং [illegible] ৩১.৫১ কোটি টাকা [illegible] বাবদ খরচ হয়েছে। নিশ্চয়ই যখন ভয়ঙ্কর বন্যা হবে তখন [illegible] আছে কিন্তু এটা কি একবারও কল্পনা করা যায় যে আমি ঘরের চালের উপর [illegible] এবং [illegible] দিয়ে জল চলে যাচ্ছে, সাপ খোপের সঙ্গে বাস করছে [illegible] পর ৩১.৫১ কোটি টাকা আমরা পাবো। মাস খানেক [illegible]। এই জিনিস সমূলে উৎপাটিত করতে হবে। এবং [illegible] হাওড়ায় বন্যা হবে, বর্ধমানে বন্যা হবে আর ত্রাণে টাকা খরচ করবেন। [illegible] দুঃখ দূর করা যায় সেটাই আমি বিভিন্ন [illegible]। রাজ্যপাল তাঁর ভাষণে সি. এম. ডি এ. উন্নয়নের কথা বলেছেন। [illegible] আমরা দেখতে পাচ্ছি—অন্ততঃ হাওড়ায় দেখতে পাচ্ছি ১৯০৪ সালে [illegible] অবস্থা তখন যা ছিল, মানুষ যে ভাবে থাকতো, ঘরের মাথার [illegible] ঠিক সেই ভাবেই তারা আজো জীবন কাটাচ্ছে। উন্নয়ন [illegible] রাস্তা হয়েছে, নর্দমার ব্যবস্থা হয়েছে—কলকাতায় আলো [illegible] দেখা যায়। কিছু স্যানিটারি প্রিভির ব্যবস্থা হয়েছে, আমি জানি না [illegible], আমার বন্ধুরা এখানে বলেছেন যে এই সব আমলাতন্ত্র [illegible]। [illegible] আমলাতন্ত্র না চালালে এইরকম অবস্থা হতে পারে না। আমরা [illegible] হাওড়া [illegible] অভাব আছে, সেখানে ৬ হাজার লোকের জন্য ছয়টি টিউবওয়েলও আছে কিনা সন্দেহ। যেখানে এইরকম জলের অভাব সেখানে স্যানিটারি প্রিভির যে কি ভয়ানক অবস্থা হবে [illegible] মহাশয়ের সামনে উপস্থিত করতে চাই। রাজ্যপালের ভাষণে যে বস্তি উন্নয়নের কথা আছে তা যখন কর্মক্ষেত্রে প্রয়োগ করা হবে তখন যেন সেদিকে বিশেষ দৃষ্টি দেওয়া হয়। এখানে

দ্বিতীয় হুগলী সেতুর কথা রয়েছে। এই সেতুর, এই সম্বন্ধে একটি কথা আমি তুলে ধরতে চাই। আমি সেই এলাকার এবং সেখানকার বহু লোকের সঙ্গে কথা বলেছি, এই দ্বিতীয় সেতুর আর একটি প্ল্যান ছিল এবং বড় বড় ইঞ্জিনীয়াররা এই প্ল্যান করেছিলেন এবং রোডস্ এর সবচেয়ে বড় ইঞ্জিনীয়ার একথা স্বীকার করেছেন যে আজকে যেখানে প্রায় দেড় হাজার মধ্যবিত্ত ও নিম্ন মধ্যবিত্ত উচ্ছেদ হয়ে যাবে সেই প্ল্যানে তা হ'ত না কিন্তু আমলাতন্ত্র এদিকে নজর দেয় নি। আমাদের মন্ত্রিমহোদয়গণ নিশ্চয়ই এই দিকে নজর দেবেন।

মধ্যবিত্ত এবং নিম্ন মধ্যবিত্তদের বাঁচাবার সুযোগ পাওয়া যায় এবং তাতে যদি দ্বিতীয় পরিকল্পনা গ্রহণ করতে পনের দিন দেরীও হয়, তাতে খুব বেশী অন্যায় হবেনা।

আর একটা জিনিষ আমাদের খুব ভাল করে বিবেচনা করা দরকার। আমরা বারবার শুনছি, রাজ্যপালের ভাষণেও আছে ভূমি সংস্কারের কথা। এই ভূমি সংস্কার বলতে কি বুঝায় তা খুব স্পষ্ট নয়। একটা ফিরিস্তিও দেওয়া হয়েছে, কিন্তু যে জমি সাকারে বর্তাল সেই জমি ভূমিহীন চাষীদের মধ্যে বন্টন করে দিলেই ভূমি সংস্কার হবে কি? যাদের সম্পত্তি-চেতনা ছিল না, তাদের সম্পত্তি-চেতনা এনে দিয়ে দশ বিঘা জমি ভাগ করে দিলে, পরবর্তীকালে সেই জমি তার পুত্রদের মধ্যে ভাগ করে দিলে সেটা আর ইকনমিক হোল্ডিং থাকবে না। আমি বলি যদি আমাদের সত্যিকার ভূমি সংস্কার করতে হয় তাহলে হয় আমাদের গান্ধীজীর পদ্ধতিতে চলতে হবে, আমাদের চলে যেতে হবে গ্রামে, গ্রামকে স্বয়ংসম্পূর্ণ করতে হবে অথবা বৈজ্ঞানিক সমাজতন্ত্রের পথে আমাদের চলতে হবে, আমাদের ষ্টেট ফার্মিং,কালেকটিভ ফার্মিং, করতে হবে এবং তার সংগে সংগে এগ্রো ইণ্ডাষ্ট্রীজ তৈরী করতে হবে, ছোট ছোট কুটির শিল্প তৈরী করতে হবে। সুতরাং ভূমিসংস্কার বলতে কি বুঝেন, কিভাবে ভাবছেন, বুঝিনা। রাজ্যপালের ভাষণে যেটা পাওয়া গেছে সেটাকে দিকনির্ণয় যন্ত্র হিসাবে চিন্তা রেখে যেন সেদিকে দৃষ্টি দেন। আমি আরও দুই একটি কথা পেয়েছি রাজ্যপালের ভাষণে, শিক্ষা বোর্ডের কথা পেয়েছি, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি বরাদ্দ কমিটি গঠনের কথা পেয়েছি। এগুলি খুব আনন্দের সঙ্গে গ্রহণযোগ্য। শেষ কথা— রাজ্যপাল বলেছেন যাতে বাংলা ভাষায় সব কিছু হয়, বাংলা ভাষার উন্নতির দিকে, প্রসারের দিকে নিশ্চয়ই তাঁরা নজর দেবেন, আমি প্রথমেই মন্ত্রিমণ্ডলীকে অনুরোধ করবো, তাঁদের সমস্ত বিভাগীয় কাজ যেন বাংলা ভাষার মাধ্যমে করেন। শিক্ষা বিভাগের একটা কাজ হচ্ছে বাংলা অনুবাদ করার ব্যবস্থা করা। কেন্দ্র এই জন্য এক কোটি টাকা দিয়েছিলেন। সত্যপ্রিয় বাবু আট মাস ধরে মাত্র ৪০ হাজার টাকা খরচ করতে পেরেছিলেন,তার বেশীরভাগটাই ব্যয় হয়েছে প্রশাসনবাবদ, একটা বইও অনুবাদ হয়নি, অবশ্য কিছুদিন আগে একটা বই অনুবাদ করা হয়েছে, কিন্তু এই অনুবাদের কাজ তেমন কিছু হচ্ছে না। বই অনুবাদের কাজ ঠিকমত হলে বি.এ, বি.এসসি, এম.এ, এম-এসসি এবং ডাক্তারী এবং ইঞ্জিনিয়ারিং-এর ছাত্ররা খুবই উপকৃত হবে। আমি মন্ত্রি-মহাশয়কে সেদিকে দৃষ্টি দেবার জন্য অনুরোধ জানাই। এই কথা বলে আমি রাজ্যপালের ভাষণকে স্বাগত জানাচ্ছি এবং সেই ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅজিতকুমার বসু: স্পীকার মহাশয়, আমি রাজ্যপালের ভাষণকে সমর্থন করে, সেই ভাষণের মধ্যে মোটামুটিভাবে যে কয়টি কথা নাই, যেগুলি থাকা উচিত ছিল, সে সম্বন্ধে দু' একটি কথা বলতে চাই। ভূমি সংস্কারের কথা বলা হয়েছে। কিন্তু এই ভূমি সংস্কার আইন, ভূমি দখল আইন অনেককাল আগে প্রায় পনের বছর আগে পাশ হয়েছে। কিন্তু তাহলেও আমাদের দেশে বহু লোক সিলিং-এর বাইরে হাজার হাজার বিঘা জমি দখল করে আসছে, এটা

জলের মত সত্য কথা। গত বছর ভূমি দখল আইন করা হয়েছে, অর্থাৎ সিলিং-এর পরিমাণ কমিয়ে দেওয়া হয়েছে, কিন্তু সেই আইন কার্যকরী করবার জন্য সামান্যতম চেষ্টাও হয়নি। যে সর্বদলীয় কমিটি কাজ করতে পারত, রাজ্যপালের শাসন আরম্ভ হওয়ার পর কিছুকাল মধ্যেই সেই কমিটি ভেঙে দিয়েছেন এবং আমলাতন্ত্রের উপর সেই ভার দেওয়া হয়েছিল। কিন্তু চাষের জমি কে পেল কি পেল না সে বিষয়ে তাদের কোন দায়িত্বই নাই। যারা কাগজে কলমে কাজ করে, সেই জে.এল. আর.ও. থেকে আরম্ভ করে এ.ডি.এম পর্যন্ত কোন জমিই তারা বার করতে পারছে না।

[2-40 - 2-50 p.m.]

এইজন্য আমরা বারবার বলছি, দীর্ঘদিন ধরে বলছি যে দেশে একটা মোটামুটি রেকর্ড অব রাইট নূতন করে তৈরী করা হোক। পরিবারভিত্তিক সিলিং-এর জমি ভাগ করার সম্বন্ধে বিশেষ কোন চেষ্টা সরকার করছেন না। সম্প্রতি আমরা শুনতে পেলাম সেটেলমেন্ট অপারেসনের জন্য ৫০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে এবং সেই ৫০ লক্ষ টাকা খরচ করে দুই-তিনটি জেলায় সেটেলমেন্ট অপারেসন চালান হবে। এসব ছেলেখেলা করা হবে এবং তার ফলে আমাদের আশঙ্কা হয় যে আইন পাশ হচ্ছে সেই আইন কার্যকরী করা হবে না। যে অবস্থা গত ১৫ বছর ধরে চলেছে সেই অবস্থা গতবার সিলিং আইন পাশ হবার পরেও চলেছে। তার ফলে কি হয়েছে? এর ফলে আমাদের দেশে সামন্তবাদীরা তাদের হাতে হাজার হাজার বিঘা জমি রাখতে পারবে সেই ব্যবস্থা কায়েম হচ্ছে বলে আশঙ্কা হচ্ছে। এইজন্য আমি দাবী করছি একটা সর্বদলীয় কমিটি করা দরকার। সর্বদলীয় কমিটি করলেই ভাল হয় এবং এই সর্বদলীয় কমিটি করে তাদের হাতে স্ট্যাটুটারি ক্ষমতা দিয়ে মোটামুটি আমাদের দেশে ভূমিবণ্টন ব্যবস্থা করা দরকার। শুধু তাই নয়, এই ব্যাপারে একটা টাইম-ফেজ প্রোগ্রাম করা দরকার অর্থাৎ তিন মাসের মধ্যে করা হবে এ-রকম ব্যবস্থা থাকা দরকার এবং একথা রাজ্যপালের ভাষণে থাকা উচিত ছিল। তারপর, ভূমি সংস্কার আইনের মধ্যে এমন বহু জায়গা রয়েছে যেখানে হাত দেওয়া হয়নি বলে আমরা মনে করছি—যেমন মেছোঘেরী। হাজার হাজার বিঘা জমিতে এক সময় জমির মালিকরা নোনা জল তুলে ফিসারী তৈরী করেছে এবং দাবী করছে এখানে মাছ ধরবার ব্যাপার, এটা ধানের জমি নয়। মূলতঃ সেখানে ধান হয় এবং সেটা চাষীরা পর্চার মাধ্যমে দেখিয়ে দিয়েছে। এই যে মেছোঘেরীর নামে হাজার হাজার বিঘা জমি আমাদের দেশে রেখে দেওয়া হয়েছে, ট্যাঙ্ক ফিসারীর নামে হাজার হাজার বিঘা জমি রেখে দেওয়া হচ্ছে এগুলির অবসান হওয়া দরকার এবং তাকে সিলিং-এর আওতায় আনা দরকার। বিভিন্ন দিক থেকে, জমি সংগ্রহের দিক থেকে এটা যে অত্যাবশ্যকীয় সেটা সরকারের মনে করা উচিত। আমরা সমাজতান্ত্রিক বিপ্লবের পথে যাচ্ছি, ল্যাণ্ড ন্যাসনালাইজেসন ইত্যাদির কথা ডাঃ, দাশগুপ্ত বললেন। আমরা গণতান্ত্রিক বিপ্লবের স্তরে আছি এবং তার মূল শ্লোগান হোল ল্যাণ্ড টু দি টিলার। আগে বৃটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই করবার সময় কংগ্রেসের দাবী ছিল লাঙ্গল যার জমি তার। আজকেও সেই আওয়াজ নিয়ে চলা হচ্ছে এবং আমরা মনে করি জনসাধারণের কাছে, ভূমিহীনদের কাছে যতখানি পারি বেশী জমি দেওয়া দরকার। আজকেও সামন্তবাদীরা মেছোঘেরী, ট্যাঙ্ক ফিসারী ইত্যাদির নামে যে হাজার হাজার বিঘা জমি দখল করে আছে এই সমস্ত লুপহোল বুজিয়ে দিয়ে একটা টাইম-ফেজ প্রোগ্রাম করে অর্থাৎ তিন মাসের মধ্যে এই আইন কার্যকরী করতে হবে এই ধরনের কথা রাজ্যপালের ভাষণে থাকা উচিত ছিল। পশ্চিমবাংলার ভূমিহীনদের জমির ক্ষুধা যদি আমরা দূর করতে না পারি তাহলে আগামী দিনে তারা জোর করে তাদের দাবী আদায় করে নেবে। কাজেই আমি সরকারের কাছে দাবী করছি অত্যন্ত তাড়াতাড়ি করে এই সমস্ত ব্যবস্থা করুন।

ভূমি সংস্কার আইন পাশ হয়েছে, কিন্তু খাজনার ব্যাপারটা কি ? ৯ বিঘা জমি পর্য্যন্ত খাজনা ছাড়—চাষীরা এই কথা শুনে আসছে কিন্তু আজও আদায় হয়ে যাচ্ছে। যে সরকার কিছুদিন আগে রাজত্ব করতেন, ধরুন রাজ্যপাল সেও তো একটা সরকার, কিন্তু তাঁরও কোন মাথাব্যথা নেই। আইন পাশ হয়ে বসে আছে এবং তহশীলদাররা দিব্যি আদায় করে যাচ্ছে। জে. এল. আর. ওকে বললে তারা বলে, আমরা কি করবো। এ. ডি. এম. .ক বললে তিনি বলেন আমি কি করবো। বোর্ড অব রেভিন্যু মেমবার্স, তাঁরাও কিছু করতে পারবেন না এবং আমাদের খান মহাশয় তিনি কি করবেন জানি না। তবে আমরা মোটামুটিভাবে দাবি করছি ইমিডিয়েটলি তিন মাসের প্রোগ্রাম নিয়ে যে আইন তৈরী করা হয়েছে খাজনা ছাড়ের ব্যাপারে, সেই আইনকে কার্য্যকরী করতে না পারলে, এই সমস্ত আইন প্রহসনে পরিণত হবে এবং সমস্ত মানুষ সরকারের উপর আস্থা হারাবে। এরপর যে কথা বলতে চাই, ভাগচাষীদের সম্বন্ধে সুন্দর আইন তৈরী করা হয়েছে, ২৫ ভাগ সে জমির মালিককে দেবে এবং শতকরা ৭৫ ভাগ সে পাবে। আমি মন্ত্রি সভাকে জিজ্ঞাসা করছি তাঁরা একটা কেসও কি জানেন যেখানে ভাগচাষী ৭৫ ভাগ ফসল ঘরে তুলতে পেরেছে ? একটা কেসও তাঁরা বলতে পারবেন না। কারণটা হচ্ছে ভাগচাষী আজকে সাহস করে না, কেন না বেশীর ভাগই ভাগচাষী রেকর্ডভুক্ত নয়। দ্বিতীয় কথা হচ্ছে মালিক যদি তাকে জোর করে জমি থেকে ছাড়িয়ে দেয় —পুলিশ সর্বস্তরে জোতদারদের সাহায্য করছে। সরকারও জানেন যে বহু অভিযোগ তাঁদের কাছে আছে, আজ তাঁরা মন্ত্রী হয়ে এখানে রয়েছেন, কিন্তু তাঁরা যখন মন্ত্রী ছিলেন না, কংগ্রেসের নেতা ছিলেন, তাঁদের নিজেদের জেলার বহু ব্যাপার আমরা তাঁদের কাছে নিয়ে গেছি আজ তাঁরা মন্ত্রী হয়ে এসেছেন কি করতে পারেন, তাঁরা বলুন, ভাগচাষীদের তাঁরা রক্ষা করতে পারবেন কি ? পুলিশ এবং জোতদারদের এ্যাকসেশে আজকে ভাগচাষীদের সর্বস্তরে উচ্ছেদ করা হচ্ছে, তাঁদের নিজেদের বোনা ফসল, সেই ফসল থেকে তাঁদের বঞ্চিত করে সমস্ত জোতদারদের ঘরে নিয়ে যাচ্ছে, এর জন্য কি প্রোটেক্শন আছে ? কোন প্রোটেকশন নেই। একবার আইনের কল্যাণে সেই ব্যবস্থা হয় যে থানাগুলো ভাগচাষীদের প্রোটেকশন দেবে, কিন্তু প্রোটেকশন তারা দিতে পারেনি। এখানে ওখানে স্পোরাডিক ভাবে একটু আধটু প্রোটেক্শন—যেখানে আমরা ভাল থানা পেয়েছি, সেখানে দিতে পেরেছি, কিন্তু বেশীর ভাগ ক্ষেত্রে আমরা পারিনি। আমি মালদহ জেলার কথা বলছি, আমি দিনাজপুর এবং উত্তরবাংলার বিভিন্ন জেলার কথা বলছি, সব জায়গায়ই এক অবস্থা চলছে। ভাগচাষীকে রক্ষা করার কোন ব্যবস্থা নেই। অথচ আইনে আছে যে পুকুরে কমে ভাগচাষী ভাগচাষ করে যাবে। চমৎকার আইন এবং তার উপরও জোতদারদের চক্রান্ত, দেওয়ানি কোর্টে অনবরত মামলা হচ্ছে, পরচা নিয়ে কোর্টে গিয়ে তারা বলছে, হুজুর আমি অমুক লোক—সে মিথ্যা দাবি করছে যে আমার জমিতে ফসল তৈরী করছি, কিন্তু আসলে সে তৈরী করেনি, আমি জমির মালিক, এর ফলে কি হচ্ছে ? এর ফলে দুটো লোক এ্যাফিডেবিট করে কোর্টে সাক্ষী দিচ্ছে এবং সঙ্গে সঙ্গে পুলিশের কাছে কোর্ট থেকে নির্দেশ আসছে যে ঐ ফসল তোমরা দেখ এবং পুলিশ জোর করে ফসল তুলে জোতদারদের ঘরে দিয়ে আসছে। আমি মন্ত্রিমহাশয়কে একটা কথা বলতে চাই যে সামাজিক সুবিচার করার জন্য আইনগুলো তৈরী করা হয়েছে সেই সামাজিক সুবিচারের ইমপ্লিমেনটেশনের ক্ষেত্রে যদি বছরের পর বছর উপেক্ষা করে যাওয়া হয় তাহলে তার ফল নিশ্চয়ই ভাল হয়না। ল্যাণ্ড টেনশন—এতে যদি ন্যায়সঙ্গত পথে এর মীমাংসা করতে পারি, সুসামঞ্জস্য বিধান না করতে পারি তাহলে আজ যেমন নকশালদের দমন করা হয়েছে—আজ হয়তো সি. পি. এম. অত্যন্ত গরীবভাবে দেশে ফসল আন্দোলন চালাতে গিয়ে মানুষ ক্ষেপিয়েছে, কিন্তু মোটামুটি এই মানুষ

আমরা দেখেছি ভাগচাষীরা সেই ১৯৪৫ সাল থেকে বারে বারে মাথা তুলে দাঁড়িয়েছে এবং বারে বারে তারা আঘাত খাচ্ছে, পেছু হটে যাচ্ছে, আবার মাথা তুলে দাঁড়াচ্ছে, কাজেই এই মানুষ আবার মাথা তুলে দাঁড়াবে। কাজেই এই রকম একটা ক্ষেত্রে যে আইন করা হয়েছে—তাকে আইনের হাত থেকে প্রোটেকশন দিতে হবে। তাদের জোতদার এবং পুলিশের ষড়যন্ত্রের হাত থেকে প্রোটেকশন দিতে হবে। তার জন্য বিভিন্ন জায়গায় ল্যাণ্ড কমিটি করতে হবে, তাকে ষ্ট্যাটুটারী ক্ষমতা দিতে হবে এবং তারা যে সামাজিক বিচার করে দেবেন, তারা যে সামাজিক ন্যায়বিচার করে দেবেন তার ভিত্তিতে এই সমস্ত জিনিস পরিচালনা করতে হবে। জমির কথা আমরা ভাবি, হাইকোর্টের ইনজাংশন বা দেওয়ানী কোর্টের ইনজাংশনের ফলে সরকারের হাতে অনেক জমি আসেনি। এই বিষয়ে তাঁরা কি কিছু ভাবছেন, অথচ যে সমস্ত মানুষ সেই সমস্ত ভেষ্টেড ল্যাণ্ডের উপর গিয়ে দাঁড়াচ্ছে মানুষ যখন সেই জমিতে ফসল তৈরী করছে, সেই ফসল তারা নিজেদের ঘরে নিয়ে যেতে পারছে না। সরকারের ভেষ্টেড, হাইকোর্টের ইনজাংশন এর ফলে সরকার সেখানে দখল নিতে পারেন নি, মানুষ সেই জমি দখল নিয়েছে, মানুষ সেখানে ফসল তৈরী করেছে।

[2-50—3-00 p.m.]

মানুষ সরকারের কাছ থেকে আশা করেছে যে সরকার তাদের সাহায্যে এগিয়ে আসবেন। কিন্তু কার্য্যত, এবার দেখা যাচ্ছে সরকার জমিদারদের পক্ষে সাহায্য করছেন। আমি আশা করবো আজকে সরকার ঐ দৃষ্টিভঙ্গী বদলাবেন।

আমি প্রসঙ্গতঃ আর একটা কথা এখানে উল্লেখ করবো। হাজার হাজার লোক যে জমির আন্দোলন করেছে এক মেদিনীপুরেই এর জন্য পনেরশো কেসে বহু লোক implicated মালদহে এই রকম, দিনাজপুর জেলার সর্বত্র এই রকম হয়েছে। সরকার সিদ্ধান্ত করেছেন এই সমস্ত মামলা প্রত্যাহার করে নেবেন। কিন্তু দুঃখের কথা এখনো সেই সমস্ত মামলা ঝুলে রয়েছে। ডেমোক্রেটিক কোয়ালিশনের মুখমন্ত্রী অজয়বাবুর সময় সার্কুলার দেওয়া হয়েছে। কিন্তু আজও তা কার্য্যকরী করা হয় নাই। আমরা বিভিন্ন জায়গায় পুলিশ সুপারের সঙ্গে দেখা সাক্ষাৎ করেছি এই সম্পর্কে, কিন্তু কোন কিছুই তাঁরা করেন নাই। এই সমস্ত মামলা যদি অবিলম্বে প্রত্যাহার করা না হয়। সর্বনিম্ন যেটা মানুষ মোটামুটি আশা করেন, তাহলে আমরা কিসের জন্য এখানে আছি? আমি আশা করি সরকার তাড়াতাড়ি এই সমস্ত মামলা প্রত্যাহার করে নেবেন। কাগজে দেখিছি এই সম্পর্কে কথাবার্তা চলছে। গতবারে সরকার এই আইনে যে নির্দেশ দিয়ে গিয়েছিলেন, তা কার্য্যকরী করুন। মানুষের জীবনধারণের মান উন্নয়নের জন্য সরকার যে প্রতিশ্রুতি দিয়েছেন আমরা যেন তা আংশিকভাবে অন্ততঃ পূরণ করতে পারি।

পশ্চিমবাংলায় ক্ষেত মজুর একটা অদ্ভুত ব্যাপার। চাষীর সংখ্যা দিন দিন কমে যাচ্ছে আর অন্য দিকে ক্ষেতমজুরের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। আগে যেখানে জনসংখ্যার পনের ভাগ ছিল ক্ষেত মজুর, সেখানে আজ সেটা বেড়ে দাঁড়িয়েছে জনসংখ্যার পঁচিশ ভাগ ক্ষেতমজুর। তাদের জীবনের মান যে শোচনীয়ভাবে নিম্নস্তরের তা গ্রামাঞ্চলে গেলে প্রত্যক্ষ করা যায়। বছরে তিন মাস থেকে নয় মাস তাদের কোন কাজ থাকে না। সেই সময় কিভাবে যে তাদের সংসার চলে - তা বোঝা কঠিন। না খেয়ে, বা একবেলা সামান্য খেয়ে, মোটামুটি অ-খাদ্য কু-খাদ্য খেয়ে তাদের জীবন যাপন করতে হয়। তাদের হাতে যে জমি এনে দেবার কথা তা আমরা এনে দিতে পরছি

না। এই ক্ষেতমজুরদের বড় অংশের ভূমিহীনতা দূর করতে হবে। যদি আমরা করতে না পারি, তাহলে তাদের জীবনের মান উন্নত করা যাবে না। এই সত্যকে স্বীকার করে নিয়ে—আমাদের অল্প দিনের মধ্যে মোটামুটি তাদের ভূমিহীনতা দূর করে জীবনযাত্রার মান উন্নত করতে হবে।

তারপরে যে সবুজ বিপ্লবের কথা বলা হচ্ছে, তাতে বলা যায় আমাদের পশ্চিমবাংলার ধান চাষের ক্ষেত্রে বিশেষ কিছু অগ্রগতি হয়নি। ইউ-পি ইত্যাদি জায়গায় যা হয়েছে আমাদের এখানে সেটুকু হতে অনেক দেরী হবে। আজকের টেকনোলজি ও বিজ্ঞানের যন্ত্রপাতি যা আমাদের এখানে ব্যবহার করা হচ্ছে তা শুধু ধনী চাষীরা করতে পারছেন। কিন্তু সংখ্যাগরিষ্ঠ গরীব চাষীরা সে সব ব্যবহার করতে পারছে না। তারফলে haves and have nots-দের মধ্যে একটা class tenion grow করছে। গ্রামাঞ্চলে যারা বঞ্চিত জমির দিক থেকে আইনের মাধ্যমে কিছু কিছু প্রতিবিধান করা হচ্ছে। জমির দিক থেকে, টেকনোলজির দিক থেকে ভাগ চাষী, কৃষক,বিশেষ করে ক্ষেতমজুর যারা—তাদের জীবন যাত্রার মানোন্নয়নের জন্য আমি সরকারের কাছে আবেদন জানাচ্ছি এবং গভর্ণরের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এখানে এসেছে তাকে আমি সমর্থন করছি।

শ্রীসত্যরঞ্জন বাপুলী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণকে আমি সম্পূর্ণ সমর্থন জানাচ্ছি। কিন্তু এই রাজ্যপালের ভাষণ প্রথম থেকে শেষ পর্যন্ত আমি পড়ে দেখলাম যে, রাজ্যপালের ভাষণে সুন্দরবন এলাকার কথা না রেখে এই এলাকার উপর একটা বিমাতৃসুলভ ভাব দেখান হয়েছে। আজকে আমাদের মনে রাখতে হবে যে কলিকাতা এবং শহরতলি নিয়ে সারা পশ্চিমবঙ্গ নয়। গ্রামবাংলা সুন্দরবনও কিন্তু আজকে রাজ্যপালের ভাষণে এই এলাকার কোন পরিকল্পনা কোন উন্নতির কথা একটিও নাই। তারজন্য আমরা অত্যন্ত বেদানাহত। জানি না রাজ্যপালের উপদেষ্টাদের এই সুন্দরবন সম্বন্ধে কোন আইডিয়া আছে কি না। সুন্দরবন বলে একটা জায়গা আছে কি না বা তাঁর আমলাতন্ত্র তাঁকে বুঝিয়ে দিয়েছে কি না। আমি রাজ্যপালের ভাষণে অবাক হয়ে গিয়েছি সেখানে ২৪-পরগণাকে অনুন্নত জেলা থেকে বাদ দেওয়া হয়েছে দেখে। কিন্তু জানি না ২৪-পরগণার কোথাও উন্নত এলাকা আছে কি না। ডায়মণ্ডহারবার এলাকা সেখানে কোন শিল্প নেই, কল-কারখানা নেই একমাত্র চাষের উপর নির্ভর করে এখানকার লোক জীবিকা নির্বাহ করে। এবং ডায়মণ্ডহারবার টাউন, মথুরাপুর, পাথর প্রতিমা এইসব জায়গা সুন্দরবন এলাকার মধ্যে পড়ে। পাথরপ্রতিমা যেখান থেকে আমি দাঁড়িয়েছি সেখানে হাজার হাজার বিঘা আছে শুধু রির্জাভ ফরেষ্ট। এই সমস্ত অবহেলিত জায়গার উন্নতির কোন পরিচয় আজকে রাজ্যপালের ভাষণের মধ্যে নাই। তাই আমি আপনার মাধ্যমে বিভাগীয় প্রধানকে অনুরোধ জানাচ্ছি যে এই এলাকার উন্নতির জন্য এই বিষয় গভর্ণমেণ্ট যেন চিন্তা করেন। দর্শকদের গ্যালারীর জন্য আমাদের কার্ড দেওয়া হয়েছে কিন্তু আমরা আজকে দেখছি যে প্রায় অধিকাংশ গ্যালারি শূন্য। জনসাধারণের প্রতিনিধি আমরা তাই যাতে জনসাধারণ এখানে এসে আমাদের বক্তব্য শুনতে পান, ভিজিটর গ্যালারী যাতে পরিপূর্ণ হয়ে যায় তার ব্যবস্থা করলে আমরা আনন্দিত হব।

রাজ্যপালের ভাষণের উপর আমি আরও কয়েকটি কথা বলব, সেটা হচ্ছে যে রাজ্যপালের ভাষণের ১১ দফায় যা বলা হয়েছে সেটা আমি ২৪-পরগণার ক্ষেত্রেও প্রযোজ্য করার জন্য সংশোধনী হিসাবে রাখছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়ের কাছে যে ডায়মণ্ডহারবার মহকুমাকে শিল্পে অনুন্নত এলাকা বলে যেন গণ্য করা হয় এবং তার উন্নতির চেষ্টা করা হয়। আজকে ১৭নং প্যারাগ্রাফে গরিবী হটাও-এর কথা বলা হয়েছে কিন্তু সুন্দরবন এলাকায় কোন কথা বলা হয় নাই। এমন কি

সুন্দরবনের বিষয় আমরা চিন্তা করব এই কথাও বলা হয় নাই। সবচেয়ে দুঃখের বিষয় রাজ্যপালের ভাষণে আমাদের মহান নেত্রী ইন্দিরা গান্ধী যে ঘোষণা করেছেন তার একটু পরিচয়ও নাই। আমাদের প্রধানমন্ত্রী উল্লেখ করেন সুন্দরবনের কথা তাঁর বক্তৃতায় কিন্তু রাজ্যপালের ভাষণে তার একটি কথাও নাই।

[3-00—3-20 p.m. including adjournment.]

আজকে তাই এখানে বলবো যে ১৭নং প্যারাগ্রাফ-এ বলা হয়েছে যে ভূমিহীনদের কথা। ভূমিহীনদের যে সমস্ত জমি দেওয়া হয়েছে আমি আইন ব্যবসায়ী হিসাবে বলতে পারি যে সেখানে হাইকোর্ট থেকে ম্যাণ্ডেমাস দেওয়া হয়েছে—২২৬-এ হাইকোর্ট থেকে রুলিশ নোটিশ দেওয়া হয়েছে ইনজাংসন জারী হয়েছে। রাজ্যপালের ভাষণের ২৫ দফায় আছে রাস্তা এবং জলসরবরাহের ব্যবস্থা করা হবে। আমি যেখান থেকে এসেছি পাথরপ্রতিমা এলাকার রাস্তা সম্বন্ধে কিছু এখানে দেখতে পাইনি। আজকে সহরাঞ্চলে যে সমস্ত রাস্তা হয় সেগুলি হচ্ছে রোড স্কীমে আর গ্রামে যে সমস্ত রাস্তার কথা রয়েছে সেগুলি ক্রাস স্কীমে রাস্তার কথা বলা হয়েছে। যেখানে ভূমিহীনদের জমি দেওয়া দরকার তার ব্যবস্থার কথা হচ্ছে সেখানে তাদের বিনা পয়সায় জমি দিতে হবে আর সহরাঞ্চলে রাস্তা হবে রোডস্কীমে—সরকার ল্যাণ্ড একুইজিসন করবে টাকা দিয়ে তারপর সেখানে রাস্তা তৈরী হবে। গ্রামাঞ্চলে রাস্তা হচ্ছে যেখানে লোকের ভূমি কম এবং ভূমিই যাদের একমাত্র উপজীবিকা ক্রাস স্কীমে—লোকে ভূমিদান করলে তবে সেখানে মাটি পড়বে। সেখানে ৩০০ একর ভূমি দান করতে হবে। ভূমিহীনরা যে জমি পেয়েছে তার ৭৫ ভাগ জায়গা দিয়ে রাস্তা হবে—এগুলি দান করলে তবে রাস্তা হবে। এখান থেকে রায়দীঘি ৫৫মাইল—এই ৫৫ মাইলের পর এক ইঞ্চিও পীচের রাস্তা নাই। সেখানে রাস্তা বলতে কিছুনাই। অথচ সেই রাস্তা হচ্ছে ক্রাস স্কীমে—দুঃখের কথা। আপনারা গ্রামবাংলার উন্নতির কথা চিন্তা করছেন, গ্রামবাংলার উন্নতি না হলে কলকাতার এই বড় বড় বাড়ী-গাড়ী সেখানে তারা সবাই এসে পড়বে। কলকাতার লোকের উন্নতি নিয়ে গ্রামবাংলার উন্নতি হতে পারে না। আজকে যদি গ্রামবাংলায় দুর্ভিক্ষ অভাব হয় তাহলে তারা চারিদিক থেকে এখানে চলে আসবে কলকাতার এই মুষ্টিমেয় লোকদের তারা রাহুর মত গ্রাস করে ফেলবে। রক্ষা করবার ক্ষমতা থাকবে না। আজকে গ্রামবাংলার উন্নতি কোথায়? আমাদের এলাকায় ৫৫মাইল লম্বা, ১২৮ মাইল চাওড়া একটি রাস্তাও নেই সেখানে রাস্তা হবে রোড স্কীমে নয়, ক্রাস স্কীমে। এবিষয়ে আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে দৃষ্টি আকর্ষণ করছি যে তিনি যেন এবিষয়ে দৃষ্টি দেন। আর একটা কথা রাখবো সেটা হচ্ছে ২০নং দফায় বলা হয়েছে উত্তরবঙ্গের জন্য একটি উন্নয়ন পরিষদ গঠন করা হবে। আমি অনুরোধ করব এর সঙ্গে সুন্দরবনকে যোগ করা হোক। উত্তরবঙ্গ এবং সুন্দরবনের জন্য একটি পরিষদ গঠন করুন এবং তা যদি হয় তাহলে আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রিমহাশয়কে বলবো যে পরিকল্পনা রচনা করবার সময় যেন তিনি লক্ষ্য রাখেন। আজকে সুন্দরবনকে বাঁচাতে হবে, গ্রামবাংলাকে বাঁচাতে হবে তবে এই এ্যাসেমব্লীতে যে আশার বাণী নিয়ে এসেছি এবং যে কথা লোকের কাছে বলেছি তা রূপায়িত করতে পারবো। তা নাহলে সি. পি, এম-দের যেমন ঐ আসন খালি রয়েছে আমাদেরও আসন একদিন খালি হয়ে শ্মশানে পরিণত হবে। এইকথা বলে রাজ্যপালের ভাষণকে সম্পূর্ণরূপে সমর্থন করছি।

(At this stage the House was adjourned for 15 minutes.)

[3·20—3·30 p.m.]

শ্রীসেখ আনোয়ার আলি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি রাজ্যপালের ভাষণকে পূর্ণ সমর্থন জানিয়ে এবং তার পরিপ্রেক্ষিতে যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে সেটাকে সমর্থন জানিয়ে আমার বক্তৃতা আরম্ভ করছি। স্বাধীনতালাভের পর ১৯৭২ নির্বাচন পর্যন্ত পাঁচলা কেন্দ্রের অধিবাসীরা তাদের নিজস্ব এলাকার কোন প্রতিনিধি পায় নাই। এবারই তার একমাত্র ব্যতিক্রম। সেইজন্য পাঁচলা কেন্দ্রের অধিবাসীরা তাঁদের প্রতিনিধির উপর বহু কিছু ভরসা এবং দাবী রাখে, মানুষের দৈনন্দিন জীবন-যাপনের ন্যূনতম চাহিদা খাদ্য, বস্ত্র, বাসস্থান, চিকিৎসা ও শিক্ষা সম্বন্ধে মাননীয় রাজ্যপালের ভাষণে বিস্তারিতভাবে উল্লেখ থাকিবে বলিয়া আশা করিয়াছিলাম। কিন্তু ঐ সম্যক-বিষয় বিস্তারিতভাবে উল্লেখ না থাকায় আমরা হতাশ হইয়াছি। আমার নির্বাচনী এলাকার পাঁচলাকেন্দ্রের অধিবাসীরা গত ৪ বছরে তিনবার ভয়াবহ বন্যায় গৃহহারা, ক্ষুধার্ত এবং হৃতসর্বস্ব। তাদের মুখে অন্ন, পরনে বস্ত্র, চিকিৎসা এবং ছেলেমেয়েদের লেখাপড়ার ব্যবস্থা করা অবশ্য প্রয়োজন। একথা অনস্বীকার্য যে সর্ববিষয়ে সরকার পক্ষ হইতে ব্যবস্থা করা সম্ভব নয়, তাসত্ত্বেও স্বাভাবিক কারণে প্রাকৃতিক দুর্যোগে এলাকার মানুষ যখন সরকারী প্রকল্প ডি, ভি,-সি-র জলে ভাসিয়াছে তখন সরকারীভাবে এতৎসম্পর্কে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা আমি আমাদের সরকারের কর্তব্য বলিয়া মনে করিলে অন্যায় করা হইবে না। গৃহহারা মানুষ এখনও মুক্ত আকাশের তলায় অন্নাভাবে, বস্ত্রাভাবে, বিনাচিকিৎসায় কালাতিপাত করিতেছে। এতৎসম্পর্কে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য আমি আপনার মাধ্যমে আমার সরকারের দৃষ্টি আকর্ষণ করিতেছি। পাঁচলার মানুষ খেয়ে পরে বাঁচতে চায় তাদের বাঁচানো বর্তমান পশ্চিমবঙ্গের স্থানীয় সরকারের কর্তব্য বলিয়া আমি একান্তভাবে অনুভব করিতেছি। স্বাধীন ভারতের নাগরিক হিসাবে প্রতিটি মানুষ খেয়ে-পরে সুখে-শান্তিতে বসবাস করুক। আমাদের মাননীয় রাজ্যপাল যেমন চান আমিও এতৎবিষয়ে সরকার পক্ষের দৃষ্টি আপনার মাধ্যমে আকর্ষণ করিতেছি। পাঁচলা অঞ্চলে থানা বেসিসে কোন হাসপাতাল নেই। এটি হাওড়া জেলার একমাত্র ব্যতিক্রম। মার্টিন লাইট রেলওয়ে অতি সত্বর চালু করা প্রয়োজন। পাঁচলা এলাকায় বেকার সমস্যার সমাধান করা আশু প্রয়োজন। পাঁচলা এলাকায় রাণীহাটি মোড়ে একটি ডিগ্রী কলেজ সংস্থাপন করাঅতি সত্বর প্রয়োজন। বিগত ৪বৎসরের ৩বৎসর বন্যা হবার ফলে রাস্তা ঘাটের সংস্কার করা টেষ্ট রিলিফের মাধ্যমে অতি সত্বর প্রয়োজন। পশ্চিম পাঁচলায় ধুনকী (মজুটী)তে রাজাপুর ক্যানেলের উপর একটি পাকা সেতু নির্মাণ করা আশু প্রয়োজন। এই রাজাপুর ক্যানেলও কানা-দামোদর সংস্কার করা অতি সত্বর প্রয়োজন, যার জন্য প্রতি বছর এই এলাকাটি বন্যা কবলিত হয়ে পড়েছে। গ্রামীন জলসরবরাহের জন্য এই পাঁচলা এলাকায় টিউবয়েল সংখ্যা অতি নগন্য এবং বহু টিউবয়েল রি সিংকিং করা অতি সত্বর প্রয়োজন। এই এলাকার বেশীরভাগ লোকই নিম্ন মধ্যবিত্ত, মজুর এবং কৃষক। কাজেই বীজ, সার,লোন ও ডিপটিউবওয়েলের একান্ত প্রয়োজন। রুরাল ইলেকট্রিফিকেসনের ব্যাপারে বলা হয়েছে যে ১০ হাজার গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা হবে। আমার পাঁচলা অঞ্চলের দু-একটি এলাকা ছাড়া কোথাও ইলেকট্রিফিকেসন হয়নি, সেটা যাতে ঐ পাঁচলা এলাকার সমগ্র অঞ্চলে তাড়াতাড়ি হয় তারজন্য আমার সরকারের দৃষ্টি আপনার মাধ্যমে আকর্ষণ করিতেছি। পাঁচলার অধিবাসীবৃন্দ তথা আমার কেন্দ্রের অন্যান্য প্রয়োজন দাবী-দাওয়া আমার পরবর্তী ভাষণে রাখিতে পারিব এই আশা লইয়া আমার বক্তব্য শেষ করিতেছি। জয় হিন্দ।

শ্রী শিশির কুমার ঘোষ : মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি জরুরী সংবাদ দেবার জন্য উঠেছি এবং সেইজন্য আমি আপনার অনুমতি চাইছি। খড়দহ অঞ্চলে কয়েকটি নরকংকাল মাটি থেকে বের করা হয়েছে এবং যেখানে এগুলি পাওয়া গেছে সেটার নাম হচ্ছে পাতুলিয়া অঞ্চল। সেই পাতুলিয়া অঞ্চল সম্বন্ধে আমি বারবার পুলিশকে অবহিত করেছি। ওখানে মার্কসবাদী পরিচালিত সমাজবিরোধীরা উপস্থিত থেকে এইভাবে হত্যা সংঘটিত করছে। আমরা আজ যখন পুলিশের সাহায্য নিয়ে এই সমস্ত নরকংকাল বের করতে সক্ষম হয়েছি তখন আমি সরকারের কাছে অনুরোধ করবো যে এবিষয়ে একটা পূর্ণ তদন্ত হোক এবং ঐ অঞ্চলে এই কাজে যারা লিপ্ত আছে তাদের সম্বন্ধে যথাযথ ব্যবস্থা অবলম্বন করা হোক।

[5-00—5-10 p-m

Shri Kumar Dipti Sen Gupta : May I mention something with regard to this Narakankal affair I do not find any Minister here.

Mr Speaker : Parliamentary Affairs Minister is here He is a Cabinet Minister and a responsible Minister as well Finance Minister is also there

শ্রীআবদুল বারি বিশ্বাস : স্যার, যেভাবে নরকঙ্কাল বেরোচ্ছে তাতে একটা সামগ্রিক তদন্ত হওয়া দরকার।

Mr Speaker : You can table a separate Resolution urging upon the Govt. to make an inquiry. If a separate Resolution comes in I can consider that

Discussion on Governor's Address

শ্রীপ্রফুল্ল মাইতি : মাননীয় স্পীকার মহোদয়, রাজ্যপালের ভাষণকে স্বাগত জানিয়ে এবং তার উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব আনা হয়েছে তাকে সমর্থন জানিয়ে আমি কয়েকটি কথা বলতে চাই। যে ভাষণ এখানে দেওয়া হয়েছে তাতে অনেক আশার আলো আছে বটে, কিন্তু হতাশাও যে অনেক রয়েছে সেটা আমরা উপেক্ষা করতে পারি না। অষ্টাদশ অনুচ্ছেদে শিক্ষা সম্বন্ধে যে কথা বলা হয়েছে সেটা সম্পূর্ণ একটা মামুলী ধরনের কথা। কারন শিক্ষার ব্যাপারে কোন সুস্পষ্ট প্রতিশ্রুতি দেওয়া হয়নি। শিক্ষাক্ষেত্রে যে নৈরাজ্য দেখা দিয়েছে তাকে কঠোর হস্তে দমন করার কোন প্রতিশ্রুতি এই ভাষণের মধ্যে নেই। তাছাড়া অনেক দাবীদাওয়ার কথা বলা হয়েছে। যেমন অষ্টম শ্রেণী পর্যন্ত মাধ্যমিক শিক্ষা বিনা বেতনে করা এবং গতবারে কোয়ালিসন সরকার যখন চলে যান তখন তাঁরা প্রথমে একটি সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন যে পঞ্চম শ্রেণী পর্যন্ত শিক্ষা বিনা বেতনে করা হবে। কিন্তু এপর্যন্ত সেটা কার্যকরী হয়নি। এবং সে সম্বন্ধে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই। তাছাড়া কিছুদিন আগে নির্বাচনের অব্যবহিত পূর্বে অনশনরত প্রধান শিক্ষক মহাশয়দের কাছে আমাদের তদানীন্তন পশ্চিমবঙ্গ বিষয়ক কেন্দ্রীয় মন্ত্রী, বর্তমান মুখ্যমন্ত্রী যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেকথাও এই ভাষণের মধ্যে নেই। মাধ্যমিক বিদ্যালয়গুলির মধ্যে যে বৈষম্য রয়েছে এবং তাদের মধ্যে ৬।৮।১২ হাজার ডেফিসিট দেবার যে ব্যবস্থা করা

রয়েছে— এই বৈষম্য দূর করার কোন কথা রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। প্রাথমিক শিক্ষার মধ্যে যে অব্যবস্থা রয়েছে সেটা দূর করার কথা বলা হয়নি। গ্রামাঞ্চলে প্রাথমিক বিদ্যালয়ের এক একটি কক্ষে ৪০।৫০ জন করে ছেলেমেয়ে একসঙ্গে বসে ক্লাশ করে এবং তার ফলে চেঁচামেচিতে একটা ছোটখাট হাট-বাজার-এর সৃষ্টি হয় সে সম্বন্ধে সুষ্ঠু একটা পন্থার কথা নির্দেশ করা হয়নি। আমি আশা করেছিলাম যে রাজ্যপাল এবিষয়ে আমাদের কাছে কিছু প্রতিশ্রুতি হয়ত দেবেন।

[3-30—3-40 p. m.]

তা ছাড়াও বন্যা নিয়ন্ত্রনের ব্যাপারে এয়োদশ অনুচ্ছেদে যেটা বলা হয়েছে এটা স্বীকার করতে হবে যে অনেক গুরুত্বপুর্ণ পরিকল্পনা নেওয়া হয়েছে এবং বন্যা নিয়ন্ত্রনের ব্যাপারে যথেষ্ট অগ্রসর হওয়া গিয়েছে। কিন্তু স্বাধীনতার পর থেকে বা তার আরো আগে থেকে পশ্চিমবঙ্গে একটা গুরুত্বপূর্ণ বন্যা অঞ্চল যেটাকে বারচৌকা বেসিন বলা হয় পটাশপুর থানার অন্তর্গত অঞ্চল সেখানকার দুর্দশাগ্রস্ত অধিবাসীদের জন্য কোন সুরাহা করার কোন কিছু দেখতে পাওয়া যাচ্ছে না, বা কোন পরিকল্পনা দেখতে পাওয়া যাচ্ছে না। গত কোয়ালিশান সরকারের সময় আমরা প্রস্তাব রেখেছিলাম তাঁরা আমাদের প্রতিশ্রুতিও দিয়েছিলেন এবং গতবারের সেচমন্ত্রীই এবারে সেই দপ্তরই পেয়েছেন আমরা আশা করেছিলাম তিনি রাজ্যপালকে পরামর্শ দেবেন, এ ব্যাপারে কোন কিছু প্রতিশ্রুতি আমাদের কাছে রাখবেন কিন্তু রাজ্যপালের ভাষণে সে বিষয়ে কোন প্রতিশ্রুতি দেখা যাচ্ছে না, সেজন্য আমরা কিছুটা হতাশ হয়েছি। স্বাস্থ্যের ব্যাপারে অনেকে অনেক কথা বলেছেন কিন্তু গ্রামাঞ্চলে আমরা যারা বাস করি, গ্রামাঞ্চলে যে সব স্বাস্থ্যকেন্দ্র রয়েছে সেগুলির অবস্থা আমরা ভালোভাবেই জানি। প্রতিটি ব্লকে একটা করে প্রাইমারী হেল্থ সেণ্টার এবং দু'টি করে সাবসিডিয়ারী হেল্থ সেণ্টার থাকে কিন্তু সেগুলি নামে মাত্রই। কোথাও ষ্টাফ নেই, কোথাও ডাক্তার নেই। যেখানে ডাক্তার আছে সেখানে ঔষধ নেই। সেখানে গেলে দেখা যায় সব রোগীর জন্য একই রকম ঔষধ বরাদ্দ। একটা বোতলে কালো রং, এর কিছু জলীয় ঔষধ সব রোগীর জন্য একই প্রকারের ব্যবস্থা। কাজেই গ্রামাঞ্চলে স্বাস্থ্যকেন্দ্র থাকা আর না থাকা সমান হয়ে দাঁড়িয়েছে, এর প্রতিকার করা একান্ত প্রয়োজন। পঞ্চায়েত সম্পর্কে এখানে কিছু বলা হয়েছে। বলা হয়েছে, "পঞ্চায়েতগুলি অব্যাহত গতিহীনতার দরুণ এবং জেলা পরিষদগুলি ও বহুসংখ্যক পৌর প্রতিষ্ঠানকে বাতিল করার ফলে প্রশাসনিক ও রাজনৈতিক কাঠামোয় শূন্যতার সৃষ্টি হয়েছে।" এই পঞ্চায়েত প্রতিষ্ঠানগুলির কথা বলতে গেলে অনেক কথাই আসে। স্যার, প্রায় ১৪ বৎসর আগে নির্বাচিত পঞ্চায়েত সদস্যদের মধ্যে আমি যতদূর খবর রেখেছি তাতে দেখি শতকরা ২৫ ভাগ সদস্য মরে গিয়ে আমাদের বাঁচিয়েছেন। বাকি শতকরা ৭৫ ভাগের মধ্যে ৭০ ভাগ সদস্য বার্ধক্যের সময়সীমায় এসে পৌছেছেন, তাঁরা নচাচড়া করতে পারেন না। বাকি ৫ ভাগের মধ্যে কিছু কিছু যাঁরা সেই সময় যুবক ছিলেন এখন কিছু কিছু কাজ তাঁরা করতে পারছেন। পঞ্চায়েতের এই যে দুরাবস্থা এটার জন্য অবিলম্বে পঞ্চায়েতের নির্বাচনের ব্যবস্থার প্রতিশ্রুতি থাকলে ভাল হত এবং আমরাও আশান্বিত হতাম,কিন্তু তেমন প্রতিশ্রুতি আমরা পাইনি। তারপরে সমষ্টি উন্নয়ন প্রকল্প যেগুলি ব্লক অফিসে বা বি, ডি,ও অফিসে রয়েছে সেগুলির পুর্ণবিন্যাস করা একান্ত প্রয়োজন। কারণ বিভিন্ন এক্সটেনসন অফিসার যাঁরা তাঁদের মধ্যে এগ্রিকালচারাল এক্সটেনসান অফিসারদের কাজ আমরা কিছু কিছু দেখি আর এক্সটেনসান অফিসারদের আমরা শুধু ঘুরেই বেড়াতে দেখি এবং সময় সুযোগমত কোন একটি বিশেষ রাজনৈতিক দলের হয়ে চাঁদা আদায় করতেই দেখি, তাঁদের অফিসের কোন কাজ করতে দেখি না—আমরা গ্রামাঞ্চলে এই সমস্ত

ব্লকের সঙ্গে যুক্ত থাকে বা জনসাধারণের কাজের জন্য যাই কিন্তু তাদের ঐসব কাজ ছাড়া অন্য কোন কাজ আমাদের চোখে পড়েনি। এগুলির পুণর্বিন্যাস করা একান্ত দরকার। তারপরে গ্রামাঞ্চলে ক্ষুদ্র ও কুটিরশিল্পের প্রসার করলে বেকার সমস্যার অনেকটা সুরাহা হত। এই ক্ষুদ্র-কুটির শিল্পের প্রসারের জন্য কোনরকম প্রতিশ্রুতি এখানে দেওয়া হয়নি। যাই হোক, অনেক কথা বলবার ছিল কিন্তু সময় সংক্ষেপের জন্য এই ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসেখ দৌলত আলি : মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় রাজ্যপালের ভাষণকে আমি আন্তরিক সমর্থন জানাই এবং তিনি এই গণতান্ত্রিক মনোভাব যে দিক তুলে ধরেছেন তার বক্তব্যে সরকারের মাধ্যমে তারজন্যও আন্তরিক ধন্যবাদ জানাই। অন্যদিকে যা আমরা আশা করেছিলাম কোথাও কোথাও আমাদের সেই আশাভঙ্গ ঘটে গেছে, সেই আশাভঙ্গের জন্য দু'চারটি কথা আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর কাছে নিবেদন করছি। পুলিশ দপ্তর সম্পর্কে একটা আত্মসন্তুষ্টির মনোভাব আমরা তাঁর ভাষণে দেখি। কিন্তু আজকে বাস্তব ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি যে পুলিশী হামলা, পুলিশি নির্মমতা আমাদের গ্রাম্য জীবনের চারিদিকে এমনভাবে ছড়িয়ে পড়েছে যে যেখানে পুলিশের জনসাধারণের সেবক হিসাবে কাজ করা দরকার সেখানে সেই মনোভাব দেখা যাচ্ছে না। এখানে আমরা তাদের ভাল মনোভাবের সার্টিফিকেট দিচ্ছি, প্রশংসা করছি অথচ বাস্তবক্ষেত্রে তার সঠিক রূপায়ণ নেই। সুতরাং আমার বক্তব্য হচ্ছে যেসব পুলিশ জাতীয় স্বার্থ বিরোধী কাজে লিপ্ত তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা উচিত। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে আর একটা কথা সরকারের কাছে পৌছে দিতে চাই সেটা হচ্ছে রাজ্যপালের ভাষণে বলা হয়েছে কৃষি ও শিল্পে এই রাজ্য স্বাবলম্বের মুখে এসে দাঁড়িয়েছে। আমি সুন্দরবনের অন্তর্গত ডায়মণ্ডহারবার মহকুমার কথা বলতে পারি সেখানে আমাদের সরকার ইতিমধ্যে কৃষি ও শিল্পব্যবস্থায় কি পদ্ধতি গ্রহণ করেছেন সেটা আমরা জানতে পারছি না। অথচ এটা বাস্তব সত্য যে তিন-চার অংশ সুন্দরবন ডায়মণ্ডহারবার জুড়ে সেটা রয়েছে সেটা সমস্ত কৃষি প্রধান এলাকা। আমরা দাবি করেছিলাম এখানে এগ্রিকালচারাল কলেজ আরম্ভ করা হোক এবং এখানকার কৃষি ব্যবস্থা যাতে জোরদার হয় সেদিকে সরকার নজর দিন। বারবার সেই অনুরোধ করা সত্ত্বেও কোন কাজ হয়নি। আজকে সরকারের যে বক্তব্য রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে আমরা পেয়েছি তা সময়োপযোগী হলেও সেই সময়োপযোগী বক্তব্য তাঁর বক্তব্যের মধ্যে আরো প্রাধান্য পাওয়া উচিত ছিল, কিন্তু তা হয়নি। সমগ্র ২৪-পরগণা অবহেলিত এটা বাস্তব সত্য একে অস্বীকার করা যায় না। অথচ যখন দেখি ২৪-পরগণা উন্নত এলাকার মধ্যে পড়েছে তখন স্বভাবতই প্রশ্ন জাগে আমরা কি সত্যই উন্নত? আমরা দেখতে পাই আমরা সবচেয়ে বেশী অনুন্নত এলাকার মধ্যে বাস করছি। আপনারা অনেকে জানেন সুন্দরবন এলাকায় যেতে গেলে এখান থেকে সকাল বেলায় যদি গাড়ীতে যাত্রা সুরু করেন তাহলে সন্ধ্যা হবে আপনাকে সাগর এলাকায় পৌছাতে। তারপর এখানে দেখতে পাচ্ছি স্বাস্থ্য,পরিবার-পরিকল্পনা সম্পর্কে বক্তব্য রাখা হয়েছে। আমার সময় কম, আমি শুধু ডায়মণ্ডহারবার মহকুমার সদর হাসপাতালের একটা চিত্র তুলে ধরছি। বর্তমানে সেখানে নারকীয় তাণ্ডবলীলা চলছে। বর্তমানে হাসপাতাল গৃহ প্রস্তুত, কিন্তু ওয়াটার সাপ্লাই-এর কাজ চলছে না বলে তার স্থানান্তরিতকরন চলছে না।

[3-40—3-50 p.m.]

যে কোন অবস্থায় এই হাঁসপাতালের সুষ্ঠু স্থানান্তরের ব্যবস্থা করা হয় সে দিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমি আর একটা কথা বলতে চাই যে আমাদের সরকার মুসলমান তপশীলভুক্ত জাতি এবং অন্য সকলের প্রতি কার্য্যকরী ব্যবস্থা অবলম্বন করবেন। আমি জানি সংখ্যালঘু কমিশন বলে যে কমিশন আছে তা বাতিল অবস্থায় রয়েছে। তাকে কার্য্যকরী করা হয়নি, কেন হয়নি সে সমন্ধে আমি প্রশ্ন রাখতে চাই। সর্বশেষে যে কথা আমি আপনার সামনে রাখতে চাই সেটা হচ্ছে যে জাতীয় দায়াধিকারের ক্ষেত্রে পশ্চিমবাংলা ভারতের অন্য যে কোন রাজ্য অপেক্ষা গুরুত্বপূর্ণ। অর্থাৎ পশ্চিমবঙ্গের ন্যায় গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে নি। মাননীয় স্পীকার মহাশয় আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন করবো যে আমরা যেভাবে পশ্চিম বাংলার দায়াধিকার গ্রহণ করি আমরা আশা করবো জীবনের অন্যান্য ক্ষেত্রে যে দায়াধিকার তা যেন মন্ত্রিমণ্ডলীর মাধ্যমে সমগ্র পশ্চিমবাংলায় ছড়িয়ে পড়ে। এই কথা বলে রাজ্যপালের ভাষনকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপ্রদ্যোৎ কুমার মহান্তি: মাননীয় স্পীকার, স্যার, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষন করতে চাই যে এন, ভি, এফ, এর ৩০০ জনের মত লোক যখন দেখা করবার জন্য আসছিলো, তারা আগেও গভর্ণরের সঙ্গে দেখা করেছিল গভর্ণর তাদের আশা দিয়েছিলেন যে চাকরীর ব্যবস্থা করবেন। তারা মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করবার জন্য আসছিলো। পথে পুলিশ তাদের আটকে দেয় এবং ছাত্র পরিষদের নেতা অসিম ব্যানার্জী ও শৈলেন পর্বত—এদের শুধু আটকায়নি তাদের গ্রেপ্তার করা হয়েছে। সরকার বেকার সমস্যা সমাধানের কথা বলে বেড়াচ্ছেন, আর সেই বেকার সমস্যার সমাধান করতে গিয়ে এন, ভি-এফদের মাসের পর মাস, দিনের পরদিন অভুক্ত করে রেখেছেন। এই কথা জানিয়ে, এই বিষয়ে ব্যবস্থা গ্রহন করবার জন্য দৃষ্টি আকর্ষন করছি।

শ্রীআবদুলবারি বিশ্বাস: অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, সরকার যে সমস্ত এন, ভি, এফদের আটকেছেন তাদের টিকিট ছিল কি না। তারা বিনা টিকিটে আসছিল কি না। এটা নিশ্চই খোঁজ রাখতে হবে। তারা পয়সা দিয়েছেন কি না এটা জানতে হবে এইরূপ অন্যায় কাজ যদি তারা করে থাকেন এবং তাদের যদি এ্যারেষ্ট করা হয়ে থাকে তাহলে মাননীয় সদস্য যে কথা বলেছেন তাঁকে তার জবাব দিতে হবে।

মিঃ স্পীকার: There is no point of order in it.

ডাঃ কানাইলাল সরকার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষনকে স্বাগত জানিয়ে এবং তার উপর যে সংশোধনী প্রস্তাব এসেছে তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শুরু করছি। আমি আমার বক্তব্যে দু-একটা বিষয় বলেই শেষ করবো। রাজ্যপাল অনেক কথা বলেছেন তার মধ্যে আরো কিছু থাকা উচিৎ ছিল যা তিনি বলেন নি, আমি সেই কয়েকটি কথা বলেই আমার বক্তব্য শেষ করবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা কথা আজ উঠেছে সি, পি, এম, দল থেকে যে এই নির্বাচন বৈধ হয় নি বা ভালভাবে হয় নি। তারা আগে বলেছিলেন ৮টি সিটে পরে ৩২টি সিটে এবং বলেছেন যে ২০০টি সিটেই নির্বাচন অবৈধ হয়েছে—নির্বাচন ঠিক হয় নি। স্যার, আমার এলাকায় যে নির্বাচন হয়েছে তার সম্বন্ধে আপনাকে দু-একটা কথা বলি যে, কিভাবে

অবাধ নির্বাচন ওঁরা করতে চেয়েছিলেন। আপনি জানেন যে ইলেকসানের দিন অর্থাৎ ১১ই মার্চ—যা আপনার কাগজে পড়েছেন যে আমার প্রতিদ্বন্দ্বী ছিলেন শ্রীপূর্ণেন্দু ঝা। তিনি পাশে লিখতেন মুঙ্গের। তিনি একটা বাস ভাড়া করেছিলেন। তাতে ৪৬টা করে লোক নিয়ে—তাতে ৬০ বছরের বৃদ্ধ ছিলেন, যুবক ছিলেন, মহিলা ছিলেন তারা প্রত্যেক পোলিং ষ্টেসানে বাসে করে নিয়ে গিয়ে ভোট দিচ্ছিলেন। বেলা তিনটার সময় চেতলার কৈলাস বিদ্যা মন্দিরের কাছে পোলিং ষ্টেসানের ১০০ মিটারের মধ্যে তাদের ধরা হয়।

পুলিশ তাদের ধরে থানায় নিয়ে যায়। তারপর দেখা গেল তাতে অনেক জাল ভোটার রয়েছে। তারা বলল যে তাদের ১০ টাকা করে দেওয়া হয়েছে ভোট দেবার জন্য। তারা বলল যে তাদের যদি আগে ধরা যেত তাহলে এতগুলি জাল ভোট তারা দিতে পারত না। তারা বলে যে তারা সব ৫টা করে ভোট দিয়েছে। অথচ এদিকে তাঁরাই বলছেন যে নির্বাচনে জালিয়াতী কারচুপি হয়েছে। ১৯৬৯ সালে ৫৫টা seat পেয়ে আমরা এখানে এসেছিলাম। তখন যদিও কারচুপি করা হয়েছিল, কিন্তু তখন আমরা কিছু অভিযোগ করিনি। আমরা বিরোধীপক্ষ থেকেই আমাদের বক্তব্য রেখেছিলাম। আমরা গণতন্ত্রে বিশ্বাসী বলে আমরা গণতন্ত্রের মর্যাদা রেখেছিলাম। কিন্তু এখন যাঁরা বিরোধী পক্ষ তাঁরা গণতন্ত্রে বিশ্বাসী নন বলেই জনসাধারণের এই রায়কে তাঁরা রক্ষা করেন নি। দ্বিতীয়তঃ, বড় একটা জিনিষ হচ্ছে বেকার সমস্যা। রাজ্যপালের ভাষণেও বেকার সমস্যার কথা তিনি বলেছন। তিনি প্রতিশ্রুতি দিয়েছেন যে সমস্ত বন্ধ কলকারখানা তিনি খুলে দেবেন। নূতনভাবে কলকারখানার সম্প্রসারণ করবেন এবং দরকার হলে নূতন নূতন কারখানা খুলবেন। তা ছাড়া আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন কেন্দ্রীয় সরকার হলদিয়া রিফাইনারী, ভূগর্ভ রেলপথ, হুগলী ব্রীজ construction করবেন। এরদ্বারা অনেক বেকার ছেলে কাজ পাবে। এ ছাড়া ১০ হাজার গ্রামে Electrification তাঁরা করবেন এবং এরদ্বারা অনেক বেকার ছেলের গ্রামে কর্ম হবে। গভীর নলকূপ করে irrigation-এর বন্দোবস্ত তাঁরা করবেন যাতে অনেক বেকারের কর্মসংস্থান হবে। আমাদের বেকারত্ব নির্ভর করে দুটো জিনিসের উপর- গ্রাম এবং শহরের উপরে। যদি আজ গ্রামে সবুজ বিপ্লব আনতে পারি, গ্রামে বৈদ্যুতকরণ করতে পারি, চাষের উন্নতি করতে পারি তাহলে বেকারত্ব অনেক পরিমাণে দূর করতে পারি। এর ফলে গ্রামের লোকেরা চাকুরীর জন্য যে শহরে চলে আসে তা বন্ধ হবে। তারপর আমি ডাক্তারী সম্বন্ধে ২।১টি কথা বলতে চাই। আমরা দেখেছি স্বাস্থ্য বিভাগ সম্বন্ধে খুব বেশী বলা হয়নি। স্বাস্থ্য আমাদের দেশে একটা বিরাট সমস্যা। গ্রাম ও শহরে উভয় জায়গাতেই এই সমস্যা আছে—তবে গ্রামে এটা ভীষণভাবে দেখা দিয়েছে। ডাঃ গণি যা বলেছেন আমিও সেই কথাই বলছি যে হাসপাতাল বা কলেজগুলি এক ভাবে চলে না। যেমন S.S.K.M. হাসপাতাল যেভাবে চলে N R.S., R. G. Kar, ভাঙড়, শম্ভুনাথ সেইভাবে চলে না। এইসব হাসপাতালে চিকিৎসা ও খাবার পদ্ধতিও এক রকম নয়—ভিন্ন ভিন্ন হাসপাতালে ভিন্ন ভিন্ন রকম। সেজন্য স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করব যে সমস্ত জিনিষের দিক থেকে একটা সমতা আনার চেষ্টা করবেন। আমি একটা কথা বলতে পারি যে R. G. Kar-এ প্যাথলজি Deptarment-এ যে মাইক্রোস্কোপ আছে সেগুলি সমস্ত ১৯১৮ সালের। সেগুলির এখনো পরিবর্তন করা হয়নি। অথচ অন্যান্য কলেজে নূতন নূতন মাইক্রোষকোপ চলছে। সেজন্য আমি আপনাকে অনুরোধ করব সমস্ত কলেজগুলি inspection করে যাতে সমস্ত কলেজে পঠন পাঠন এক রকম হয় সেটার দিকে আপনি দেখবেন। তাছাড়া, একটা মস্তবড় জিনিষ যেটা আছে সেটা একদম নেগলেকটেড হয়। ধরুন আমাদের কলকাতা শহরে প্রিভেনটটিভ হিসাবে অনেক জিনিষ করা হয়। যেমন ধরুন স্মল পক্স ভেকসিনেশান দেওয়া হয়। আমরা ছোটদের প্রিভেনটিভ

দিই। আমরা ট্রিপল এ্যান্টিজেন্ট দিই। ডিপথেরিয়া, কলেরা, টিটেনাস—প্রত্যেক ছেলেকে প্রিভেনটিভ দেওয়ার ব্যবস্থা করেছি। কিন্তু গ্রাম বাংলায় স্মল পক্স ভ্যাকসিনেশান সামান্য আছে, কিন্তু ট্রিপল এ্যান্টিজেন্ট দেওয়ার ব্যবস্থা নেই। আর একটা আছে পোলিও ভ্যাকসিন। আমাদের একটা মারাত্মক রোগ আছে ইনফেনটাইন প্যারালিসিস। এই রোগ হলে একটি ছেলে সারা জীবনের জন্য আমাদের সমাজের একটা বোঝা হয়ে থাকে। এটা কলকাতা শহরে দেওয়ার ব্যবস্থা হচ্ছে। কিন্তু গ্রাম বাংলায় এ্যাপিডেমিক কণ্ট্রোল আসে না। তাই অনুরোধ করবো এ্যাপিডেমিক কণ্ট্রোলের যে স্কীম আছে—স্মল পক্স, ট্রিপিল এ্যান্টিজেন্ট পোলিও—আশা করি এটা সারা বাংলাদেশের গ্রামে পৌছে দেবেন। যাতে সেখানকার ছেলেরা প্রোটেকটেড হয়।

এবার আমি নিজের এলাকার দু-একটা কথা বলে শেষ করবো। আমি আলিপুর এলাকা থেকে এসেছি। আমার এলাকায় সবচেয়ে অসুবিধা জলের। তার কারণ হচ্ছে পলতা থেকে চেতলা এলাকা একেবারে শেষের দিকে। একদিকে ডক একদিকে সাধারণ বস্তী। আমরা টালা, পলতার জল পাই না। তাই এল, এস, জি মিনিষ্টারকে অনুরোধ করবো জলের ব্যবস্থার সুরাহা করুন। পাবলিক হেলথ ডিপার্টমেন্টকে বলবো টালী নালা যেটা ছোট আছে সেখানে সংস্কার আরম্ভ হয়েছে। তার চার ধারে বড় বাঁধ এবং ডেপ্‌থ হচ্ছে। একটা সি, এম, ডি, এ ষ্টম ওয়াটার প্রকল্প নিয়েছে। এটা একটা মারাত্মক প্রকল্প। যত দূষিত জল আছে সেগুলো নিয়ে আদি গঙ্গায় ফেলা হবে। যে আদি গঙ্গা আছে আপনারা জানেন সেখানে সারা বাংলা দেশের হাজার হাজার পুণ্যার্থী স্নান করেন। তাছাড়া ওর দু-ধারেব লোক জলের অভাবে সেখানে স্নান করতে যেত বাধ্য হয়। এখানে যদি ময়লা ফেলা হয় তাহলে সংক্রামক ব্যাধি টাইফয়েড, কলেরা ইত্যাদি বারবার দেখা যাবে। তাই স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করবো এইটা অনুসন্ধান করে দেখবেন। এই টালী নালায় যদি ফেলা হয় তাতে দু'ধারের শুধু ক্ষতি হবে না আমাদেরসকলের ক্ষতি হবে। এই বলে আমাদের সরকার বাহাদুর যে বক্তব্য দিয়েছেন তার উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসরোজ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে সেই প্রস্তাবকে আমি সমর্থন করি। একটা কথা বলি এই যে রাজ্যপালের ভাষণ হাতে আসায় একটা কথা মনে পড়ল সেটা হল এই যে ১৯৫২সাল থেকে দেখে আসছি যে ফর্ম তা ঠিকই আছে, এর কোন পরিবর্তন নাই। যেমন কতকগুলি বিশেষ বিশেষ অবস্থার রাখা, বিশেষ বিশেষ কতকগুলি সমস্যা তুলে ধরা, আর সাধারণভাবে একটা সমাধানের প্রতিশ্রুতি। এখন এটা যদি চিরাচরিত হয়ে থাকে তাহলে সম্ভাবনার কথা কোথায়? আমি সেটাই এই হাউসে রাখতে চাচ্ছি যে একটা সম্ভাবনা যা দেখা দিয়েছে যে জন্য আমি রাজ্যপালের ভাষণকে সমর্থন করছি সেই সম্ভাবনার দিকে আজকে লক্ষ্য রাখা দরকার। সেই সম্ভাবনা হল জাতীয় ক্ষেত্রে একটা বিশেষ পরিবর্তন নানান দিক থেকে নানানভাবে এসেছে। আমি শুধু দুটো জিনিষ এখানে রাখতে চাই—একটা হল এই যে ঐতিহাসিক ভারত-সোভিয়েট চুক্তি, তার যে ৬ ধারা যাতে পরিষ্কারভাবে বলা হয়েছে যে ভারতবর্ষের বৈষয়িক উন্নতির জন্য আজকে সোভিয়েট রাশিয়া হাত বাড়িয়ে দিয়েছে। শুধু তাই নয়, তারপরে যে আর একটা পরিবর্তন এসেছে যা ইতিপূর্বে যে সমস্ত সাম্রাজ্যবাদী দেশগুলির সঙ্গে ব্যবসা বাণিজ্য চলছিল তার থেকে একটা তুলনামূলক

পরিবর্তন এসেছে সমাজতান্ত্রিক দেশগুলির সঙ্গে একটা ব্যবসা বাণিজ্যের। দ্বিতীয় পরিবর্তন যেটা সংবিধানের ২৫তম সংশোধন ইত্যাদি। কতকগুলি বড় বড় পরিবর্তন জাতীয় ক্ষেত্রে এসেছে এটা সম্ভাবনার দরজাকে আজকে খুলে দিয়েছে। সেজন্য আমি আশা করি আজকে বাংলাদেশের উন্নতির জন্য পশ্চিমবাংলার গণতন্ত্রকে প্রসারিত করবার জন্য, পশ্চিমবাংলার সুখ-স্বাচ্ছন্দ্যকে ফিরিয়ে আনবার জন্য এতে যে সমস্ত কথা বলা হয়েছে তাকে রূপায়িত করা সম্ভব। কটা জিনিষ লক্ষ্য রাখা দরকার অনেকটা ঘরপোড়া গরুর মত আমি এখানে বলব, ১৯৫২ সাল থেকে আমি এখানে আছি, ভয় লাগে একটা জায়গাতে যখন পূর্বেকার কংগ্রেস সরকার যখন ছিল তখন তাদের একটা লক্ষ্য ছিল তাদের এলাকাগুলিকে শুধু তারা যেগুলি ভাল মনে করে সেইভাবে তারা কাজ করবে। এবং তখনকার একটা লক্ষ্য ছিল যে সব কিছু বুরোক্র্যাসীর হাত ধরে চলা, তারা যেভাবে বলবে সেইভাবেই কাজ চলবে—তারপরে দেখলাম সি, পি, এমের নেতৃত্বে যে সরকার হল তারা ৮৩ জন সভ্য ছিলেন, ৯ জন মন্ত্রী ছিল, সেই একই পথে তারা চল্লেন দলীয় সংকীর্ণ স্বার্থে তারা চল্লেন—প্রশাসন ব্যবস্থাকে তারা দলীয় সংকীর্ণ স্বার্থে চালাতে লাগলেন, সেই দুটোর পরিমাণ কি হয়েছে তা আমরা সকলেই বুঝতে পারছি সেইজন্য এদিকে লক্ষ্য রাখা দরকার। আমি অত্যন্ত দুঃখিত যে এই ভাষণে ভারত-সোভিয়েট চুক্তির উল্লেখ নাই, যদিও ভারত--বাংলাদেশ চুক্তির উল্লেখ আছে কিন্তু ঐ চুক্তিরও কথা বলা উচিৎ ছিল, কারণ একটা বিরাট সম্ভাবনার দরজা খুলে দিয়েছে। এখানে যেভাবে জিনিসগুলো ফ্ল্যাট ওয়েতে রাখা হয়েছে সেভাবে না রেখে আজকে কোন সমস্যাটা সবচেয়ে জরুরী কোনটাকে আগে স্থান দেওয়া দরকার এগুলি যদি গুছিয়ে লেখা হত তাহলে আজকে সাধারণ মানুষ এই ভাষণ পড়ে উৎসাহিত বোধ করত। কারণ পশ্চিমবাংলায় যেখানে শতকরা ৭৬ জন গ্রামাঞ্চলে বাস করে এবং যেখানে কৃষি ব্যবস্থার উপর পশ্চিমবাংলার অর্থনীতি নির্ভরশীল সেই গ্রামবাংলার যে মূল শক্তি ক্ষেত মজুর তারাই আজকে সবচেয়ে অবহেলিত, সেদিকে কোন নজর দেওয়া হয় নি। আমি আমার কথা বলতে চাই না, একটা খুব ভাল সংবাদ বেরিয়েছে, আমি পেয়েছি নিখিল ভারত যুব কংগ্রেসের সভাপতি এবং সংসদের সভ্য শ্রীপ্রিয় দাস মুন্সী তিনি যে নতুন নেতৃত্ব দিয়েছেন তাঁর যে দৃষ্টি ঠিক পথে গেছে তার জন্য আমি সুখী। তিনি কয়েক দিন আগে গত রবিবারে যুগান্তর পত্রিকায় একটা ষ্টেটমেণ্ট দিয়েছেন যে গত ২২ বছরে গরীব মানুষের জন্য কিছুই করা হয় নি। গ্রাম বাংলায় শুধু হাট আর গ্রামের অন্নহীন মানুষগুলো জন্তুজানোয়ারের ন্যায় মহুয়ার বিচি খেয়ে দিন কাটাচ্ছে। একদিকে গরীব গ্রামবাংলার মানুষ না খেয়ে দিন গুনছে অন্যদিকে এক শ্রেণীর শোষক জমির পর জমি গ্রাস করে চলেছে। শুধু যে খাদ্য নেই তাই নয়, বহু গ্রাম আছে যেখানে এক ফোঁটা জল নাই। নয়াগ্রাম বলে একটা জায়গা আছে সেখানে হেল্‌থ সেণ্টার বলে নামে আছে কিন্তু সেখানে কোন ডাক্তার নেই। ২০।২৫ মাইল ঘুরেছি কিন্তু পরিবহণের কোন ব্যবস্থা আছে বলে মনে হল না।

[400—4-10 p.m]

আজকে এটা যদি বক্তৃতায় শেষ না হয়ে গিয়ে থাকে, আজকে যুবকদের সামনে এটাই সব চেয়ে বড় প্রশ্ন এবং সেখানে যদি এতটুকু আন্তরিকতা থাকে, আজকে যদি বাংলাদেশের অর্থনীতিকে এগিয়ে নিয়ে যেতে হয়, তাহলে প্রথমেই বলবো—আমার ৪০ বছরের রাজনৈতিক জীবনের যে অভিজ্ঞতা এবং এখানকার যে অভিজ্ঞতা সেদিক থেকে বলবো, বাংলার অর্থনীতিকে এগিয়ে নিয়ে যেতে গেলে গ্রাম বাংলার যেটা মূল সমস্যা ক্ষেতমজুরের সেদিকে নজর দেওয়া দরকার। ক্ষেত মজুরের জীবনের উন্নতি না করতে পারলে আজকে কৃষির উন্নতি যে কথা হচ্ছে সেটা স্বপ্ন হিসাবেই রয়ে যাবে, দেশের উন্নতি আজকে হতে পারে না। সেইজন্য আমি কয়েকটি সাজেশন এখানে

রাখছি। আমি আশা করবো – পূর্বেকার মন্ত্রীদের মত এঁরাও দেখছি অনেকে অনুপস্থিত, এদে সকলেরই এখানে থাকা উচিত ছিল, তবু যাঁরা এখানে উপস্থিত আছেন তাঁরা যেন দয়া করে নোট রাখেন। শুধু আমাদের বক্তৃতাগুলি মিনিটস-এ ছাপা হয়ে যাবে সেগুলি দেখবেন তাছাড়া তাঁদে দেখার কোন সময় হবেনা। আমি এখানে রাখতে চাই একটি জিনিস, যারা ক্ষেত মজুর তাদে সব চেয়ে বড় সমস্যা হল, তাদের জমি আছে, সব আছে কিন্তু তাদের সব চেয়ে বড় সমস্যা হল বাড়ীর সমস্যা। আশ্চর্যের কথা,একটি গ্রামে গেলে শুনবেন যে তারা বলবে যেএকটি মরণকুঠী তাদে চাই। একটা কুড়ে যদি না পায়, মরার সময় গাছ তলায় না মরে একটা বাড়ীর ভিতর ত থাকতে পারবে। আজ তাদের কোন বাড়ী নেই। আপনাদের স্মরণ আছে গভর্ণরের শাসন যখন চলছিল সেখানে যে রেফিউজি ক্যাম্পগুলি হয়েছিল সেই রেফিউজি ক্যাম্পগুলি যখন তুলে নেওয়া হল, রেফিউজিরা যখন বাংলা দেশে ফিরে যাচ্ছে তখন বাকুড়া থেকে কমুনিষ্ট পার্টির সাধারণ সম্পাদক গভর্ণরকে একটি চিঠি লিখেছিলেন যে রেফিউজি ক্যাম্পগুলিকে ভেঙ্গে দেবেন না বাঁকুড়ার লক্ষ লক্ষ ক্ষেতচাষী যাদের বাড়ী নেই তারা সেখানে আশ্রয় নেবে, ঠাই পেতে পারবে খুব একটা গুরুত্বপুর্ণ কথা ছিল কিন্তু কেউ এদিকে লক্ষ্য রাখেননি। আমি সেজন্য বলছি তাদের বাড়ী চাই। বাড়ী সেখানে কিভাবে হবে? আপনাদের কাছে একটা উদাহারণ রাখছি, কেরেলা গভর্ণমেণ্ট ক্ষেত মজুরদের বাড়ী করে দিয়েছেন। কিভাবে করেছে, কি তার পদ্ধতি, কিভাবে হয়েছে, এটা খোজ রাখুন। এটা আমাদের নিম্নতম দাবী হল যে ক্ষেত মজুরদের বাড়ী করার দায়িত্ব আমাদের নিতে হবে। কাজ সম্পর্কে ক্ষেত মজুররা তাকিয়ে থাকে, বছরে দুবার, ধান বোনার সময় এবং ধান কাটার সময়, বাকী সময়টা তাদের উপোসে কাটে, তাদের আপনারা কাজের ব্যবস্থা কিভাবে করবেন। আমি যে কথা বারবার বলেছি যে তাদের শক্তি হচ্ছে তাদের দুটি হাত, যে হাত লাগিয়ে তারা শস্য উৎপাদন করে, অর্থনীতিকে তুলে ধরে, যারা গ্রামকে বাড়ানর পথে নিয়ে যায়। জমি বলেন, জায়গা বলেন, গ্রামের শান্তি রক্ষা বলেন, সমস্তই যাদের উপর নির্ভর করে, তারা আজকে সব চেয়ে অবহেলিত হয়ে আছে। আজ এই প্রশ্ন হচ্ছে যে তাদের কাজের ব্যবস্থা করতে হবে। আর তাদের জমি? জমি আমরা দিয়েছি। অনেক জমি তাদের হাতে গিয়েছে কিন্তু সেচের কোন ব্যবস্থা নেই। এখানে শুধু বড় বড় সেচের প্রশ্ন। বাংলাদেশে বিশেষ করে পুরুলিয়া জেলা, বাঁকুড়া, মেদিনীপুর জেলার একটা বিরাট অংশ আছে যেখানে ছোট ঝরণা আছে তার দ্বারা সারা বছর জল পায়। এই সমস্ত জিনিসের উপর লক্ষ্য রাখতে হবে। এইদিকে লক্ষ্য রাখতে গেলে আজকে শুধু বুরোক্র্যাসির উপর নির্ভর করলে হবেনা, আজকে শুধু একটা এস ডি ওর কাছে গেলেই হবেনা, গ্রামের মানুষের সঙ্গে একটা যোগসূত্র খুঁজে বের করতে হবে। কোথায় একটা ছোট ঝরণা আছে, কোথায় একটা খাল আছে, কোথায় দু' হাজার টাকা খরচ করলে সেখানে জমিতে সারা বছর জল পাবে এইদিকে একটু নজর দিয়ে যদি আজকে একটা সত্যিকারের উন্নতির চেষ্টা করা যায়, কলকাতার গলা কাঁপান বক্তৃতা নয়, ঠাণ্ডা ঘরের বক্তৃতা নয়, নিজেরা কি করে নেতা হয়ে থাকতে পারি সে কথা নয়, আমি মনে করি এবার তা হবেনা, এখানে অনেক যুবক বন্ধুরা এসেছেন, যুবকদের অনেকেই তাদের আশা-আকাঙ্খাকে তারা রূপায়িত করতে পারবে, আমি আজকে বিশেষ করে তাদের কাছে বলছি যে গ্রামে গ্রামে ছাড়িয়ে যেতে হবে কংক্রিট কাজ নিয়ে। জমি দেওয়া হয়েছে, কো-অপারেটিভ ফার্ম করা যায় কিনা। কারো হাতে গিয়েছে এক একর, কারো হাতে গিয়েছে দেড় একর, কারো হাতে তিন একর জমি রয়ে গিয়েছে, এইগুলিকে যাতে কো-অপারেটিভ ফার্মের ভিতর আনা যায়, ক্ষেতের বিলিবণ্টন করা যায় সরকারকে এর দায়িত্ব নিতে হবে, গ্রামের অর্থনীতিতে একটা র‍্যাডিক্যাল চেঞ্জ, একটা বিরাট বৈপ্লবিক পরিবর্তন আনতে হবে। ইলেক্ট্রিফিকেশনের

কথা আছে। খুব সত্যি কথা তাও এখানে কিছু হয়নি। গ্রামে পাওয়ার নিয়ে যাওয়ার কথা হয়েছে, কত হাজার গ্রাম ধরা হয়েছে, আমি প্রত্যেকটি থানায় থানায় দেখলাম, কিভাবে হিসাব করেছেন আপনারা? কোন জায়গায় আগে দেওয়া দরকার, কোন জায়গায় প্রয়োজন বেশী এর ত হিসাব করা হয়নি। বোধ হয় রাইটার্স বিল্ডিংএ লম্বা খাতা খুলে একটার পর একটা যেটা সামনে পড়লো দাগ দিয়ে চলে যান। আমি একটা থানার কথা জানি, গড়বেতা থানা, সব চেয়ে বড় থানা, ৩০টি অঞ্চলওয়ালা থানা, হাওড়া জেলার চেয়ে বড়, সেখানে পাওয়ার নেই। সেখানে নদী থেকে জল নিয়ে ইরিগেশন করবার জন্য পাওয়ার যায়নি। শুনলাম এটা নাকি বাদ দেওয়া হয়েছে, কিন্তু সেটা আমি বিশ্বাস করিনা। সেই এলেকা ১৯৫২ সাল থেকে কমিউনিষ্ট এলেকা বলে পরিচিত। আমার এখন ধারণা হয়েছে কোন থানায় কোথায় প্রয়োজন সেটা হিসাব করে, সেদিকে লক্ষ্য রেখে এটা হয়নি।

আর একটা কথা জঙ্গল-এর জমি। আমাদের মেদিনীপুর জেলায় এবং বাঁকুড়ায় জঙ্গল আছে, সেই জঙ্গলে বহু জমি সেখানকার সাধারণ লোক নিজেদের চেষ্টায় চাষাবাদ করে ফসল ফলাচ্ছে। সেটা কংসাবতীর কমাণ্ড এলেকা, সেই জমিতে জল দেওয়ার ফলে চাষকরে ভাল ফসল উৎপন্ন হচ্ছে। কিন্তু যেহেতু সেই জমি ফরেষ্ট ডিরেকটরেটের বলে সরকারী নথিতে লেখা আছে, সেজন্য যে সমস্ত কৃষক নিজেদের উৎসাহে জমি উন্নত করে চাষাবাদ করছিল তাদের সেই জমি সরকার থেকে দখল করে নেবার ব্যবস্থা হচ্ছে। যখন যুক্তফ্রন্ট সরকার ছিল তখন এই নীতি ঠিক হয়েছিল যে এই জঙ্গলের জমি সেই সমস্ত চাষী যারা চাষ করছে তাদের দিয়ে দেওয়া হবে, সেই জমি ল্যাণ্ড ডিরেকটরেটে দিয়ে দেবে। কিন্তু আজকে সেই পুরানো কথা ভুলে গিয়ে বুরোক্রেটিক ওয়েতে ফরেষ্ট ডিরেক্টরেট তা অস্বীকার করছে এবং তাদের জমি কেড়ে নিচ্ছে। যে জমি এমনি পড়েছিল, চাষীরা নিজেদের চেষ্টায় চাষ করে একটা ধানের জায়গায় তিনটা ধান ফলাচ্ছে, যেহেতু সেই জমি ফরেষ্ট ডিরেক্টরেটের বলে লেখা আছে, সেজন্য সেগুলি তারা নিয়ে নিচ্ছেন এবং চাষীদের উৎখাত করছেন। এদিকে লক্ষ্য দেওয়া দরকার বলে আমি মনে করি।

তারপর রাজ্যপাল তাঁর ভাষণের ২৬ নম্বর অনুচ্ছেদে বলেছেন আমার সরকার মুসলমান, তফসিলভুক্ত জাতি, তফসিলী উপজাতি ও অন্যান্য সংখ্যালঘু সম্প্রদায় এবং অনুন্নত শ্রেণীগুলির সর্বাঙ্গীন উন্নয়নের জন্য কার্যকর ব্যবস্থা অবলম্বন করবেন। খুব ভাল কথা। এখানে এডুকেশন মিনিষ্টার থাকলে ভাল হত। আপনি জানেন আমাদের গড়বেতা সব চেয়ে পিছিয়ে পড়া এলেকা, কিন্তু আজকে তাদের মধ্যে একটা উন্মাদনা এসেছে। ১৯৬৭ সালের পর সেখানে নিজেদের ইনিশিয়েটিভ ট্রাইবাল এরিয়াতে এবং শেডুল্ড এরিয়াতে স্কুল করেছে এবং কোয়ালিফায়েড শিক্ষক নিজেদের মধ্যে যারা আছে তাদের দিয়ে স্কুল পরিচালনা করছে। কিন্তু দুঃখের বিষয় সরকার এদিকেনজর দিচ্ছেননা। যারা ব্যাকওয়ার্ড তারা যদি ব্যাকওয়ার্ডই থাকে তাহলে দেশের পক্ষে অত্যন্ত ক্ষতিকর। একজন একটু আগে বলে গেলেন যে তারা সেই রকম অজ্ঞ থাকার জন্যই সি, পি, এম—এর লোকেরা সেই জায়গায় ভোট পচ্ছে, কেননা তাদের অজ্ঞতাই তারা কাজে লাগাচ্ছে, আজকে এই অজ্ঞতা তাদের দূরে করতে গেলে সেখানে শিক্ষার দরকার, স্কুলের দরকার। তারা যতটুকু পারে নিজেদেয় প্রচেষ্টায় স্কুলকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করছে, সেই স্কুলকে সরকারের সাহায্য করা তো দূরের কথা, তাদের বাদ দিয়ে দেওয়া হচ্ছে এটা বড়ই আশ্চর্য্যের কথা।

আমি শুধু আর একটি কথা বলবো। এই যে সরকারএখানে গঠিত হয়েছে সেটা এলায়েন্সের সরকার, এই এলায়েন্স যাতে থাকে সেদিকে আমরা যেন নজর রাখতে পারি। আমরা সকলে মিলে—সেটা

একটা কোন দল নয়, জনসাধারণকে প্রতিশ্রুতি দিয়েছি, আমরা সেই ঐক্য এবং সমঝোতা যেন সমস্ত ক্ষেত্রে বজায় রেখে চলতে পারি. সেইভাবে যেন আমরা চলতে পারি, আমরা যেন এটা মনে রাখি যে জনতার স্বার্থে পার্টি, পার্টির স্বার্থে পার্টি নয়, দলের জন্যই দল নয়—একথা স্মরণ রেখে যেন আমরা এগিয়ে যেতে পারি। আমার বিশ্বাস আছে আমরা যে প্রতিশ্রুতি দিয়েছি সে প্রতিশ্রুতি পালনের দিকে আমরা এগিয়ে যেতে পারব, একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-10—4-20 p.m.]

শ্রীশিবপদ ভট্টাচার্য :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এখানে রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তা আমি মূলগতভাবে সমর্থন যোগ্য মনে করেও কয়েকটি কথা বিশেষভাবে তুলে ধরতে চাই যেখানে তিনি বলেছেন পশ্চিমবাংলার আইন শৃঙ্খলার উন্নতি হয়েছে। আমি মনে করি পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা এখন একটা ক্রস রোডে এসে দাঁড়িয়েছে। পশ্চিমবাংলার মানুষ আইন-শৃঙ্খলার উন্নতি তখনই মনে করবে যখন তারা দেখবে আইনের শাসন পশ্চিমবাংলায় প্রবর্তন হয়েছে। বাংলাদেশে কিছু কিছু খুনোখুনি হয়ত বন্ধ হয়েছে এবং তার কারণ হচ্ছে পশ্চিমবাংলায় যারা সন্ত্রাস-এর রাজত্ব কায়েম করেছিল তারা কিছুদিনের জন্য তাদের অস্ত্র সম্বরণ করেছে। এটা হচ্ছে মূল কারণ। কাজেই দেখা যাচ্ছে আইন-শৃঙ্খলার উন্নতি হয়নি, উন্নতির একটা সূচনা দেখা দিয়েছে। আমরা যদি বিচার করে দেখি যে কেন তারা এই অস্ত্র সম্বরণ করতে বাধ্য হয়েছে তাহলে দেখব তার প্রধান কারণ হচ্ছে পশ্চিমবাংলার সমগ্র মানুষ আজকে এই সন্ত্রাসের বিরুদ্ধে ব্যাপকভাবে ঐক্যবদ্ধ হয়েছিল। দ্বিতীয় কারণ হচ্ছে, বাংলাদেশের যে মুক্তি আন্দোলন সেটা আমাদের পশ্চিমবাংলার মানুষের মনের মধ্যে দারুণভাবে ঐক্যের সাড়া জাগিয়েছে এবং তারফলে পশ্চিম বাংলার মানুষের মধ্যে একটা ঐক্য গড়ে উঠেছিল সন্ত্রাসের বিরুদ্ধে। তৃতীয় কারণ হচ্ছে কেন্দ্রীয় সরকার ওই সময় একটা বিরাট চাপ সৃষ্টি করেছিল পশ্চিমবাংলার পুলিশ বিভাগের এক অংশের উপর। আমি মনে করি পুলিশ বিভাগের এই অংশ ওই সন্ত্রাসের রাজত্ব জিইয়ে রাখার জন্য সাহায্য করেছিল। আমি মনে করি শ্রীমতি ইন্দিরা গান্ধী যে অ্যান্টি ইম্পিরিয়ালিস্ট, এ্যান্টি কলোনিয়াল, অ্যান্টি ফিউডাল এবং অ্যান্টি মনোপলির ডাক দিয়েছিল তা হতাশা ক্লিষ্ট যুবকের মনে উন্মাদনা সৃষ্টি করেছিল যে হতাশা ক্লিষ্ট যুবকরা এই সন্ত্রাসের শিকারে পরিণত হয়েছিল। আমি মনে করি এ সমস্ত কারণের ফলে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা একটা ক্রস রোডে এসে দাঁড়িয়েছে এবং যারা এতদিন সন্ত্রাসের রাজত্ব কায়েম করেছিল তারা তাদের অস্ত্র সম্বরণ করেছে। আমি মনে করিনা এখন পর্যন্ত পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার উন্নতি হয়েছে, আমি মনেকরি একটা চৌমাথায় এসে দাঁড়িয়েছে পশ্চিমবাংলার আইন শৃঙ্খলা। রাজ্যপাল তাঁর ভাষণে পশ্চিমবাংলার পুলিশকে বিভিন্নভাবে প্রশংসা করেছেন। আমি মনে করি এখানে তিনি অতিশয়োক্তি করেছেন। পুলিশ বিভাগে যান্ত্রিক উন্নতি হয়েছে। যেমন, কন্সেটেবেলরা আগে লাঠি নিয়ে পাহারা দিত এখন তারা মাস্কেট ব্যবহার করছে, অটোমেটিক রাইফেল, রিভলবার নিয়ে পাহারা দিচ্ছে। পশ্চিমবাংলায় যারা সন্ত্রাসের রাজত্ব কায়েম করেছিল তারা পূর্বে ছুরি, পাইপ ইত্যাদি ব্যবহার করত। কিন্তু আজকে দেখছি সেখানেও বহু যান্ত্রিক উন্নতি হয়েছে। অর্থাৎ আজকে দেখছি এই সন্ত্রাসকারীরা ষ্টেন গান, রাইফেল, ব্রেনগান ইত্যাদি হাতে নিয়েছে এবং

সেকথা আপনাদের অজ্ঞাত নয়। সুতরাং একথা ঠিক নয় যে, যান্ত্রিক উন্নতি হলেই পুলিশ বিভাগে উৎকর্ষতা বৃদ্ধি পায়। আমি মনে করি পশ্চিমবাংলার পুলিশ বিভাগ কোন উৎকর্ষতা লাভ করতে পারেনি। এর কারণ কি? এই উৎকর্ষতা লাভ না করার দুটি কারণ আছে। আমি মনে করি জ্যোতিবাবু পুলিশ মন্ত্রী থাকার সময় পুলিশ বিভাগের মধ্যে সি, পি, এম-এর অনুপ্রবেশ ঘটেছে। একে যদি রোধ করা না যায়, ঝেটিয়ে বিদায় করা না যায় তাহলে উন্নতি সম্ভব নয়। গত তিন বছর ধরে পুলিশ বিভাগের মধ্যে একটা ষ্ট্যাটাসকো মেনটেন করবার যে চেষ্টা চলেছে তাকে অবসান করতে হবে। পুলিশ বিভাগের অনেক কর্মচারী এবং অফিসার মনে করতেন যে জ্যোতিবাবু আবার পুলিশমন্ত্রীর আসন গ্রহণ করবেন। কাজেই দেখা গেছে মানুষ যখন সন্ত্রাসের শিকার হয়ে পুলিশের কাছে গেছে তখন তাদের কাছে তারা প্রত্যাখ্যাত হয়েছে। পুলিশ শুধু স্ট্যাটাসকো মেনটেন করে চলেছে। আজকে আমার মনে হয় পুলিশের উৎকর্ষতা তার পিছনে যে দুটি প্রতিবন্ধক রয়েছে এই দুটি প্রতিবন্ধক আজকে চিরতরে অবসান করতে হবে। আমি মনে করি আমাদের যে ইনটেলিজেন্স ব্রাঞ্চ বাংলাদেশে রয়েছে তার যে সোর্স সম্পূর্নরূপে সি, পি, এম-এর করায়ত্ব এবং আমার বিশ্বাস যে লোয়ার লেবেলে এই সোর্স মানি দিয়ে সি, পি, এম-এর বহু ক্যাডার এবং হোলটাইমারদের পোষণ করা হচ্ছে। সুতারং আজকে প্রথমে কর্তব্য স্বরাষ্ট্র বিভাগের, এই আই, বি, ডিপার্টমেন্টের সোর্সকে নূতনভাবে ঢেলে সাজাতে হবে এবং এই সোর্সের যে মানি সি, পি, এম-এর হোলটাইমারদের পোষণের জন্য ব্যয়িত হচ্ছে তাকে বন্ধ করতে হবে। এই কথাটা এই কারণে বলছি যে আজকে বাংলাদেশে যারা সন্ত্রাস সৃষ্টি করেছিল এই সন্ত্রাস সৃষ্টিকারী গত তিন বছরে, বাংলাদেশে সন্ত্রাসের রাজত্ব কায়েম করেছিল। আজকে কি আপনি বলতে পারেন যে বাংলাদেশের লক্ষ লক্ষ টাকার আর্মস যারা আনলো আজকে সেই আর্মস গেল কোথায়? সেগুলো কি উবে গেল? যারা শত শত সহস্র সহস্র আমাদের তরুণ ভাইদের হত্যা করেছে সেইসব মস্তান, সমাজবিরোধী বা সি, পি, এম-এর আশ্রয়পুষ্ট তারা কিআজ পর্যন্ত ধরা পড়েছে? আজকে কংকালের কথা বলা হয়। আমি জানি এই নরকংকাল কেবলমাত্র দমদম এবং খড়দহে নয়, যদি তাদের বিভিন্ন ঘাঁটি খতিয়ে দেখতে আরম্ভ করেন তাহলে দেখতে পাবেন বাংলাদেশে বর্ধমান থেকে আরম্ভ করে বহু জায়গায় ঐ নরকঙ্কাল ছড়ানো রয়েছে। সুতরাং কেন এই অপদার্থতা পুলিশ বিভাগের মধ্যে -যে সোর্স সম্পুর্নরূপে সি,পি, এম-এর করায়ত্ব ছিল আজকে পুলিশ বিভাগের প্রশাসনযন্ত্রের মধ্যে সি,পি,এম-এর অনুপ্রবেশ ঘটেছিল যার ফলে এই অবস্থায় এসে দাঁড়িয়েছে। তাই আমি মনে করি সম্পুর্নরূপে আজকে যদি বাংলাদেশের প্রশাসনযন্ত্রকে উন্নত করতে হয়—আমি জ্যোতিবাবুর মত বলব না ঐ সব অফিসারদের লিষ্ট করুন এবং তারপর চাকুরী থেকে বরখাস্ত করুন। আমি শুধু এই কথা বলব নূতনভাবে ঢেলে আজকে পুলিশ বিভাগকে সাজাতে হবে। আমি আপনার মাধ্যমে স্বারাষ্ট্র বিভাগের কাছে আর একটি কথা বলব যে আজকে নূতনভাবে এই প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চা কায়েম হয়েছে এবং আমরা দেখতে পাচ্ছি কিছু কিছু প্রতিক্রিয়াশীল ব্যক্তি তাকে ব্যবহার করবার জন্য থানার মাধ্যমে বিভিন্ন ষড়যন্ত্র করছে এবং তার সঙ্গে সঙ্গে কিছু কিছু সি, পি, এম, অনুপ্রবেশকারী যে পুলিশের দল তার লোকজনও রয়েছে। তাই আমি মনে করি অবিলম্বে থানাকে আওতায় আনার জন্য থানাভিত্তিক কমিটি গঠন করতে হবে এবং সেখানে নির্বাচিত এম, এল, এ'রা থাকবেন এবং প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চায় যে দলগুলি রয়েছে তাদের নিয়ে অবিলম্বে একটি থানাভিত্তিক কমিটি করা হোক। আমি তারপর যেটা বলব সেটা হচ্ছে এই যে আইন শৃঙ্খলা কখন কায়েম হতে পারে না যদি তার মূল খুঁজে আমরা না দেখি। আজকে পশ্চিমবাংলার এই যে আইন শৃঙ্খলা পরিস্থিতি হয়েছে এর মূলকারণ হচ্ছে

বেকারত্ব। আপনারা জানেন ১৯৪৭ সালের আগে সেই স্বাধীনতা যুদ্ধের সময় কংগ্রেস পশ্চিমবাংলার মানুষের কাছে তথা ভারতবর্ষের মানুষের কাছে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে ভারতবর্ষ অর্থনীতিকে নূতনভাবে গড়ে তুলবেন। তারপর ১৯৬৬ সাল পর্যন্ত বাংলাদেশের তরুন যুবকরা আশা করেছিল কংগ্রেস সেই প্রতিশ্রুতি পালন করবেন, কিন্তু দেখা গেল তা তারা করতে পারেন নি। সেই সময় তারা বিক্ষুব্ধ হয়ে উঠল এবং তারা দেখল সেই জিনিস কার্যে পরিণত হল না। তার ফলে আমরা দেখলাম ১৯৬৭ এবং ১৯৬৯ সালে তারা যুক্তফ্রন্টকে নির্বাচিত করল। কিন্তু সেই যুবশক্তি তাদের কাছ থেকেও কিছু পেল না, তারা হতাশ হয়ে গেল। তাই আবার ১৯৭২ সালে আজকে প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চাকে বিপুলভাবে ভোট দিয়ে তারা নির্বাচিত করেছে।

[4-20—4-30 p.m.]

সুতরাং এই যুবশক্তি সম্বন্ধে যদি সরকার আশা করেন, এদের সম্পর্কে যদি মনে করেন পুলিশ মারফৎ এই যুবশক্তিকে সায়েস্তা করে আইন শৃঙ্খলা বাংলায় প্রবর্তন করবেন– তাহলে মস্তবড় ভুল করবেন। যদি কেউ মনে করেন দুটো চটকদার কথা বললাম, আর তাহলে আইন শৃঙ্খলা ঠিক হয়ে যাবে তাহলে ভুল করা হবে। সমস্যা হচ্ছে যুবকদের কর্মসংস্থানের সমস্যা, সেই সমস্যার সমাধান করতে হবে আর এই সমাধানের দায়িত্ব আমাদের সরকারকে নিতে হবে। তা না করলে ভবিষ্যতে পরিমাণ অত্যন্ত ভয়াবহতা নেবে। তাই আমি আবেদন করবো আপনার মাধ্যমে আমাদের উদ্বাস্তু মন্ত্রীরকাছে যে উদ্বাস্তু কলোনীতে ক্ষুব্ধ যে যুবকরা থাকেন, অনেক সময় তারা রাজনীতির শিকার হয়েছেন কারণ তাঁরা দৈন্য ও বঞ্চনার মধ্যে মানুষ হয়েছেন, তাঁদের প্রতি আপনি একটু দৃষ্টি দিন। সিদ্ধান্ত হওয়া সত্ত্বেও উদ্বাস্তু কলোনীর আজ পর্যন্ত কোন উন্নতি হচ্ছে না। তাঁদের কোন জমিরও স্বীকৃতি পাচ্ছেন না, তাঁরা মানুষের মত বাঁচবার মতও কোন স্বীকৃতি পাচ্ছেন না কেন? আমি মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করবো অবিলম্বে বাংলাদেশের সমস্ত উদ্বাস্তু কলোনীর সমস্যার সমাধান করা হোক। তার সাথে সাথে আবেদন করবো আর একটা ব্যাপারে-- বাংলাদেশের জনতার কাছে নির্বাচনের আগে আমরা যে আবেদন করেছিলাম এই সন্ত্রাসের রাজত্বের অবসান হোক। তাঁরা রায় দিয়েছেন। তার জন্য গণতান্ত্রিক মোর্চাকে তাঁরা বিপুল ভোটে নির্বাচিত করেছেন। আমি আমার বাংলাদেশের মালিকশ্রেণীর কাছে আবেদন করবো— বেকার সমস্যার সমাধানে তাঁরা কর্মসংস্থানের ব্যাপারে সরকারের সঙ্গে সহযোগিতা করুন। আমরা মনে করি এই ব্যাপারে বাংলাদেশের ব্যবসায়ীরও দায়িত্ব রয়েছে কর্মসংস্থানের ব্যবস্থা করবার জন্য। তাঁরা যদি তা না করেন, মুনাফা লুঠবার পুরান পথ পরিত্যাগ না করে কল-কারখানায় স্থানীয় ভিত্তিতে কর্মসংস্থানের ব্যবস্থা না করেন, তাহলে এর পরিণাম হবে ভয়াবহ। একটা কথা বলবো পশ্চিম বাংলার পরিস্থিতি রক্তাক্ত পথে যাবে কি যাবে না। আমি আবেদন করবো এতদিন জনতার কাছে আবেদন করেছি স্থায়ী সরকার হবে কি হবে না, সন্ত্রাস নিশ্চিহ্ন হবে কি হবে না—, বাংলাদেশ রক্তাক্ত পথে যাবে কি যাবে না— এ সবই নির্ভর করছে বাংলাদেশের মালিক শ্রেণীর উপর। তাঁরা যেন ইতিহাসের শিক্ষা লাভ করেন। নতুবা তাদের পরিণাম ভয়াবহ।

১৯৭২ সালে এই যে নির্ব্বাচন হলো এর পরেও যদি বেকারদের কর্মসংস্থানের ব্যবস্থা আমরা না করতে পারি—, বেকার সমস্যার মূলে কুঠারাঘাত না করতে পারি—, তাহলে এই ৭২ সালের নির্বাচনই হবে শেষ নিবাচন এবং বাংলাদেশ কেবল সন্ত্রাসের পথেই নয় একটা রক্তাক্ত পথে যাবে। এই কথা বলেই আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুধীরচন্দ্র দাস :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আমার amendment move করছি না তবে আমরা আশা করেছিলাম রাজ্যপালের ভাষণের মধ্যে একটা গুরুত্বপূর্ণ এবং জরুরী সমস্যার সমাধান সম্পর্কে কিছু নির্দেশ থাকবে। সেটা না থাকার জন্য আমি একটা সংশোধনী এনেছিলাম, কিন্তু এখন আমি সে সংশোধনী মুভ করছি না, কেবল সেই সম্পর্কে সরকারের দৃষ্টি আকর্ষণ করবার জন্য কিছু বলছি। এই সমস্যা হলো জনসাধারণের নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি। দু-তিন মাস আগে যে মূল্য ছিল, আজ তা খুব বেড়ে গিয়েছে। এই সমস্যা নিয়ে আগে বহু আন্দোলন বিতর্ক হয়েছে। কিন্তু তার কোন একটারও সুষ্ঠু সমাধান করতে পারা যায় নি। যে আশীর্বাদ নিয়ে আমরা জনতার কাছ থেকে এসেছি, সেই সাধারণ মানুষ এই নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধিতে বিশেষভাবে প্রপীড়িত ও লাঞ্ছিত হচ্ছে। তার কারণ আমি যেটুকু রিপোর্ট পেয়েছি তা থেকে জেনেছি তা থেকে যে নিত্য প্রয়োজনীয় যেটা ডাল, সরষের তেল, চিনি, কাপড় এটা আমি মূল করে ধরছি, এইটা যদি আমরা সরবরাহ করে রেশনের মাধ্যমে দিতে পারি তাহলে দরিদ্র জনসাধারণ রক্ষা পায়। গ্রামের মানুষ বারবার বন্যাবিধ্বস্ত হয় এবং নানা রকম দুর্বিপাকের মধ্যে পড়ে। যেভাবে তাদের অর্থনৈতিক মেরুদণ্ড ভেঙ্গে গিয়েছে তাতে দ্রব্য মূল্যকে বাধা দিতে না পারলে, নিত্য প্রয়োজনীয় কয়েকটি জিনিস রেশন দোকানের মাধ্যমে সরবরাহ না করতে পারলে কোন কথায় আমরা জনসাধারণকে সন্তুষ্ট করতে পারব না। সরষের তেলের দাম চার পাঁচ দিন আগে ছিল চার টাকা ষাট পয়সা। এখন সেটা খুচরা বিক্রী হচ্ছে পাঁচ টাকা চল্লিশ পয়সা। মুসুরির ডাল পাঁচ সাত মাস আগে ছিল ১'৫০ এখন হচ্ছে ২ টাকা ২০ পয়সা। মুগডাল ছিল ১ টাকা ৬০ থেকে ৭০ এখন হচ্ছে ২টাকা ২০। চিনি কিছুদিন আগে ছিল ১টাকা ৯০ এখন হচ্ছে ৩ টাকা ২০। গ্রাম অঞ্চলে পাওয়াই যায় না। এই যে অবস্থা হচ্ছে, কাপড়ের যেটা ৬ টাকায় কেনা যেত মোটা শাড়ী মোটা কাপড় সেটার দাম হচ্ছে ৯ টাকা থেকে ১০ টাকা, এর কমে হাত দেওয়া যায় না। গ্রামাঞ্চলের কংগ্রেস বন্ধু তুলেছেন এইকথা এবং আমিও বলছি এই কথা যে মেয়েদের লজ্জা নিবারণ করা সম্ভব হচ্ছে না, বহু দরিদ্র পরিবারের মেয়েদের ক্রয় ক্ষমতা নেই তারা বাইরে যেতে পারে না। এই দৃশ্য আমরা দেখেছি অথচ আমরা কোন ব্যবস্থা করে দিতে পারিনি। আজ যদি আমরা দ্রব্য মূল্যকে নিয়ন্ত্রণ করি তাতে যে টাকা ক্ষতি হবে তা সাবসিডী দিয়ে যদি মিল থেকে নিয়ে সরবরাহ করে দিতে পারি রেশন দোকানের মাধ্যমে রেশন দোকান বা যে ব্যক্তিগত ডিলারসিপ আছে সেই ব্যক্তিগত ডিলারসিপকে পরিবর্তন করে যে যৌথকারবার আছে অথবা সমবায় ইত্যাদি আছে সেইগুলির মাধ্যমে যতটা হয় তা যদি করতে পারা যায় তাহলে এখানে আমরা যে প্রতিশ্রুতি দিয়ে রেখেছি তা পালন করতে পারব এবং জনতাকে কিছুটা নিশ্বাস ফেলবার সুযোগ দেব, জনতাকে বাঁচাবার চেষ্টা করব। এই প্রতিরোধ ব্যবস্থাকে চালু করে প্রথম পদক্ষেপ হিসাবে নিতে পারেন সরকার এবং এই বিষয়ে কমিটি করে দেবার আমি প্রস্তাব রাখব এই হাউসে। সরিষার তেল ডাল কাপড়, চিনি, কেরোসিন তেল যেগুলি নিত্য প্রয়োজনীয় দ্রব্য বলে পরিচিত এই কয়েকটি জিনিসের উপর নিবদ্ধ রেখে যদি তারা কাজ করতে অগ্রসর হন তাহলে নিশ্চয়ই এটাকে প্রতিরোধ করতে পারবেন। অন্যান্য স্বাধীনদেশে রেশনের মাধ্যমে এমন কিসব রকম জিনিসের ব্যবস্থা রয়েছে। এইটা সম্বন্ধে যদি আমরা ভালভাবে হিসাব করে দেখি যে এইটায় কতটাকা ক্ষতি হতে পারে কত টাকা সাবসিডি দেওয়া যেতে পারে এইটুকু বিবেচনা করে আমাদের অগ্রসর হতে হবে। বহু ক্ষতি দিয়েছি, দিচ্ছি এখনও বহু ব্যবসায় দিচ্ছি, সরকারী ব্যবসায় দিচ্ছি এবং বহু টাকা ক্ষতি হবে জানি তবু আমি দ্রব্য মূল্য রোধ করবার জন্য একটা কমিটি করবার প্রস্তাব রাখছি। আজ আর

একটা কথা বলব আমি এখানে যেটা আমাদের খুববেশী ভারাক্রান্ত করে রেখেছে। আমি রাজ্যপালের ভাষণে পড়েছি যে বন্যা বিধ্বস্ত অঞ্চলগুলিকে রক্ষা করবার জন্য কেন্দ্রীয় সরকার টাকা দেবেন, দিচ্ছেন—কতক যাচ্ছে এবং ব্যবস্থা হচ্ছে এইটুকু মোটামুটি আমি বুঝলাম কিন্তু মুর্শিদাবাদ,মালদা মেদিনীপুর হাওড়া প্রভৃতি যে বন্যা বিধ্বস্ত জেলাগুলি রয়েছে সেখানে আমাদের প্রস্তাব যে শরণার্থীদের দায়িত্ব আমরা যেভাবে নিয়েছিলাম বাংলা দেশের লক্ষ লক্ষ শরণার্থীকে রক্ষা করবার জন্য যে দায়িত্ব আমরা গ্রহণ করেছিলাম নিশ্চই এই বন্যাবিধ্বস্ত অঞ্চলকে রক্ষা করার জন্য সে রকম টাকা এবং দায়িত্ব নিয়ে কাজ করতে হবে। আমরা জানি টেষ্ট রিলিফের কাজ এখনও চালু হয়নি। সমস্ত এলাকায় হাহাকার পড়ে গিয়েছে। ঘরগুলি ভেঙ্গে বসে রয়েছে। মাটির ঢিপির উপরে নির্বাচন সফর করতে গিয়ে চোখের জল ফেলেছি। কতগুলি গ্রামে শুনলাম যে এখনও টাকা বিলি হয়নি। টাকা একদম কম একেবারে কিছুই নেই বললে অত্যুক্তি হয় না। টাকা পাঠিয়ে দেওয়া হোক এই অনুরোধ আমি আমাদের দপ্তরের মন্ত্রিমহাশয়কে করবো যে টেষ্ট রিলিফের টাকা ঋণের টাকা পাঠিয়ে দিন যত বেশী করে পারেন তাদের বাঁচাবার চেষ্টা করুন। শেষে আমি কেরসিন সম্বন্ধে বলছি। কেরসিনের উপর ট্যাক্স বেড়েছে—ট্যাক্স বাড়াবার প্রস্তাব করা হয়েছে। এই নিয়ে গ্রামাঞ্চলে তীব্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে। যেখানে গ্রামের গরীব মানুষদের একটা পয়সা নেই কেরসিন তেল কেনবার এবং তাদের ক্ষমতাও নেই সেখানে এই কর ধার্য করা যাবে না। আমি বিশ্বাস করি যে প্রস্তাব রাখলাম সেটা নিশ্চয় সরকার পক্ষ বিবেচনা করে দেখবেন। দ্রব্যমূল্য প্রতিরোধ করার জন্য যে প্রস্তাব তুলে ধরেছি সেটা গ্রহণ করে এই সরকার তাকে রূপায়িত করবার জন্য চেষ্টা করবেন এই আবেদন রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমহম্মদ ইদ্রিস আলি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন এবং তার উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকে আমি সর্বান্তকরণে সমর্থন জানিয়ে দু'একটা কথা বলতে চাই। আমি গ্রামাঞ্চল থেকে এসেছি তাই গ্রামের বিষয়েই এই দু'একটা কথা বলবো। বাংলা দেশের মানুষ গ্রামীন অর্থনীতির উপর নির্ভরশীল। তাই গ্রামের যদি উন্নতি করতে হয় তাহলে কৃষির উন্নতি করতে হবে। এই কৃষির উন্নতি যদি না হয় তাহলে গ্রামের উন্নতি কখনও হওয়া সম্ভব নয়। বিগত ১৯৭১ সালে বানে যে সমস্ত অঞ্চল বিধ্বস্ত হয়েছে তাতে তাদের সমস্ত কিছু নষ্ট হয়ে গেছে। আমি মুর্শিদাবাদ জেলার কোন অঞ্চলের প্রার্থী—আমি জানি আমাদের অঞ্চলে বানের সময় সমস্ত কিছু বিধ্বস্ত হয়েছে। কৃষকের বাড়ী ঘর, হালের গরু সব ভেসে গেছে—ধান, পাট সমূলে বিনষ্ট হয়েছে। সরকার পক্ষ থেকে সে সম্বন্ধে বিশেষ কিছু করা হয় নি। কৃষকরা গরুর জন্য টাকা পায় নি এবং যে কয়েকজন পেয়েছে তা অতি নগন্য তাতে গরু কেনা যা[য়] না—মাত্র দু'শ টাকা পেয়েছে। বর্তমানে বাজারে এক জোড়া গরুর দাম কম পক্ষে এক হাজা[র] টাকা। সরকার থেকে তারা সে টাকা পায় নি। কেহ কেহ পেয়েছে মাত্র দুই শত টাকা তাতে গরু কেনা যায় না। ছাগল কেনা যায়। এভাবে চললে আমাদের গ্রামীন অর্থনী[তি] একেবারে ভেঙ্গে পড়বে। সারের দাম দিন দিন বেড়ে চলেছে এবং সারের সরবরাহের কো[ন] ব্যবস্থা নাই এবং অন্যান্য যে কৃষি সরঞ্জাম তারও ঠিকমত ব্যবস্থা হচ্ছে না। মাননীয় উপাধ্য[ক্ষ] মহাশয়, আপনি শুনে আশ্চর্য্য হবেন যে—যে সমস্ত টিউবওয়েল বিগত বন্যায় ধ্বংস হয়ে গেছে বা [যে] সমস্ত টিউবওয়েল অকেজো হয়ে গেছে সেগুলি তুলে স্থানে স্থানে মজুদ রাখা হয়েছে। বসানো[র] কোন ব্যবস্থা হয় নি। গ্রামের মানুষ পানীয় জল অভাবে নদীর, পুকুরের জল খেয়ে বেঁচে আছে এগুলি সম্বন্ধে আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয়

উপাধ্যক্ষ মহাশয়, আমি জানি রানীনগর থানার গ্রামাঞ্চলের যে সমস্ত ঘর বাড়ী বন্যায় ধ্বংস হয়ে গেছে সে সম্বন্ধে আজ পর্যন্ত সরকার পক্ষ থেকে কোন গ্রাণ্ট দেওয়া হয় নি। স্যার, আপনি শুনে আশ্চর্য হবেন যে সেখানে গ্রাণ্টের জন্য যে বরাদ্দ কর হয়েছিল —তাহা বিধিমত বণ্টন হয় নাই। বিশেষ করে আমাদের অঞ্চলে আমি জানি, ভারপ্রাপ্ত গ্রামসেবক তার এলাকায় বাড়ী ধ্বংস হয়েছে তার তালিকা এখনও পর্যন্ত প্রস্তুত করে সরকারের কাছে পৌছে দেয় নি। এই বিষয়ে সরকার যদি দৃষ্টি না দেন; তাহলে গ্রামের মানুষ বেঁচে থাকতে পারে না। এই অবস্থায় গ্রামের মানুষ কি করে সংসার চালাবে—কি করে সুস্থ সমাজে মানুষ হয়ে বেঁচে থাকবে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গ্রাম সম্বন্ধে বলছি যে গ্রামে পাকা রাস্তা-ঘাট নেই। কাঁচা রাস্তা বন্যায় ধ্বংস হয়ে গেছে। সেগুলি আজ পর্যন্ত রিলিফ ওয়ার্ক বা কোন রকম Scheme-এ মেরামত করা হয়নি। রাস্তা মেরামতের অভাবে আমাদের নির্বাচনের সময় বহু কষ্ট পেতে হয়েছে। বহু গ্রামের সঙ্গে যোগাযোগ পর্যন্ত আমরা করতে পারিনি। সরকার পক্ষ থেকে আজ পর্যন্ত সে সম্পর্কে কোন তৎপরতা গ্রহণ করা হয় নি। গ্রামের লোকের দুর্ভোগের কয়েকটি কারণ আছে। প্রত্যেকটি বি. ডি. ও অফিস এক একটি ক্ষুদে সরকার। আমলাতন্ত্রে পরিণত হয়েছে। তারা কখনও গ্রামের কাজ করতে চায় না। বি. ডি ও-দের এক একটি করে জীপ দেওয়া হয়েছে। তারা জীপ ছাড়া গ্রামে যেতে চায় না। গ্রামের বন্যা বিধ্বস্ত এলাকায় জীপ চলে না, গ্রামের মানুষ কোন প্রকার সরকারী সাহায্য না পেয়ে আজকে ভাবছে তারা কত অসহায়। দেশে জন-প্রতিনিধিমূলক সরকার নেই, তাদের প্রতি দৃষ্টি দেবার কোন অফিসার নেই। মাতৃ-পিতৃহীন অনাথা হয়ে তারা বাস করছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিক্ষা সম্পর্কে বলতে চাই। গ্রামের শিক্ষা ব্যবস্থা আদৌ সন্তোষজনক নয়। গ্রামের লোকেরা মানুষ, তারাও সমাজে মানুষ হিসাবে বাস করতে চায়, তারাও শিক্ষা-দীক্ষার আলো পেতে চায় কিন্তু গ্রামের বহু অনুমোদিত স্কুল আজ পর্যন্ত মঞ্জুরী পায় নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, লালবাগ একটি সাবডিভিশন্যাল টাউন। আজ পর্যন্ত সেই টাউনে একটিও কলেজ নেই। সেখানকার ছেলেরা, অধিবাসীদের রিক্সাওয়ালার ছেলেরা, ঘোড়ার গাড়ীওয়ালার ছেলেরাও স্কুল কলেজে পড়তে যায়। এবং সরকারী কর্মচারীদের ছেলেমেয়েদের লেখাপড়া শিখতে হলে যেতে হবে বহরমপুরে অথবা জিয়াগঞ্জে। সাবডিভিশন্যাল টাউন হওয়া সত্ত্বেও আজ ২৫ বছর স্বাধীনতা পাবার পরেও লালবাগে কলেজ করা হয়নি। আমি এই প্রসঙ্গে আপনার মাধ্যমে সংশ্লিষ্ট শিক্ষা মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে অবিলম্বে লালবাগে একটি ডিগ্রী কলেজ স্থাপন করা হোক। লালবাগে কলেজ করবার প্রচুর ঘর-বাড়ী আছে। সেইগুলি অধিগ্রহণ করে যে কোন সময় সরকার কলেজ আরম্ভ করতে পারেন। এ সম্পর্কে সরকার যদি একটু তৎপর হন, তাহলে কলেজ খুলতে বিশেষ কষ্ট হবে না। স্যার, আমাদের এই বিধানসভা পশ্চিমবঙ্গের মানুষের বহু আশা আকাংখার কেন্দ্র স্থল। এখানে বাংলাদেশের মানুষের জন্য বিধান রচনা করা হয়ে থাকে। এখান থেকে যেন কোন বৈষম্যমূলক কোন আইন প্রনয়ণ না হয়। মাননীয় রাজ্যপাল মহাশয় এই সভায় যে ভাষণ দিয়েছেন তার মধ্যে ভূমি সংস্কারের কথা উল্লেখ আছে, কিন্তু মাছের ভেড়ী সম্বন্ধে সিলিং হওয়ার বা করার কোন উল্লেখ নেই। জমির সিলিং-এর ব্যাপারে ষ্টেট এ্যাকুইজিসন এ্যাক্ট অনুযায়ী প্রত্যেক ফ্যামিলি মেম্বার ৭৫ বিঘা করে জমি রাখতে পারিত। কিন্তু পরবর্তীকালে এই সিলিং সংশোধিত হয়ে ২ হইতে ৫ জন সদস্য বিশিষ্ট ফ্যামিলি প্রতি ৫২ বিঘায় এসে দাঁড়িয়েছে। অসেচ এলাকায় ৫ জনে-এর

ফ্যামিলি ৫২ বিঘা জমি রাখতে পারেন। কিন্তু পূর্বের ৭৫ বিঘার সিলিংকে বাতিল না করে এই যে আইন পরিবর্তন করা হয়েছে এতে গ্রামের মানুষ বিভ্রান্ত হয়েছে এবং বহু অসুবিধা এবং বাঞ্ছিত মামলা মোকর্দ্দমার সৃষ্টি হচ্ছে। বর্তমান মন্ত্রিসভায় কয়েকজন প্রখ্যাত ব্যারিষ্টার আছেন। তাঁরা নিশ্চয়ই এবিষয়ে দৃষ্টি দেবেন এবং ভবিষ্যতে এই ধরনের বৈষম্যমূলক এবং ত্রুটিপূর্ণ আইন প্রচলিত না থাকে তার বিহিত ব্যবস্থা করবেন। ভূমি সংস্কার আইনের ১৯৭০ সালে যে সংশোধন করা হয়েছে তাতে কিন্তু চা-বাগান এবং মাছের ভেড়ীর কোন উল্লেখ নেই। আপনি জানেন স্যার, মালদা, মুর্শিদাবাদ জেলার মধ্যবিত্ত এবং কৃষকদের আমের বাগানই হচ্ছে একমাত্র জীবিকা নির্বাহের পথ। কাজেই সেই বাগানের সিলিং যদি ২০ বিঘাতে নেমে আসতে পারে তাহলে চা-বাগানের সিলিং কেন নির্দ্ধারিত হবে না? আর মাছের ভেড়ীর মালিকরাই ভগবানের বর পুত্র? ২১৫ হাজার বিঘা করে জমি রাখতে পারবে? বিধানসভার আইনের দ্বারাই এক শ্রেণীর মানুষের প্রতি অন্য শ্রেণীর মানুষের বৈষম্যের মনোভাব সৃষ্ট স্পষ্ট ফুটে উঠেছে দেখতে পাচ্ছি। এটা অত্যন্ত দুঃখ ও পরিতাপের বিষয়। প্রত্যেক নাগরিকের জন্য সমান এবং ন্যায় ব্যবস্থা করা উচিত এবং পক্ষপাতশূন্য আইন তৈরী হওয়া বাঞ্ছনীয়। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি যে এই ধরনের বৈষম্যমূলক প্রচলিত আইনের সংশোধন এখুনি হওয়া উচিত এবং চা-বাগান ও মাছের ভেড়ী ভূমিসংস্কার আইনের আওতায় আসা প্রয়োজন। এই বলে রাজ্যপালের ভাষণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-40—4-50 p.m]

শ্রীমনোরঞ্জন প্রামানিক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর বিতর্কে যোগদান করতে গিয়ে আমি এই কথা বলতে চাই যে রাজ্যপালের ভাষণের মাধ্যমে সরকারের যে কর্মসূচী প্রতিফলিত হয়েছে তার দ্বারা এটাই প্রমানিত হচ্ছে যে সমস্যাসঙ্কুল পশ্চিমবাংলার সামগ্রিক উন্নয়নের জন্য সরকারের সদিচ্ছা প্রকাশ করা হয়েছে। কিন্তু এই সমস্ত পরিকল্পনা বাস্তবে রূপায়িত হবে তখন যখন প্রশাসনিক আমলারা তাদের কাজকর্ম সম্বন্ধে সচেষ্ট থাকবেন এবং তাদের প্রচেষ্টায়ই এই উন্নয়ন পরিবেশ বজায় থাকবে এবং সরকার যে পরিকল্পনা গ্রহণ করেছেন তা বাস্তবে রূপায়িত হবে। আমি বর্ধমান জেলার খণ্ডঘোষ কেন্দ্র থেকে নির্বাচিত হয়ে এসেছি। এই কেন্দ্রটি বর্ধমান সহরের পাশে দামোদর নদের ধারে অবস্থিত। দীর্ঘদিন ধরে অবহেলিত এই এলাকাটি বছরের অর্ধেক দিন দামোদর নদের জন্য বর্ধমান সহরের থেকে যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে থাকে। দামোদর নদের উপর সেতুর অভাবে এই এলাকার প্রায় ১৫০০ বর্গ কিলোমিটার অঞ্চল-এর মানুষ সমস্যা জর্জরিত হয়ে পড়ে রয়েছে। এই কেন্দ্রটি ১৯৪৭ সালের আগেও যা ছিল এখনও তাই আছে, এখানে কোন রকম উন্নতি হয়নি। মাত্র কয়েকটি স্কুল, তিনটি হেলথ সেণ্টার এখানে হয়েছে এবং একটি রাস্তা ছাড়া এই অঞ্চলের উন্নতি করার জন্য কোন প্রচেষ্টা সরকারের তরফ থেকে হয়নি। রাজ্যপালের ভাষণের মধ্যে দামোদর নদের উপর সেতু নির্মাণের কোন প্রচেষ্টা দেখানো হয়নি এজন্য আমি খুব মর্মাহত এবং দুঃখ অনুভব করছি। এই সেতু নির্মাণ করার পরিকল্পনা রাজ্যপালের ভাষণের মধ্যে থাকা উচিত ছিল। এই সেতুর প্রয়োজনীয়তা বিশ্লেষণ করতে গিয়ে আমি এই কথা বলব যে যদি এই সেতু স্থাপিত হয় তাহলে দক্ষিণ দামোদরের বিস্তীর্ণ এলাকার রায়না, খণ্ডঘোষ ও আরামবাগের সঙ্গে বর্ধমানের শিল্প অঞ্চল, বাঁকুড়া, হুগলী, হাওড়া এলাকার সঙ্গে যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণ হবে। এই প্রসঙ্গে আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে ১৯৩৬ সালে যখন বৃটিশ সরকার

ছিল তখন সেই সরকার দামোদর নদের উপর সেতু নির্মাণের প্রয়োজনীয়তার কথা উপলব্ধি করেছিলেন এবং তদানীন্তন সরকারের রিপোর্ট অনুযায়ী দেখা যাচ্ছে যে যদি এই সেতু নির্মিত হয় তাহলে "It will open up a vast tract of agricultural country beyoad the Damodar which oan with great difficulty now market its produce for want of suitable comunications. The bridge is also important from administrative point of view as a large tract of the country is practioally isolated during the flood seasons" এমন কি ১৯৩৭ সালে এই ব্রীজ স্থাপন করার কাজ আরম্ভ হয়েছিল। কিন্তু দ্বিতীয় বিশ্বযুদ্ধ সুরু হওয়ার সঙ্গে সঙ্গে এই কাজ বন্ধ হয়ে যায়। অদৃষ্টের এই পরিহাসের ফলে দক্ষিণ দামোদরের এই বিস্তীর্ণ অঞ্চল-এর যোগাযোগ ব্যবস্থা আজও বাস্তবে রূপায়িত হল না। একটির পর একটি পঞ্চবার্ষিকী পরিকল্পনা এল, শেষ হল এবং পাশের এলাকা হুগলীতে তিনটি সেতু নির্মিত হল। ১৯৬৬ সালে তদানীন্তন পূর্তমন্ত্রী খগেন দাশগুপ্ত মহাশয় এই বিধানসভায় বলেছিলেন যে চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যেসমস্ত সেতু নির্মিত হবে তার মধ্যে এই সদরঘাট সেতু অগ্রাধিকার পাবে। কিন্তু আজ পর্যন্ত তা হলনা। রাজ্যপালের ভাষণের ২৭ অনুচ্ছেদটি একটু লক্ষ্য করার বিষয় এবং সেখানে আমি একটু আশার আলো দেখতে পাচ্ছি। এই প্রসঙ্গে রাজ্য পরিকল্পনা পর্ষদ নিশ্চয়ই সচেষ্ট হবেন এই বিশ্বাস আমার আছে। আমি চাই উত্তরবঙ্গের ন্যায় দক্ষিণ দামোদরে একটি উন্নয়ন পর্ষদ গঠন করা হোক। সদরঘাট সেতু স্থাপনের ব্যাপারে আমি বর্তমান মুখ্যমন্ত্রীর দৃষ্টি পূর্বেই আকর্ষণ করেছিলাম এবং দিল্লীতে বিভাগের রাষ্ট্রমন্ত্রীর মোহন ধারিয়ার কাছে দরবার করেছিলাম। কিন্তু তা সত্ত্বেও আমি এখনও আশার আলো দেখতে পাচ্ছি না। এই বিস্তীর্ণ এলাকার মানুষ বিপুলভাবে আমাদের সমর্থন জানিয়েছেন এই নির্বাচনে সেইজন্য আমি আশা করবো যে এইসমস্ত এলাকার মানুষেরা যেন নিরাশ না হন। পরিশেষে আমি আবলম্বে এই ব্রীজ স্থাপনের আবেদন জানিয়ে ও রাজ্যপালের ভাষণকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীরমেন্দ্রনাথ দত্ত: মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে সেটি আমি সমর্থন করে এই প্রসঙ্গে আপনার মাধ্যমে কয়েকটি কথা হাউসের সামনে রাখতে চাই। মাননীয় রাজ্যপাল বলেছেন যে ক্লিন, অনেষ্ট এ্যাণ্ড ডেডিকেটেড এ্যাডমিনিষ্ট্রেসান গড়ে তুলতে হবে। এটা করতে গেলে প্রথমেই আমার মনে হচ্ছে প্রত্যেক অফিসে যে ব্যাপক ভাবে ঘুষের কারবার চলেছে সেটা বন্ধ করা দরকার। গত পাঁচবছরে এই ঘুষ এত বেড়ে গিয়েছে যে আমরা এটা ভালো করে টের পাচ্ছি গ্রামে। যে কোন অফিসে গেলে ঘুষ না দিলে কোন কাজ হচ্ছে না। স্যার, আপনি জানেন, গত পাঁচ বছরে সরকারী কর্মচারীদের মধ্যে কো-অর্ডিনেশান কমিটি হয়েছিল এবং বেশীরভাগ কর্মচারী এই কমিটির মেম্বার হয়েছিলেন। এর ফলে হল কি কর্মচারীরা বেপরোয়া হয়ে গেলেন। ঘুষ ডানে-বাঁয়ে নিতে আরম্ভ করলেন। এমন কি তাদের উপরস্থ কর্মচারীরাও তাদের ভয় করে চলতেন। এখনও পর্যন্ত এই ঘুষ চলেছে। আমি কয়েকটি নির্দিষ্ট অফিসের কথা বলছি যেখানে এখনও পর্যন্ত ব্যাপক ঘুষ চলেছে। কি ভাবে চলেছে সেটা আমি আপনার মাধ্যমে বলছি। সাব-রেজিষ্ট্রি অফিসে দলিল লেখক বা ডিড রাইটাররা সাব-রেজিষ্ট্রারের নামে টাকা নিচ্ছে। যদি কেউ সে টাকা না দেয় দেখা যাচ্ছে সাব-রেজিষ্ট্রারের হাতে যখন দলিল পড়লো সে দলিল তিনি ফেরৎ দিলেন একটা কোন অজুহাত দেখিয়ে বললেন দলিলে ভুল আছে। ফলে হল কি, সেই দলিল নিয়ে সেই লোকটিকে হয়ত ১০ মাইল দূরে ফেরৎ যেতে হল এবং তারপরের দিন আবার আসতে হল। যারজন্য সে টাকা দিতে বাধ্য

হল। দলিল লেখককে ঘুষের টাকা দিলে সে খবর যায় হেডক্লার্কের কাছে, সেখান থেকে সাব-রেজিষ্টার যখন জানতে পারে টাকা পেমেণ্ট হয়েছে তখন দলিল রেজিষ্ট্রি হয়। কোর্টে যান সেখানে দেখা যাবে একটা মামলার দিন নিতে গেলে ঘুষ ছাড়া হচ্ছে না। যে কোন ব্যাপারে পেশকার বা সেরেস্তাদারকে ঘুষ না দিলে কোন কাজ হয় না। কোর্টে যে ব্যাপক ঘুষ চলেছে এরমধ্যে অনেক উকিলের মুহুরী ও দালালও জড়িত রয়েছে। তারপরে ট্রেজারীতে কোন টাকা জমা দিতে গেলে অন্তত চার আনা ঘুষ না দিলে সেদিন টাকা জমা হয় না। এরপরে পি. ডব্লু. ডি অফিসের কথা বলব। সেখানে একটা কণ্ট্রাক্ট-এর ব্যাপারে টেণ্ডার কল করার পর কণ্ট্রাক্ট পাবার দিন থেকে আরম্ভ করে ফাইনাল বিল পেমেণ্ট না হাওয়া পর্যন্ত প্রতি পদে পদে তাদের ঘুষ দিতে হচ্ছে। প্রথমে ঘুষ দিতে হয় ইনফিরিয়র মেটিরিয়ালস চালানোর জন্য, তারপরে দিতে হবে কমপ্লিসান রিপোর্ট আদায় করতে গেলে,শেষের দিকে ফাইনাল পেমেণ্টের সময় আবার অফিসে ঘুষ দিয়ে তারপরে পেমেণ্ট হচ্ছে। এর ফলে কাজগুলি ইনফিরিয়র কোয়ালিটির হচ্ছে। এই ঘুষের অংশ ইঞ্জিনিয়ার থেকে আরম্ভ করে ওয়ার্ক এ্যাসিসটেণ্ট পর্যন্ত প্রত্যেকে প্রোপোসানেটলি নিচ্ছে। মাননীয় সভাপাল মহাশয়, এরপরে আমি স্যানিটারি ডিপার্টমেণ্টের কথা বলব। ভেজাল তেল, আটা, ময়দা, বিভিন্ন খাদ্যদ্রব্য, দুধ, এইসব ভেজাল জিনিষ বিক্রী হচ্ছে।

[4-50—5-00 p.m.]

পচা মাছ বিক্রী হচ্ছে, স্যানিটারি ডিপার্টমেণ্ট থেকে এর কোন এ্যাকসান নেয় না, মনে হয় একটা মাসোহারা বাঁধা আছে যার ফলে এই জিনিসগুলি বন্ধ হচ্ছে না। এরপর দেখুন গ্রামের দিক। গ্রামসেবককে গ্রামশোষক বললে ভাল হয়। কারণ, সরকার থেকে যখন গ্রুপ লোন দেয় তখন জন প্রতি দুই টাকা আদায় না দিলে গ্রুপ লোন রিলিজ করা হয় না। ক্যাটেল পার্চেজ লোন এর ব্যাপারেও ঘুষ চলেছে। হাউস বিল্ডিং লোনের ব্যাপারেও ঘুষ দিতে হচ্ছে। এই ঘুষ বন্ধ করতে না পারলে ক্লিন এণ্ড অনেস্ট এ্যাডমিনিষ্ট্রেসান হওয়া অসম্ভব। আমার সাজেসান হচ্ছে এই ঘুষ বন্ধ করতে গেলে বর্তমানে আমাদের যে এ্যাডমিনিষ্ট্রেশানের কাঠামো আছে তা দিয়ে কখনও বন্ধ হবেনা, এর জন্য নন-অফিশিয়াল এ্যাণ্টি করাপসান কমিটি করতে হবে। প্রত্যেক সাব-ডিভিসান ওয়াইজ এই কমিটি হবে, সেখানে, প্রত্যেক থানা থেকে একজন যুবক প্রতিনিধি একজন কৃষক প্রতিনিধি, একজন শ্রমিক প্রতিনিধি এবং যদি সেখানে কলেজ থাকে তাহলে সেই কলেজের প্রিন্সিপ্যালকে নিতে হবে, একজন হেডমাষ্টার, একজন ডাক্তার, একজন ইঞ্জিনিয়ার এইরকমভাবে একটা কমিটি করে নিয়ে সেই কমিটির কাছে যাতে পাবলিক এসে কমপ্লেন করতে পারে ঘুষের ব্যাপারে এবং পুলিশকে নির্দেশ দিতে হবে এই ঘুষ ধরার ব্যাপারে এই কমিটিকে যেন পুলিশ সর্বপ্রকার সাহায্য করে। এরপর হচ্ছে ডেডিকেটেড এ্যাডমিনিষ্ট্রেসান। আপনি যে কোন অফিসে গিয়ে দেখুন শতকরা ৮০ ভাগ কর্মচারী সময়মত আসে না, যারা আসে তারা কাজ করে না। আপনি যদি গত এক বছরের প্রত্যেক অফিসের এ্যাসেসমেণ্ট অব ওয়ার্ক করে দেখেন তাহলে দেখবেন ক্লার্ক কোন কাজ করে না, পার্টি করে বেড়ায়। এই জিনিসটা বন্ধ না হলে এ্যাডমিনিষ্ট্রেসানের কোন ইম্প্রুভমেণ্ট হবে না। আমার মতে একটা অর্ডার দেওয়া উচিত যে কোন ফাইল কোন অফিসে কোন ক্লার্কের কাছে সাত দিনের বেশী আটকে থাকবে না, তার মধ্যে ক্লিয়ার করতে হবে, যদি আটকে থাকে তাহলে তা সুপিরিয়র অফিসারের নোটিশে আনতে হবে। তারপর, উত্তরবঙ্গ, মুর্শিদাবাদে ছেলেদের মনে হয় পশ্চিমবঙ্গের অবাঞ্ছিত ছেলে। তার কারণ,আসানসোল,দুর্গাপুর শিল্পাঞ্চলে যে চাকরি খালি হয় সেখানে কেবল লোকাল এক্সচেঞ্জ থেকে

চাকরি দেওয়া হয়। উত্তরবঙ্গে নামমাত্র এক্সচেঞ্জ আছে সেখানকার কোন ছেলেকে শিল্পাঞ্চলে চাকরি দেওয়া হয় না। আমি জানি আমাদের ওখানকার ছেলে দুর্গাপুরে এ্যাপ্লাই করেছিল কিন্তু তাদের বলা হয়েছে যে এখানকার এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে নাম রেজিস্ট্রী না হলে চাকরি দেওয়া হবে না। তাহলে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ রাখার অর্থ কি? এইভাবে যদি নথ বেঙ্গলকে আলাদা করে রাখা হয়, তাদের ছেলেদের চাকরি দেওয়া না হয়, কেবলমাত্র শিল্পাঞ্চলে লোকাল এক্সচেঞ্জের ছেলেদের নেওয়া হয় তাহলে এটা খুব অন্যায় হবে। আমার মনে হয় প্রত্যেক ডিষ্ট্রীক্টে প্রোপোর্সানেটলি চাকরি ভাগ করে দেওয়া হোক যাতে প্রত্যেক ডিষ্ট্রীক্ট থেকে প্রোপোর্সানেটলি ছেলেরা চাকরি পায়। এই কথা বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে অর্থনৈতিক সামাজিক উন্নতির একটা চিত্র তুলে ধরা হয়েছে সেজন্য ভাষণকে আমি অভিনন্দন জানাই এবং যে সমর্থনসূচক প্রস্তাব যা আনা হয়েছে তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় মহামান্য রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়েও একটা জায়গাতে আমি খুব বেদনা পাচ্ছি যে ভাষণের মধ্যে বাঁকুড়া জেলার কথা কিছু বলা হয়নি। বাঁকুড়া জেলা একটি অবহেলিত অনুন্নত জেলা, মহামান্য রাজ্যপালের ভাষণে আমরা আশা করেছিলাম যে বাঁকুড়া জেলার উন্নতির কথা কিছু থাকবে। বাঁকুড়া জেলার মানুষ তখন এই গণতান্ত্রিকজোটকে পূর্ণ সমর্থন জানান। তারা ১৩ টি আসনের মধ্যে ১৩ টি আসনেই জোটকে জনসাধারণ সমর্থন করে নির্বাচিত করলো। সেই জেলার প্রথমে নূতন প্রতিনিধি হিসাবে এসে যখন দেখলাম রাজ্যপালের ভাষণে ঐ জেলায় কোন কথা নেই তখন সাময়িকভাবে বাঁকুড়া জেলার প্রতিনিধি হিসাবে আমি নিজে ক্ষুব্ধ হয়েছি। আমি এই সম্বন্ধে আপনার মাধ্যমে বর্ত্তমান মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলায় কোন শিল্প নেই। অথচ আমি জানি ঐ জেলার কংগ্রেসের সাধারণ সম্পাদক হিসাবে আমি জেলার বিভিন্ন জায়গায় ঘুরে দেখেছি বেসরকারী সারভে করে দেখেছি, কংসাবতী,দারকেশ্বরী এবং দামোদরের অপর পারে দুর্গাপুর হতে শিল্প গড়ে ওঠার যথেষ্ট সম্ভাবনা আছে। এবং শিল্প গড়তে গেলে যে সমস্ত প্রাকৃতিক সুবিধা দরকার এবং বাঁকুড়া জেলায় সেসমস্ত সুবিধা থাকা সত্বেও সরকারী চেষ্টায় আজ পর্যন্ত কোন শিল্প গড়ে ওঠে নি। ঐ জেলায় শিল্প গড়ার কোন প্রচেষ্টা হয় নি। আমি দেখেছি যেটা আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই কটি শিল্প বাঁকুড়ায় গড়ে উঠতে পারে—ঐ জেলায় গ্লাস ফ্যাকটারী হতে পারে, পেপার মিল হতে পারে, রোলিং মিল ফ্যাক্টারী হতে পারে, ও ওনা কেন্দ্রে সেখানে টেনারি লেদার ফ্যাকটারী হতে পারে, সুতা কল হতে পারে। আমি বেসরকারী সারভে দিয়ে সারভে করে দেখেছি। আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি যে প্রস্তাব আমি দিয়েছি সেগুলি চিন্তা করা দরকার। আমরা যে বেসরকারী সারভে করেছি তাদের কাছে তথ্য দরকার হলে সংগ্রহ করতে পারেন। বাঁকুড়া জেলার বেকার যুবকরা যেন চাকরী পায়। তাদের হতাশার ভাব কাটাতে গেলে বাঁকুড়া জেলায় এই সব শিল্প স্থাপন করা দরকার। অথচ এখনও সেখানে কোন শিল্প কোন কিছু গড়ে ওঠেনি। আমি মন্ত্রিসভাকে আমার বিনীত অনুরোধ জানাচ্ছি ও যাতে ভবিষ্যতে আগামী বছরের মধ্যে বাঁকুড়া জেলায় শিল্প গড়ে উঠতে পারে সে সম্বন্ধে আমি আবেদন রাখছি।

জেলার শতকরা ৮৮ থেকে ৯০ জন লোক খেটে খাওয়া মানুষ। দরিদ্র মধ্যবিত্ত কৃষক। ঐ জেলার কৃষকেরা সাধারণতঃ আকাশের জলের উপরই নির্ভর করে। চাষের জন্য যদিও দামোদর

পরিকল্পনা ও কংসাবতী পরিকল্পনা বাঁকুড়ায় আছে কিন্তু তবুও এই পরিকল্পনার খুব কম জলে এই জেলার সেচ হয়।

[5-00—5-10 p.m.]

বাকী বাঁকুড়া জেলার অধিকাংশ জায়গায় কেবল বৃষ্টির উপর নির্ভর করে চাষ হয়। আমি তা বিভাগীয় মন্ত্রিমহাশয়কে আবেদন করব যাতে সেখানে প্রত্যেকটা গ্রামে বৈদ্যুতিকরণ করে li irrigation, deep tubewell ইত্যাদির মাধ্যমে সেচ ব্যবস্থা করা হয়। বাঁকুড়া জেলায় আমি নির্বাচনের সময় গ্রামে গ্রামে গিয়ে দেখেছি যে অধিকাংশ পানীয় জলের কূপ এবং tubewell-গুলি অসংস্কৃত অবস্থায় পড়ে আছে। সেগুলি যাতে অবিলম্বে সংস্কার করা হয় সেজন্য আমি বিভাগী মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব। আর একটা হচ্ছে যে বাঁকুড়া জেলার পাশে দুর্গাপুর শিল্প নগর আছে। এই শিল্পনগরী গড়ার পেছনে বাঁকুড়া জেলার মানুষের প্রচুর অবদান রয়েছে। কি দুর্গাপুর Employment Exchange করার জন্য সেখানকার মানুষ এই সুযোগ হতে বঞ্চিত হয় সেজন্য অনুরোধ করা দুর্গাপুর Factory-তে যখন Employment করা হয় তখন যেন বাঁকুড়া জেলা জন্য একটা Quota থাকে। আর একটা জিনিষ আপনার মাধ্যমে মন্ত্রিসভা এবং সদস্যদের বলি যে আমরা পরিচ্ছন্ন প্রশাসন তৈরী করব। কিন্তু বাঁকুড়া জেলার প্রাথমিক শিক্ষক নিয়োগে একটা নূতন অদ্ভুত জিনিষ হচ্ছে। বাঁকুড়া জেলায় কিছু organised school আছে এবং সেই সম স্কুলে একটা organised Teachers' Association ছিল--বর্তমানে যার নাম হচ্ছে সংগ্রামী প্রাথমিক শিক্ষক সমিতি। আমরা শুনতে পাচ্ছি কিছু সংখ্যক অফিসারের যোগাযোগে সে সমস্ত organised প্রাথমিক বিদ্যালয়ে যে সমস্ত শিক্ষক কাজ করছেন তারা চাকরী পাবার আশায় তাদের কাছ থেকে প্রথম দফায় ৫০০ টাকা লেভি নেওয়া হচ্ছে এবং চাকরী পেলে পর দ্বিতীয় দফায় আবার ৫০০ টাকা লেভি নেওয়া হবে। এইরকম একটা ষড়যন্ত্র সেখানে চলছে। সেজন্য বিভাগীয় মন্ত্রিমহাশয়কে নিবেদন করছি যে অবিলম্বে বাঁকুড়া জেলায় যে Advisory Committee আছে তা বাতিল করে দিয়ে নূতন শক্তিশালী Advisory Committee করা হোক এবং বাঁকুড়া জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগ বন্ধ করা হোক এবং এ বিষয়ে একটা তদন্ত করা হোক। বর্তমানে বাঁকুড়া জেলায় শ্রমিক শ্রেণী কোন কাজ পাচ্ছে না। সুতরাং যত শীঘ্র সম্ভব তাদের কাজের জন্য Test Oreliet খোলা হোক এই দাবী মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি। সর্বশেষে রাজ্যপালের ভাষণকে সম্পূর্ণরূপে সমর্থন করে আমি আমার ভাষণ শেষ করছি।

শ্রীশঙ্কর দাস পাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি দু'একটি কথা বলতে চাই। আপনারা জানেন শ্রীমতী ইন্দিরা গান্ধীর নেতৃত্বে ১৭ দফা কর্মসূচী নিয়ে আমরা এসেছি। সে কর্মসূচী পূর্ণভাবে পালন করতে পারার দায়িত্ব আমাদের সকলের আছে। সে দায়িত্ব যে আমরা পালন করতে পারি সেটা আমাদের নেত্রী দেখিয়েছেন। আপনারা দেখেছেন কিছুদিন আগে শ্রীমতী গান্ধীর নেতৃত্বে তিনটে বিরাট কাজ আমরা শেষ করেছি। সে তিনটি কাজ হলো আমাদের বাংলাদেশ থেকে যে ইভাকুইজ এসেছিল তাদের ঠাঁই দিয়েছিলাম এবং তারপর ১৬ই ডিসেম্বর পাকিস্থানী বাহিনীর আত্মসমর্পণের পর ইভাকুইজরা সসম্মানে তাদের দেশে ফিরে গিয়েছে। এই তিনটি বড় কাজ আমরা করেছি। কিন্তু এই বড় কাজ করতে গিয়ে দেখেছি আমাদের শরণার্থী শিবিরের কর্মচারীদের প্রায় সাড়ে বার হাজার কর্মচারী কাজ করেছিল তারা বেকার হতে চলেছে একথা শুনতে পাচ্ছি। আমরা জানি না। আমাদের

মুখ্যমন্ত্রী যখন পশ্চিমবাংলার দায়িত্ব নিয়েছিলেন তখন এক লক্ষ লোকের কর্মসংস্থান হবে বলেছিলেন। এই সমস্ত কর্মচারী এবং অনেকে এ্যাপয়েন্টমেণ্ট লেটার পেয়েও চাকরী পায় নি। যদি তাদের চাকরী না থাকে তাহলে দেশের লোক বিশেষ করে যুবসম্প্রদায় কোনদিন আমাদের ক্ষমা করবে না। সেইজন্য আপনার মাধ্যমে আমি মন্ত্রিসভাকে জানিয়ে দিতে চাই যাতে শিবির কর্মচারীদের একজনেরও চাকরী না যায় সেদিকে দৃষ্টি দেবেন। যেখানে তিন কোটি টাকা আমরা খরচ করেছি সেখানে এক লক্ষ টাকা খরচ করলে তারা আতঙ্কের মধ্যে থাকবে না, আমরা তাদের পরিষ্কারভাবে বলে দেবো, তোমাদের চাকরি যাবে না, তোমরা যেমন কাজ করছো তেমন কাজ করে যাও।

আর একটা কথা বলে রাখতে চাই সেটা হচ্ছে বহরমপুর মিউনিসিপ্যালিটির কিছু অংশ শহর আর বাকি অংশ গ্রাম। গতবারের ৮৫ দিনের বিধানসভায় আমি ছিলাম। তখন দেখেছিলাম রাজ্যপালের ভাষণের মধ্যে ছিলো অনেক পরিকল্পনার কথা। কিন্তু এই পরিকল্পনা যাতে কার্যকরী হয় তার চেষ্টা করতে হবে, তার রূপ দিতে হবে, লালফিতার ফাঁস মুক্ত করতে হবে। আমরা এখানে প্রতিজ্ঞা করতে চাই এম. এল. এ. যারা আছি এসেম্বলী শেষ হলে দেশে ফিরে যাবো। কোন রাস্তার পরিকল্পনা নেবো, একজিকিউটিভ ইঞ্জিনীয়ারকে ডাকবো, বলবো এসটিমেট করুন, কাজ করুন। লালফিতার মধ্যে রাজ্যপালের ভাষণ যেন চাপা না পড়ে যায়। লালফিতার ফাঁস আমাদের ভেঙ্গে ফেলতে হবে। সে প্রতিজ্ঞা আমাদের নিতে হবে। লালফিতার ফাঁস আমাদের সকল সদস্য যেন ভেঙ্গে ফেলতে পারেন। বহরমপুর শহর আনডেভেলপড এরিয়া। আজকে সেখানে মণীন্দ্র মিল এবং আরও একটা মিল চালু হতে চলেছে। কিন্তু মুর্শিদাবাদের বেলডাঙ্গা সুগার মিলের পরিকল্পনা দেখছি না। আজ যদি বেলডাঙ্গা সুগার মিল খোলা যায় তাহলে বহু বেকার যুবকের কর্মসংস্থান হবে এবং যারা বসে আছে তাদেরও মুখে হাসি ফুটবে। বহরমপুর শহরে দুটো বড় হাসপাতাল আছে। আমি আগেও বক্তব্য রেখেছিলাম যে এখানে একটা মেডিকেল কলেজ দরকার। আজও সে বক্তব্য রাখছি। এখানে একটা মেডিকেল কলেজ দরকার এবং একটা ল কলেজ দরকার। যদি এটা হয় তাহলে অনেক লোকের সুবিধা হবে। বহরমপুর মুর্শিদাবাদ জেলার একটা প্রাণকেন্দ্র। সেখানকার লোকদের সুযোগ সুবিধা হবে। গ্রামে ইলেকট্রিফিকেশান তাড়াতাড়ি দরকার। শুধু পরিকল্পনা চলছে। তাড়াতাড়ি সম্পূর্ণ হওয়া দরকার। ব্যাঙ্ক রাষ্ট্রীয়করণ যেটা হয়েছিল তার উদ্দেশ্য ছিল জনসাধারণের রুজি-রোজগারের পথ সুগম করে দেওয়া। কিন্তু দেখা যাচ্ছে সাধারণ মানুষের স্বার্থের পক্ষে ব্যাঙ্ক ঠিকভাবে কাজ করছে না। রাজ্যপাল বলেছেন ব্যাঙ্কের ঋণ দেওয়ার জন্য পরামর্শদাতা কমিটি গঠন করা হয়েছে। কিন্তু সাধারণ মানুষের উপকারে যাতে ব্যাঙ্কের ঋণ লাগে তারজন্য আমলাতন্ত্রের বেড়া ভেঙ্গে বাস্তব কর্মসূচী গ্রহণ করা উচিৎ।

[5-10—5-20 p.m.]

এবং আরেকটা যে বিরাট সমস্যা দেখা দিয়েছে যে, দুঃস্থ কৃষকদের যে ঋণ দেওয়া হয়েছে তা আজ পর্যন্ত মকুব করা হয়নি। তাদের যে এন. ই. এস স্কীমে যে ঋণ দেওয়া হয়েছিল তা মকুব করা খুবই দরকার। আমার বক্তব্য আমার এখুনি শেষ করতে হবে কারণ আমাকে যে সময় দেওয়া হয়েছে তার বেশী সময় পাওয়া যাবে না। সবশেষে আমি রাজ্যপাল যে ভাষণ আমাদের এখানে দিয়েছেন তা সম্পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য বলে আর সম্বোধন করে আপনি আমাদের কৃতজ্ঞতাভাজন হচ্ছেন। আপনার মাধ্যমে আমরা আমাদের বক্তব্য যা রাজ্য সরকারের মন্ত্রিমণ্ডলীর কাছে রাখি তাতে কতখানি কি কাজ হয় নিশ্চয়ই আমরা সকলে তা উপলব্ধি করতে পারি। মাননীয় রাজ্যপাল যে ভাষণ রেখেছেন নীতিগতভাবে সেই ভাষণকে আমরা সমর্থন করি। কিন্তু এই কথা পরিষ্কারভাবে বলতে চাই যে তাঁর ভাষণে অনেক কিছু অভাব আছে, অভাব আছে বাস্তব দৃষ্টিভঙ্গীর। সময় সংক্ষিপ্ত, সবুজ এবং লাল আলোর ঝলকানি আছে সেইজন্য সংক্ষিপ্ত সময়ের মধ্যে বলতে চাই রাজ্যপালের ভাষণের এগার অনুচ্ছেদে বলা আছে— রাজ্য সরকার পাট, চা এবং সুতীবস্ত্র শিল্পগুলিতে বেতন নির্দ্ধারণ কমিটি গঠন করেছেন এবং কর্মচারীদের বাধ্যতামূলক গ্রাচুইটিদান আইন পাশ করেছেন। সেই আইনের বলে সমস্ত কলকারখানার শ্রমিকদের প্রভুত উপকার হবে। আইন হয়ত তৈরী করা হয়েছে কেবলমাত্র বিধানসভায় নয়, অতীতে বিধানসভার অধিবেশনের অন্যান্য সরকারের সময়ও অনেক আইন তৈরী হয়েছিল। গ্রাচুইটি আইন যে তৈরী হয়েছে তা সত্যিকারে বলবত হচ্ছে কি না, বন্ধ কলকারখানা সম্বন্ধে যে আইন তৈরী হয়েছে তা মালিকরা মানছে কি না এবং সপস এ্যাণ্ড এষ্টাবলিসমেণ্ট ওয়ার্কাস এ্যাক্ট যে আইনটা তৈরী হয়েছে সেই আইন মানা হচ্ছে কি না এবং সেই আইন মানা না হলে তা কেন মানা হচ্ছে না এবং এর বিরুদ্ধে শাস্তিমূলক কোন ব্যবস্থার কথা বলা নেই। শ্রমিক আন্দোলনের একজন কর্মী হিসাবে আমি পরিষ্কার ভাষায় বলতে চাই যে পশ্চিমবাংলার অধিকাংশ শিল্পপতি এবং মালিক এই সমস্ত আইন মানছেন না। আমি পরিষ্কার ভাষায় বলতে চাই রাজ্যের ছয় লক্ষ দোকান কর্মচারী মানুষের মত জীবন-যাপন করেছেন না। সপস এণ্ড এষ্টাবলিসমেণ্ট এ্যাক্ট কেবল-মাত্র পুঁথির পাতায় সীমাবদ্ধ আছে, বাস্তবে তার কোন প্রয়োগ হয় না। শিল্প আন্দোলনের ক্ষেত্রে বলা হয়েছে শ্রমিক এবং কৃষকদের ন্যায়গত দাবী স্বীকার করা হবে। আমি শ্রমিক আন্দোলনের কর্মী হিসাবে জামি যে ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট যেটা আছে শিল্প বিরোধ আইন - সে আইন এমন ভাবে তৈরী করা হয়েছে যে শ্রমিকরা যদি সেই আইনের মাধ্যমে প্রতিকার পেতে চায় তাহলে ৫।৬।১০ বছর লাগে। অবশেষে যখন সুপ্রীম কোর্ট থেকে ফেরত আসে তখন তার মধ্যে শ্রমিক মারা যায়। এই আইনের মাধ্যমে আমরা শ্রমিকদের কোন উপকার করতে পারি না। তাই আশা করেছিলাম রাজ্যপালের ভাষণের মধ্যে শ্রমিদের সম্পর্কে কল্যাণের কথা বলা হয়েছে, এখানে আশা করেছিলাম শিল্প বিরোধ সংশোধন করে, মালিক ঘেঁষা যে আইন আছে তা দিয়ে সত্যিকারের শ্রমিকদের কল্যাণ করা যাবে না। ঠাকুর রামকৃষ্ণ বলতেন, পাঁজিতে লেখা আছে বিশ আঁড় জল, কিন্তু গোটা পাজিটা নিংড়ালেও একফোটা জল বেরোয় না—সেইরূপ ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট, গ্রাচুইটি এ্যাক্ট, সপস এ্যাণ্ড এষ্টাবলিসমেণ্ট এ্যাক্ট, ইত্যাদি নিংড়ালেও শ্রমিকদের জন্য কল্যাণ করা যাচ্ছে না এটাই বাস্তবে লক্ষ্য করছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমরা যখন শ্রমিকমুখী কৃষকমুখী হচ্ছি, আপনারা জানেন শ্রমিকদের সম্পর্কে আসানসোল ও দুর্গাপুর অঞ্চলে যেখানে ১৯৫টি কয়লার খনি আছে সেখানে শতকরা ৯৭ ভাগ মালিক সেই কয়লা শ্রমিকদের জন্য যে বেতনবোর্ড আছে সেই বেতন বোড মানছে না এবং তাদের বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে না। ইঞ্জিনিয়ারিং-এ যে ওয়েজ বোড আছে সেই ওয়েজ বোর্ড-এর রায়ও অন্ততঃপক্ষে পশ্চিমবাংলায় ৮০ ভাগ মালিক মানছেনা। আপনাদেরও কোন শাস্তি দেওয়া সম্ভবপর হয়নি। আসানসোল, দুর্গাপুরের শিল্পাঞ্চলে কয়লা শ্রমিকদের ২০ লক্ষ, ২৫ লক্ষ, ৩০ লক্ষ টাকা এই খাতে পাওনা আছে। শ্রমিক-দের সেই টাকা দেবার ব্যবস্থা সরকার করতে পারছেন না। আজকে তাই পরিষ্কার ভাষায় বলতে

চাই শ্রমিকদের জন্য আইন তৈরী করা হচ্ছে ঠিক কিন্তু আইনের বাস্তব প্রয়োগ চাই। শুধু কথার কথা বললে চলবেনা। গ্রামের বিষয় আমি একথা বলি যে গ্রাম সম্পর্কে আমাদের যে দৃষ্টিভঙ্গী আমরা নিয়েছি—সেই দৃষ্টিভঙ্গী বাস্তবসম্মত নয়। বেকারদের ব্যাপারে বলছি যে বেকারদের চাকরীর কথা বলা হয়েছে কিন্তু আমি জানি যদি প্রপারলি ম্যানিজ করা হয় তাহলে আসানসোল দুর্গাপুর অঞ্চলে সেখানে ৩০ হাজার ছেলেকে চাকরী দেওয়া সম্ভবপর। এবং তাই আমি বলবো বেকারী দূর করার ব্যাপারে, শিল্প শ্রমিকদের অসন্তোষ দূর করার ব্যাপারে, কৃষকদের দুঃখ দুদশা দূর করার ব্যাপারে আমাদের পরিষ্কার বাস্তবসম্মত দৃষ্টিভঙ্গীর প্রয়োজন আছে। রবীন্দ্রনাথের ভাষায় বলতে গেলে বলতে হয় জীবনে জীবন যোগ করা না হলে কৃত্রিম পণ্যে ব্যর্থ হয় গানের পসরা। তাই কাগজে নয়, প্রস্তাব নয়, আইন নয়, তার বাস্তব রূপায়ণ আমরা চাই, সার্থক রূপায়ণ চাই। জয়হিন্দ।

শ্রীমহাদেব মুখোপাধ্যায়: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদসূচক যে প্রস্তাব নেওয়া হয়েছে তা অন্তরের সঙ্গে সমর্থন করছি। কিন্তু রাজ্যপালের ভাষণে ভূমি সংস্কার সম্বন্ধে যে কথা আছে সেটা অবশ্য প্রগতির দিক দিয়ে নিশ্চয়ই খুব আশার কথা কিন্তু এই ভূমি সংস্কার আইন সংশোধিত করতে গেলে সেটা বাস্তবে কিভাবে রূপায়িত হবে? আমি মনে করি এই ভূমি সংস্কার আইনকে যদি সংশোধিত করতে হয় তাহলে যে সমস্ত লার্জ প্রডিউসার আছে, বড় বড় জোতদার আছে, তারা বেনামী করে রেখেছে। তারা অনেক রকমে জমি লুকিয়ে রেখেছে। এই জমি যদি উদ্ধার করতে হয় [illegible] ফাঁক আছে যাতে সত্যিই সেই জমি উদ্ধার করা অসম্ভব। অনেক ক্ষেত্রে আমরা দেখেছি এই জমি উদ্ধার করা সম্ভব হয় না, এই জমি যদি সত্যিকারের উদ্ধার করতে হয় যে ভূমিহীন কৃষক তার যদি উপকার করতে হয়, যাদের কল্যাণের কথা আপনারা বলেন, তাদের যদি সত্যিকারের কল্যাণ করতে হয় তাহলে আমি মনে করি যে সেটেলমেন্ট [illegible] করে সেখানে লার্জ প্রডিউসার যারা, বড় জোতদার যারা, তাদের হিসাব নিতে [illegible] সংগ্রহ করার দিক থেকে সহজ হবে এবং আয়ত্বে আসবে এবং জমি [illegible] হবে। আমি মনে করি দ্বিতীয় পদক্ষেপ আমার ব্যাংক রাষ্ট্রীয়করণ। [illegible] সম্পর্কে আজকে এর যে সুফল হয়েছে সেটা সত্যিই খুব আনন্দের কথা। [illegible] যারা জমির [illegible] এমন কি মধ্যবিত্ত [illegible] যারা কামার, কুমোর, শিল্পী, বা যারা [illegible] কবলার, এই সমস্ত মানুষ, যারা ভূমিহীন তারা আজকে এই [illegible] হয়নি।

[5-20—5-30 p.m.]

আজকে ব্যাঙ্ক রাষ্ট্রীয়করণ হয়েছে, আমার প্রস্তাব হচ্ছে [illegible] সিকিউরিটিতে টাকা দিতে হবে যাতে এই সমস্ত [illegible] হয় এবং ছোট ছোট ব্যবসা তারা করতে পারে, [illegible] ছোট কল কারখানা করে খেতে পারে তার জন্য তাদের সিকিউরিটি ছাড়া ঋণ দিতে [illegible] আইন সেভাবে সংশোধন করা উচিত। এই যে সরকার ক্রাশ স্কীম ফর আনএমপ্লয়মেন্ট চালু করেছেন, শ্রমিদের ঋণের জন্য সেটা প্র্যাকটিকেবল স্কীম নয়। [illegible] কথা, দান করবার কথা আছে এবং ক্রাশ স্কীম ফর আনএমপ্লয়মেন্ট, এই সমস্ত সরকারের পরিকল্পনা থেকে

দেখবেন প্রাকৃটিকেবল হয়নি। ল্যাণ্ড লোকে স্বেচ্ছায় ছাড়বে না। সরকার যাতে বেকার শ্রমিকদের জন্য, যারা ৬ মাস কাজ করে আর ছয় মাস বেকার থাকে, সেই সব শ্রমিকদের জন্য তাদের কল্যাণার্থে ক্রাশ স্কীম চালু করেন এবং যে সমস্ত ল্যাণ্ড উৎবৃত্ত আছে সেগুলি দখল করে নেন একুইজিশন করে নেন, সেজন্য আমি সংশোধনী প্রস্তাব রাখছি। মার্টিন রেল হাওড়া এবং হুগলীতে ছিল, কিন্তু এখন বন্ধ আছে। এই রেল থাকার জন্য হাওড়া এবং হুগলীর বহু গঞ্জে বাজারে বহু ব্যবসায়ী, ছোট ছোট শিল্পী ও চাষী ব্যবসা করে উপকৃত হয়েছে, অর্থনৈতিক দিক থেকে তারা লাভবান হয়েছে। কিন্তু সেই মার্টিন রেল বন্ধ হওয়ায় আজকে সত্যিই তাদের অত্যন্ত ক্ষতি হয়েছে। আজকে এই মার্টিনরেল বন্ধ হওয়ায় বহুলোক বেকার হয়ে আছে, বসে আছে। মার্টিন রেল চালু করলে বহু বেকারের কর্মসংস্থান হবে এবং ব্যবসা বাণিজ্যেরও সম্প্রসারণ হবে। এই মার্টিন রেল সরকার নিজের হাতে নিয়ে যাতে চালু করেন তার জন্য আমি প্রস্তাব রাখছি।

তারপর নিম্ন দামোদর পরিকল্পনার কথা। আজকে কয়েক বৎসর ধরে শুনে আসছি যে এরদ্বারা বন্যা প্রতিরোধ হবে, উত্তর বঙ্গের বন্যারোধ করবার কথাও শুনে আসছি। কিন্তু প্রকৃত পক্ষে টাকার অভাবে নিম্ন দামোদর পরিকল্পনার কাজ ত্বরান্বিত হচ্ছে না। আজকে গভর্ণরের ভাষণে দেখছি—একথা আছে যে নিম্ন দামোদর পরিকল্পনার কাজ পুরাদমে চলেছে। আমি কিন্তু একথা স্বীকার করে নিতে পাচ্ছি না। হাওড়া ডিষ্ট্রিক্টের একমাত্র আমতা ভাগীরথীর মুখে কিছু কাজ হচ্ছে, কিন্তু বাকী জায়গায় বর্দ্ধমান জেলায় পুরাদমে কাজ হচ্ছে একথা মেনে নিতে পাচ্ছিনা। (এখানে সবুজ বাতি জলে উঠল) স্যার আমাকে একটু সময় দিতে হবে। যাতে মুণ্ডেশ্বরীতে দ্রুত কাজ সম্পন্ন হয় তার জন্য নক্সা হয়েছে। সেই কাজ ত্বরান্বিত করতে হলে যে যে শাখানদীতে লক-গেট করবার কথা হচ্ছে এবং যে শাখা নদীগুলি সংস্কার করবার কথা হচ্ছে, সেই সমস্ত কাজগুলি ত্বরান্বিত করতে হবে এবং তার জন্য যাতে কেন্দ্র থেকে টাকা পাওয়া যায় তার ব্যবস্থা করতে হবে। আমি শুনেছি এই কাজ করতে গেলে ১৪।১৫ কোটি টাকার প্রয়োজন হবে। এই টাকা আস্তে আস্তে দিলে হবে না, কারণ বন্যায় প্রতি বছর আরামবাগ মহকুমা, আমতা, উদয়নারায়নপুর, বাগনান এবং বর্ধমান জেলার জামালপুর খণ্ডকোষ বন্যা প্রপীড়িত হচ্ছে।

প্রত্যেক বছর লক্ষ লক্ষ কোটি কোটি টাকার ফসল নষ্ট হচ্ছে এবং তার কোন প্রতিকার হচ্ছে না। বন্যা নিয়ন্ত্রণ করতে হলে একমাত্র নিম্ন দামোদর পরিকল্পনা ছাড়া তা সম্ভবপর নয়। একটা সামগ্রিক দৃষ্টি দিয়ে যাতে নিম্ন দামোদর পরিকল্পনা ত্বরান্বিত হয় এবং কেন্দ্র যে টাকা দেবে বলেছে সেই টাকা যাতে রাজ্যসরকার তাড়াতাড়ি কাজে লাগান সেই ব্যবস্থা করুন। স্যালো টিউবওয়েল সম্পর্কে আমার এ্যামেণ্ডমেন্ট আছে। আজকে সরকারের যে ব্যবস্থা রয়েছে তাতে আমরা দেখছি মধ্যবিত্ত কৃষকরা দুই একর জমি বন্ধক রেখে ১০০/১৫০ টাকার বেশী পায় না। আমি মনে করি তাদের জমি বন্ধক রেখে হিসেব মত ঋণ দেওয়া হোক এবং সেখানে যদি দুই হাজার টাকা, তিন হাজার টাকা লোনের দরকার হয় সেটা দিতে হবে। বহু জমি পড়ে রয়েছে সেখানে ডিপটিউবওয়েলের সঙ্গে স্যালো এবং রিভার পাম্প করতে হবে। হুগলী জেলার আরামবাগ মহকুমায় ইলেকট্রিফিকেসন হয়নি। ইলেকট্রিফিকেসনের হিসেব হয়েছে, গ্রামে ইলেকট্রিফিকেসনের কথা হচ্ছে একথা ঠিক। কিন্তু আমি নিজে অনেক গ্রামে গিয়ে দেখেছি ২।৩টি ইলেকট্রিক পোষ্ট গেড়ে রেখেছে, পাবলিসিটিও হচ্ছে কিন্তু এ্যাকচুয়ালী গ্রামে ইলেকট্রিফিকেসন হয়নি। কাজেই স্যালো টিউবওয়েল এবং রুরাল ইলেকট্রিফিকেসন যাতে ত্বরান্বিত হয় এবং চাষী যাতে সেচের জন্য ইলেকট্রিফিকেসনের সুযোগ তাড়াতাড়ি পায় তারজন্য আমি প্রস্তাব রেখেছি। তারপর,বাংলাভাষা সম্পর্কে আমার বক্তব্য

আছে। আমরা গ্রাম থেকে এসেছি, আমরা আপনাদের এই মোটা মোটা বাজেটের বই পড়তে পারি না। আমি বাঙ্গালী তাই আপনাদের কাছে প্রস্তাব রাখছি সরকারী কাছে এবং সরকারী ব্যবস্থায় যেন বাংলাভাষা ব্যবহার করা হয়। তারপর শহরের সম্পত্তির সীমা যাতে নির্ধারণ করা হয় সেই ব্যবস্থা আপনারা করুন। আর একটা ইমপরটেন্ট ব্যাপার হচ্ছে ডেমোক্রেটিক কোয়ালিসন সরকারের আমলে যে সমস্ত বেকার যুবকদের চাকুরী দেওয়া হয়েছিল তারা চাকুরী পায়নি। তারা গভর্ণর হাউসের ইস্টে মাসের পর মাস অনশন করেছে। আমি গভর্ণরের কাছে ডেপুটেসনে গিয়েছি, গভর্ণরের কাছে প্রস্তাব রেখেছি, মুখ্যমন্ত্রীর কাছে ডেপুটেসনে গিয়েছি এবং বলেছি এই সমস্ত হাজার হাজার লোক রাস্তায় পড়ে রয়েছে। হুগলী ডিসট্রিক্ট-এর যেসমস্ত ছেলেরা এ্যাপয়েন্টমেন্ট পেয়েছিল তারা চাকুরী পায়নি। কাজেই উদ্বাস্তু শিবিরের কাজে এই সমস্ত বেকার ছেলেদের যাতে নিয়োগ করা হয় সেই প্রস্তাব আমি করছি। তারপর, ডেমোক্রেটিক কোয়ালিসন সরকারের আমলে চিফ ইঞ্জিনিয়ারের ডিপার্টমেন্টে অপারেটর, এ্যাসিস্ট্যান্ট অপারেটর, নাইট গার্ড প্রভৃতি পদের জন্য যে সমস্ত দরখাস্ত দেওয়া হয়েছিল সেই সমস্ত পদে কোন এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়নি। আমি প্রস্তাব রাখছি এই কাজ আপনারা ত্বরান্বিত করুন এবং এই ব্যাপারে ইঞ্জিনিয়ারকে প্রেসার দিন। তারপর, মুণ্ডেশ্বরী সেতু হয়ে গিয়েছে কিন্তু একটি থাম এখনও কেন হচ্ছে না। ১০০ থেকে ১২৫ ফুট মাটির নীচে নেমেছে কিন্তু তবুও হচ্ছেনা কেন। কাজেই আমি প্রস্তাব করছি এই মুণ্ডেশ্বরী সেতুর কাজ যাতে দ্রুত সম্পন্ন হয় এবং এপ্রোচ দিয়ে যেখানে হয় সেই ব্যবস্থা আপনারা করুন।

[5-30—5-40 p.m.]

শ্রীরূপসিং মাঝি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অনেকক্ষণ অপেক্ষার পর আজকে পুরুলিয়া জেলার নব নির্বাচিত প্রতিনিধি হিসাবে—আদিবাসী সংরক্ষিত প্রতিনিধি হিসাবে আমার বক্তব্য রাখার যে সুযোগ দিয়েছেন তারজন্য আপনাকে ধন্যবাদ জানিয়ে এবং মাননীয় রাজ্যপালের ভাষণকে সম্পূর্ণরূপে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য পেশ করছি। মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ আছে যে পুরুলিয়া জেলাতে নাকি একটা সিমেন্ট কারখানা তৈরী হবে, জানি না সেটা তৈরী কতদিনে হবে এবং কার্যে পরিণত হবে। যাহোক যখন উল্লেখ রয়েছে দেখতে পাচ্ছি তখন আমি ব্যক্তিগতভাবে পুরুলিয়ার অধিবাসী হিসাবে খুব আনন্দ বোধ করছি। তবে আর একটা কথা বলবার আছে যে পুরুলিয়া জেলা বিহার থেকে ট্রানসফার হয়ে ১৯৫৬ সালে বাংলা দেশের অন্তর্ভুক্ত হয়েছে। আজকে পুরুলিয়া জেলা যেভাবে উপেক্ষিত, অবহেলিত তা আমি ভাবতে পারি না। কেন আমরা এত পেছনে? আমাদের পুরুলিয়া জেলাতে না আছে একটা মেডিকেল কলেজ, না আছে একটা শিল্প। আমরা প্রচারের ক্ষেত্রে বারেবারে বলেছি—পুরুলিয়ার নির্বাচন ক্ষেত্র থেকে আমাদের ১১জন নির্বাচন করে পাঠানো হয়েছে। নির্বাচন প্রচারে বলা হয়েছে যে কয়েকটা শিল্প গড়ে উঠবে এবং একটা মেডিকেল কলেজ হবে, আমরা সে বিষয়ে আস্থা রাখি। আমার নির্বাচন এলাকা বলরামপুর বাজারের মধ্যে একটা লাক্ষা শিল্প ছিল, মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে কোথাও সে বিষয়ে উল্লেখ নেই যেখানে হাজার হাজার মানুষের সংস্থান জোগাতো, সেই লাক্ষা শিল্প আজকে না থাকায় তারা ভুখা বা না খেয়ে মারা যাচ্ছে, কোন সংস্থাপনের ব্যবস্থা নেই। তাই, আমি বলবো আমার সরকার এবং মন্ত্রিমণ্ডলী যদি পুরুলিয়া জেলাতে একটা লাক্ষা শিল্পের ব্যবস্থা করেন তাহলে খুব ভাল হয়। আর একটা কথা, রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লেখ করা আছে যে জনস্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনার প্রতি সুনজর রাখা আছে।

জানি না, আমি যে নির্বাচন ক্ষেত্র থেকে এসেছি, বলরামপুর এর বড়বাজার থানা একটা টাউন হিসাবে পারগণিত, কিন্তু আজ পর্যন্ত একটা সেখানে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র হয়নি। পুরুলিয়া জেলার বিভিন্ন বড় বড় জায়গা, যেগুলোকে আমরা গ্রাম থানা টাউন হিসাবে বলি, সেইগুলোতেই স্বাস্থ্যকেন্দ্র নেই, তাহলে বিভিন্ন গ্রামে স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হবে কি করে? যাহোক, আমি অনুরোধ রাখছি থানা গ্রামগুলোতে যেন এক একটি করে স্বাস্থ্যকেন্দ্র শীঘ্র স্থাপন করা হয়। মাননীয় মন্ত্রিমহাশয় যেন সেদিকে লক্ষ্য রাখেন। আর একটি বিষয়ের উল্লেখ করি, সেটা হচ্ছে জলসেচ ব্যবস্থা সম্বন্ধে। আপনারা জানেন যে পুরুলিয়া জেলা কংকরময় জায়গা, যদিও কংসাবতী প্রজেক্ট বলে একটা প্রজেক্ট পুরুলিয়ায় আছে কিন্তু সেই প্রজেক্ট থেকে জলসেচ সেখানে হয় না, সেটা হয় বাঁকুড়া জেলা এবং মেদিনীপুর জেলাতে, পুরুলিয়া জেলায় জলাধার হয়েছে মাত্র। তাই বলছি শুধু সেচের জলই নয়, পানীয় জলের দিকে দৃষ্টিপাত করা প্রয়োজন।

একটা কথা বলতে বাধ্য হচ্ছি— সেটা হচ্ছে এই আমি যেহেতু আদিবাসী সম্প্রদায় ভুক্ত ও আদিবাসী নির্বাচন ক্ষেত্র থেকে আদিবাসী প্রতিনিধিরূপে নির্বাচিত হয়ে এসেছি তাই আমি বিশেষ করে গভর্ণরের ভাষণের মধ্যে লক্ষ্য করেছি আমাদের আদিবাসী উপজাতি বা তপশীলভুক্ত উপজাতিদের প্রতি যথেষ্ট পরিমাণ কল্যাণমূলক বা উন্নতিমূলক পরিকল্পনা রাখা হচ্ছে, আমি বলবো দীর্ঘ ২৪।২৫ বছরের মধ্যে কতখানি কার্যে রূপায়িত হয়েছে জানি না। যদিও আজকে হাউসকে ফাঁকা ফাঁকা মনে হচ্ছে—তবুও আমি না বলে থাকতে পারছি না - আদিবাসী Scheduled Caste হিসেবে কিছু facilities তাদের জন্য রাখা হয়েছে বটে কিন্তু মূলতঃ তা কার্যে পরিণত হয় নাই। সেইজন্য বলছি আদিবাসী সম্প্রদায়ের অধিকতর সংখ্যাগরিষ্ঠ সাঁওতাল সম্প্রদায়ের যাঁরা আছেন তাঁদের আজ পর্যন্ত মূলতঃ দাবী মাতৃভাষা সাঁওতালী সেটা আজও এখানে স্বীকৃতি দেওয়া হল না। তারজন্য এখানে নিজের মাতৃভাষায় আমার বক্তব্য রাখতে পারলাম না। এর থেকে দুঃখের বিষয় আর কি হতে পারে। সংখ্যাগরিষ্ঠ আদিবাসী সম্প্রদায়ের মাতৃভাষাকে উপেক্ষা করা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি অনুরোধ করবো যেন ভারপ্রাপ্ত মন্ত্রি-মহাশয়কে এবিষয়ে একটু সুনজর দিতে আপনি অনুরোধ করেন বা নির্দেশ দেন। আমি খবর পেলাম আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমারফৎ যে ১৯৭ সালে আমাদের পশ্চিমবাংলায় একটা Language কমিশন গঠিত হয়েছিল, সেই Languge কমিশনের কাছে আমি গিয়েছিলাম এবং আদিবাসী বা সাঁওতাল সম্প্রদাদের সেক্রেটারী হিসেবে তাঁদের সম্মুখে আমাদের বক্তব্য রেখে ছিলাম যে সাঁওতাল ভাষাকে medium of instruction করা হোক সাঁওতাল ভাষাকে হায়ার সেকেণ্ডারী লেভেলে, কলেজ লেভেলে শিক্ষার বাহন করা হোক এবং State Language হিসেবে গ্রহণ করা হোক।

আর একটি কথা বলবো আদিবাসী সম্প্রদায়ের জন্য বিশেষ সুযোগ সুবিধার পরিকল্পনা কেবলমাত্র কাগজকলমেই রাখা হয়েছে, তা কাজে রূপায়িত হয় নাই যে সমস্ত Tribal Zone আছে সেখানে যে Tribal বস্তি আছে সেখানে এখন পর্য্যন্ত একটীও প্রাথমিক বিদ্যালয় স্থাপিত হয় নাই। আমার নির্বাচন কেন্দ্রে এমন গ্রামও আছে যেখানে সাইকেলে বা গরুর গাড়ি করেও যাওয়া সম্ভব নয়। এমন মানুষের পক্ষে একা হেটে যাওয়াও সম্ভব নয়। অথচ সেখানে আমরা ভোট Campaign বা ভোট আদায় করতে যাচ্ছি। কাজেই বলা যায় আজ পর্যন্ত সেখানে কোন অফিসার যান নাই। সেই সমস্ত ট্রাইব্যাল এরিয়ায় আজ পর্যন্ত কোন রাস্তাঘাট করা হয় নাই। Tribal দের জন্য যে সমস্ত facility দেবার ব্যবস্থা আছে, তা ঠিকভাবে কাজে রূপায়িত করা হচ্ছে না। আমি এই বিষয়ে ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি তিনি যেন এদিকে একটু সুনজর দেন।

আর একটা কথা বলছি। আমাদের আদিবাসীদের জন্য জেলা ভিত্তিক বা ষ্টেট ভিত্তিক যে quota আছে, তাদের জন্য যে টাকা যে grant sanction করা হয়, সেই টাকা ঠিকভাবে Planned programme করে Statewise Registered Organisation মারফৎ District Special Officer-এর হাত দিয়ে বিলি করা হয় এবং ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় যেন আদিবাসীদের নির্বাচিত প্রতিনিধিদের সঙ্গে পরামর্শ করে এই সমস্ত কাজ রূপায়িত করবার চেষ্টা করেন।

আমি মাননীয় রাজ্যপালের ভাষণের প্রতি সমর্থন জানিয়ে এবং ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে আন্তরিক সমর্থন জানাচ্ছি। পরিশেষে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়কে আমার ধন্যবাদ জানিয়ে আজকের মত আমার বক্তব্য শেষ করছি।

[5-40—5-50 p.m.]

শ্রীনিতাই পদ ঘোষ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি রাজ্যপালের ভাষণকে সমর্থন জানাচ্ছি এবং এই ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব আনা হয়েছে তাকেও আমি সমর্থন জানাচ্ছি। সমর্থন জানালেও এই ভাষণের উপর আমার কিছু বলবার আছে। রাজ্যপালের ভাষণে আমরা দেখেছি যে শিল্পোন্নয়ন সম্বন্ধে প্রতিশ্রুতি আছে। কিন্তু একটা জিনিস না দেখে দুঃখ হোল যে বাংলা দেশের যে শিল্প চলেছে সেখানে কাঁচা মালের সরবরাহ ঠিকমত হচ্ছে না আর তা না হবার জন্য শতকরা ৫০ ভাগ কাজ ব্যাহত হচ্ছে কোন কোন জায়গায় ২৫ ভাগ কাজ ব্যাহত হচ্ছে, অনেক জায়গায় বহুলাংশে ব্যাহত হচ্ছে। আপনারা সকলেই জানেন যে সি. পি. এম কোন কিছুর উৎপাদন না বাড়ালেও একটার উৎপাদন বাড়িয়েছে সেটা হোল ছিনতাইকারী ও গুণ্ডার উৎপাদন, ওয়াগন ব্রেকারের উৎপাদন। আমরা দেখেছি যে তা বাড়ার ফলে তার ফলস্বরূপ রেলের ওয়াগন শুধুমাত্র গুডস চুরি হচ্ছে বলে তিন হাজার ওয়াগন দাঁড়িয়ে রয়েছে। আর কলকাতার শিল্পের দিকে তাকিয়ে দেখেছি যে বহু ক্ষেত্রে শিল্পের কাজ বহুলাংশে ব্যাহত হয়েছে, কাঁচামাল অভাবে ওয়াগনের সরবরাহের অভাবে। কিছু কিছু দুষ্কৃতকারী অফিসার আছে এই সবের মধ্যে জড়িত তারাই হোল এই জিনিষের মূল। আমরা যদি এই সমস্ত দুষ্কৃতকারীদের রোধ করতে না পারি বা ওয়াগন ভাঙ্গা বন্ধ করতে না পারা যায়, এই অসৎ কর্মচারীরা রেলের ওয়াগনের পারমিট নামে যে ঘুষ খাবার মতলব করে তাদের এই অসৎ কর্ম যদি বন্ধ করতে না পারা যায় তাহলে শিল্পে দেবার সমূহ ক্ষতি হবে—শিল্প বাড়া তো দূরের কথা, উৎপাদন বাড়া তো দূরের কথা। আমরা যে উৎপাদন বাড়াবার প্রতিশ্রুতি দিয়েছি এবং বহু শিল্প যে উৎপাদন বাড়াতে উদগ্রীব হয়ে আছে সেখানে আমরা যদি কাঁচা মাল সরবরাহ করতে না পারি তাহলে উৎপাদন সম্পূর্ণভাবে ব্যাহত হবে এবং ঐ আগ্রহী শিল্পসংস্থানগুলি সেজন্য উৎপাদন বাড়াতে পারছে না। এই দিকে আমি সরকারের বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করছি। আমি বীরভূম জেলার অধিবাসী। সেখানে নকশাল যে তাণ্ডব সুরু করেছিল এই ছয় মাস আগে আমি আবেদন করছি আপনার মাধ্যমে সেই রক্তস্নাত বীরভূমে কেন সেই আন্দোলন হয়েছিল সে সম্বন্ধে একটা ইকনমিক সার্ভে করার জন্য। এইবীরভূমের সামগ্রিক উন্নয়নেরজন্য শুধু বীরভূম নয় আরও যে অনগ্রসর জেলা আছে, পশ্চিমবাংলার মধ্যে যে দু তিনটি জেলা আছে রুগ্ন অবস্থায় এই বীরভূম তাদের মধ্যে অন্যতম, সেই বীরভূম জেলার যাতে সর্বাগ্রে উন্নতি হয় তার জন্য আমি আপনার কাছে অনুরোধ করছি। একটা প্ল্যানিং বোর্ড করে সেই প্ল্যানিং বোর্ডে বিভিন্ন বিষয়ে বিবেচনা করা হোক। সেখানে অভিজ্ঞ কৃষিজীবী অভিজ্ঞ লোকদের নিয়ে এবং আমরা যারা এই বিধান সভায় এসেছি তাদের মতামত নিয়ে প্ল্যান করে ঠিক

করা হোক যে কিভাবে আমাদের গ্রামের উন্নতি করা সম্ভব হবে। আমি এই দাবী রাখছি। বীরভূম জেলা সম্বন্ধে বলছি যে সেখানে পাকুরে ষ্টোন চীফ আছে যার জন্য আমাদের বাংলাদেশ থেকে রয়াল্টি হিসাবে বড় টাকা দিতে হয়। সেই পাকুর ষ্টোন চীফ বীরভূম জেলার বিভিন্ন থানায় -রামপুরহাট থানায়, লাল পাহাড়ীতে সেই পাথর উৎপাদন হচ্ছে। আজ যদি বিদ্যুৎ যায় সেখানে যার দূরত্ব রামপুরহাট রেল ষ্টেশন থেকে লাল পাহাড়ির ৬/৭ মাইল আর পচামারির দূরত্ব হল মল্লারপুর থেকে ৭ মাইল। এই পথে সাপ্লাই দেওয়া হয় তাহলে ২০০ ক্রাশার বসতে পারে এবং প্রত্যেকটি ক্রাশার যদি আমরা কো-অপারেটিভ করে দিই তাহলে খুব বেশী টাকা লাগবে না এবং কয়েকটি শিক্ষিত বেকার যুবক ২০, ২৫হাজার হয়ত তারা জোগাড় করতে এবং তারা আনন্দিত হবে। হাজার কি দেড় হাজার শিক্ষিত মধ্যবিত্ত ছেলেরা শিল্পের পারবে মাধ্যমে কিছু করতে পারবে। এই বেসিক প্ল্যান একটা আপনার মাধ্যমে আমি জানিয়ে রাখলাম। আমি আর একটা জিনিস লক্ষ্য করেছি যে শহরের লোকেদের রোজগার গ্রামের লোকেদের তুলনায় বড় বেশী। আর যে ১০ হাজার গ্রামকে বৈদ্যুতিকরণ করবেন বলছেন তারা শহরের লোকেদের চেয়ে ডবল দাম দিয়ে বিদ্যুৎ কিনবে. এই অবিচার কেন চলবে আমি সেদিকে আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। ১০ হাজার গ্রাম বৈদ্যুতিকরণ করব বলেছেন কিন্তু আমি বলব যে আমার গ্রামের লোক কেরোসিনের আলো জ্বালিয়ে থাকবে, আপনারা গ্রামকে বৈদ্যুতি-করণের জন্য বিদ্যুৎ দেবেন না। গ্রামের যেখানে স্যালো টিউবয়েল ডিপ্ ইরিগেশনের ইত্যাদির প্রয়োজন সেখানে বিদ্যুৎ পৌছে দিন, সেই সব জায়গায় যেন ইলেট্রিক যায়। আমরা গ্রামে আলো জ্বালিয়ে গ্রামকে ইলেকট্রিফিকেশন করলাম বললে চলবে না। এখানে আমার পূর্ববর্ত্তী বন্ধু বলেছেন যে গ্রামের যদি সত্যিকারের ক্রয় শক্তি না বাড়ান যায় তাহলে ইলেকট্রিক টিকবে না। আমরা যদি সত্যিকারের কৃষির উন্নতি করতে পারি তাহলে এই যে আমরা শয়ে শয়ে স্কুল গড়েছি তার থেকে যে ছেলেরা পাশ করছে তাদের জন্য আমরা যদি মনে করে থাকি শিল্প করে চাকুরির ব্যবস্থা করে দেব তাহলে আমরা কেবল ভুলই করব, তাদের চাষের মধ্যে নিয়োজিত করতে হবে এবং চাষকে আধুনীকীকরণ করতে হবে। সেই কাজ করলে ঐ ছেলেরা নিজেরাই সবুজ বিপ্লবের আনন্দে মাতোয়ারা হয়ে থাকবে তায় সম্ভাবনা আমি দেখতে পাচ্ছি এবং এই যদি বাস্তবে হয় তাহলে আমি আনন্দিত হব। বীরভূম জেলায় ফসল এইবার অর্ধেক হয়েছে, দুর্ভিক্ষ দুই মাসের মধ্যে আসবে বলে আমি মনে করি। সেইজন্য সেখানে অবিলম্বে টেষ্ট রিলিফের কাজ এবং ডোল দেওয়ার কাজ যেন শুরু হয়। বন্যার ব্যাপারে আমরা দেখেছি যে বীরভূম জেলায় বন্যা যদিও সামান্য পরিমাণে হয় এবং ক্ষতিগ্রস্তও সামান্য হয় কিন্তু তবুও সেই জায়গায় বন্যার কোন কথা এমন কি নাম গন্ধও পর্যন্ত নাই এই রাজ্যপালের ভাষণে। তাই আমি বলব সেখানে যতটুকু বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছিল তাও যেন লিপিবদ্ধ করা হয়। একটা উদাহরণ দিয়ে আমি আমার বক্তৃতা শেষ করব। আমি আমার গ্রামে দেখছি এ্যাগ্রিকালচারাল ডিপার্টমেণ্ট থেকে তিনটি পাম্প সেট বসান হয়েছিল ৬ মাস জল দেবার জন্য, কিন্তু সেগুলি একে একে খারাপ হতে লাগল আর সারান হল না কারণ তিনটি পাম্প তার জন্য একজন মাত্র মেকানিক। কোন দিন ৬ ঘণ্টা চলে, কোন দিন ৮ ঘণ্টার বেশী চালাতে বললে বলে গম দাও চাল দাও। এই সবের প্রতিকারের জন্য অফিসারকে বলেছি কিন্তু কো-অর্ডিনেশন কমিটির ভয়ে তাঁরা কিছু বলতে পারেন না। বলছে আমরা বলতে গিয়ে কি আমরা মার খাব। এই ইউনিয়ন থাকার ভয়ে যদি একটি গর্ভানমেণ্টকে হাজার হাজার টিউবয়েল বন্ধ করে দিতে হয় তাহলে সেরকম ইউনিয়ন থাকার চেয়ে না থাকাই ভাল। আমাদের এই সম্বন্ধে ব্যবস্থা গ্রহণ করা উচিত? মানুষের ভালর জন্য ইউনিয়ন সৃষ্টি

হয়েছে কিন্তু সেই ইউনিয়ন যেন মানুষের ক্ষতি না করতে পারে এইটার দৃষ্টি রাখতে হবে এই অনুরোধ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্যের প্রথমে আমি স্বাগত জানাই মাননীয় রাজ্যপালের ভাষণকে তার সঙ্গে যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকেও স্বাগত জানাই। কিন্তু দুঃখের বিষয় যে এই ভাষণের মধ্যে আমি অন্ততঃ উপলব্ধি করেছি যে সেখানে গ্রামবাংলার কথা খুব কম আছে। আমাদের সরকার অনেক কথা বলেছেন। গ্রাম বাংলার উন্নতির কথাও বলেছেন। কিন্তু যদি ভাষণ পড়ি এবং ভালভাবে দেখি তাহলে দেখবো গ্রাম বাংলা অবহেলিত উপেক্ষিত। বাঁকুড়ার কথা বলি যে বাঁকুড়া হচ্ছে ইতিহাসের পাতায় মল্লভূমি এবং একবালিন যেটা বলদভূমি বলে পরিচিত ছিলো। ১৯৬৯ সালে সেটা C P M.-এর দুর্গ ছিলো। আমরা গতবার যুবছাত্ররা মিলে তিনটি আসন পাই। আমি যুবছাত্র হিসাবে প্রতিনিধি। গতবারও ছিলাম এবং এবারে আমাদের সকলের ঐকান্তিক চেষ্টায় আমরা তেরটি আসন পেয়েছি কিন্তু আমরা দেখেছি যে সকলের কাছে আমরা অবহেলিত। এমন কি সাংবাদিকরাও আমাদের খবর ছাপান না বা দেন না। তাঁরাও আমাদের অবহেলা করেন। আমাদের কোন খবর পাঠালে তাঁরা ছাপান না বা চিন্তা করেন না। আমরা কলকাতার বাইরে থাকি, গ্রামে থাকি। আমাদের গ্রামের কথা তার মধ্যে স্থান পায় না। আজকে গ্রামের কথা যাতে থাকে, গ্রামের কথা যাতে লেখা হয়, এই অবহেলিত বাঁকুড়া, অবহেলিত পুরুলিয়া কথা যাতে ছাপা হয় সেজন্য আমাদের এই সভাতে অন্ততঃ একটা প্রস্তাব রাখছি। আমরা দেখেছি আমাদের জেলাগুলিতে বিশেষতঃ বাঁকুড়ার মত জায়গায় পুরুলিয়ার মত জায়গায় জিনিষপত্রের দাম হুহুকরে বেড়ে গেছে। চালের দাম যেখানে ছিল এক টাকা কুড়ি, এক টাকা আঠাশ সেখানে এক টাকা ত্রিশ করে হয়েছে। তেলের দাম বেড়ে যাচ্ছে, কেরোসিন তেল পাওয়া যাচ্ছে না, নুনের দাম বেড়েছে, চিনি আজ প্রায় ৩·৫০, ৪ টাকা হয়ে গেছে। আজ সেখানে শিল্প নেই। আজ বাঁকুড়া এবং পুরুলিয়ার মানুষ সবচেয়ে অবহেলিত। আজকে এদের সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কিছু বলা আমার মনে হয় উচিৎ ছিলো। গতবারও আমি এই প্রস্তাব রেখেছিলাম যে বাঁকুড়া এবং পুরুলিয়ার উন্নয়নের জন্য একটা Board করা হোক। আজ সেখানে অনেক শিল্প গড়ে উঠতে পারে, কিন্তু আমি দেখেছি সেখানে কোন শিল্প গড়ে উঠতে পারেনি, কোন কিছু করা হচ্ছে না। আমরা দেখেছি শত শত বেকার যুবক উপেক্ষিত অবহেলিত হয়ে আছে। মোটা ভাত মোট কাপড় পরে কোন রকমে তারা কিছু লেখাপড়া শিখছে। তারা চিরকাল অবহেলার পাত্র হয়ে আছে। তাই আজকে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে এই প্রস্তাব রাখছি যে অন্ততঃ বাঁকুড়ার কথা যাতে আমাদের বর্তমান সরকার নজর দেন, পুরুলিয়ার কথা যাতে তাদের নজরে আসে এইটুকু যেন আপনি দেখেন। আমি আরো দেখেছি এই কৃষির দিক থেকে, আজকে রাস্তা দিয়ে বাঁকুড়া থেকে কোন বাসে আসি তাহলে দেখবো যে হুগলী এমন কি বর্ধমানের দু দিকে সবুজ হয়ে আছে। কিন্তু বাঁকুড়ার সেখানে শ্রমিকরা কৃষক ভাইয়েরা পরিশ্রম করতে পারে কিন্তু সেখানে জল নেই, জলের সেখানে ভীষণ অভাব। আজ তাই এই সভাতে এই কৃষক ভাইয়েরা, শ্রমিক ভাইয়েরা সেখানে তারা উপার্জন করতে পারে, তারা সেখানে পরিশ্রম করতে পারে, তাদের যাতে সুযোগ-সুবিধা হয় সেদিকে অন্ততঃ নজর রাখতে বলছি। এ ছাড়াও শিক্ষার দিক থেকেও তারা অবহেলিত হয়ে আছে। গতবার প্রস্তাব রেখেছিলাম প্রতিটি জেলাতে মহিলা কলেজ আছে কিন্তু আমাদের বাঁকুড়া জেলাতে মহিলা কলেজ নেই। আজ সেই মহিলা কলেজের

একান্ত প্রয়োজন। আমি কয়েকদিন আগে বাঁকুড়ায় গিয়েছিলাম। সেখানে আমি দেখেছি Compartmaental পরীক্ষা দিয়েছে এইরকম প্রায় ৫ শত ভাই বোন বসে আছে তারা ভর্তি হতে পারে নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সভায় প্রস্তাব রাখছি অন্ততঃ আমার এই ভাই বোনেরা যাতে ভর্তি হতে পারে তার যাতে একটু সুযোগ হয় সেদিকে নজর দিতে অনুরোধ করছি।

আপনি জানেন বাঁকুড়া জেলায় একটি মেডিকেল কলেজ আছে। কিন্তু এই মেডিকেল কলেজটির যে দুরবস্থা আজ হয়েছে সেটা বলবার নয়। সেখানে কোন ডাক্তার নেই। কলকাতা থেকে সেখানে যে সমস্ত ডাক্তার যাচ্ছে তারা নিজেদের থালি প্রাকটিস করবার জন্য যাচ্ছে এবং সেখানে কদিন থাকছে এবং তারপর আবার কলকাতায় ফিরে আসছে। কিন্তু সেখানে সাধারণ গরীবদের কোন সংস্থান নেই। গরীবরা সেখানে শুধু যায় আর ফিরে আসে, কোন ট্রিটমেন্ট পায় না, ওষুধ পায় না। এবিষয়ে সরকারের পক্ষ থেকে কোন রকম ব্যবস্থা করা হয়নি। সেইজন্য আমি অনুরোধ করবো যে সেখানে যেন সুব্যবস্থা হয় এবং আরো পর্যাপ্ত পরিমাণে সেখানে নার্স নিয়োগ করা হয় সেটা একটু দেখবেন এবং ফোর্থ গ্রেড ষ্টাফ যাতে আরো বেশী নিয়োগ করা হয় সেটাও একটু দেখবেন। সেখানে প্রতিটি এলাকায় স্কুল আছে, গভর্ণমেন্ট স্কুলও আছে। ওখানে থ্রি থেকে ফাইভ পর্যন্ত ক্লাশ মর্নিং-এ হয়। বাঁকুড়ার ছেলেরা সেখানে ভর্তি হতে পারে না, কারণ অন্যান্য স্কুলে থ্রি থেকে ফাইভ পর্যন্ত মর্নিং-এ হয় না, সেখানে ডে-স্কুল হচ্ছে। এরফলে সেখানে আরো কিছু ছেলে ভর্তি হতে পারত এবং এর ফলে অনেক স্কুল হত এবং বহু বেকার ছেলের চাকুরীর ব্যবস্থা করা যেত, অথচ সরকার সেদিকে নজর দিচ্ছেন না, আমাদের বাঁকুড়া জেলার শিক্ষক মহাশয়রা ঠিক সময় বেতন পান না, ৬মাস অন্তর বেতন পান। এই বেতন না পাবার জন্য তাদের সংসার চলে না, তারজন্য তাদের টিউশনি করতে হয় এবং এই টিউশনি করতে গেলে ঠিক সময় স্কুলে আসতে পারেন না। এইভাবে আমরা দেখতে পাচ্ছি সেখানে শিক্ষার অবনতি হচ্ছে। কাজেই শিক্ষার মান উন্নত হবে তখনই যখন শিক্ষক মহাশয়রা ঠিক সময়ে মাইনে পাবেন এবং এরজন্য ব্যবস্থা করা দরকার। অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন কুটির শিল্পে বাঁকুড়ার স্থান সর্বোচ্চ ছিল। তাঁত শিল্প একটা উল্লেখযোগ্য শিল্প হিসাবে বিশেষ খ্যাতি লাভ করেছিল। ডাঃ বিধানচন্দ্র রায়ের সময়ে রাজগ্রাম সোসাইটি পশ্চিমবঙ্গের মধ্যে প্রথম শীল্ড লাভ করেছিল। আজ দেখতে পাচ্ছি সেই শিল্প মার খাচ্ছে, সেই শিল্পে অনগ্রসরতা এসে গেছে। সেখানকার তন্তুবায়েরা যে তাঁত বুনে খাচ্ছিলেন আজকে তারা খেতে পাচ্ছে না। তাছাড়া আমরা দেখতে পাচ্ছি যে সমবায় সমিতিগুলি কি দুরাবস্থার মধ্যে এসে পড়েছে। বাঁকুড়া জেলার মৃৎশিল্প পৃথিবী বিখ্যাত, সেখানে মাটির পুতুল, এ্যাসট্রে, কাঠের নক্সা, বাঁশের তৈরী জিনিস ইত্যাদি নির্মিত হয় এবং এই জিনিসগুলি পৃথিবীর নানাস্থানে যায়। সেই শিল্পও আজকে অবহেলিত। সেই শিল্পের আজকে দাম নেই। সেই শিল্পকে আজকে কলকাতার বাজারে স্থান দেওয়া হয় না। সেইজন্য আমি অনুরোধ করবো এই যে, কুটিরশিল্পগুলি যাতে বাঁচে তার ব্যবস্থা যেন সরকার থেকে করা হয়। এছাড়াও সেখানকার বাসন শিল্প একটি উল্লেখযোগ্য স্থান লাভ করে আসছে। এছাড়া আপনারা জানেন যে বাঁকুড়া জেলার রাস্তাঘাট খুবই খারাপ। রাস্তাঘাটের অভাবে রোগীদের ঠিক সময়ে হাসপাতালে নিয়ে আসা যায় না। যানবাহনের অনুপযুক্ত বিবেচিত হওয়ায় কোন গাড়ী-ঘোড়া পাওয়া যায় না। সেইজন্য আশু রাস্তাঘাটের সংস্কার করা দরকার। এছাড়াও আমাদের জেলার নানারকম অভাব-অভিযোগ আছে। সরকারের পক্ষ থেকে হাউস বিল্ডিং

-এর যে লোন দেওয়া হয়, আমি জানি ৪ দিন আগে রাইটার্স বিল্ডিং-স থেকে স্যাংসনও হয়ে গেছে যে ৩১শে মার্চের মধ্যে দেড় লক্ষ টাকা খরচ করতে হবে। এই যদি সরকারের নমুনা হয় তাহলে সেখানকার গরীব ভায়েদের ঘূর্ণিঝড়ে যে সমস্ত বাড়ী ভেঙ্গে গেছে, ৩১শে মার্চের মধ্যে যদি তাদের বিলি করবার আদেশ দিয়ে থাকেন তাহলে তো তারা এই কদিনের মধ্যে নিতে পারবে না।

আজকে তাই মাননীয় সভাপাল মহাশয়, এই সভার কাছে আমি অনুরোধ করছি যাতে আমাদের বর্তমান মন্ত্রীসভা এগুলির দিকে নজর দেন। তাছাড়া বাঁকুড়ায় দেখে এসেছি হাজার হাজার গৃহহীন গরিব দুস্থ লোক রাস্তায় পড়ে আছে। তারা হাউস বিল্ডিং গ্র্যান্টের টাকা পায় নি, এখান থেকে টাকা যায় নি। দেড় লক্ষ টাকা লোন হিসাবে গিয়েছে কিন্তু গ্র্যান্টের টাকা যায় নি। এই গ্র্যান্টের টাকা যাতে যায় সেজন্য স্যার, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, বাঁকুড়া জেলায় কুষ্ঠ রোগীরা আছেন। এই কুষ্ঠ রোগীরা আজও সকলের কাছে অবহেলিত, লাঞ্ছিত। আজও এদের দেখার কেউ নেই। এদের জন্য যাতে কিছু করা হয় সেজন্য আমি বলছি। কারণ, স্যার, আমরা মহাত্মা গান্ধীর নামে শপথ গ্রহণ করি, তাঁর কথা বলি আজকে মহাত্মা গান্ধীর আদর্শে দীক্ষিত সেই কুষ্ঠ ভাইবোনদের দেখার কেউ নেই, তাদের সাহায্য করার কোন সু-ব্যবস্থা নেই, তাদের কিছু ব্যবস্থা করার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে প্রস্তাব রাখছি। স্যার, কিছুদিন আগে মাননীয় রাজ্যপাল মহাশয়কে আমাদের বাঁকুড়ার জন্য কয়েকটি প্রস্তাব দিয়েছিলাম। তা ছাড়া আমাদের বর্তমানে যিনি মুখ্যমন্ত্রী তদানীন্তন যিনি পশ্চিমবঙ্গ বিষয়ক মন্ত্রী শ্রীসিদ্ধার্থ রায় মহাশয় তাঁর কাছেও বাঁকুড়ার উন্নতির জন্য আমরা ডেপুটেশান দিয়েছিলাম। তারমধ্যে বাজগ্রাম বাঁধ, মানকানালী ক্যানাল ওয়ে, গার্লস কলেজ ইত্যাদি ছিল কিন্তু সেগুলির জন্য আজ পর্যন্ত কোন কিছুই দেখতে পাচ্ছি না। যে দুরবস্থা ছিল সে দুরবস্থা আজও দূর হয়নি সেগুলির জন্যও আমি মন্ত্রিসভার কাছে প্রস্তাব রাখছি। এরপর স্যার, আমি বেকারদের কথা বলব। স্যার, আমরা বেকারদের কথা বলি, তাদের কথা চিন্তা করি কিন্তু বেকাররা এমপ্লয়মেন্ট একসচেঞ্জে যে নাম রেজিষ্ট্রি করেন সেখানে যদি দেখেন তাহলে দেখবেন রেজিষ্ট্রেশান ফরমগুলি মাটিতে গড়াগড়ি যাচ্ছে। বলা হয় তাদের চাকরির জন্য ব্যবস্থা করা হচ্ছে কিন্তু সেই ফরমগুলি রাখারও কোন ব্যবস্থা নেই, সেখানে কোন র‍্যাক নেই। আমাদের বেকার ভাই-বোনেরা যে সমস্ত দরখাস্ত করেছেন বা নাম রেজিষ্ট্রী করেছেন সেগুলি মাটিতে পড়ে থেকে ধুলোয়, জলে নষ্ট হচ্ছে, তারজন্য কোন ব্যবস্থা করা হয়নি। তাই মাননীয় শ্রমমন্ত্রী এবং উপ-শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি এ দিকে আকৃষ্ট করে বলছি এগুলি করা একান্ত প্রয়োজন। ব্যাঙ্ক থেকে যে সাহায্যের কথা বলা হয়, আমাদের বাঁকুড়া ও পুরুলিয়ার গরিব, মধ্যবিত্ত লোকেরা ব্যাঙ্ক থেকে সাহায্য ঠিকমত পাচ্ছে

না। এটা দেখা একান্ত প্রয়োজন। এই বলে রাজ্যপালের ভাষণকে স্বাগত জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

Mr. Deputy Speaker : The House stands adjourned till 1 p.m. on Wednesday the 29th March, 1972.

Adjournment

The House was accordingly adjourned at 6-05 p.m. till 1 p.m on Wednesday, the 29th March, 1972, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 29th March, 1972, at 1 p. m.

PRESENT

Mr. Speaker (Shri Apurbalal Majumdar) in the Chair, 15 Ministers 9 Ministers of State, 3 Deputy Ministers and (233) Members.

[1-00—1-10 p.m.]

OATH OR AFFIRMATION

Mr. Speaker : Honourable members, if any one of you has not yet made an oath or affirmation of Allegience, he may kindly do so

(Pause)

PRIVILEGE MOTION

Mr Speaker : I have received a motion of privilege from Shri Abdul Bari Biswas, M.L A. He may move his motion.

শ্রী আবদুল বারি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার Privilege Motion-টি সভার সামনে উপস্থিত করিতেছি। "গতকাল ৬ই জুলাই ১৯৭২ তারিখের দৈনিক 'গণশক্তি' পত্রিকায় এই বিধানসভাকে সাজানো বিধানসভা বলিয়া অভিহিত করা হইয়াছে এবং এই সংবাদপত্রের এই উক্তির জন্য এই বিধানসভা ও বিধানসভার সদস্যদের অধিকার ক্ষুন্ন করা হইয়াছে এবং সংসদীয় গণতন্ত্রের প্রতি কটাক্ষপাত করিয়া ভারতবর্ষের জনমানসে এই বিধানসভাকে হেয় প্রতিপন্ন করা হইয়াছে।"

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার নিকট একটা স্বাধিকারের প্রশ্ন তুলে প্রিভিলেজ মোশান মুভ করেছি এবং যে মোশন মুভ করছি তা আপনার কাছে আমি দাখিল করেছি এবং সেই সংগে সংগে আমি আমার মোশানের স্বপক্ষে যে যুক্তি এবং দলিল তাও আমি আপনার সামনে রেখেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে সংযুক্ত বামপন্থী ফ্রন্টের গতকাল কলকাতা মনুমেণ্ট ময়দানে একটা জনসভা ছিল, সেই জনসভায় সি, পি, আই, (এম) নেতা শ্রীজ্যোতি বসু যে বক্তব্য রেখেছেন তার একঅংশ আপনার মাধ্যমে মাননীয় সদস্যগনের অবগতির জন্য রাখতে চাই। বিভিন্ন সংবাদপত্রে এই খবর বেরিয়েছে এবং আপনার সামনে যুগান্তর পত্রিকা দাখিল করে আমি আমার দলিল দিয়ে প্রমাণ করবার চেষ্টা করেছি যে তিনি কি বলেছেন। আমি সেটুকু আবার আপনার সামনে তুলে ধরতে চাই। তিনি এই কথা বলেছেন সংসদীয় গণতন্ত্রের যেটুকু ছিল পশ্চিমবঙ্গে কংগ্রেস তা শেষ করেছে। এসবের পরে যে বিধানসভা বসেছে তা জোচ্চোরদের আড্ডা! এটা আজকে যুগান্তর কাগজে বেরিয়েছে। আনন্দবাজার পত্রিকায় কি বেরিয়েছে, সি. পি, এম, নেতা শ্রীজ্যোতি বসু সভাপতিত্ব করেন। তিনি সরাসরি বর্তমান বিধান সভাকে জোচ্চোর এ্যাসেম্বলী বলে অভিযুক্ত করে বলেন—"আমরা যে এ্যাসেম্বলীতে যাচ্ছি না তা সাধারণ ঘটনা নয়"। অন্যান্য ইংরাজী খবরের কাগজে এই হাউসকে স্বইণ্ডলার্স হাউস বলা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সারা পশ্চিমবাংলার প্রাণকেন্দ্র এই বিধানসভার আজ আপনি অধ্যক্ষ। আপনি এই দেশের সাড়েচার কোটি মানুষের আস্থাভাজন হয়ে বিধানসভার অধ্যক্ষ হয়েছেন। ঐরূপ মতামতে এটা বোঝা যাচ্ছে যে আজ আপনাকেও জোচ্চোর বলা হয়েছে। কেন না, আমরা যাঁরা এই বিধানসভায় ২৮০টি কেন্দ্র থেকে নির্বাচিত হয়ে বসেছি তাঁরা প্রত্যেক একথা মনে করি যে আমরা জনসাধারণের আস্থা সাহায্যপুষ্ট হয়ে এসেছি। তাই আমাদের এই হাউসের যে সদস্য শান্তিকামী মানুষ ও সাধারণ মানুষের ভোটে নির্বাচিত হয়ে এসেছেন তাঁদেরকে কাগজে যে মত বেরিয়েছে সেই মত অনুযায়ী জ্যোতিবাবুর জোচ্চোর বলার অধিকার আছে কিনা? এবং আমাদের এই সভার সদস্যদের ওরা জোচ্চর বলেছে। আজকে আমরা প্রত্যেকটি সদস্য ক্ষুব্ধ। এবং আজকে আমাদের অধিকারকে ক্ষুণ্ণ করা হয়েছে, এই সভাকে জোচ্চোরের আড্ডা বলে অবমাননা করা হয়েছে, লোকচক্ষে আজকে আমাদের ওরা হেয় প্রতিপন্ন করার চেষ্টা করেছে। সংবিধানকে কার্য্যকরী করার পক্ষে বাধা সৃষ্টি করা হয়েছে এবং আমাদের সদস্যদের জোচ্চোর বলা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে বিগত দিনকার যখন এই জ্যোতিবাবুর রাজত্বে দ্বিতীয় যুক্তফ্রন্টের সময় আমাদের দলের যে সমস্ত সদস্য ছিলেন কংগ্রেস পক্ষের, আমি তাদের একটি দৃষ্টান্ত তুলে ধরতে চাই। সেদিন পুলিস পাহারা দিয়ে, তাদের কর্মীদের দিয়ে ব্যারিকেড করে আমাদের এই বিধানসভার কংগ্রেস সদস্যদের আসার পথে শুধু বিধানসভায় নয় বাহিরেও ভীতি প্রদর্শন করা হয়েছিল। রাস্তায় তাদের খুন করা হবে এমন কথাও বলা হয়েছিল। যাঁরা সাধারণ মানুষের দ্বারা নির্বাচিত, যাঁরা এই হাউসে তাদের বক্তব্য রাখার জন্য আসছে তাঁদের আসার পথ রুদ্ধ করা হয়েছে। সেই জ্যোতিবাবু একদিন গণতন্ত্রের মাধ্যমে, গণতান্ত্রিক ব্যবস্থাপনার মাধ্যমে ভোট নিয়ে জনসাধারণের আস্থাপুষ্ট হয়ে সরকারে এসে বিরোধীপক্ষের যে অধিকার সে অধিকারকে খর্ব করার জন্য তিনি যে অপচেষ্টা চালিয়েছিলেন, গণতন্ত্রের কণ্ঠরোধ করার জন্য যে প্রচেষ্টা নিয়েছিলেন, গণতন্ত্রের মৃত্যু ঘটাবার জন্য যে চেষ্টা চালিয়েছিলেন, মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার নিশ্চয়ই সে কথা মনে আছে। আজকে আপনি চিন্তা করে দেখুন, অধ্যক্ষ মহাশয়, এখন তাঁদের নিজেদের বক্তব্য রাখার কোন সাহস নেই। আজকে বক্তব্য রাখা তাদের উচিত ছিল। ১৯৭১ সালে নির্বাচনের আগের মুহূর্ত্ত পর্যন্ত, কিম্বা ১৯৭২ সালের আগের মুহূর্ত্ত পর্যন্ত তারা আস্থা-

পুষ্ট ছিল ও একদিন সংযুক্ত বামপন্থী দল বামপন্থী সরকার করেছিল আজ কেন জনসাধারণ তাদের প্রত্যাখ্যান করে আস্তাকুঁড়ে ফেলে দিয়েছে এর জবাবদিহি করা উচিত ছিল। এটা মানুষ আশা করেছিল, কিন্তু সেই আশা গ্রহণ না করে ঐ মাঠে ময়দানে দাঁড়িয়ে আজকে আপনাদের নামে এবং মুখ্যমন্ত্রীর নামে প্রতিটি সদস্যের নামে জোচ্চোর বলে আখ্যা দেওয়া হয়েছে। যে এক একটা করে ভোট পেয়ে আমরা আস্থা অর্জন করে এসেছি, যারা আমাদের ভোট দিয়েছেন আজ তাঁদেরও জোচ্চোর বলছেন। আজকে গোটা পশ্চিমবাংলার মানুষকে জোচ্চোর বলেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই কথা জানাতে চাই যে ওদের এই জোচ্চোর বলার অধিকার নেই—যে জোচ্চোর গুণ্ডা ওরা বলেছে। আমি কাল, স্যার, সভা থেকে ফিরছিলাম। গণতান্ত্রিক মোর্চার কর্মীও ছিলেন। তাদের গুণ্ডাবাহিনী বলা হয়েছে। আমি এজন্য ক্ষুব্ধ। আজকে মাননীয় সদস্যদের স্বাধিকার খর্ব করা হয়েছে। শুধু মাননীয় সদস্যদের নয়, এই হাউসের বাইরে অসংখ্য জনতা যাঁরা শান্তির জন্য অত্যাচারের বিরুদ্ধে,অনাচারের বিরুদ্ধে,ব্যাভিচারের বিরুদ্ধে,নারী ধর্ষণের বিরুদ্ধে, নারী লুণ্ঠনের বিরুদ্ধে—ঐ ভূমিহীন চাষী তাকে খুন করার বিরুদ্ধে, হেতেমপুরের হেডমাষ্টারকে হত্যা করার বিরুদ্ধে,ঐ ২৪-পরগণার পাথর-প্রতিমা থানার মধুসূদনপুর গ্রামে নির্বিচারে মানুষকে হত্যা করার বিরুদ্ধে—সেই সবের যে ষড়যন্ত্র ছিল, যে অভিযোগ ছিল, সেই সবেরই প্রতিবাদ জানিয়ে আজকে শান্তিকামী মানুষ শান্তির আশায়, আমাদের গণতন্ত্রকে বজায় রাখবার আশায়, আমাদের স্বাধিকার রক্ষা করবার আশায় যাঁরা আমাদের পাঠিয়েছেন, সেই সাড়ে চার কোটি মানুষকে হতাশ করা হয়েছে। তাদের জোচ্চোর বলা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঐ সভায় বলা হয়েছে যে আমরা গণতান্ত্রিক মোর্চার লোক—কংগ্রেস দলের লোক বিধানসভার বাহিরে গিয়ে মিটিং ডেকে সভা করতে পারি না।

[1-10—1-20 p.m.]

আজকে এই হাউসের কথা আপনার মাধ্যমে বাইরে যাক এটা আমরা চাই। আজকে এই হাউসে যাঁরা মানুষের দ্বারা প্রত্যাখ্যাত হয়েছে যাঁদের মানুষ গ্রহণ করে না, যারা ভোটে নির্বাচিত হতে পারে না তারা মাথা খারাপ হয়ে এই সব কথা বলে। পরশুদিন সি, পি, আই নেতা শ্রীবিশ্বনাথ মুখার্জি এই কথা বলেছিলেন। একটা স্ট্যাণ্ড পয়েণ্ট থেকে অন্য একটা স্ট্যাণ্ড পয়েণ্টে তাঁরা সিফ্‌ট করে যাচ্ছেন—যেটা সম্পূর্ণ বেসলেস। আমি এই কথা বলতে চাই আপনার মাধ্যমে বিধানসভার বাইরে যে সাড়ে চার কোটি মানুষ আছে তারা কি ক্ষিপ্ত হয়ে গেছে? জ্যোতিবাবুর মত নেতাকে আজ তারা প্রত্যাখ্যান করেছেন। সাড়ে চার কোটি মানুষ তাদের নিজেদের বিবেক বুদ্ধি অনুযায়ী ভোট দিয়েছেন কিন্তু এই জ্যোতিবাবুর মুখে আজকে আমরা ভূতের মুখে রাম নাম শুনছি। তাই আমি বলব আমাদের এই অধিকার শুধু নয়, আপনার অধিকারেই শুধু ক্ষুণ্ণ হয় নি গোটা বাংলাদেশে সাড়ে চার কোটি শান্তিকামী মানুষের অধিকারের উপর হস্তক্ষেপ করা হয়েছে। তাই আপনার মাধ্যমে বলব এইরকম যার দুঃসাহস সেই দুঃসাহসের বিরুদ্ধে বিধানসভা সোচ্চার হয়ে উঠুক। বাংলাদেশের জনসাধারণের মধ্যে এই কথা প্রচার করা উচিত যে তাঁরা আজকে গণতন্ত্রকে অবমাননা করতে চেয়েছেন। মাননীয় মুখ্যমন্ত্রী, লিডার অব দি হাউস এবং আপনার কাছে আবেদন রাখছি যে এই বিষয়টা প্রিভিলেজ কমিটিতে পাঠিয়ে দিয়ে সেখানে বিচার করুন এবং বিচারের পর তাকে মানুষের দরবারে দাঁড় করান। এসব জিনিস ইতিহাস থেকে মোছা যায় না, যেমন মানুষের কণ্ঠকে চাপা যায় না। ইয়াহিয়ার বুলেট, গুলি, লক্ষ লক্ষ লোককে গৃহহারা করেছিল, অবিবাহিতাদের অবমাননা করেছিল, তাদের গর্ভবতী করেছিল, লক্ষ

লক্ষ মানুষের সম্পত্তি নষ্ট করেছিল কিন্তু সাধারণ মানুষের যে অধিকার সেই অধিকারকে তারা কেড়ে নিতে পারে নি। একদিন জ্যোতিবাবু, হরেকৃষ্ণবাবু, তীর, লাঠি, ধনুক, বল্লম, ইত্যাদি নিয়ে রক্তাক্ত বিপ্লব করতে চেয়েছিলেন কিন্তু তাঁদের সেই অপচেষ্টাকে বাংলাদেশের মানুষ বানচাল করে দিয়েছে। যারা এই গণতন্ত্রকে এইভাবে মারার ব্যবস্থা করেছিল বাংলাদেশের মানুষ তাদের সেই প্রচেষ্টাকে প্রত্যাখ্যান করে দিয়েছে। আজ তাই তারা খ্যাপা কুকুরের মত রাস্তায় দাঁড়িয়ে পাগলের মত কথা বলে যাচ্ছে। আজকে তাই বিধানসভায় আপনার মাধ্যমে বলতে চাই সাড়ে চার কোটি মানুষের এই যে রায় তাকে তিনি জোচ্চোর বলছেন তাঁর উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা দরকার। সেজন্য এটাকে আমি প্রিভিলেজ মোশান হিসাবে এনেছি এবং তার জন্য আপনি আমাকে যে সময় দিয়েছেন সেইজন্য আপনাকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি এবং আমি মনে করি আপনি আমার এই বিষয়বস্তুটাকে প্রিভিলেজ কমিটিতে পাঠিয়ে দেবেন। আমাদের এই হাউসের মাননীয় সদস্যদের, আপনার এবং সাড়ে চার কোটি মানুষকে যাঁরা সম্মান না দিয়ে জোচ্চোর বলছেন তাঁদের এই সাহস তাঁরা কোথা থেকে পেলেন তার বিচার হওয়া দরকার। জয়হিন্দ।

শ্রীবিশ্বনাথ মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে প্রস্তাব এনেছেন আমি সে প্রস্তাব সমর্থন করছি। নির্বাচনে অনেকে হেরে যায়, অনেক দলই হেরে যায়, এটা নূতন কথা নয়। তারজন্য অনেকের মাথা খারাপ হয়ে যায় সেটাও নূতন কথা নয়। তারজন্য আজে বাজে কথা বলে বিভিন্ন দলের ব্যক্তিকে আক্রমণ করে তাও বুঝতে পারি। কিন্তু এতটা মাথা খারাপ হয়ে যায় যে যাতে করে সমগ্র আইনসভাকে একটা জোচ্চোরের আড্ডা বলে বলবার কারো স্পর্ধা হয়? গতবারের নির্বাচন সম্বন্ধে অনেকের অভিযোগ ছিল। খড়দহ কন্সটিটুয়েন্সীতে গতবারে আমাদের যে প্রার্থী ছিল তার প্রায় অর্ধেক বুথে তাকে যেতে দেওয়া হয় নি, অসংখ্য বুথে আমাদের এজেন্টকে যেতে দেওয়া হয় নি। আমাদের পার্টীর ডেপুটি লীডার এখানে বসে আছেন শ্রীমতী ইলা মিত্র গতবারে বহু বুথে তাঁকে ঢুকতে দেওয়া হয় নি। রিভলবার, পাইপগান ইত্যাদি অনেক কিছু দেখান হয়েছে। জ্যোতিবাবু তাঁর নিজের নির্বাচন ক্ষেত্রের কথা কি জানেন না? গতবারে কতগুলো বুথে তাঁর যিনি বিরোধী প্রার্থী ছিলেন এবং তাঁর বিরোধী প্রার্থীকে যাঁরা সমর্থন করছিলেন তাঁদের ঢুকতে দেওয়া হয় নি? এসব ঘটনা হয়েছে। গতবারের নির্বাচনে আমরা খুব শোচনীয়ভাবে হেরে গিয়েছিলাম। আমরা তেরটা সিট পেয়েছিলাম। তারজন্য বলি নি যে জ্যোতিবাবু যে বিধানসভায় বসেন সেটা জোচ্চোরের আড্ডাখানা। তাঁদের মাথা খারাপ হয়ে যেতে পারে। কিন্তু তার একটা মাত্রা থাকা দরকার এবং সমগ্র আইনসভাকে এভাবে বলার কোন অধিকার তাঁর নেই। তিনি জানেন জনসাধারণের বেশির ভাগ তাঁদের বিরুদ্ধে ভোট দিয়েছে। কি তাদের অপরাধ? কি জন্য তাদের বিরুদ্ধে ভোট দিয়েছেন সেকথা বুঝবার দরকার। তিনি জাহান্নামে যেতে চান যাবেন। আমার এমন কোন পবিত্র দায়িত্ব নেই যে তাঁর জাহান্নামে যাবার পথ আগলে রাখবো। কিন্তু সমগ্র আইনসভাকে জোচ্চোরের আড্ডাখানা বলবার তাঁর অধিকার নেই। আমার বন্ধু মাননীয় সদস্য যে প্রস্তাব এনেছেন তা সমর্থন করি এবং এই প্রস্তাব আইনসভায় গ্রহণ করে উপযুক্ত ব্যবস্থা করবেন বলে আশা করি।

শ্রীতুহিনকুমার সামন্ত: মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল যে বক্তব্য জ্যোতিবাবু রেখেছেন তার বিরুদ্ধে একটা কথা বলতে চাই। আজকে শুধু তিনি জনসাধারণকে বিভ্রান্ত করছেন না, বাংলাদেশের মহান গণতন্ত্রকে বিভ্রান্ত করছেন। আজকে তিনি যেভাবে কথা বলেছেন তার

বিরুদ্ধে তীব্রভাবে প্রতিবাদ জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়ের কাছে আবেদন জানাই যে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করুন যাতে ভবিষ্যতে এইরকম কথা বলতে না পারেন। আইনসভাকে জোচ্চোর বলার অধিকার নেই। একটা কথা পরিষ্কার করে বলতে চাই বিধানসভাকে জোচ্চোর বলে জনসাধারণকে অপমান করার অধিকার কারো নাই। এইভাবে তিনি গণতন্ত্রের প্রতি বিশ্বাসঘাতকতা করছেন এবং গণতন্ত্রের প্রতি সাধারণ মানুষের আস্থা প্রকাশকে টলিয়ে দিতে চাইছেন এবং গণতন্ত্রকে হত্যা করার চেষ্টা করছেন। তাঁর শাস্তির দাবী করছি। অবিলম্বে তাঁর শাস্তির ব্যবস্থা করুন। মাননীয় বিশ্বনাথদা গতবারের কথা বলেছেন। গতবারে আমাদের মেমারীতে পোলিং বুথে আমাদের এজেন্টকে মেরে তাড়িয়ে দেওয়া হয়েছে। সেদিন তাঁরা বলেছিলেন জনগণের রায়। আজকে জনগণের কংগ্রেসের প্রতি আশীর্বাদকে সহ্য করতে পারছেন না। তাঁরা জানেন যে তাঁরা শেষ হয়ে যাচ্ছেন। তাই আজকে কংগ্রেসের প্রতি যাঁরা সমর্থন জানিয়েছেন সেই অগণিত জনসাধারণকে এইভাবে এবং সমগ্র জনসাধারণকে অপমান করছেন। আমি জ্যোতিবাবুকে জিজ্ঞাসা করতে চাই, আপনি যদি জানতেন যে বিধানসভা চোরজোচ্চোরদের আড্ডাখানা তাহলে এতদিন এখানে কেন এসেছিলেন, কেন তিনি উপমুখ্যমন্ত্রীর আসনে বসেছিলেন? আজকে তিনি গণতন্ত্রকে হত্যা করছেন, গণতন্ত্রের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করছেন। তিনি সাম্প্রদায়িক গন্ধ ছড়াচ্ছেন এবং শান্তিশৃঙ্খলা নষ্ট করতে চান।

[1-20—1-30 p.m.]

পশ্চিমবাংলার মানুষ যাতে শান্তিতে থাকে, পশ্চিমবাংলায় যাতে গণতন্ত্র বজায় থাকে তাই পশ্চিমবাংলার শান্তিকামী মানুষ চায়। এই খুনী গুণ্ডা বদমাইস দলের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হোক এই অনুরোধ আমি স্পীকারের কাছে রাখছি।

মিঃ স্পীকার: আর একটি কথা এই একই সাবজেক্ট ম্যাটারের উপরে আজকে আর একটি প্রিভিলেজ মোশানের নোটিশ আমি পেয়েছি। যদিও একই সাবজেক্ট প্রথমটা দিয়েছেন শ্রীআবদুল বারি বিশ্বাস আর দ্বিতীয়টা দিয়েছেন শ্রীসুধীর বেরা বারি সাহেব বলেছেন এখন যদি সুধীর বাবু বলতে চান তো বলতে পারেন।

শ্রীসুধীর চন্দ্র বেরা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পূর্ববর্তী বক্তা যে প্রিভিলেজ মোশান এনেছেন সে সম্বন্ধে তিনি বলেছেন। জ্যোতিবাবু আমাদের যেভাবে অপমান করেছেন বিধানসভার সমস্ত সদস্যকে যেভাবে অপমানিত করেছেন এবং অধ্যক্ষ মহাশয়, আপনাকেও যেভাবে অপমানিত করেছেন তাতে তিনি এই বিধানসভার প্রিভিলেজ ভঙ্গ করেছেন বলে আমি মনে করি। তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া যেতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আমি রুল ২২৮ নং-এর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এখানে on a motion being made for the purpose, the House may consider the matter and come to a decision or may refer it to the Committee of Privileges.

আমি প্রস্তাব করছি এটা কমিটি অব প্রিভিলেজের কাছে না দিয়ে আমাদের এই বিধানসভায় জ্যোতিবাবুকে উপস্থিত করা হোক এবং নির্বাচনের রাস্তায় যিনি আসতে পারেন নি আপনার ক্ষমতাবলে তাকে এখানে হাজির করুন এবং তাকে এই হাউসের সামনে যে দণ্ড দিতে হয় তার ব্যবস্থা করুন। আমাদের এই বিধানসভায় আমরা নির্বাচিত হয়ে এসেছি ভোটের মাধ্যমে। আমাদের সহনশীলতার একটা সীমা আছে তিনি সেই সীমা লঙ্ঘন করেছেন এবং সেজন্য তার

উপযুক্ত শাস্তি হওয়া দরকার। কারণ আমরা জানি বুলেটের চেয়ে ব্যালট বেশী পাওয়ারফুল এবং সমাজে যেভাবে আবর্তন নিবর্তন হচ্ছে তার মাধ্যমে আমরা গণতন্ত্রের মধ্যে সমস্ত সমস্যার সমাধান করতে চাই। জ্যোতিবাবু যেভাবে ঔদ্ধ্যত্যের সংগে বিধানসভাকে জোচ্চোরের আড্ডা বলেছেন সেটা গণতন্ত্রের পরিভাষায় গণতন্ত্রের অপমান। আপনি স্যার, দয়া করে তাকে বিধানসভার সামনে হাজির করুন এবং তার যে দণ্ড প্রাপ্য সেই দণ্ড তাঁকে দিন।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় জ্যোতিবাবু ময়দানে যে বক্তব্য রেখেছেন তাতে আমরা গভীরভাবে বেদনাবিক্ষুব্ধ। তিনি নির্বাচনে পরাজিত হবার পর যেখানে সেখানে যা খুশি তাই বলে বেড়াচ্ছেন। গণতন্ত্র মানে যা খুশি তাই নয়। সভ্যতা, শালীনতা, ভদ্রতা এই সমস্ত বিসর্জন দিয়ে যারা আজ মাঠে ময়দানে চীৎকার করছে এবং এই আইনসভাকে জোচ্চোরের আড্ডা বলে বলে তাদের বিরুদ্ধে কি শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা যায় তা ভেবে দেখবার জন্য মাননীয় স্পীকার মহাশয় আপনাকে অনুরোধ করছি, ক্ষুধিত পাষাণে মেহের আলির মত অবস্থা জ্যোতিবাবুর হয়েছে। তিনি মেহের আলির ভূমিকায় অবতীর্ণ হয়েছেন, সব ঝিনিসহ ঝুটা হ্যায়, তফাত যাও—যেমন পাগলা মেহের আলি বলত সেইরূপ জ্যোতিবাবুও নির্বাচন-এ জালিয়াতি কারচুপির কথা বলছেন। তিনি পাগলই হোন আর যাই হোন, তিনি বিলাতেই যান আর যেখানেই যান প্রচার করার জন্য তাঁর যা খুশি বলার তার কোন অধিকার নেই। বিধানসভাকে জোচ্চোরের আড্ডা বলার তাঁর কোন অধিকার নেই। স্যার, গতবার আমি নির্বাচনে প্রার্থী হিসাবে ছিলাম, নির্বাচনের সময় আমার কর্মীকে এইসি-পি-এমের গুণ্ডারা খুন করেছিল, আমার ঘরের মধ্যে গুলী মেরে আমার একজন কর্মীকে সি-পি-এমের কর্মীরা নিহত করেছিল। সেই মামলায় বহু ব্যক্তি তাদের দলে আজও অভিযুক্ত আছেন। আজকে জনগণ যখন তাদের পরিত্যাগ করেছেন তখন তাঁরা তারস্বরে মাঠে ময়দানে বলার চেষ্টা করছেন এই নির্বাচনে জালিয়াতি হয়েছে, এই নির্বাচনে কারচুপি হয়েছে, এই নির্বাচনের কোন মূল্য নাই। আমি পরিষ্কারভাবে বলতে চাই, গণতন্ত্র মানে আদিখ্যেতা নয়, সাম্যবাদী মানে নিরাভরণ নয়, গণতন্ত্র মানে অসভ্যতা নয়। জ্যোতিবাবুর যদি মাথা খারাপ হয়ে থাকে তাহলে তাঁকে রাঁচী পাঠানো যেতে পারে কিন্তু বিধানসভাকে অসম্মান করা তাঁর চলবে না। আমি এই প্রস্তাব সমর্থণ করছি।

মিঃ স্পীকারঃ আমি মাননীয় সদস্যদের রিকোয়েষ্ট করছি যে বাইরের কোন সদস্য সম্পর্কে কোনরকম উক্তি করবেন না, এই মোশন সম্পর্কে, আপনি মোশনের উপরে, আপনাদের মোশনের সম্বন্ধে আপনার বক্তব্য বলুন। কোন বাইরের ষ্ট্রেন্‌জারের সম্পর্কে এমন কোন উক্তি করা উচিত নয় যা শালীনতার পর্যায়ে পড়ে না।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ আমি দুঃখিত, স্পীকার মহাশয়, জোতিবাবু যেভাবে ময়দানে এই বিধানসভাকে জোচ্চোরের আড্ডাখানা বলেছেন তাতে নিশ্চয়ই সকল মানুষই উপলব্ধি করবেন যে কোন সুস্থ মানুষ একথা বলতে পারে না। যদি কোন মানুষের মাথা ঠিক থাকে তিনি এতখানি বলতে পারেন না বলে আমি এই কথার উল্লেখ করছি। আমি এই কথা পরিষ্কারভাবে বলতে চাই সভার সদস্যদের পক্ষ থেকে যে গতকাল ময়দানে আমাদের বিধানসভার যে অমর্যাদা করা হয়েছে, আমাদের সম্পর্কে যে কটুক্তি করা হয়েছে এবং আমি মনে করি সেই সঙ্গে সঙ্গে মাননীয় অধ্যক্ষের আসন সম্পর্কেও কটাক্ষ করা হয়েছে। কারণ আমরা কেউই বিধানসভার বাইরে নই। সুতরাং ব্যাপারটার গুরুত্ব বিবেচনা করে আমি আশা করবো, মাননীয় স্পীকার মহাশয়, আপনি

অবিলম্বে কঠোর ব্যবস্থা অবলম্বন করবেন এবং সংসদীয় রীতিনীতি দ্বারা এবং সংসদীয় আইন অনুযায়ী আপনার হাতে যতখানি ক্ষমতা আছে সেই ক্ষমতা প্রয়োগ করে বিধানসভাকে জোচ্চোরের আড্‌ডাখানা বলা এই ধরণের প্রলাপ আপনি বন্ধ করবেন।

মিঃ স্পীকার: শুনুন, সবার বলার প্রয়োজন নেই। মোশন যাঁরা দিয়েছেন তাঁরা মুভ করেছেন। হাউসের বিভিন্ন তরফ থেকে যে বক্তব্য বলা দরকার তাঁরা তা বলেছেন। একই কথার রিপিটেশন করে কোন লাভ নেই। আমি এই বিষয় তাই ওয়াণ্ট টু হিয়ার ফ্রম দি লিডার অব দি হাউস, চীফ মিনিষ্টার এবং লিডার অব দি হাউস, দু'জনের কাছ থেকেই শুনতে চাই।

শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে ব্যাপারটা উত্থাপন করা হয়েছে সেটা নিশ্চয়ই গুরুত্বপূর্ণ সে বিষয়ে সন্দেহ নেই। জ্যোতিবাবু এই বিধানসভার সদস্য ২০ বৎসর ধরে ছিলেন। তিনি পার্লামেন্টারি ডেমোক্রাসি সম্বন্ধে অনেক কিছু জানেন, তিনি আমাদের যে নিয়ম, যে আইন আছে, সেটা খুব ভাল করেই জানেন। তাই তাঁর মত একজন এক্সপিরিয়েন্স মানুষের পক্ষে তিনি যে কথা বলেছেন, খবরের কাগজে বেরিয়েছে, সেকথা বলা নিশ্চয়ই উচিত হয়নি। নিশ্চয়ই তিনি জানেন এইরকম বক্তব্য করা অন্যায়, এইরকম বক্তব্য করলে কনটেমপ্ট অব দি হাউস হয় এবং তারজন্য ব্যবস্থা নেওয়া যেতে পারে এ বিষয় কোন সন্দেহ নেই। তিনি যে বক্তব্য রেখেছেন সেই বক্তব্যটা তাঁর কিছুতেই রাখা উচিত ছিল না যদি খবরের কাগজে যা বেরিয়েছে তা সত্যি হয়। তাঁর বক্তব্যটা নিশ্চয়ই দায়িত্বহীন এবং সাধারণ অবস্থা যদি থাকতো তবে আমি নিশ্চয়ই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন্যান্য সভ্যদের মত বলতাম এটা প্রিভিলেজ কমিটিতে পাঠান হোক কিন্তু জ্যোতি বাবু পরাজিত হবার পর বেচারা অনেকরকম কথা বলছেন। বিশ্বনাথ বাবু বললেন যে তাঁর মাথা খারাপ হয়ে গিয়েছে। মাথা খারাপ ঠিক হয়নি, পরাজিত হবার পর এই রকম বক্তব্য অনেকেই বলেন যেমন জনসংঘকে বলতে শুনেছিলাম গত বছরে। তাঁরা বললেন রুশ দেশ থেকে ব্যালট পেপার আনা হয়েছে। সেখানে জনসংঘের প্রদীপের উপরে ছাপ দিয়ে বাক্সের ভিতর ঢুকিয়ে দিয়ে সেটা বন্ধ হয়ে গিয়ে ঐ গাই বাছুরের উপর ছাপ হয়ে যায়। এইরকম পাগলের মত অনেকেই বলেছেন এবং জ্যোতিবাবু যা বলেছেন তা নূতন নয়। তিনি বলেছেন আমরা আর কি বলবো, তাঁর কথা কিছুই বিশ্বাস করিনা, বাংলাদেশের মানুষ তাঁর কথা বিশ্বাস করে না। একে গুরুত্ব দিচ্ছেন? গুরুত্ব দেবার কোন দরকার নেই। আমাদের অনেক কাজ আছে। কেন প্রিভিলেজ কমিটিতে আনছেন, কেন প্রিভিলেজ কমিটির সময় নষ্ট করবেন, অর্থ নষ্ট করবেন? আমরা সাধারণ মানুষের সেবা করতে চাই এবং তারজন্য আমরা টাকা খরচ করতে চাচ্ছি সেই টাকা প্রিভিলেজ কমিটি বসিয়ে খরচ করবো কেন? জ্যোতিবাবুকে আজকে বাংলার মানুষ নিক্ষেপ করেছে, বাংলার মানুষ তাঁকে বিতাড়িত করেছে, সুতরাং কেন তাঁকে এত গুরুত্ব দিচ্ছেন? পরাজিত হয়েছে, এছাড়া আর কি বলতে পারেন। তিনি আজ যদি বলেন যে পরাজিত হয়েছি এবং বিধানসভা যেটা সেটা ঠিকই আছে তাহলে তিনি তাঁর র‍্যাঙ্ক এ্যাণ্ড ফাইলের কাছে কি বলবেন? র‍্যাঙ্ক এ্যাণ্ড ফাইল যখন জিজ্ঞাসা করবে যে ২০ জন দাঁড়িয়েছে তাদের কি হল আমাদের দলের তখন তার উত্তর কি দেবেন? উত্তর দেবার মত কিছুই নেই। তাই তাঁকে এই সব কথা বলতেই হবে কিন্তু তারও একটা সীমা আছে, সেই সীমা আশা করি ভুলে যাবেননা। আমরাও পরাজিত হয়েছিলাম, আমাদের মাথা এতটা খারাপ হয়নি কিন্তু জ্যোতি বাবুর মাথাটা একটু বেশী খারাপ হয়ে গিয়েছে। কারণ তিনি অনেক আশা করেছিলেন যে মন্ত্রীসভা হয়ত তিনিই গঠন করবেন। তাই এটা বুঝতে পারছি যে তাঁর মনে খুব দুঃখ লেগেছে।

কিন্তু তারজন্য তাঁকে প্রিভিলেজ কমিটিতে পাঠিয়ে আর কি করবো। তাঁকে ক্ষমা করুন, ক্ষমা করাটা একটা মহৎ কাজ। আসুন আমরা সকলে মিলে তাঁকে ক্ষমা করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রিভিলেজ কমিটিতে পাঠিয়ে দরকার নেই। পশ্চিমবাংলার মানুষ যাঁর কথা শোনে না, যাঁকে পশ্চিমবাংলার মানুষ রিজেক্ট করেছে, সেই ভদ্রলোককে নিয়ে কেন আমরা সময় নষ্ট করছি। প্রিভিলেজ কমিটিতে এনে কি হবে? তাই আমি প্রস্তাব করছি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে এবং আপনার মাধ্যমে সকল বন্ধুদের কাছে, শ্রীআবদুল বারি বিশ্বাসের কাছে, সুধীর বেরা মহাশয়ের কাছে, বিশ্বনাথ বাবুর কাছে, এবং অন্যান্য যে সমস্ত সদস্যরা বক্তব্য রেখেছেন, তাঁদের প্রত্যেককে বলছি, আসুন আমরা একটা আদর্শ সৃষ্টি করি, আসুন আমরা তাঁকে ক্ষমা করি। শ্রীজ্যোতি বসুকে ক্ষমা করা হল— এটাই সিদ্ধান্ত হোক এই হাউসে সর্বসম্মতিক্রমে।

[1-30—1-40 p.m.]

শ্রীআবদুলবারি বিশ্বাস: অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে বক্তব্য এখানে রেখেছেন নিশ্চয়ই আমি তাঁর সঙ্গে একমত। তবে একটা কথা—জ্যোতিবাবু একথা বলে আমাদের এই হাউসের সদস্যদের অধিকার ক্ষুণ্ণ করেছেন, এটাই আমার একমাত্র কথা ছিল না। একথা বলার জন্য আমাদের দেশের গ্রামেগঞ্জে এমন একটা অবস্থা সৃষ্টি হতে পারত যাতে জ্যোতিবাবুর সাকরেদদের এবং জ্যোতিবাবুর পিঠের চামড়া থাকত না। আমাদের মুখ্যমন্ত্রী পুলিশমন্ত্রীও বটেন, তিনি এই প্রস্তাবের মধ্য দিয়ে অন্ততঃপক্ষে এদের পিঠের চামড়া বাঁচাবার ব্যবস্থা করে দিলেন। আমি তাই গ্রামবাংলার সাড়ে চার কোটি জনতার কাছে এই আবেদন জানাই যে এই শিয়ালদের কথার উপর আর কোন গুরুত্ব দিয়ে লাভ নাই। তাই আমি এই মোশন উইথড্র করে নিলাম।

শ্রীসুধীরচন্দ্র বেরা: মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এখানে যা বললেন, তারপরে আমি আর কিছু বলতে চাইনা, জ্যোতি বসুকে ক্ষমা করে নূতন নজীর তিনি এখানে সৃষ্টি করলেন। আমি স্পীকার মহাশয়, তাঁকে ধন্যবাদ জানিয়ে তাঁর বক্তব্যের সঙ্গে একমত হলাম যে জ্যোতিবাবুকে ক্ষমা করা হল।

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত: আজকে এখানে যে মোশন এসেছে সে সম্বন্ধে চীফ মিনিষ্টার তাঁর বক্তব্য রেখেছেন। তাঁর সঙ্গে আমি একমত। কিন্তু একটা প্রশ্ন আমি থ্রু ইউ চীফ মিনিষ্টার এবং হাউসের কাছে রাখতে চাই। পশ্চিমবাংলায় ইন্দিরা গান্ধীর নেতৃত্বে যে নূতন বিপ্লব এসেছে এবং তিনি সারা পৃথিবীকে যে নেতৃত্ব দিচ্ছেন, আমেরিকা তা সহ্য করতে পারছেন না। আজকে আমি তাই একথা জানাই—এর পেছনে সি. আই. এ-এর কোন চক্রান্ত আছে কিনা সেটা হোম ডিপার্টমেণ্ট-এর মাধ্যমে যেন ইনকুয়ারী করে দেখেন।

মিঃ স্পীকার: আজকে যে প্রিভিলেজ মোশন এখানে মুভ করা হয়েছে, সে সম্বন্ধে সকলের ঐক্যমত হচ্ছে, কন্সেন্সাস্ হচ্ছে নট টু প্রসিড ফারদার। সুতরাং আই টেক দি লীভ অব দি হাউস।

(সব দিক থেকে—হাঁ, হাঁ।)

এই হাউসে যে মোশন টেবল্‌ড হয়েছিল সমস্ত সদস্য একমত হয়ে তা উইথড্র করে নিলেন। সুতরাং এ বিষয়ে আমি আর প্রসিড করছি না। চীফ মিনিষ্টার যে বক্তব্য রাখলেন সেই বক্তব্য গ্রহণ করে আপনারা আর এই মোশন প্রেস করছেন না, আমার তরফ থেকে বলবার কথা হচ্ছে আপনারা এটা উইথড্র করে নিলেন।

The motions of shri Abdul Bari Biswas and Shri Sudhir Chandra Bera were then, by leave of the House, withdrawn.

Calling Attention to Matters of Urgent Public Improtance

Mr. Speaker: The Minister-in-charge of the Home (Police) Department will please make a statement on the subject of disturbances in the Tollygunge Bagha Jatin Colony by anti-social elements— attention called by Shri Pankaj Kumar Banerjee on 27th march, 1972.

শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায়: অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আমার একটা আবেদন আছে। আমি এই ষ্টেটমেণ্ট কাল রাখতে চাই, আমি সেজন্য হাউসের কাছে ক্ষমা চাইছি। কাল দিল্লীতে সারাদিন থাকার জন্য এবং রাত্রি সাড়ে এগারটায় ফিরে আসার জন্য তৈরী হয়ে আসতে পারিনি, কাল এই ষ্টেটমেণ্ট দেবার জন্য অনুমতি দিলে সুবিধা হয়, দয়া করে সেই অনুমতি দিন।

মিঃ স্পীকার: ঠিক আছে, কালই দেবেন।

Mr. Speaker: I have received 11 notices of calling attention on the following subjects, namely :—

1. Inadequate supply of urea in some areas of the Burdwan and Hooghly districts,—from Shri Puranjoy Pramanik

2. Attack on Vijoy Missil at Gobindapur Dakshinnagar, Murshidabad, on 27.3.72, from Shri Abdul Bari Biswas.

3. Non-execution of T. R. Scheme for flood stricken people of Egra P.S.,—from Shri Samsul Alam Khan.

4. Discontinuance of supply of canal water to the D. V. C. Command Area in Burdwan and Hooghly districts,—from Shri Aswini Roy and Shri Niranjan Dihidar.

5. Distress of the workmen due to closure of Nadia Paper and Machinery Mills Ltd., from Shri Nitaipada Sarkar.

6. Hunger-strike by workers of two collieries under P. S. Ondal - from Shri Ramdas Banerjee.

7. Distress to workmen due to closure of Dhakeswari Cotton Mills, Hirapur —from Shri Triptimay Aich.

8. Public resentment owing to behaviour of the officers of the Irrigation Department of Midnapore in connection with Dubda Basin Canal—from Shri Hemanta Dutta.

9. Irregularities in the operations of the mines in Asansol-Ranigung coal — from Shri Sukumar Bandyopadhyay.

10. Remarks reportedly made by Shri Jyoti Basu against this Assembly at a public meeting in Calcutta on 28.3.72—from Shri Naresh Chandra Chaki.

11. Attack on the Burdwan Zilla Congress Office by the C.R.P.—from Shri Sukumar Bndyopadhyay.

I have selected the notice of Shri Ramdas Banerjee on the subject of 'Hunger-strike by workers of two collieries under P.S. Ondal'. The Hon'ble Minister-in charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Dr. Gopal Das Nag : I will make the statement on Monday next.

Mention Cases

Mr. Speaker : There are several mention cases I call upon Shri Kumar Dipti Sen Gupta to mention his case.

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত : মাননীয় স্পীকার মহাশয়, মুর্শিদাবাদ এবং স্পেশালী বহরমপুর এমন একটা জায়গা যেখানে বন্যা নিত্যনৈমিত্তিক ব্যাপার। এই বন্যার জল যখন বাড়ে তখন মানুষের চোখের জল পড়ে। বন্যার জল যখন আসে তখন এনসিয়াণ্ট মেরিনারের সেই লাইন গুলিই মনে পড়ে—Water, water everywhere, But not a drop to drink. সেখানে খাবার জল পাওয়া যাচ্ছে না। তারপর বন্যার জল যখন নেমে যায় তখন কলগুলোর যে অবস্থা হয় তা বলার নয় এবং আমলাতন্ত্রের চক্রকে ব্যর্থ করে সেই কলগুলো সারাবার কোন ব্যবস্থাও নেই। এখন গরম আসছে,কাজেই আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি অবিলম্বে এ সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করা হোক।

শ্রীঅজিত কুমার গাঙ্গুলী : মাননীয় স্পীকার মহাশয়, আমি যে ব্যাপারটা উল্লেখ করতে চলেছি সেটা আপনিও জানেন বন্যায় গ্রামের কি অবস্থা হয়। কিন্তু আশ্চর্যের বিষয় সেপ্টেম্বর মাসে বন্যা হয়েছে অথচ আজ পর্যন্ত এই বন্যায় যাদের ঘরবাড়ী পড়ে গেছে, গরু মারা গেছে, অজস্র ক্ষতি হয়েছে তাদের জন্য কোন ব্যবস্থা অবলম্বন করা হয়নি। আমি এই ব্যাপারে রিলিফ মিনিষ্টারের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর, এঁরা মানুষ কি না জানি না কারণ এখনও পর্যন্ত লোনের টাকা পাওয়া যায় নি আইনের এরকম ফ্যাকরা আছে। আমি ত্রাণমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি তিনি এই ব্যাপারে যেন বিশেষভাবে নজর দেন। এই বন্যাবিধ্বস্ত অঞ্চলের জন্য যা করা দরকার সেই কার্যকরী ব্যবস্থা যদি না হয় তাহলে আগামী দিনে যে ফসল উৎপন্ন হবে তার ক্ষতি হবে। ইছামতি নদীর ধারে সমস্ত গ্রাম ওয়াস্‌ড অ্যাওয়ে হয়ে গেছে। সেখানে আজ পর্যন্ত কোন ধরনের রিলিফ গিয়ে পৌছালো না। এই যদি চলতে থাকে তাহলে বাংলাদেশের বিভিন্ন জায়গায় যে বন্যা হয়েছে, সমস্ত জায়গার কথা আমার কাছে নেই—তাতে এই ব্লকের অফিসাররা যে রিলিফ এরকাজে নিযুক্ত থাকেন, তারা যদি অমানুষ হয় তবে সরকার থেকে তাদের সম্বন্ধে একটা বিহিত-ব্যবস্থা করা দরকার। ব্লকগুলো সম্বন্ধে যাঁদের অভিজ্ঞতা আছে—এখানে অনেক মাননীয় সদস্য বসে আছেন তাঁরা জানেন যে হাজার হাজার লোক বসে আছে আর এরা কোন না কোন ফেঁকড়া তুলে এদের ফিরিয়ে দিচ্ছে, এই যে একটা অসহ অবস্থার সৃষ্টি হয়েছে, এই বিষয়ে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি

আকর্ষণ করে বলছি যে অবিলম্বে একটা ব্যবস্থা করার চেষ্টা করুন এবং আশা করবো তিনি এই হাউসে কি করা যায় এবং কি করা হচ্ছে সে সম্বন্ধে একটা বিবৃতি দেবেন।

[1-40—1-50 p.m.]

শ্রীমতি গীতা মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন কলকাতা শহরে বিড়লাদের ১১৪টি বিভিন্ন কোম্পানীর হেড অফিস ছিল কলকাতার ১৫নং ইনডিয়া একস্‌চেনজ প্লেসে এবং ইনডাষ্ট্রী হাউসে অর্থাৎ ক্যামাক ষ্ট্রীটে। ১৯৬৯-৭০সালের গোড়ায় বিড়লারা এইগুলো বন্ধ করে দেয় এবং অফিসগুলোকে সংশ্লিষ্ট কারখানায় সরিয়ে দেয় এবং তার কিছু দিল্লীতে, কিছু ইউ, পি, তে এবং কিছু উড়িষ্যায় সরিয়ে দেয়। সেইসময় সেই অফিসগুলোতে ৭৮০ জন কর্মী ছিলেন। তাদের কোনরকম তদন্ত বা চার্জশিট ছাড়াই চাকরী থেকে সরিয়ে দেওয়া হয়। ১৯৭১ সালে গণতান্ত্রিক কোয়ালিশন সরকারের শ্রমমন্ত্রী ডাঃ গোপালদাস নাগ এই বিষয়ে কনসিলিয়েশন করানোর চেষ্টা করেন। বিড়লারা সেইসময় সমস্ত কর্মচারীদের নিতে রাজী হন না। এখন বিড়লারা যে ঠিক খেতে পাচ্ছেন না এই রকম অবস্থা নয়। সেই কারণে ইউনিয়ন কিছু কর্মীকে বাদ দিয়ে কিছু কর্মীকে নেওয়া, এই প্রস্তাবকে প্রত্যাখ্যান করেন। কিন্তু বিগত ৩।৪ দিন আগে বিড়লারা এই ১১৪টি অফিসের মধ্যে ১৭টি অফিস খুলেছে এবং মজার কথা হচ্ছে এই সেই অবস্থায় ৪১২জন কর্মীকে তারা কোন চার্জশিট না দিয়ে অথবা কোন তদন্ত না করে আবার কর্মচ্যুত করে রেখেছেন। এবং বিড়লারা দাবি করছেন যে তারা নাকি সি, পি, এম-এর নেতৃত্বাধীন যে মার্কেণ্টাইল ফেডারেশন আছে তাদের সঙ্গে আলোচনা করে এই সমঝোতা করেছেন। বিড়লারা যে ক'জনকে পারেন সেই কজনকেই নেবেন এবং সেই অনুযায়ী বিবেচনা করে বিড়লাদের ক্ষুদ্র সামর্থের দরুণ ৪১২ জন কর্মচারীকে নিতে পারে নি, এই সমঝোতার ফলে তারা ছাঁটাই হয়ে আছে। সেইজন্য আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর কাছে অনুরোধ করতে চাই যে সি, পি, এমের সঙ্গে যোগসাজসে কোটিপতি বিড়লাদের শ্রমিক, কর্মচারীর বিরুদ্ধে তথাকথিত সমঝোতার হাত থেকে কর্মচ্যুত মানুষগুলোকে রক্ষা করার জন্য তিনি যাতে অবিলম্বে বিড়লাদের প্রতি এবং এ, আই, টি, ইউ, সি এবং আই, এন, টি ইউ, সি,-র প্রতিনিধিদের নিয়ে একটা সম্মেলন ডাকেন এবং সেখানে ছাঁটাই বন্ধ করার জন্য এবং সমস্ত অফিস খোলার জন্য সরকারের তরফ থেকে বিড়লাদের উপর চাপ সৃষ্টি করেন।

শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার একটু অনুমতি চাইছি, যদিও মেনশনের উপর আর কিছু বলা উচিত নয়। কিন্তু এটা পশ্চিমবাংলার স্বার্থে বলছি যে শুধু ৪০২জন কর্মচারীকে অন্যায়ভাবে চার্জশিট না দিয়ে তাদের কাজ থেকে হটিয়ে দেওয়া হলো, তাই নয় এই পশ্চিমবঙ্গ থেকে ১১৪ টা অফিস সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে এবং মাত্র ১৭টি অফিস খোলা আছে। এতগুলো কর্মচারীকে বিনা চার্জশিটে ছাঁটাই করে দেওয়া—সমগ্র জিনিসটা আমাদের পশ্চিমবঙ্গের স্বার্থের সঙ্গে জড়িত এবং সেইজন্য আমি আপনার মারফত আমাদের গভর্ণমেণ্টকে বিশেষভাবে অনুরোধ করবো এবং শ্রমমন্ত্রীকে অনুরোধ করবো যে আমাদের পশ্চিমবঙ্গ থেকে অফিস সরিয়ে নিয়ে যাবার যে দিকটা, সেই দিকটা বন্ধ করবার জন্য কড়া ব্যবস্থা গ্রহণ করা হোক এবং যে কর্মচারীদের বিনা চার্জশিটে এইভাবে ছাঁটাই করা করা হয়েছে তাদের নিতে বিড়লাদের বাধ্য করা হোক।

শ্রীগোপালদাস নাগ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যা গীতা মুখার্জী ও মাননীয় সদস্য বিশ্বনাথ মুখার্জী—যেটা তুলেছেন, সেই ঘটনাটা আমি এখানে একটু জানিয়ে দিতে চাই।

রাজ্যপালের শাসন যে সময় চলছিল সেই সময় মার্কেনটাইল ফেডারেশন তথা সি-পি-এম পরিচালিত যে ইউনিয়ন ওখানে আছে, সেই ইউনিয়নের সঙ্গে শ্রমদপ্তরের সচিব মহাশয়ের সঙ্গে একটা আলোচনা হয়, বিড়লা ব্রাদার্সের প্রতিনিধির সঙ্গেও আলোচনা হয়। সেই আলোচনা ক্রমে একটা মৌখিক চুক্তি উভয়ের মধ্যে হয়, লিখিত কোন চুক্তি হয় না। সেই চুক্তিতে প্রধান কথা ছিল যে বিড়লা ব্রাদার্সের হেড অফিস তারা তুলে দেবে। যতগুলি লোক বিড়লা ব্রাদার্সের পক্ষে সম্ভব হবে,—তাঁদের তারা নিয়ে নেবে। আর যাদের তারা নিতে পারবে না, তাদের সম্বন্ধে শ্রমদপ্তর conciliation করবে। এই conciliation-এর পরে residual যারা থেকে যাবে, যাদের নেওয়া যাবে না, তাদের বেলায় শ্রমদপ্তর adjudication-এ পাঠাবে। আমি জানি না কি অবস্থায় ও কিরকমভাবে এইরকম একটা চুক্তি মৌখিক হয়েছিল—সেই অনুযায়ী তারা তুলে দিয়েছে। প্রথম পর্য্যায়ে যাদের নেয়নি মার্কেনটাইল ফেডারেশন আমাদের কাছে একটা লিষ্ট পাঠিয়েছে ৪১৩ জনের। দ্বিতীয় পর্য্যায়ে আমাদের conciliation করতে হবে। কালকে সেই লিষ্টটা বিড়লা ব্রাদার্সের প্রতিনিধিদের কাছে পাঠিয়ে দিয়েছি যে আপনারা এর মধ্যে কতকগুলিকে যা নেবার তা নিয়ে নিন্ এবং বাকি যেগুলি পড়ে থাকবে তার conciliation করতে হবে এবং তৃতীয় পর্য্যায়ে শর্তানুযায়ী যেগুলিকে adjudication করতে হবে, তারা যাবে না conciliation-এর মাধ্যমে। পরিস্থিতিটা এই। আমি সরকারের পক্ষ থেকে সাধ্যমত চেষ্টা করবো যাতে ওরা সবাইকে নিয়ে নেয় এবং পরবর্তীকালে কি ঘটনা ঘটে আমি সুযোগ পেলে তা হাউসকে জানাবো।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য্য ঃ মাননীয় স্পীকার, স্যার, আমি একটি গুরুত্বপুর্ণ ব্যাপার সম্পর্কে আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। কাঁকিনাড়া ইনচেক টায়ার ফ্যাক্টরী বলে একটা ফ্যাক্টরী আছে। গত ১৩ই মার্চ থেকে ঐ ফ্যাক্টরী বন্ধ হয়ে আছে। আপনারা সকলে জানেন গত ১১ই মার্চ নির্বাচন ছিল। শ্রমিকরা আনন্দের সঙ্গে নির্বাচনে ভোট দিয়েছে। প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চাকে ভোট দেবার পরদিন ছিল রবিবার; সেদিন তারা যায় নি। সোমবার দিন সেখানে গিয়ে দেখলেন কারখানাতে তালা ঝুলছে। আপনি তো জানেন স্যার, টায়ারের বাজার আছে, অত্যন্ত চড়া বাজার। সুতরাং টায়ারের বাজারের অভাবে কোম্পানী বন্ধ হয়ে গেছে, তা কিন্তু নয়। আমি যতদূর জানি কোম্পানীর মালিক গোষ্ঠীর ভেতর প্রচণ্ড ঝগড়া আরম্ভ হয়েছে। বাকুলিয়া হাউসের কেদার মুখার্জী তিনি হচ্ছেন ঐ কোম্পানীর প্রধান মালিক। তার বিরোধী দলও থাকতে পারে। কাজেই পুঁজিপতিদের ভেতর ঝগড়া হবেই। কিন্তু বারোশো শ্রমিক এখন বেকার, খেতে পাচ্ছে না। আজ ১৬ দিন হয়ে গেলো। আমি এই হাউসের সামনে রাখতে চাচ্ছি যে ১২০০ শ্রমিকের পরিবারবর্গ মিলে, পরিবার পিছু ৫ জন করে ধরলে, ছয় হাজার লোক আজ অত্যন্ত দুর্দশার ভেতর কাটাচ্ছেন। এই ব্যাপারে শ্রমমন্ত্রীর অবিলম্বে মধ্যস্থতা করা প্রয়োজন। আমি জানি না মালিকদের ঝগড়া মন্ত্রিমহাশয় কি করে মিটাবেন। তবে প্রয়োজন হলে তার জন্য Administrator নিয়োগ করে যদি সত্বর কারখানাটি খুলে দেবার ব্যবস্থা তিনি করেন তাহলে আমরা সকলে খুশী হব এবং শ্রমিকরা ও তাদের পরিবারবর্গ সকলে বেঁচে যাবে।

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় আপনার সামনে রাখছি। বিষয়টা হচ্ছে সেচ বিভাগের এই বছর দামোদর কম্যাণ্ড এরিয়ার ফসলটা খুব কম হয়েছে। চাষীরা প্রচণ্ড উগুম নিয়ে এবার রবি মরশুমে আই-আর (৮), লাঠিশাল, জয়া, ইত্যাদি ক্ষমতানুসারে অনেকে চাষ করেছে। এইরকম চাষের জমির পরিমাণ বর্ধমান, হুগলীর যে সমস্ত জায়গা দিয়ে দামোদর ক্যানেল ও দুর্গাপুর ক্যানেল যাচ্ছে তার উভয় পার্শ্বে প্রায় ,১৫।২০ হাজার একর জমিতে এই ফসল তারা লাগিয়েছে।

[1-50—2-00 p.m.]

এখন জলের অভাব, ৩১শে মার্চের পরে জল সরবরাহ বন্ধ করে দেবে। যদি জল সরবরাহ থাকে তাহলে অন্ততপক্ষে ৪০ থেকে ৫০ লক্ষ টন্ ধান উৎপন্ন হতে পারে। সেচ বিভাগ এবং কৃষি বিভাগের হিসাব মত এই সমস্ত ফসলে ৯০ দিন জল দিলেই হয়ে যায় কিন্তু এইবারে চাষ পরে আরম্ভ হয়েছে, জানুয়ারী মাসে এবং ফেব্রুয়ারী মাসে বৃষ্টি হওয়ার জন্য চাষ শুধু করা যায় নি। সেই জন্য আপনার মাধ্যমে সেচমন্ত্রী এবং কৃষিমন্ত্রী দুইজনের কাছে অনুরোধ তাঁরা উভয়ে আলোচনা করে এপ্রিলের তৃতীয় সপ্তাহ পর্যন্ত যেন জল সরবরাহ করা হয়। এই অঞ্চলে আই, আর, (৮) ইত্যাদি চাষ হচ্ছে এবং এরজন্য জলের বিশেষ প্রয়োজন। এইবারে চাষীরা খুব উৎসাহ নিয়ে এই ফসলটা আরম্ভ করেছে।

শ্রীমহঃ ইদ্রিস আলিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি বিভাগীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, গানি ব্যাগ যাহা বাজারে দুই টাকা তিন-টাকা মূল্যে বিক্রয় হয় তাহা এখন মুর্শিদাবাদ জেলায় ৩০ হাজারটি সরবরাহ করা হইয়াছে। মুর্শিদাবাদ জিয়াগঞ্জ ব্লকে কিন্তু বি, ডি, ও মহাশয় গত কয়েকদিন হল মাত্র ১০ হাজারটি বিক্রয় করিয়াছেন। এইভাবে স্যার, কর্মচারীদের অন্যায়ের ফলে বাংলাদেশে যে জোর সংকট সৃষ্টি হচ্ছে তার এটি একটি চরম নজির। আমি চাই বিভাগীয় মন্ত্রিমহাশয় এই বিষয়ে পূর্ণ তদন্ত করে ঐ সব কর্মচারীদের শাস্তিবিধান করুন।

Motion for a Vote on Account

Mr. Speaker : The general discussion of the Budget would take place in the next session of the Assembly. I would now request Shri Sankar Ghose to move the motion for a Vote on Account.

Shri Sankar Ghose : Sir, on the recommendations of the Governor, I beg only to move that a sum not exceeding Rs. 1,58,85,08,000 be granted to the Governor, on account, for or towards defraying the charges for the following services and purposes during the year ending on the 31st day of March, 1973, namely :

Grant No. 1	Services and purposes. 2	Sums not exceeding. 3
		Rs.
	A—Collection of Taxes, Duties and other Principal Revenues	
1	4—Taxes on Income other than Corporation Tax 9—Land Revenue	4,11,000
2	I—Contributions and Miscellaneous Adjustments 76—Other Miscellaneous Compensations and Assignments. AA—Capital Account of Compensation on the abolition of Zamindari System outside the Revenue Account. 92—Payment of compensation to Land-holders, etc., on the abolition of the Zamindari System.	3,95,63,000
	A—Collection of Taxes, Duties and other Principal Revenues	
3	10—State Excise Duties	40,44,000
4	11—Taxes on Vehicles	8,97,000
5	12—Sales Tax	29,81,000
6	13—Other Taxes and Duties	31,57,000
7	14—Stamps	9,62,000
8	15—Registration Fees	28,91,000
	B—Debt Services	
9	16—Interest on Debt and other obligations	33,33,000
	C—Administrative Services	Rs.
11	18—Parliament, State/Union Territory Legislature	35,26,000
12	19—General Administration	2,81,61,000
13	21—Administration of Justice	83,21,000
14	22—Jails	99,25,000
15	23—Police	11,43,04,000
16	26—Miscellaneous Departments--Fire Services	35,83,000
17	26—Miscellaneous Departments--Excluding Fire Services.	2,22,47,000

Grant No. 1	Services and purposes. 2	Sums not exceeding. 3
	D—Social and Developmental Services	Rs.
18	27—Scientific Departments	26,000
19	28—Education	26,13,00,000
20	29—Medical	8,65,72,000
21	30—Public Health 30A—Family Planning	4,31,60,000
22	31—Agriculture--Agriculture DD—Capital Account of Social and Developmental Services outside the Revenue Account 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research D—Social and Developmental Services	6,32,10,000
23	31—Agriculture--Fisheries	27,22,000
24	33—Animal Husbandry II—Miscellaneous Capital Account outside the Revenue Account 124—Capital Outlay on Schemes of Government Trading---Greater Calcutta Milk Supply Scheme	5,73,02,000
	D—Social and Developmental Services	
25	34—Co-operation	49,01,000
26	35—Industries--Industries DD—Capital Account of Social and Developmental Services outside the Revenue Account 96—Capital Outlay on Industriel and Economic Development	2,56,04,000
	D—Social and Developmental Service	
27	35—Industries--Cottage Industries DD—Capital Account of Social and Developmental Services outside the Revenue Account 96—Capital Outlay on Industrial and Economic Development--Cottage Industries	1,05[illegible]8,000

Grant No. 1	Services and purposes. 2	Sums not exceeding. 3
	D—Social and Developmental Services	Rs.
28	35 Industries--Cinchona	23,52,000
29	37—Community Development Projects, National Extension Service and Local Development Works FF—Capital Account of Public Works (including Roads) and Schemes of Miscellaneous Public Improvement outside the Revenue Account 109—Capital outlay on other works--Community Development Projects, National Extension Service and Local Development Works Loans and Advances by State/Union Territory Governments Loans and Advances under Community Development Projects, National Extension Service and Local Development Works	3,16,89,000
	D—Social and Developmental Services	
30	38—Lobour and Employment	2,01,71,000
31	39—Miscellaneous Social and Developmental Organisations--Welfare of Scheduled Tribes and Castes and other Backard Classes	87,21,000
32	39—Miscellaneous Social and Developmental Organisations--Excluding Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes.	1,37,73,000
	E—Multipurpose River Schemes, Irrigation and Electricity Schemes	
33	42—Multipurpose River Schemes 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial). 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial) EE—Capital Account of Multipurpose River Schemes, Irrigation and Electricity Schemes outside the Revenue Account. 98—Capital Outlay on Multipurpose River Schemes. 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial). 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works Non—Commercial).	8,76,72,000

Grant No. 1	Services and purposes. 2	Sums not exceeding. 3
		Rs.
	F—Public Works (including Roads) and Schemes of Miscellaneous Public Improvements.	
34	50—Public Works	5.42,44,000
35	51A—Greater Calcutta Development Scheme FF—Capital Account of Public Works (including Roads) and Schemes of Miscellaneous Public Improvements outside the Revenue Account. 106A—Capital Outlay on Greater CalcuttaDevelopment Scheme.	2,26,27,000
	G—Transport and Communications (other than Roads).	
36	53—Ports and Pilotage	6,79,000
37	57—Road and Water Transport Schemes GG—Capital Account of Transport and Communications (other than Roads) Outside the Revenue Account. 114—Capital Outlay on Road and Water Transport Schemes.	28,49,000
	I —Miscellaneous	
38	64—Famine Relief	2,69,70,000
39	65—Pensions and other retirement benefits II—Miscellaneous Capital Account outside the Revenue Account 120—Payments of Commuted Value of Pensions	1,29,82,000
	I—Miscellaneous	
0	67—Privy Purses and Allowances of Indian Rulers	7,000
1	68—Stationery and Printing	38,24,000
2	70—Forest	1,19,83,000
3	71—Miscellaneous--Contributions	5,07,52,000
4	71—Miscellaneous--Panchayats	1,14,50,000
5	71—Miscellaneous--Sports	4,07,000
6	71—Miscellaneous--Civil Defence	65,78,000
7	71—Miscellaneous—Other Miscellaneous Expenditure FF—Capital Account of Public Works (including Roads) and Schemes of Miscellaneous Public Improvements outside the Revenue Account. 109—Capital Outlay on Other Works	5,20,14,000

Grant No. 1	Services and puposes 2	Sums not exceeding. 3
		Rs.
	I—Miscellaneous	
48	71—Miscellaneous—Irrecoverable Loans to displaced persons written off 71—Miscellaneous—Expenditure on displaced persons 71—Miscellaneous—Relief to Refugees from Bangladesh FF—Capital Account of Public Works (including Roads) and Schemes of Miscellaneous Public Improvements outside the Revenue Acconnt 109—Capital Outlay on other Works—Expenditure on displaced persons Loans and Advances by State/Union Territory Governments Loans and Advances to displaced persons	19,26,33,000
	K—Extraordinary Items	
49	78—Pre-partition Payments	2,000
	EE—Capital Account of Multipurpose River Schemes, Irrigatien and Electricity Schemes Outside the Revenue Account	
50	98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project	1,65,12,000
	FF—Capital Account of Public Works (including Roads) and Schemes of Miscellaneous Public Improvements outside the Revenue Account	
51	103—Capital Outlay on Public Works	3,08,55,000
	II—Miscellaneous Capital Account outside the Revenue Account	
52	124—Capital Outlay on Schemes of Government Trading	2,00,32,000
	Loans and Advances by State/Union Territory Governments	
54	Loans and Advances by State/Union Territory Governments	10,30,49,000
	Grand Total :	1,58,85,08,000

Sir, I would make clear in my speech while presenting the Budget for West Bengal for the financial year 1972-73 that the time at our disposal is not sufficient to obtain within the current financial year vote of the Legislature on the Demands for all the Grants for 1972-73 and therefore, I propose to take the vote on Account under Article 206 of the Constitution to enable the Government to carry on for a period of about four months.

Mr. Speaker . I have received 7 cut motions which are in order. I am told that the cut motion No. 1 tabled by Shri George Albert Wilson-De Roze will not be moved

Shri George Albert Wilson-De Roze : That is exactly the correct thing, Sir. I want to speak upon a problem, But the position is I have been nominated by the Governor of the State on the recommendations of the Chief Minister. The Congress Party here has a tremendous majority. There is practically no Opposition. But I do not want to embarrass the Government in anyway. I have tabled the cut motion just to raise the relevant problem. However, I am not moving the motion but I may be allowed to speak about the matter.

Mr. Speaker : You may not move a cut motion but you are allowed to speak.

Shri George Albert Wilson-De Roze : I am very grateful to you, Sir.

Mr. Speaker : Yes, carry on.

Shi George Albert Wilson-De Roze . Mr. Speaker, honourable members and friends......

Mr. Speaker : You should only address the Chair'

Shri George Albert Wilson-De Roze : Thank you, Sir. This is my first appearance in this House. I am referring to Grant No 31. This is in the big blue book, entitled 'Detailed Civil Budget Estimates—Part I'. The relevant items to which I am referring, Sir, is 'Original Works—Buildings'. The amount shown as budget estimates for 1972-73 is 31 lakhs 30 thousand rupees. Anybody familiar with the cost of building construction today will realise that not more than three or four buildings can be constructed with this 31 lakhs of rupees. Then, with regard to communication 'i. e.' roadways, the total budget provision is only 1 crore 97 thousand—a little under 2 crores of rupees. The third item to which I wish to draw the attention of the House is item No. 8 regarding furniture. For the entire State of West Bengal the amount shown as budget for furniture is only 7 thousand rupees 'i. e.' for each of the 15 districts only a sum of Rs. 500 approximately has been provided for being spent on furniture on filing and cabinets and racks. Sir, you will recall that during the debate on the Governor's Address, yesterday, we heard from every corner of the House a cry for massive unemployment. At the same time we heard from every corner of the House that large volume of work remains undone. One honourable member from 24-Parganas said that in his entire constituency there was not a single road. Another honourable member from Bankura said yesterday that in the Employment Exchange the forms which had been filed were lying on the floor and being spoilt because there was no shelf or rack on which to put these froms. I think that we are all familiar that the present courts or administrative

buildings throughout the State are in such a condition that no effective work can be done. In every court house throughout the State of West Bengal the Judges and the Munsiffs sit in little Serestas with a partition with red 'shalloo' cloth. The officers and the assistants are sitting in little partitioned rooms. The entire State administration is being run from little holes and corners—the way the buildings at present are.

[2-00—2-10 p.m.]

With regard to the internal furniture of these various Government buildings, we know that there are thousands of Govt. files lying on the floor in various offices and the position with regard to roads is wellknown. This budget which has been presented aims to provide employment. But the Hon'ble Finance Minister, in his statement at page 16 regarding unemployment, has said that the rural unemployment can be solved by the investment in agriculture,animal husbandry, irrigation, co-operative, cottage and small-scale industries and rural electrification. If sufficient irrigation water can be provided to our agriculturists we can have three crops throughout the year. Then, with regard to educated unemployed young men the Hon'ble Minister says that massive industrialisation is essential. Now, for the programme which has been put forward in this budget, we require investment both in the rural sector and in the industrial sectors—investment in machinery, equipments, fertilizers and in various other industries to give the economy a push. All these measures, I agree, will ultimately creat employment But, there will be a gap of at least 2 to 3 years before the measures which are contemplated in this budget really begin to give employment and in between the time that this investment begins to take effect, two years will go, because, for massive industrialisation orders will have to be placed in various States. Diesel generator sets will have to be ordered but they wili have to be ordered from Mysore. Various items of machinery will have to be ordered from places outside the State of West Bengal. Sir, we want 'Garibi Hatao', but 'Garibi Hatao' will be not here, but in Rajasthan, Mysore, Bhilai, Rourkela, Jamshedpur and Sindri. It is evident that these places will get the orders for the machineries and equipments and thus they will get the immediate benefit. But, we will get the benefit after two years.

There are, according to latest estimates, 28 lakhs of unemployed persons in this Sate. These 28 lakhs of young people cannot wait for two years to get employment. I say, Sir, that the classic answer in such a condition of unemploy -ment -economic maxim of such condition of massive unemployment—is massive public works of buildings, any economist or any school boy knows that that answer to the problem of unemployment of this scale is public works Large public works, such as roads, public buildings, irrigation canals could omploy labour in large scale locally. I am suggesting very specifically that you need to set up small organisations in this State, in every district, which will recruit 5000 youngmen who are now unemployed, put them in camps under semi-military organisations, such as Civil Defence Department.

Sir, you have small organisation, which are attached with the Mobile Civil Emergency Force. These young boys can be trained in such organisations in carpentry,masonary,and electrical trades They can operate the mobile units, move anywhere and doany kind of work connected with CivilDefence and similar organisations. Sir, such units in every district would recruit 5000 yonngmen to begin with ; they may be put in camps and these organisations would give them training. At the same time, plans and programmes for new constructions and

new roads can immediately be given effect to for which you will need about Rs. 10 crores. In order to put these public works programmes into effect, you will have to invest about Rs 200 crores I say, Sir, we spent much more than this in six months on the refugees from Bangladesh. The Central Government can be asked to provide that amount because the position of the youngmen of West Bengal is equally precarious Therefore, this kind of public works programme should be taken up with the help of Central Government and at least Rs. 200 crores should be provided Sir, our State Plan is only of the order of Rs. 300 crores as compared with Rs. 500 crores in other States and Rs. 800 crores for our massive Pubic Works programme. At least 45,000 youngmen in various parts of the State can be provided in these organisations and the primary duty of the Government would be to give them training. Not only that, by taking these youngmen in such organisations, you will have to feed them, and clothe them, with uniforms which will be made of cotton grown in this State, by the mills functioning in this State You will have to give them boots, manufactured in the State You will have to give them utensils made of aluminium produced and manufactured in the State With this kind of programme your investment in other sectors will begin to take effect. I suggest that let us start something right now which will be remembered by future generations. I do not move my cut motion. Thank you, Sir, Jai Hind.

Mr. Speaker There are cut motion Nos 2 to 6 in the name of Shri Sudhir Das He is absent So I call upon Shri Deo Prakash Rai.

[2-10—2-20 p m]

Shri Deo Prakash Rai : Sir, I beg to move that the demand be reduced by Rs 100.

Sir, my cut motion relates to twin vital and long standing demands of the people of Darjeeling, namely, first, inclusion of the Nepali language in the 8th Schedule of the Constitution of India and second, the constitution of an autonomous district council in Darjeeling under the 5th Schedule of Article 244 of the Constitution of India.

Sir, I take up the question of recognition of the Nepali language first. This is a language spoken by more than forty-five lakhs of citizens of India, excluding the Nepali-speaking soldiers in the Armed Forces Sir, while talking of the Nepali-speaking soldiers of the Armed Forces, I would just like to mention one thing here The war cry of the Gorkha Regiment in the battle-fields during the Chinese aggression and the Pakistani aggression recently in the western sector and Bangla desh is "Ayo Gorkhali," that is, "here come the Gorkhas". So when I talk about the Nepali citizens, I am talking about 45 lakhs of Napali-speaking people. That excludes the figure of the Nepali-speaking soldiers of the Armed Forces. Sir, we have talked enough, debated enough on the question of the place the Nepali language should have in the State of West Bengal and other States of the Country When the Official Language Bill was brought in this House in 1961, there was controversy about the figure of Nepali-speaking people, for that matter the Nepali-speaking population in the State of West Bengal and in India. That matter was thrashed out and it was established that in West

Bengal more than 9 lakhs of people were speaking Nepali and the language got a place in the West Bengal Official Language Act. Sir, in Assam alone there are more than 20 lakhs of Nepali-speaking people who are citizens of India. As I have already mentioned there are all over the country more than 45 lakhs of people speaking Napali. Sir, when the question of recognition of Sindhi came up in the Parliament,it was accepted although Sindhi population in India is only about 14 lakhs, but the voice of 45 lakhs of Nepali-speaking people was lost in the din and bustle of the Lok Sabha where there is a steam-roller majority. It is very important that the demand of a population consisting of 13 or 14 lakhs for the language is recognised in the 8th Schedule of the Constitution of India wehereas the dimand of the Nepali-speaking people who number 45 lakhs is neglected.

Sir, while talking about these twin demands of the recognition of the Nepali language and the consitution of autonomous district council, I would say that these demands are long standing. Till 1967 whenever voice was raised in respect of these two demands we were looked upon with suspicion by some of the political parties and the majority community. But in 1967 when the United Front Government was formed, with all its shortcomings it did two things. The political achievement was that in 1969 during the mid-term election these two demands were incorporated in the election manifesto of the United Front,ie.,recognition of Nepali and constitution of auotonomous district council. Since then it has become the demand not only of the hill people of Darjeeling but also of the people of West Bengal. So this demand warrants serious consideration today because it is no more a demand of the hill people alone. Sir, it might be asked as to why were not these two issues taken up by the United Front Government of which I was a Minister. The answer is that these two demands were incorporated in the election manifesto of the United Front in the year 1967 and the United Front Government during the nine months of its office in 1969 was seriously thinking of moving a resolution in this House but as ill luck would have it, the Government was dissolved before we could do it That is number one. Number 2 is the relation between the Central Government and the Uinted Front Gevernment of 1969 which is known to everyone. Evem if we had time enough to move the resolution in the House to go on with this demand of constitutional autonomy and inclusion of the Nepali language in the 8th Schedule it was to be taken up by the Lok Sabha where the Congress was in the majority Today, the political situation is changed. In the State Legislature here I find more than two third of the members belong to the ruling party which rules the Central Government, who are also enjoying more than two-third majority in the Parliament. So, in this context I have brought this cut motion today in this House. Sir, apart from a sentimental issue, so far as the Nepali language is concerned, we cannot ignore that in 1970 when I led a delegation to meet the M.Ps., the Home Minister and the Prime Minister, all the opposition Leaders in the Parliament, excepting the Socialist Party, were convinced of the correctness and legality of this demand and, then, my delegation met the Prime Minister, Shrimati Indira Gandhi, who gave us an assurance saying that this issue meritted serious consideration. This is so far as the recognition of Nepali language is concerned.

Next, I come to the question of autonomy. The concrete shape of this autonomy— once the principle is accepted---can be discussed and finalised by sitting together. Therefore, I want this House to accept this in principle Once you accept the principle we can dicuss the details later on. In the State of Assam, under the 6th Schedule of Article 244, five district councils were

constituted. Of course, now, they are no more there. Except one district all the District Councils attained Statehood—Meghalaya, Arunachal, etc. There is still the 5th Schedule under Article 244 which apply to States other than Assam. So, I plead that this question of autonomy to be granted for the district of Darjeeling, if necessary, after rectification of the boundary, or we may call it re-demarkation of boundary, be taken up This comes under the 5th Schedule of Article 244. This question of recognition of Nepali is not confined to the hill areas of Darjeeling, though there are 9 lakhs of Nepali-speaking people in the State of West Bengal. Please don't make the mistake that this movement for recognition of Nepali language is confined only to the hill areas of Darjeeling If you are thinking that way you are miserably mistaken. There are more than 20 lakhs of people living in Assam, as I have already told.

[2-20—2-30 p.m.]

So it is not confined to three hill districts of Darjeeling alone. If this question takes an agitational shape it will be on an all-India basis. Twenty lakh Nepali-speaking people live in Assam In U.P., there are about six lakh Nepali-speaking people. So I request and appeal to the Government not to make any mistake by thinking that only six or seven lakh Nepali speaking people will be making this movement. If this movement fails in Darjeeling it will take an all-India turn. I am not talking of the Armed Forces The total civilian Nepali-speaking population in India is about 45 lakhs So it will be an agitation of about 45 lakh Nepali-speaking people in India. These things are well-known to the ruling party leaders as also to the Treasury Bench There are about thirty-five members belonging to Communist Party of India who are a party to the demand for recognition of Nepali language and constitution of autonomous district council.

With these words, I move my cut motion.

শ্রীমতী ইলা মিত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সাম্প্রতিককালে যে নির্বাচন হয়ে গেল সেই নির্বাচনের মধ্য দিয়ে পশ্চিমবাংলায় একটা নতুন প্রগতিশীল, শক্তি জন্মলাভ করেছে। এর মধ্যে আছে গ্রামের গরীব কৃষক, শহরের শ্রমিক, মধ্যবিত্ত ছাত্র, যুবক বিভিন্ন পেশায় নিযুক্ত নানা স্তরের মানুষ, তাছাড়া আছে বেকার এবং অর্ধ বেকারের দল গ্রামে এবং শহরে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই শক্তির ধারক ও বাহক হল পুরোনো কংগ্রেস ভেঙে গিয়ে যে প্রগতিশীল অধিকার দিয়ে যে নতুন নেতৃত্ব প্রকাশ করেছে তারই প্রভাবাধীন সমস্ত স্তরের মানুষ একদিকে রয়েছে, আর একদিকে রয়েছে পশ্চিমবাংলার বামপন্থী আন্দোলনের প্রভাবাধীন সংগ্রামী মানুষের একটা সংগঠিত অংশ। এরা সকলে মিলে পশ্চিমবাংলার শত সমস্যা জর্জরিত সাধারণ মানুষের মনে একটা বিপুল উৎসাহ এবং উদ্দীপনা সৃষ্টি করেছে। আজকে তারই প্রতিফলন এই নির্বাচনে অভূতপূর্ব সাফল্যের মধ্যে দিয়ে দেখতে পাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আমি আর একটি কথা বলতে চাই যেমন এই সরকার এবং নির্বাচনে সাফল্যে সাধারণ মানুষ অত্যন্ত আনন্দিত হয়েছে তেমনিভাবে আনন্দিত এবং উৎফুল্ল হয়েছে সমস্ত বড় বড় ব্যবসাদার এবং কারখানার মালিক, বড় বড় জোতদার, মজুতদার। কারণ তাঁরা ভাবছেন আমাদের সেই পুরাণো কংগ্রেস আবার ফিরে এসেছে এবং তেমনিভাবে বোধ হয় আমরা আবার মজা লুটতে পারব। সেইদিক

থেকে আমি সতর্ক করে দিতে চাই কংগ্রেস দল এবং সরকারকে। যেন তারা তাদের সেই আশা নিরাশ করে; কংগ্রেস যেন তাদের কাজের মধ্য দিয়ে এটা প্রমাণ করে যে পুরান কংগ্রেস আজ আর ফিরে আসে নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মানুষ দ্ব্যর্থহীন ভাষায় পরিষ্কারভাবে ভোটের বাক্সে তাদের রায় দিয়েছে। তাদের কাছে গরীবী হটাও শ্লোগান কেবলমাত্র নির্বাচনের প্রচারের শ্লোগান ছিল না, গরীবের অভিশাপ, অভিসম্পাত, মানুষের কাছে গরীবী হটাও শ্লোগান চ্যালেঞ্জ ছিল। কাজেই এই গরীবী হটাও শ্লোগান সাধারণ মানুষের মনে আশার সঞ্চার করেছে, তাদের মনে দৃঢ় প্রত্যাশা এনেছে। আমরা যারা নির্বাচিত প্রতিনিধি এবং নব নির্বাচিত মন্ত্রিসভা এই গরীবী হটাও শ্লোগানের চ্যালেঞ্জ গ্রহণ করে তার মোকাবিলা করার জন্য কি প্রস্তুত আছি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, নির্বাচনের সময় সাধারণ মানুষের কাছে আমরা অনেক প্রতিশ্রুতি দিয়েছিলাম। এই বাজেট যা উপস্থাপিত করা হয়েছে তা আমি পড়েছি। কিন্তু সেই সমস্ত প্রতিশ্রুতি পূরণে আমার কতটা সক্ষম হব?

যে প্রতিশ্রুতি আমরা দিয়েছিলাম, সাধারণ মানুষের মনে এই বাজেট কিন্তু কোন আশা-ভরসা সৃষ্টি করতে পারেনি। বর্তমান অধিবেশনে যে বাজেট আলোচিত হচ্ছে তা মাত্র চার মাস আয়-ব্যয়ের উপরে মঞ্জুরী নেওয়া হচ্ছে। কাজেই যখন পূর্ণাঙ্গ বাজেট আলোচনা হবে তখন আমরা এর পূর্ণভাবে মূল্যায়ণ করতে পারব। এই বাজেট অর্থনীতির বিভিন্ন ক্ষেত্রে বেশী কিছু বরাদ্দের কথা নেই—তবে উন্নয়ন খাতে কিছু করা হয়েছে। এই উন্নয়ন খাতে বেশী বরাদ্দ করা হয়েছে পল্লী অঞ্চলের বৈদ্যুতীকরণের জন্য নিশ্চয়ই আমরা এটাকে অভিনন্দন জানাব, কারণ সাধারণ মানুষের মনে এটা আশার সঞ্চার করবে। কৃষি বা শিল্পের অগ্রগতি করতে গেলে গ্রামে গ্রামে বৈদ্যুতীকরণ ছাড়া তা কিছুতেই সম্ভব নয়। তা ছাড়া গ্রামের মনুষের বেকারীদের কর্মসংস্থানের জন্য যে ৫ কোটি ৭০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে তা ফলপ্রসূ করতে গেলে গ্রামে গ্রামে বৈদ্যুতীকরণ দরকার। চতুর্থ পরিকল্পনায় যে টাকা পশ্চিমবাংলার জন্য বরাদ্দ করা হয়েছিল, গত ২।৩ বছরে তার অনেক ঘাটতি হয়েছে। মন্ত্রিমহাশয় সেদিন বলেছেন যে আগামী ২।৩ বছরের মধ্যে এই ঘাটতি পূরণ করা হবে। কিন্তু কি করে এই চেষ্টা পূরণ করা হবে সে সম্পর্কে আমাদের নিয়ে কর্যকরী ব্যবস্থা অবলম্বন করা দরকার। প্রথমে বলা চাই কেন্দ্রের কাছে রাজ্যের পরিশোধিত ঋণের পুনবিন্যাস করা প্রয়োজন এবং যারা কর ফাঁকি দেয়, তারা যাতে না পারে তার ব্যবস্থা করা প্রয়োজন। এ ছাড়া পশ্চিমবাংলায় যে কর আদায় হয়, তার যথাযথ সদ্ব্যবহার করা দরকার, কেন্দ্রের কাছে ঋণের পুনর্বিন্যাসের কথা নিশ্চয় বিশেষভাবে, চিন্তা করতে হবে, মার্কসবাদী কম্যুনিষ্ট পার্টি এবারে নির্বাচনী অভিযানে বলেছিলেন যে রাজ্যের ন্যায্য পাওনা আদায় করতে গেলে কেন্দ্রের সঙ্গে সংগ্রাম করতে হবে, এখন রাজ্য এবং কেন্দ্রে সমধর্মী সরকার প্রতিষ্ঠিত হয়েছে এবং রাজ্য এবং কেন্দ্র এমনভাবে কাজ করবেন যাতে রাজ্যের ন্যায্য পাওনা আদায় করা যায়। আগামী দিনে নির্বাচিত মন্ত্রিসভা কি কি কাজ করবেন সে সম্পর্কে অনেক কথা বলেছেন—যেমন বেকারী যুবকরা, বন্ধ কল কারখানা খোলা, নূতন নূতন কারখানা করা, সৎ-পরিচ্ছন্ন প্রশাসন চালু করা হবে। কিন্তু আজকের দিনে পশ্চিমবাংলার যে নূতন নূতন সম্পদ সৃষ্টি হয়েছে সে সম্পর্কে কিছু দেখলাম না। বাংলাদেশ থেকে যখন লক্ষ লক্ষ শরণার্থী এসে ছিল যখন কি অবস্থা হয়েছিল, সে কথা সকলেই জানেন। কিন্তু আজ বাংলাদেশ মুক্ত হয়েছে এবং আমাদের বন্ধু হয়েছে, কাজেই দুই দেশের সঙ্গে বানিজ্যিক ও সাংস্কৃতিক সম্পর্ক স্থাপিত হয়েছে। এরদ্বারা আমাদের পশ্চিমবাংলার যে নতুন নতুন সম্পদ সৃষ্টি করা যায় সে সম্পর্কে কোন উল্লেখ বাজেটে

নেই। আর একটা জিনিষ দেখছি না—ভারত-সোভিয়েত মৈত্রী চুক্তি সম্পর্কে কোন কথার উল্লেখ নেই। তার ৯নং ধারাকে কার্যকরী করে আমরা মার্কিন সাম্রাজ্যবাদের বিরুদ্ধে জয়লাভ করেছি। ভারতবর্ষ, সোভিয়েত রাশিয়া এবং বাংলাদেশ একত্রিত হযে বাংলাদেশের মুক্তিসংগ্রাম সাফল্যমণ্ডিত হয়েছে।

[2-30—2-40 p.m.]

তাছাড়া, তার যে ৬ নম্বর ধারা যেটা বাণিজ্যিক ধারা সেটা প্রয়োগ কবার যে সুযোগ আমাদের কাছে উপস্থিত হয়েছে সে সম্পর্কে কোন উল্লেখ নেই। আজকে বাংলাদেশের ৬৮টি সুতাকলের মধ্যে ২৮টি সুতাকল বন্ধ হয়ে যায তুলার অভাবে। সেই তুলো রাশিয়া দিতে চায়। তাই আমরা বাণিজ্যিক যে ধারা আছে তা কেন প্রয়োগ করবো না? আজ সোভিয়েট রাশিয়া ৫০ হাজার ওয়াগনের অর্ডার দিয়েছে। আমাদের যারা কোটিপতি, মোটর কোম্পানীর মালিক তারা লাভ করতে চায়, অনেক বেশী লাভ চায়। আমরা তাই এই অর্ডার নিতে পারছি না। মোটরের ন্যাযামূল্য কত হবে সরকার একটা নির্দিষ্ট কথা বলা সত্বেও সুপ্রীম কোর্টে সরকারের বিরুদ্ধে তাঁরা নালিশ করেন। সুপ্রীম কোর্ট রায় দিয়েছেন মোটর কারখানার মালিক শতকরা ১৬ শতাংশ লাভ করবেন অর্থাৎ পাঁচ বছরে এই মোটর কোম্পানীর মালিক ৬'গুণ পুঁজি বাড়াতে পারবে এবং তাঁরাই বাধা সৃষ্টি করছেন যাতে সোভিয়েত রাশিয়ার ৫০ হাজার ওয়াগন তৈয়ারীর অর্ডার আমরা গ্রহণ করতে না পারি। কিন্তু যদি গ্রহণ করতে পারি তাহলে,পশ্চিমবঙ্গে বেকার সমস্যা জর্জরিত প্রদেশের অন্তত দুই লক্ষ লোকের কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারি। এইরকম নানাকথার উল্লেখ করা যায়। তাই বলি ভারত সোভিয়েত মৈত্রীর চুক্তির ধারা প্রয়োগ করে আমরা পশ্চিমবঙ্গের মরা জোয়ারে বান আনতে পারি। কিন্তু তার কোন উল্লেখ এখানে দেখলাম না। সংবিধান সংশোধনের মধ্য দিয়ে জীবন-জীবকার হাতিয়ার আমাদের সামনে উপস্থিত হয়েছে। তাকে শক্ত হাতে প্রয়োগ করতে হবে। তাহলেই সম্ভব হবে। প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চা যে বক্তব্য উপস্থাপিত করেছে তাকে প্রয়োগ করতে হবে। এই প্রসঙ্গে আর একটা বিষয়ের উল্লেখ করতে চাই সেটা হচ্ছে অন্যায়ভাবে বিনা কারণে শত শত কৃষকদের উপর মামলা দায়ের করা হয়েছে। আমি মন্ত্রিমহাশয়কে দাবী করবো অবিলম্বে মামলা প্রত্যাহার করুন। সরকার প্রতিশ্রুতি দিয়েছেন যে বেনামী জমির মালিকদের গ্রেপ্তার করবেন। সঙ্গে সঙ্গে প্রতিশ্রুতি দেবেন বেনামী জমি সংক্রান্ত মামলা নিয়ে যেসমস্ত মামলা দায়ের করা হয়েছে তা অবিলম্বে প্রত্যাহার করতে হবে। কোন কাজ করতে হলে টাকা ও সময়ের দরকার হয় জানি। কিন্তু গরীব কৃষকদের যে মামলা দায়ের করা হয়েছে জমিদার মালিকদের দ্বারা, মন্ত্রিসভাকে অনুরোধ করবো অবিলম্বে এই মামলা প্রত্যাহার করুন। আপনারা সাথে সাথে যে গরীবদের জন্য এই কাজ করতে যাচ্ছেন তা প্রমাণ করুন। অতিরিক্ত কর আমাদের নিশ্চয় বসাতে হবে। অতিরিক্ত কর বসানোর কথা বললে অনেক দিক থেকে আপত্তি উঠবে। কিন্তু যদি গভর্ণমেণ্ট বেশী করে টাকা আনতে না পারে তাহলে আমাদের দেশের ধনী যারা, স্বচ্ছল অবস্থা যাদের,তারা আরও ধনী হবে এবং গরীব আরও গরীব হবে। তাই আজকে প্রয়োজনীয় কর বসাতে হবে। যেসমস্ত নূতন নূতন উন্নয়নমূলক কাজ আমরা হাতে নিয়েছি, সামাজিক দায়িত্বে যে নূতন নূতন কল-কারখানা হয়েছে, গভর্ণমেণ্টকে যদি তা করতে হয় তাহলে গভর্ণমেণ্টের হাতে অনেক বেশী টাকা দরকার। উদাহরণস্বরূপ বলা যায় বেকারদের কর্মসংস্থানের জন্য পাঁচ কোটি ৭০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। বাংলাদেশে অলিখিত বেকার অনেক এবং লিখিত বেকার আছে ২৮ লক্ষ। মাথাপিছু ধরলে তাদের গড়ে

পড়ে ২০ টাকা। তা দিয়ে কি কাজ করা সম্ভব? তাই বলছি নূতন কর বসাতে হবে। আইনী এবং বে-আইনীভাবে যে সমস্ত ধনীরা, অর্থ লোভীরা যে কর ফাঁকি দেয় তাদের কাছ থেকে তা নিংগড়ে বের করতে হবে। এর দায়িত্ব গ্রহণ করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, নতুন কর আদায়ের ব্যাপারে কৃষি ক্ষেত্রে বাড়তি কর,বাড়তি আয় এবং উৎপাদনের উপরে কর বসানো সম্পর্কে এখানে আলোচনা হচ্ছে। আমি মনে করি যে আমাদের এই রাজ্য সরকারকেও এই বিষয়ে হাত বাড়াতে হবে তা না হলে উন্নয়নমূলক কোন কাজ আমরা করতে পারব না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতের রাজনৈতিক পরিস্থিতি,এমন অবস্থায় দাঁড়িয়েছে যদি আজকে আমরা পুরানো কাঠামো সম্পূর্ণভাবে ভেঙ্গে চুরমার করতে না পারি তাহলে গরীবী হটানোর প্রশ্নই হোক আর নতুন সমাজ ব্যবস্থা গড়ার দিক থেকেই হোক আমরা কোন দিক থেকেই এগোতে পারব না। তাই স্পীকার মহাশয়, এই ব্যাপারে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারকে যৌথ পরিকল্পনা গ্রহণ করতে হবে, যৌথ উদ্যোগ গ্রহণ করতে হবে। যেমন আমি বলতে চাই কালো টাকা উদ্ধার করা। এটা শুধু রাজ্য সরকারের দ্বারা হবে না কেন্দ্রীয় সরকারকে এই বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে। শুধু উদ্যোগ নয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। কালো বাজার এবং কালো টাকা যদি বন্ধ করতে হয় তাহলে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারকে এক যোগে উদ্যোগ গ্রহণ করতে হবে। তা না হলে রাজ্য সরকার একা কিছুই করতে পারবেন না এবং তা যদি করা যায় তাহলে বর্তমান বাজেটে যে ব্যয়-বরাদ্দ করা হয়েছে তা দিয়ে ভাল ভাল কাজ আমরা করতে পারব। মুদ্রা বিমুদ্রীকরণ, কালো বাজার এবং কালো টাকা বন্ধ করবার জন্য যদি এই বিধানসভা থেকে একটা গণতান্ত্রিক মতামত কেন্দ্রীয় সরকারকে জানিয়ে দেওয়া হয় তাহলে ভাল হয়। অবিলম্বে এগুলি যাতে বন্ধ করা হয় এজন্য এই দাবী আপনাদের সামনে উপস্থিত করছি। স্পীকার মহাশয়, আর একটা কথা বলতে চাই যে,আজকে এটা বিশেষভাবে প্রয়োজন গরীবী হটাও শ্লোগান যদি কার্যকরী করতে হয় তাহলে বর্তমানে যে সামাজিক এবং অর্থনৈতিক কাঠামো আছে তা বজায় রেখে গরীবী হটাও শ্লোগান কার্যকরী করা যাবে না। তাই গরীবী হটাও শ্লোগান কার্যকরী করার জন্য প্রথম পদক্ষেপ কৃষি সংস্কার করার অত্যন্ত প্রয়োজন। কৃষি সংস্কারের মধ্যে দিয়ে আজকে গ্রামবাংলার গ্রামে গ্রামে যে সামন্ততান্ত্রিক শোষণের ব্যবস্থা আজও কায়েম আছে তার সম্পূর্ণ অবসান ঘটাতে হবে। সেচ এবং পল্লীর বৈদ্যুতিকরণের ব্যবস্থার মধ্যে দিয়ে গ্রামে আজ নতুন অবস্থার সৃষ্টি করা যায় এবং অধিক কর্মসংস্থানের ব্যবস্থাও করা যায়। সেইজন্যই উন্নয়নমূলক কর্মসূচী নিয়ে আমাদের এগোতে হবে। শিল্প উন্নয়নের ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গড়ে তুলতে হবে। বন্ধ কারখানা আমাদের খুলে দিতে হবে। কাঁচামাল সরবরাহ এবং যে সমস্ত অকেজো কারখানায় উৎপাদন হয় না সেগুলি গ্রহণ করতে হবে এবং বিনিয়োগ প্রথা অনেক বেশি করে দিয়ে অনেক বেশি লোকের কর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণ করব বলে বলা হয়েছে। আমি শেষকালে একটা কথা বলতে চাই, শিল্পক্ষেত্রে একচেটিয়া পুঁজিপতিদের কতৃত্ব খর্ব করতে গেলে পাট, চা, কয়লা শিল্প জাতীয়করণ করতে হবে। এই সমস্ত শিল্পে দেশী বিদেশী পুঁজিপতিদের হাত থেকে, ফাটকাবাজদের হাত থেকে কর্তৃত্ব নিয়ে নিতে হবে। তার জন্য রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্ক, ইনসিয়োরেন্স কোম্পানী, সরকারের লগ্নী কারবারগুলিকে তাদের এই ব্যাপারে কাজে লাগাতে হবে। সরকারের উন্নয়ন প্রকল্পগুলিকে উন্নয়ন কাজে লাগাতে হলে সর্বপ্রথমে শহরে সর্বোচ্চ সম্পদসীমা বেঁধে দেওয়া প্রয়োজন।

[2-40—2-50 p. m.]

এবং তা নির্ধারণ করতে গেলে সহরাঞ্চলে যে সমস্ত খোলা জমি এবং বস্তিজমিগুলি রয়েছে সেগুলিকে যদি আমাদের দখল করতে হয় তাহলে পর আমাদের আইন সংশোধন করা এখনি

প্রয়োজন। এবং সেই আইনের প্রয়োজনীয় পরিবর্তন যদি আমরা না করতে পারি তাহলে পর কোনরকম উন্নতিমূলক পরিকল্পনা আমরা করতে পারবো না। সেইজন্য অবিলম্বে দরকার যে পাট শিল্প পশ্চিমবঙ্গে একটা গুরুত্বপূর্ণ শিল্প, এখনি সরকারি রাষ্ট্রীয় পরিচালনায় একটি কর্পোরেশন বোর্ড তৈরী করা, যারা পাটের নিয়ন্ত্রণ, কাঁচামাল উৎপাদন, ক্রয়-বিক্রয়, সমস্ত ব্যাপারে একটা নীতি নির্ধারণ করবে। তেমনিভাবে চা শিল্পের ক্ষেত্রে সেই শতাব্দী নীলামি প্রথার অবসান ঘটিয়ে দিয়ে একটা, চা বোর্ড তৈরী করা, সরকারী পরিচালনায় যারা নীতি নিধারণ করবে বিশেষ করে পশ্চিমবঙ্গে যদি সুস্থ অর্থনীতির বিকাশ ঘটাতে হয় তাহলে ঘুণ ধরা যে সামন্তপ্রথা আজো আমাদের দেশের মধ্যে বর্তমান আছে তার বিরুদ্ধে একদিকে সংগ্রাম করতে হবে, অন্যদিকে দেশী, বিদেশী, একচেটিয়া পুঁজি এবং ফাটকাবাজ ব্যবসাগোষ্ঠীর বিরুদ্ধে সংগ্রাম করতে হবে এবং তার সঙ্গে যুক্ত হয়েছে আমলাতন্ত্রের এক অংশ। তারা সকলে মিলে এমন একটা অবস্থার সৃষ্টি করেছে যার ফলে যে সরকারই হোক না কেন তারা এর মধ্যেই পালটা সরকার চালাচ্ছে। কাজেই এই শক্তিকে যদি সর্বশক্তি দিয়ে যদি পরিচালিত না করতে পারা যায় তাহলে পর গ্রামে গ্রামে বিদ্যুৎ জ্বলবে না, তাহলে পর গরীবী হটাও শ্লোগানও কার্যকরী হবে না। সর্বশেষ আর একটি কথা বলেই আমার বক্তব্য শেষ করবো সেটা হচ্ছে এই যে টাকা নাই এই কথা বলে যেন কোন কাজে বাধা না পড়ে। কারণ মানুষ আজকে একথা শুনতে চায় না যে টাকা নেই, কারণ মানুষ আজকে একথা শুনতে চায় যে কেন টাকা নেই, এই জবাব দিতে হবে। সরকারী ঘোষণা অনবরত করা হচ্ছে যে রুগ্ন শিল্পগুলি আমাদের নিয়ে নিতে হবে, বন্ধ কারখানাগুলি আমাদের নিয়ে নিতে হবে, অকেজো কারখানাগুলিকে কাঁচামালের উৎপাদন সরবরাহ মারফত তাকে চালু করতে হবে। কিন্তু এই ঘোষণা কেন আমরা শুনছি না। যে সমস্ত দুধের কারখানাগুলি আছে যেগুলিতে লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা লাভ হচ্ছে সেই কারখানাগুলি সরকার কেন নেবে না। যেমন চট শিল্প, সেই সমস্ত কারখানায় গত বছরে পাট শিল্পে সেখানে ১০০ কোটি টাকা লাভ হয়েছে। যখন পূর্ববাংলা থেকে; পাকিস্থান থেকে পাট ব্যবসা বন্ধ হয়ে গেল, সারা পৃথিবীর সঙ্গে পাট ব্যবসা করে সেই চটকল শিল্পের ১০০ কোটি টাকা লাভ হয়েছিল। সরকার তার উপর কেন নিয়ন্ত্রণ নিচ্ছে না, কেন সেই চট শিল্পকে জাতীয়করণ করা হচ্ছে না? কেন সহরের সম্পত্তির সর্বোচ্চ সীমা নির্ধারণ করা হচ্ছে না? আজ আমরা বলছি আইন প্রয়োগ করে এইসমস্ত খোলা জমি এবং বস্তিজমিগুলি আমরা দখল করবো। কিন্তু এইগুলিকে দখল করবো কি কতকগুলি গোয়াল করবার জন্য? সেইগুলি দখল করবো যাতে উন্নতিমূলক কাজ করতে পারি, গরীব মানুষদের, শ্রমিকদের আমরা হাজার হাজার বাড়ী তৈরী করে দিতে পারি। কিন্তু সেই স্কীম চালু করতে গেলে তো টাকা চাই। সেই টাকার ব্যবস্থা কি করে হবে? তাই এই ঘোষণা সরকারকে অবশ্যই করতে হবে যে এই টাকার ব্যবস্থা চা শিল্প, পাট শিল্প, সাধারণ কয়লা খনিকে জাতীয়করণ করতে হবে, সহরের সম্পত্তিগুলিকে নিতে হবে এবং আইন এমনভাবে প্রয়োগ করতে হবে এবং শুধু রুগ্ন শিল্পই নয়, যে সমস্ত দুধ শিল্প যা থেকে কোটি কোটি টাকা লাভ হয় সেই টাটা-বিড়লার যে সমস্ত কম্পানীগুলি আছে সেগুলিকে অবিলম্বে আইন প্রয়োগ করে গ্রহণ করতে হবে এবং তার দ্বারা টাকা আসবে। টাকা নেই একথা আমরা স্বীকার করতে চাই না। এবং তা যদি আমরা নিতে পারি তাহলেই সম্ভব হবে গণতান্ত্রিক প্রগতিশীল মোর্চার যে কর্মসূচী, মানুষের কাছে যে প্রতিশ্রুতি দিয়েছে সেই প্রতিশ্রুতি পালন করা। এই কথা বলে এই বাজেটকে আমি সমর্থন করছি।

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত: মিঃ স্পীকার, স্যার, অতি অল্প সময় মধ্যে সুযোগ্য অর্থমন্ত্রী

মহাশয় যে বাজেট এই হাউসে দাখিল করেছেন, তার জন্য আমি তাঁকে স্বাগত এবং ধন্যবাদ জানাই কিন্তু তাঁকে দুঃখের সঙ্গে একথা। বলতে বাধ্য হচ্ছি—আমরা যারা একটা বৈপ্লবিক মোর্চার মধ্য দিয়ে এসেছি, পশ্চিমবাংলা ব্যালটের মধ্য দিয়ে যে বিপ্লব সাধন করেছে, যেটা আজকে জ্যোতি বসুর পক্ষে হজম করা সম্ভব হচ্ছে না, সেই বিপ্লবের ফল হিসাবে মিঃ ঘোষের কাছে আরও অনেক কিছু আশা করেছিলাম। এই বাজেটে সোসাল জাষ্টিস সামাজিক ন্যায়-বিচারের ইঙ্গিত রয়েছে কিন্তু সম্ভাবনা কম। আমরা আশা করেছিলাম যে গ্রামীন পশ্চিমবাংলাকে বাঁচানো যাবে, কলকাতা সহরকে বাঁচান যাবে। গ্রাম উন্নয়নের বিষয় যেভাবে উল্লেখ করা হয়েছে এবং যেভাবে বরাদ্দ করা হয়েছে, আমি মনে করি এর চেয়ে অনেক বেশী টাকা এবং ব্যবস্থা অবলম্বন করা উচিত ছিল। আমি দেখছি বাজেটে সি, এম, ডি, এ. প্রকল্পের জন্য ধার্য্য হয়েছে ৪৫ কোটি টাকা। কলকাতার উন্নতি হোক এবং তার জন্য ৪৫ কেন, ১৪৫ কোটি হলেও সে সম্বন্ধে আমি কোন কলহ করতে চাই না। কিন্তু এটা নিশ্চয়ই চাইব যে ৮০।৯০ লক্ষ লোকের বাস যেখানে সেই কলকাতার জন্য ৪৫ কোটি, আর সাড়ে চার কোটি লোকের যেখানে বাস তার জন্যও টাকার অঙ্ক বেশী হবে। আমি এই গ্রাম বাংলার জন্য আরও বরাদ্দ করার জন্য মিঃ ঘোষ এবং মন্ত্রী-সভার দৃষ্টি আকর্ষণ করি। কৃষি বিষয়ে যে কর্মসূচী তাতে দেখছি ১৯৭১-৭২ সালের জন্য মাত্র ২০ কোটি ১৬ লক্ষ টাকা ধরা আছে, যেটা করতে পারেন উন্নয়নের মধ্য দিয়ে সেটা হচ্ছে ৬৪টি গভীর নলকূপ, নদী থেকে ৩০টি জল উত্তোলন প্রকল্প, ৩৫০টি গভীর নলকূপ এবং ১০,২০০টি অতিরিক্ত পাম্প সেট। আজকে মানুষের মধ্যে যে বৈপ্লিক চিন্তাধারা এসেছে, আপনি কি মনে করেন এই ১০,২০০ অতিরিক্ত পাম্প সেট দিয়েই তাদের সন্তুষ্ট করা যাবে? এ ছাড়া আর একটা আইটেম দেওয়া হয়েছে কৃষি বিষয়ে সেটা হচ্ছে সেচ, আজকের দিনে যদি দেশকে উন্নত করতে হয় তাহলে এ জিনিষ অপরিহার্য্য। ১৯৬৭-৬৮, ১৯৬৮-৬৯, ১৯৬৯-৭০ এবং ১৯৭০-৭১ সালে যেটা ধরা হয়েছে, সেটা বলা হচ্ছে ৩০ কোটি ২ লক্ষ টাকা। এই যে ৩০ কোটি এবং পূর্বোক্ত ২০ কোটি এই ৫০ কোটি দ্বারা সেচ এবং কৃষির উন্নতি হবে গ্রাম বাংলার, আর কলকাতার সি এম ডি এ পাচ্ছে ৪৫ কোটি টাকা। আমি একথা বলিনা যে কলকাতার জন্য টাকা কমান হোক, সেটা আমার কথা নয়, আমি এটাই বলতে চাইছি যে আমাদের গ্রাম বাংলার দিকে আরও অধিক দৃষ্টি দেওয়া হোক। আজকের দিনে গ্রামের লোকদের মধ্যে বৈপ্লবিক চিন্তা এসেছে যার জন্য গ্রীণ রিভোলিউশন এসেছে। একথা স্বীকার্য্য যে সেখানে ইলেকট্রিফিকেশন চাই, পাম্পসেট চাই এবং ইলেকট্রিফিকেশন এবং পাম্পসেটের জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছে সেটা অত্যন্ত প্রয়োজন। মুর্শিদাবাদ জেলার ক্যাটল পার্সেজ লোনের জন্য দেওয়া হয়েছে ৩ লক্ষ টাকা, আর মালদহের জন্য ২৮ লক্ষ টাকা। এই যে মালদহের জন্য কাটল পার্সেজ লোন বাবদ ২৮ লক্ষ টাকা দিচ্ছেন, তার জন্য আমি মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ জানাই কিন্তু সঙ্গে সঙ্গে একথাও বলবো যে পশ্চিম বাংলার সমস্যাসংকুল জেলা আছে তার প্রতি তিনি যেন কৃপা দৃষ্টি দেন। আজকে এই ক্যাটল পার্চেজ লোনের মাধ্যমে আপনি দেশকে এগিয়ে নিয়ে যান। শিশুরা আজকে দুধ খেতে পায় না, চাষীরা চাষের বলদ পায় না, বন্যায় সব ভাসিয়ে নিয়ে গেছে। সমস্ত ক্যাটল মারা গেছে, যদি পশ্চিম বাংলাকে বাঁচাতে হয়, গ্রাম বাংলাকে বাঁচাতে হয় তাহলে ক্যাটল পার্চেজ বাবদ আরও টাকা দেওয়া প্রয়োজন। সিভিল বাজেট এষ্টিমেট পার্ট টু-এর ৩৭২ পাতায় দেখছি রাস্তার জন্য দেওয়া হয়েছে ৪ কোটি টাকা। এটা হল ১৯৭১-৭২ সালে।

[2-50—3-00 a.m.]

কিন্তু গত বছর এ্যাকচুয়াল খরচ হয়েছে সেখানে সাড়ে পাঁচ কোটি টাকা। যেখানে গতবার

সাড়ে সাত কোটি টাকা খরচ হোল সেখানে এবারে তাকে কমিয়ে ৪ কোটি টাকা করা হোল। আমরা যারা পথেঘাটে হাঁটি তারা জানি বন্যা বা ধুলোর দরুণ গ্রামে যাওয়া অসম্ভব। আপনারা প্রতিনিধিত্বমূলক গঠিত মন্ত্রিসভার জনপ্রিয় মন্ত্রী, আমি আপনাদের আমন্ত্রণ জানাচ্ছি, আসুন গ্রামে এই সময় আপনারা গ্রামে যেতে পারবেননা ধুলোর জন্য এবং তারপর যখন ধুলো কমবে তখন গ্রামে ঢুকতে পারবেন না কাদার জন্য। কাজেই এই যে চার কোটি টাকা বরাদ্দ হয়েছে পশ্চিমবাংলার রাস্তার জন্য এটা যদি ভাগ করা হয় তাহলে গ্রাম বাংলার উন্নতি হওয়া সম্ভব নয়। আমাদের মুর্শিদাবাদে শালার থেকে ভরতপুরে চুয়াতোর নামে একটা জায়গা আছে। ফোর মাইল ফ্রম কান্দি এরকম একটা কথা বাজেটে আছে। এখানে তিনটি ব্রীজ দরকার যার মধ্যে একটি হয়েছে এবং আরও ২টি হবে। আমি যখন কিশোর ছিলাম তখন শুনেছিলাম একটা সাবডিভিসন থেকে আর একটা সাবডিভিসনে যাবার জন্য এই ব্রিজ করা হবে। অর্থাৎ বহুদিন থেকেই শুনছি এখানে ব্রিজ করা হবে। আজকে আমি মধ্য বয়সে এসেও শুনছি এটা করা হবে। এরপর আমি যখন শ্মশান ঘাটে যাব তখনও হয়ত যাবার আগে শুনব এটা করা হবে। এই ব্রিজের জন্য যে টাকা এ্যালটেড হয়েছে তার পরিমাণ হোল দশ হাজার টাকা। আমার একটা পুরান ভাঙ্গা গাড়ী আছে যার মূল্য হচ্ছে দশ হাজার টাকা। আমাদের দিকে দৃষ্টি না দিতে পারেন তারজন্য অভিযোগ করব না, কিন্তু অনুরোধ করছি আমাদের অদৃষ্টকে নিয়ে পরিহাস করবেন না। একটু আগে আমার পূর্ববর্তী বক্তা ট্যাক্সেসনের কথা বললেন। ট্যাকসেসন হয়ত হবে, হয়ত করতে আমরা বাধ্য হব। কিন্তু প্রশ্ন হোল ট্যাক্সেসন করলেই কি সমস্যার সমাধান হবে? আমরা যদি অপচয় বন্ধ করতে না পারি, আমরা যদি আমলাতান্ত্রিক চক্রকে ব্যর্থ করতে না পারি, যে সমস্ত পথ বড়লোককে আরও বড়লোক করবার জন্য সৃষ্টি হয়েছে সেই চক্র যদি ভেঙ্গে দিতে না পারি তাহলে যতই ট্যাক্স বাড়ান না কেন আমরা সুষম বণ্টন করতে পারব না। অর্থাৎ এক্ষেত্রে আমার সেই পদ্যের কথাই মনে পড়ছে 'এ কেবল ফুটাপাত্রে জল ঢেলে দিবারাত্রে বৃথা চেষ্টা তৃষ্ণা মেটাবারে"। তারপর জেনারেল এসটাবলিসমেণ্ট হেড এ দেখছি ফাইনানসিয়াল কমিশনার, জয়েণ্ট সেক্রেটারি, স্পেশাল সেক্রেটারি, জয়েণ্ট সেক্রেটারী, ডাইরেক্টর অব ইভালুয়েসন, ডেপুটি সেক্রেটারী, এ্যাসিস্যাণ্ট সেক্রেটারী এরকম সব রয়েছে আমাদের ফাইনান্স ডিপার্টমেণ্টে। কয়েকজন বড় অফিসার আছেন আপ টু দি এ্যাসিসট্যাণ্ট সেক্রেটারী র‍্যাঙ্ক যাদের সংখ্যা হচ্ছে মাত্র ২৯ জন। যদি ২৯জন লোক লাগে পশ্চিমবাংলার ফাইনান্স-কে কনট্রোল করতে তাহলে আমার মনে হয়, হয় তাঁরা কাজ করেন না অথবা কাজ করতে জানেন না। এইভাবে যদি টপ হেভি এ্যাডমিনিসট্রেসনে নিপীড়িত, উৎপীড়িত জনগণের ট্যাক্সের টাকা খরচ করা হয় তাহলে সেটা আমরা বরদাস্ত করতে প্রস্তুত নই। তারপর দেখুন লেজিসলেটিভ ডিপার্টমেণ্ট। এখানে আছেন একজন সেক্রেটারী, একজন স্পেশাল সেক্রেটারী, একজন জয়েণ্ট সেক্রেটারী এবং এঁদের মাইনে হচ্ছে ২২৫০ এবং ১৮০০। আগে এখানে ছিলেন একজন সেক্রেটারী এবং একজন জয়েণ্ট সেক্রেটারী। এই যে অপচয় হচ্ছে এগুলি যদি আমরা আটকাতে পারি তবে পশ্চিমবাংলার উন্নতির সম্ভাবনা রয়েছে। মি: জাস্টিস পি, বি, মুখার্জী আগে ল কমিশন এবং ল্যাঙ্গোয়েজ কমিশনের একজন অফিসার দিয়ে কাজ করেছিলেন।

ল কমিশন এবং ল্যাংগুয়েজ কমিশনে যেখানে তিনটে তিনটে ছটা বৃহৎ বৃহৎ অফিসার এবং হাইকোর্টের জাজকে অ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হয়েছে এবং যাঁদের প্রাকটিক্যালি কোন কাজ নেই, এরা কি কোন কাজ করেন? এঁদের কাজ হচ্ছে শুধু নিজেদের মাইনে নেওয়া। এ ছাড়া আমি

জানতে চাই কোন কাজ এই ল কমিশন এবং ল্যাংগুয়েজ কমিশনে যার মধ্যে দুজন হাইকোর্টের জাজ আছেন,---এঁরা কি কিছু কাজ করেছেন? যতটুকু আমরা দেখেছি একজন পণ্ডিত লোক পি, বি. চক্রবর্তী, তিনি একজন লোককে নিয়ে কাজ করেছেন। এই অপচয় বন্ধ করতে হবে। আলিপুরে ১৪ জন জজ আছেন কিন্তু ১৪টা মামলা নেই। এই যে অপচয় হচ্ছে এটা বন্ধ করতে হবে। এদিকে আমরা বলবো যে আমরা বেকার সমস্যার সমাধান করবো, কোনখান থেকে আমরা তা করবো যদি আমরা অর্থ না পাই। সময় স্বল্পতার জন্য, আমি আজকে শুধু এটুকু নিবেদন করতে চাই যে আমরা যদি পল্লী বধুর চোখের জল মুছিয়ে দিতে চাই, ইন্দিরা গান্ধীর প্রতি যদি আমাদের কোন শ্রদ্ধা থাকে তাহলে আমাদের অবিলম্বে কতকগুলো কমিটি করতে হবে। এবং আমাদের খুঁজে বার করতে হবে---আমলাতন্ত্রের মধ্যে দিয়ে নয়-- কতকগুলো ডকটরেট এর মধ্য দিয়ে, কতকগুলো ইকনমিস্টের মধ্য দিয়ে, কতকগুলো যুবক, যেসমস্ত যুবক আমাদের রয়েছে যাঁরা ইকনমিক্স বোঝেন তাঁদের মধ্যে দিয়ে। রাইটার্স বিল্ডিংয়ের খরচা কি করে কমানো যায় এই আমার একটা সাজেসন এবং আর একটা সাজেসন এখানে দেবো সেটা হচ্ছে গ্রামে যখন এই সমস্ত উন্নয়নমূলক কাজ হবে তখন ইয়ং এম,এল, এ-দের ভার দিতে হবে যাতে চুরি বন্ধ করা যায়, ট্যাক্স করে নয়, খরচ কমিয়ে আমরা পশ্চিমবঙ্গের উন্নতি করতে চাই।

শ্রীআবদুল বারি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই বিধানসভায় আগামী চার মাসের অন্তবর্তীকালীন যে বাজেট দাখিল করেছেন আমি সেই বাজেটকে সমর্থন জানাই। সমর্থন জানিয়ে আমি দু-একটা বক্তব্য রাখতে চাই। আজকে বেশি কথা বললে বেশি কাজ হবে না, কথা বলা হয়ে গেছে ১১ই মার্চ পর্যন্ত। এবং সেই কথাবর্তা বলার ফল আমরা পেয়েছি। মানুষ এবং জনসাধারণ আমাদের যে আশা-ভরসা নিয়ে বিধানসভায় এই সদস্যদের এবং ওখানে মন্ত্রিমহাশয়দের পাঠিয়েছেন, তাদের সকলকে আগামী দিনে যে আশা-ভরসা তা পুরনের জন্য যথাযথ চেষ্টা করতে হবে। আমি আপনার মাধ্যমে সেই কারণে দু-একটি বক্তব্য যথাযথ আকারে রাখতে চাচ্ছি। এখানে টাকা সংগ্রহের প্রশ্ন এসেছে এবং ট্যাক্সেশন এর বিষয় বক্তব্যে রাখা হয়েছে। আমার বক্তব্য হচ্ছে এই বিষয়ে বাংলাদেশে গ্রামীন জনসাধারণের উপর ট্যাক্স বসানোর আগে যে সমস্ত লোক ট্যাক্স এবং আয়কর ফাঁকি দেয়, সেই ফাঁকি দেওয়াকে আগে বন্ধ করতে হবে এই সরকারকে। এই কথা সদস্যদের এবং মন্ত্রীদের বাংলাদেশের মানুষদের বুঝিয়ে বলতে হবে যে কি করে যেখানে এক লক্ষ টাকা আয় হয় তার মধ্যে ৮০ হাজার টাকা সরকার ট্যাক্স নেন এবং ২০ হাজার টাকা তার এসটাবলিশমেন্ট খরচা চালিয়ে আজকে দেখতে পাওয়া যাচ্ছে তারা কোটিপতি হচ্ছে, এটা কি করে সম্ভব? অথচ গ্রামের মানুষগুলো সকাল ৪ টা থেকে আরম্ভ করে রাত্রি ৮টা পর্যন্ত খেটে মাথার ঘাম পায়ে ফেলে শেষকালে যা পায় তাতে দুটো রুটির যোগাড় হয়ে উঠে না। আর এরা এক লক্ষ টাকার মধ্যে ৮০ হাজার ট্যাকা ট্যাক্স দেন এবং আর ২০ হাজার টাকা তার এসটাবলিশমেন্ট কস্ট চালিয়ে একের পর এক গাড়ী হাঁকিয়ে যাচ্ছে। আপনি যদি একটু কলকাতা ঘুরে দেখেন তাহলে দেখতে পাবেন ১৯৪৭ সালের পর থেকে আজ পর্যন্ত কলকাতার কত পরিবর্তন। আকাশচুম্বী বাড়ী ওপরের দিকে উঠেই চলেছে। কাজেই এই যে সব বাড়ী উঠছে ১৭-১৮-২০-তলা বাড়ী, এর টাকা কোথা থেকে আসছে? কাজেই এই কালোবাজারের টাকা, এই টাকা কোন পথ দিয়ে আসছে, এটা সরকারকে খুঁজে বার করতে হবে। ইনকাম ট্যাক্স, সেলস ট্যাক্স ফাঁকি দেবার জন্য এক একটা ব্যবসাদার চারখানা করে খাতা রাখছে। একখানা অফিসারদের দেখাবার জন্য, যেটাতে কম আয়ের হিসাব, আর একখানা তার নিজের জন্য।

[3-00—3-30 p.m.]

আমাদের সরকারী বিভাগে আমাদের যারা Economists আছেন, চাটার্ড অ্যাকাউন্ট্যান্ট আছেন, তাঁদের যে মাইনে দেওয়া হয়, তার চেয়ে বেশী মাইনে প্রাইভেট ফার্মে দেয়। তা তাদের গাড়ী বাড়ীর দিকে তাকালেই বোঝা যায়। কি করে এটা সম্ভব হয়? নিশ্চয়ই এর মধ্যে ব্যাপার কিছু আছে এটা আমরা মনে করতে পারি। এইভাবে চার পাঁচটা হিসেবের খাতা রেখে কিরকম ভাবে তারা কর ফাঁকি দিচ্ছে, তাদের সমাজে সমাজদ্রোহী ব্যক্তি বলে এর মধ্যে ঘোষণা করা সরকারের উচিত ছিল। এই যে কয় দিন হাউস চলছে এর মধ্যে কেন সরকার এই কথা ঘোষণা করলেন না? একথা কেন অর্থমন্ত্রী দৃঢ়চিত্তে ঘোষণা করতে পারবেন না যে কি কি আইনগত ব্যবস্থা এদের বিরুদ্ধে গ্রহণ করা হবে?

স্যার, আর একটা কথা এখানে বলা দরকার। শহরের সম্পত্তির সীমা নির্ধারণের যে কথা উঠেছে,—প্রথমে আমি বলেছিলাম শহরের সম্পত্তির উচ্চ সীমা নির্ধারণ করতে হবে, আজ সারা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে তার ফল দেখা যাচ্ছে। এর বহু পূর্বেই আমাদের পশ্চিমবঙ্গে এই শহরের সম্পত্তির উচ্চ সীমা নির্ধারণ করা উচিত ছিল।

আর একটা হচ্ছে আমাদের মাথাভারী শাসন ব্যবস্থা। এই মাথাভারী প্রশাসন সম্বন্ধে কিছু বলতে গেলে এবং তাঁদের উপর তলায় যাঁরা বসে আছেন, তাঁদের মাস পিছু টাকার অংক গুণতে গেলে আমাদের মাথাই খারাপ হয়ে যাবে। আমাদের সাধারণ সংসারে ৪।৫টি সন্তান-সন্ততি নিয়ে যেখানে ৬০ টাকায় সংসার চলে, সেখানে ওদের তা চলে না। ওরা কি ধরনের খাবার খাবেন? আমাদের গ্রামে লোকের না হয় মাংস কলাইয়ের রুটি হলে চলে, ওদের সেখানে না হয় ঘিয়ে ভেজান রুট না হলে চলে না। আর কি ধরনের খাবার খায় যাতে এত মোটা টাকা মাইনের দরকার হয়? তাই আমি বলি উপর তলার কর্মচারীদের মাইনে কম করে দিতে হবে। আর যারা নীচের দিকের কর্মচারী, গ্রামে গঞ্জে খেত-খামারে কাজ করছে, বারবার করে তাদের উপর প্রেসার দেওয়া হচ্ছে—কখনো বলছে সি-পি-এম সাপোর্টার, কখনো বলা হচ্ছে কংগ্রেস সাপোর্টার; যখন যে দল পাওয়ারে আসছেন, তাদের বিরুদ্ধে বিষোদ্গার করা হচ্ছে। আজকে আমরা জয়ী হয়েছি—চারিদিক থেকে ফুলের মালা আসছে। আগে যেখানে নির্বাচনে পোস্টাল ব্যালট একটি ও আসতো না, আজ সেখানে কী দেখছি? আমি এবার ভোটের সময় ১২টি পেলাম পোষ্টাল ব্যালট, আর ওরা পেল ছয়টি। কাজেই আমি বলবো নীচের তলার কর্মচারীরা যাতে সুখে থাকে, তার ব্যবস্থা আমাদের করতে হবে, সেদিক আমাদের মনে রাখতে হবে। এই যে আমরা এখানে আজকে চার মাসের বাজেট পাশ করছি, এর মধ্যে নিশ্চয়ই আমরা সাধারণ ফুলের বাগানকে গোলাপ বাগান করে তুলতে পারবো না। এর পরে যে পূর্ণাঙ্গ বাজেট আসবে, তখন বোঝা যাবে কতদূর কি আমরা করতে পারবো। এই চার মাসের ভেতর আমরা কিছু করতে পারবো না। আমাদের এখানে পাঁচ বছর থাকতে হবে; এর মধ্যে নিশ্চয়ই আমাদের কিছু কাজ করতেই হবে। শুধু বড় বড় কথা বললেই হবে না।

তারপর আমি ভূমি এবং ভূমি-রাজস্ব বিভাগ সম্বন্ধে দু-চারটি কথা বলতে চাই। আজকে ভূমি-রাজস্ব মন্ত্রীকে একথা বুঝিয়ে বলতে হবে যে, যে রাজস্ব ভূমি থেকে আদায় হয় এবং তা আদায় করতে যে ব্যয় হয় তাতে কত কি লস্ হয়, বা লাভ হয়। এটার উত্তর আমরা চাই। যদি দেখা যায় এই রাজস্ব আদায় করতে গিয়ে যে টাকা ব্যয় হয়, যে বিরাট ফাঁকি বেরোয়, তাতে দেখা যায় লস্ প্রায় দেড় কোটি টাকা। এই যদি অবস্থা হয়, তাহলে এই বিভাগ রাখবার

দরকার কি ? আমি বলছি কৃষি ভিত্তিক উৎপাদনের উপর কর বসান এবং তুলে দিন। আপনারা যে সীমা বেঁধে দিয়েছেন—নীচে পনের বিঘার জমির মালিককে Agricultural Income-tax থেকে রেহাই দেবেন। ভাল কথা—সেই কারণে যে Tax বা Revenue লস্ খাবে—সেটা ঐ পনের বিঘার উপরের মালিকদের কাছ থেকে আদায় করতে হবে।

তারপর ভূমি রাজস্ব বিভাগের ব্যাপারে বর্গাদারের কথা এখনই মাননীয় সদস্যা ইলা মিত্র বলছিলেন। এই যে অবস্থা একটি বার দেখুন বর্গাদারদের প্রতি। তাদের Proteotion দেবার কথা বলা হচ্ছে। পুলিশ তাদের রক্ষা করছে না, তাদের বিরুদ্ধে কাজ করছে। এক শ্রেণীর লোক আছে যারা সুযোগ মত একবার এধার, একবার ওধার করছে, Vascilating করেছে—তারা আজকে ঘুষ দিয়ে বর্গাদারদের বিরুদ্ধে মামলা করাচ্ছে। বর্গাদাররা যখন আবার পুলিশের কাছে প্রটেকশান পাচ্ছে, তখন আবার দেখা যাচ্ছে কোর্টে গিয়ে কেস করছে। সরকারকে প্রতিশ্রুতি দিতে হবে বর্গাদারদের ব্যাপারে, এই বর্গাদারদের যখন কেস হবে তখন সরকার পক্ষ বর্গাদার পক্ষকে ডিফেন্স করবে। এই প্রগতিশীল চিন্তা নিয়ে আজকে আমরা এই কাজ করব। বাংলা-দেশের গরিব ক্ষেত-মজুর,কৃষকদের দিকে যদি তাকিয়ে দেখি, তাহলে দেখব আজকেও মুনাফাখোর দালালরা নানান অছিলায় ১০০, ৫০০ টাকায় জমি নিয়ে নিচ্ছে। আজও যদি তাদের হাত থেকে জমি নিয়ে নেওয়া হয় বা জমি দিয়ে দেয় তাহলে কি আমরা সন্তুষ্ট হতে পারি, আমরা সন্তুষ্ট হতে পারি না। তাই আমি বলতে চাই যে কার কত জমি তার হিসাব আগে নিতে হবে এবং প্রথমে আমরা যারা এই হাউসে সদস্য আছি তাঁদের আগে হিসাব দিতে হবে কার কতটা জমি আছে এই অনুরোধ আমি ভূমি-রাজস্ব মন্ত্রিমহাশয়ের কাছে রাখতে চাই। স্যার, তারপর আমি আর একটি কথা বলতে চাই সেটা হচ্ছে শিক্ষা ব্যবস্থা সম্পর্কে। শিক্ষা ব্যবস্থার প্রথমেই হচ্ছে প্রাথমিক শিক্ষা। এই যে 'চাকুরী চাকুরী' নানান দিক থেকে কথা হচ্ছে, সরকারের চার মাসের অনেক পরিকল্পনা দেখলাম তাই আমি একটা কথা বলতে চাই গ্রামে যে সমস্ত প্রাথমিক বিদ্যালয় আছে সেখানে ৪০ জন ছাত্রের জন্য একজন শিক্ষক, এই পদ্ধতিটাকে পরিবর্তন করে বিশ জনে একজন শিক্ষক দিলে গ্রামে যে শিক্ষিত বেকার যুবকরা আছে তারা কিছু চাকুরী পায় এবং এইভাবে তাদের কাজে লাগান যায় কিনা এই বিষয়ে আমি আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং এই প্রস্তাব করে আমি আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House adjourned for 15 minutes.)

(After Adjournment)

শ্রীশেখ আলি আনসার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেট প্রস্তাবকে আমি সমর্থন জানাচ্ছি। পশ্চিমবাংলায় নির্বাচনের যে রায় জনসাধারণ দিয়েছে, এই প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চাকে সেই রায়ের মর্যাদা আমাদের এই হাউসের প্রতিটি সদস্যকে দিতে হবে। সি, পি, এম দল যে গণতন্ত্রের এত দিন বড়াই করত সেই সি. পি, এম দল আজকে চৌদ্দটি আসন পেয়েও ঐ চৌদ্দটি কেন্দ্রের জনসাধারণের কোন বক্তব্যই এখানে রাখছে না। তারা যে জনসাধারণের কত বড় শত্রুতা করছে, জনসাধারণকে যে কোন মূল্যই দিচ্ছে না এই ঘটনার মধ্য দিয়ে সেটা প্রমাণ হয়ে যাচ্ছে। আমি এই বাজেট সমর্থন করে বলতে চাই যে আমাদের হাওড়া জেলায় বারবার কয়েক বৎসর বন্যা হয়েছে—বিস্তীর্ণ জায়গা জলমগ্ন হয়ে আছে—আমার কেন্দ্রের বহু জায়গা জলমগ্ন হয়ে আছে তার ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাই। খাদ্যদ্রব্যের মূল্য যে বেড়ে গেছে সে কথা এই সভায় আলোচিত হয়েছে সেদিকেও দৃষ্টি রাখার জন্য মন্ত্রিমণ্ডলীকে অনুরোধ করছি। আমি

আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী ও মন্ত্রিমণ্ডলীকে নিবেদন করতে চাই যে হাওড়া জেলায় রেশনে চাল সর্বশ্রেণীকে সরবরাহ করা হোক। আগে পঞ্চায়েতে যে নির্বাচন হয়েছিল তারা তিনটি শ্রেণী ভাগ করেছিলেন ক, খ, গ জমি ভিত্তিক। আমি জানাতে চাই যে এই সব না করে সর্বশ্রেণীকে চাল সরবরাহ করার জন্য আবেদন করছি। কৃষকদের সমস্যার উপর অনেক কথা আলোচনা হয়েছে—আমি বলতে চাই কৃষকদের একমাত্র কৃষি মালের গ্যারান্টি হতে পারে প্যাডি ইনসিওরেন্সের মারফত। অন্যান্য বহু ষ্টেটে এইরকম ইনসিওর করার ব্যবস্থা আছে পশ্চিমবাংলায় এটা এখনও চালু হয় নি। আমি আপনার মাধ্যমে এই কথা বলতে চাই কৃষকদের প্যাডি ইনসিওর ব্যবস্থা করার জন্য একটি বিল এই আইনসভায় আনা হোক যাতে ঐ কৃষকদের চাষের গ্যারান্টি দেওয়া যায়। আমার কেন্দ্রে দেখেছি যে গত বছর টি। আর (টেষ্ট রিলিফ)—এর কোন কাজ নি। সমস্ত রাস্তাঘাট বন্যায় নষ্ট—এই টেষ্ট রিলিফের মারফত রাস্তা-ঘাট চালু করা দরকার। এই টি. আর-এর ব্যাপারে একটা আশ্চর্য ব্যাপার দেখেছি যে মার্চের আর মাত্র দুই দিন হাতে রয়েছে বি ডি. ও অফিস থেকে বলা হচ্ছে এই স্কীম চালু করতে হবে। এই প্রশাসনিক অব্যবস্থা চলেছে সেদিকে নজর দেওয়ার দরকার আছে। তারপর যে ডিপ টিউবওয়েল আমার বাগনান থানায় যে বসানো হোল তা এখনও চালু হয় নি। বহু আশাআকাঙ্খা নিয়ে গ্রামের মানুষ অপেক্ষা করছিল এই ডিপ-টিউবওয়েলের জন্য, সেখানে বিদ্যুতের অভাবে তা হচ্ছে না। গ্রামে যে স্মল ইনডাষ্ট্রি তৈরী হবে সেই স্মল ইনডাষ্ট্রিজ ক্ষেত্রে আমার বক্তব্য হোল এই পাম্প সেট মেসিন বাইরের থেকে না এনে সেখানে কো-অপারেটিভের মাধ্যমে সেই মেসিন পার্টস তৈরী করার ব্যবস্থা করতে পারলে গ্রামের বেকারদের চাকুরী দেওয়া যেতে পারে যেমন সাইকেল কারখানা ইত্যাদি হয়। সরকার থেকে এই ব্যাপারে যদি উৎসাহী হন তাহলে বেকার সমস্যার দিকে খানিকটা আমরা আগাতে পারি। এটুকুই আমার বক্তব্য এর বেশী আমি আর বলছি না।

শ্রীতুহিনকুমার সামন্ত: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগামী বৎসরের বাজেট দেখে আমরা যারা শিক্ষক এখানে এই বিধানসভায় এসেছি খুব হতাশাগ্রস্ত হয়েছি। শিক্ষা ক্ষেত্রে ব্যয়-বরাদ্দ ধরা হয়েছে ৮২ কোটি টাকা। সমস্ত কিছু পড়াশুনা করে দেখলাম যে শিক্ষকদের উন্নতির জন্য বিশেষ করে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের উন্নতির জন্য বিশেষ কিছুই করা হয়নি—তাদের উন্নতির জন্য আপনারা কি ব্যবস্থা নিয়েছেন? এখনও পর্যন্ত দেখি গ্রামের যারা প্রাথমিক শিক্ষক যাদের দায়িত্ব থাকে ছোট একটি শিশুকে অ, আ, ক, খ, শিখানো, যাদের দায়িত্ব থাকে এদের মুখে ভাষা ফুটিয়ে তোলা, সেই প্রাথমিক শিক্ষক ও শিক্ষার ক্ষেত্রে আমি দেখতে পাচ্ছি অন্যান্য খাতে যে ব্যয় ধরা হয়েছে তার তুলনায় এইখাতে অনেক কম।

[3-30—3-40 p.m.]

গ্রাম গ্রামান্তরে আমরা ঘুরেছি। ঘুরে দেখেছি যে কোন স্কুলে ছাদ নেই, কোন স্কুলে ছাউনি নেই, কোন স্কুলের বেড়া ভেঙ্গে গেছে, কোন কোন জায়গায় গাছ তলায় বসে স্কুল হচ্ছে, আজকে প্রাথমিক শিক্ষকদের যদি আর্থিক উন্নতি না করা যায়, তদের পেট ভরানোর উপযুক্ত বন্দোবস্ত করা না যায়, তাহলে একটা জাতি গড়ে উঠতে পারে না, শিক্ষার ক্ষেত্রে একটা নৈরাশ্য সৃষ্টি হবে এবং তার প্রতিফলন আমরা আজকে দেখতে পাচ্ছি। আজ দেখতে পাচ্ছি যে শতকরা ৫০ জন ছেলে নিজের নাম লিখতে পারেনা, অ-এর মাথায় ইলেক দিতে হয়,কি ক-এর মাথায় ইলেক দিতে হয় অনেকে জানে না তা আমরা দেখছি। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে ছোট ছোট ছেলেমেয়েদের দিকে তাকাতে হবে। ছোট ছোট ছেলেদের দিকে তাকিয়ে তাদের tiffin-এর ব্যবস্থা করতে হবে। তাদের খেলাধূলার পরিবেশের জন্য ব্যয়-বরাদ্দ করতে হবে। শিক্ষকদের মাইনে বাড়াতে

হবে। সমাজে অন্যান্য জায়গায় যা পায় তার থেকে তারা অনেক কম পায়, daily ৩ টাকা হারে একশত টাকার মত হয় যেটা আমরা মনে করি অন্যান্য দেশের তুলনায় অনেক কম। মাননীয় স্পীকার মহাশয়, আপনি নিশ্চয়ই এটা বুঝতে পারবেন যে প্রাথমিক শিক্ষাক্ষেত্রে এর কোন গুরুত্ব দেওয়া হয়নি।

মাধ্যমিক শিক্ষা ক্ষেত্রের কথা বলি। মাধ্যমিক শিক্ষা ক্ষেত্রে আমরা দেখেছি যে অনেক স্কুলে শিক্ষকরা নিয়মিত মাইনা পায় না। অনেক স্কুলে দেখি গ্রাণ্ট-ইন-এইড ঠিক সময় মত এসে পৌছায় না। অনেক স্কুলে দেখি স্কুলের আসবাব পত্র নেই, স্কুল চলছে। অতএব এই মাধ্যমিক এবং প্রাথমিক শিক্ষাকে সর্বাঙ্গসুন্দর করতে হলে Building-এর বন্দোবস্ত করতে হবে, আসবাবপত্রের ব্যবস্থা করতে হবে এবং মাধ্যমিক শিক্ষকদের উন্নতিকল্পে তাদের আর্থিক সাহায্য এবং ব্যয়-বরাদ্দ বাড়ান উচিৎ ছিল কিন্তু তা আমরা দেখতে পাইনি। সমস্ত ব্যয়খাত যদি বিশ্ববিদ্যালয়ের উপর ন্যস্ত হয় তাহলে সমস্ত শিক্ষাব্যবস্থা ধ্বসে পড়তে বাধ্য। শিক্ষার যে স্তর সেই স্তরে প্রাথমিক শিক্ষা এবং সেই স্তরেই মাধ্যমিক শিক্ষা। স্কুলের tiffin সম্বন্ধে অবাক হয়ে গেলাম। স্কুলের tiffin সম্বন্ধে কোন ব্যয়-বরাদ্দ দেওয়া হয় নাই। আমরা স্কুলে স্কুলে কি দেখি? দেখি সরকারী আমলাদের ছেলে-মেয়েরা গাড়ী করে যায় সঙ্গে ২টো দারোয়ান থাকে, তারা একটার সময় tiffin পৌছে দেয়। কিন্তু আমাদের গরীব ঘরের ছেলেরা ফেল ফেল করে সেদিকে চেয়ে থাকে। সেই আমলাদের ছেলেরা, সেই বড় লোকদের ছেলেরা tiffin-খাচ্ছে। অপুষ্টি-জনিত কারণে যদি শিক্ষার মান কমে যায় তবে এটাই তার কারণ। পৃথিবীর এমন কোন দেশ নেই যে দেশের স্কুলের ছাত্রদের tiffin-এর বন্দোবস্ত করা হয় না। কোন কোন জায়গায় ৮টা, ১০টার সময় স্কুল বসে। কোনরকমে উদর পুর্তি করে ৫টা– ৫-৩০টা পর্যন্ত অভুক্ত অবস্থায় থাকে। এতে একটা ছেলেরও ভালভাবে শিক্ষা সমাপ্ত হয়না। কারণ ক্ষুধার সময় এক পেট জল খেয়ে কখনও শিক্ষা হয়না। তাই tiffin-খাতে যাতে ব্যয়-বরাদ্দ করা হয় এবং প্রতি স্কুলে যাতে tiffin ব্যবস্থা চালু হয় এটা আমরা সরকারের কাছে দাবী করছি এবং আপনার মাধ্যমে এটা পূরণ হবে বলে আশা করছি। শিক্ষাক্ষেত্রে আমরা আরো কি দেখেছি? শিক্ষাক্ষেত্রে আমরা দেখেছি যে বহু শিক্ষক যাঁরা দীর্ঘদিন ধরে শিক্ষকতা করেছেন আদর্শের সঙ্গে বৃদ্ধ বয়সে তাঁদের মর্যাদা আমরা দিতে পারি না। শিক্ষকদের উপযুক্ত যদি পেনশনের ব্যবস্থা না করতে পারি তাহলে আমাদের কোন শ্রেণী, কোন মানুষের প্রতি আমাদের শ্রদ্ধা থাকবে চিন্তার কথা। শিক্ষক জাত, যে জাত সমাজের সর্বজন শ্রদ্ধার জাত, সেই শিক্ষক যদি সমাজে আজকে আর্থিক দুর্দশায় ভোগে, ক্ষতিগ্রস্ত হয় তাহলে সেই সমাজ কোনদিন দাড়াতে পারে না, সমাজেরও কোন উন্নতি হতে পারে না, এটা ধ্রুব সত্য কথা। তাই আপনার কাছে একটা দাবী রাখবো—যে দাবীতে শিক্ষকদের উন্নতি, বিদ্যালয়ের উন্নতি, ছাত্রদের উন্নতি হয় তার ব্যবস্থা করা। শিক্ষাক্ষেত্রে আরো বেশী ব্যয়-বরাদ্দ করা উচিত ছিল, ৮২ কোটি টাকা নামমাত্র তাই আপনার কাছে আমার বক্তব্য দয়া করে আপনি শিক্ষাখাতে আরো বেশী ব্যয়-বরাদ্দ বাড়াবার চেষ্টা করুন। সেচের খাতে দেখেছি, রাস্তার খাতে দেখেছি, সারা পশ্চিমবঙ্গে মাত্র কয়েকটি বড় রাস্তা আছে। গ্রামাঞ্চলে রাস্তা নেই। এখন অনেক জায়গা আছে যে জায়গায় আমরা পৌছেতে পারি না সেটা নকশালদের ডেরা হয়ে গেছে, উগ্র-সন্ত্রাসবাদীদের ডেরা হয়ে গেছে। যেখানে রাস্তা থাকে সেখানে মানুষের কাছে জ্ঞানের আলো পৌছাতে পারে। কারণ রাস্তার মাধ্যমেই জ্ঞানের আলো পৌছায় এবং রাস্তার মাধ্যমেই দেশবিদেশের খবর যায়। তাই রাস্তা-ঘাটের জন্য আরো বেশী ব্যয়-বরাদ্দ হওয়া উচিৎ ছিল।

এমন অনেক কেন্দ্র আছে যেখানে কোন রাস্তা নেই। আমার বর্ধমান জেলার অনেক ব্লকের কথা আমি জানি যেখানে রাস্তা নেই। তাই রাস্তা খাতে অনেক ব্যয়-বরাদ্দ হওয়া উচিত ছিল। কৃষির ব্যাপারে চাষীদের মুখ্য জিনিস হচ্ছে সেচ---এই সেচের ব্যাপারে আমরা দেখতে পাচ্ছি ক্যানেল কাটা হবে বলে ঠিক হয় কিন্তু টাকার অভাবে ক্যানেল কাটা হয় না, এই জিনিস আমরা বছরের পর বছর ধরে দেখতে পাচ্ছি। সেচের অভাবে হাজার হাজার একর জমি শুষ্ক অবস্থায় পড়ে থাকে। বিশেষ করে বর্ধমান জেলায় দেখেছি বহু এলাকায় সেচের অভাবে জমি অনাবাদী অবস্থায় পড়ে রয়েছে, সম্পূর্ণ আকাশের জলের উপর সেইসব জমি চাষ হয়। গ্রামাঞ্চলের মানুষদের জন্য মুখ্য কয়েকটি জিনিস হল সেচ, রাস্তা এবং শিক্ষা এবং এইসমস্ত জিনিসের জন্য আমি সরকারের কাছে আরো অধিক ব্যয়-বরাদ্দের জন্য অনুরোধ জানাচ্ছি। সমাজবাদের পথকে প্রশস্ত করতে গেলে, গণতন্ত্রকে সুপ্রতিষ্ঠিত করতে গেলে আজকে গরীব মানুষদের হাতে খাবারতুলে দিতে হবে উৎপাদন বৃদ্ধির মাধ্যমে। গরীব নিরক্ষর ভাইদের আজকে আমাদের জ্ঞানের আলো দিতে হবে, গণতন্ত্রের উপযুক্ত শিক্ষা তাদের দিতে হবে এবং এই শিক্ষার মাধ্যমে সেই মানুষগুলিকে অন্ধকারের পথ থেকে তুলে আনতে হবে। প্রাথমিক শিক্ষাকে আমাদের আরো জোরদার করতে হবে। এরপর আমি বেসিক স্কুল সম্বন্ধে বলতে চাই। এই বেসিক স্কুল-এর ব্যাপারে বাজেটে কিছুই দেখলাম না, এটা খুবই দুর্ভাগ্যজনক বলে মনে হল। গ্রামাঞ্চলে আজকে অসংখ্য বেকার দেখতে পাচ্ছি। সেই বেকারত্ব দূর করবার জন্য গান্ধীজী বেসিক স্কুলের কর্মসূচী নিয়েছিলেন এবং বিভিন্ন বুনিয়াদী শিক্ষার মাধ্যমে দেশের গরীব মানুষদের আত্মনির্ভর করে তুলবার স্বপ্ন দেখেছিলাম। কিন্তু আজকে সেখানে বেসিক এডুকেসানকেও উপেক্ষা করা হয়েছে, অবহেলিত করা হয়েছে। গ্রামীন কুটির শিল্প তৈরী করবার কোন সুনির্দিষ্ট পরিকল্পনা আমাদের বাজেটে নেই, স্যার, গ্রামীন কুটির শিল্পের পুনরুদ্ধারের জন্য এবং শিক্ষাকে সুপ্রতিষ্ঠিত করার জন্য একদিক যেমন বেসিক এডুকেসানের উপর জোর দিতে হবে, তেমনি অপর দিকে কুটিরশিল্প প্রসারের জন্য কর্মভিত্তিক গ্রামীন প্রকল্প তৈরী করে শিক্ষিত বেকারদের সুযোগদান করবেন এই দাবী জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker Discussion is closed on Vote on Account. The Hon'ble Minister-in-charge of the Department will now reply.

শ্রীশঙ্কর ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্যগন বাজেটের উপর যে গঠনমূলক সমালোচনা করলেন সেজন্য সরকার সদস্যদের ধন্যবাদ জানাচ্ছেন। আমরা আগামী-দিনে যে বাজেট আনবো সেই বাজেটে আপনারা যেসমস্ত মূল্যবান সমালোচনা করেছেন সে বিষয়টি আমরা বিশেষভাবে অনুধাবন করে দেখবো। আমরা যে বাজেটটি পেশ করেছি সেটা ঘাটতি বাজেট, ডেফিসিট বাজেট। তবে আমরা উদ্বৃত্ত বাজেট বা ঘাটতি বাজেটে ভয় পাই না। এটা ভাল হতে পারে, কিম্বা মন্দ হতে পারে। বর্তমান অর্থনীতিতে ঘাটতি বাজেট হলেও কিছু খারাপ হয় না। কারণ আজকের অর্থনীতিতে আমরা উন্নয়নের উপর বেশী জোর দেই এবং একটা বছরের জমা-খরচের মধ্য দিয়ে বাজেটের মূল্যায়ন নয়—সেইজন্য আমরা চেষ্টা করেছি যাতে এটা উন্নয়নমূলক বাজেট হয় সেদিকে লক্ষ্য রাখবার এবং যাতে এই বাজেটে কর্মসংস্থানের ব্যবস্থা থাকে সেদিকেও নজর দিয়েছি। আমরা বাজেট ব্যালেন্স করতে পারতাম, ঘাটতি উড়িয়ে দিতে পারতাম এবং সেটাই সহজ ছিল যদি আমরা শিক্ষা খাতে এবং অন্যান্য বিভিন্ন খাতে খরচ কমিয়ে দিতাম।

[3-40—3-50 p.m.]

কিন্তু আমাদের যে প্রতিশ্রুতি এবং জনসাধারণের যে আশা-আকাঙ্খা তাতে আমরা এইসমস্ত বিভিন্ন উন্নয়নমূলক খাতে খরচ কমিয়ে দিতে পারি না। আর বর্তমানের যে অর্থনীতি সেই বর্তমান অর্থনীতিতে দেশে যদি কর্মসংস্থান হয় তা থেকে অর্থনীতি পুনরুজ্জিবিত হতে পারে। যে অর্থনীতি প্রেসিডেন্ট রুজভেল্টের আমলে নিউ-ডিল চালু হয়েছিল, যে অর্থনীতির কথা জন ম্যানার কিং বলেছিলেন এবং যে অর্থনীতি আজকে বর্তমান যুগের সমস্ত প্রগতিশীল সরকার গ্রহণ করেছেন সেই অর্থনীতি এটা স্বীকার করে যে যেখানে একটা অর্থনীতির উন্নয়ন দরকার কর্মসংস্থানের দরকার সেখানে নানাবিধ প্রকল্প করতে হবে। এই প্রকল্পে যে সমস্ত মানুষের চাকরি হবে সেই সমস্ত মানুষ তাদের জন্য জিনিষ ক্রয় করবে এবং তা করলে আবার কর্মসংস্থানের ব্যবস্থা হবে। আমরা যে বাজেট দিয়েছি সেটা ঘাটতি বাজেট। তার ভেতরে আমাদের এই আশা আছে যে আইন-শৃঙ্খলার অবস্থার যদি উন্নতি হয় এবং সেটা হচ্ছে, আরো হবে তাহলে এখানে একটা সুস্থ অর্থ-নৈতিক পরিবেশ আসবে, এখানে বিনিয়োগ হবে, নতুন শিল্প এখানে স্থাপিত হবে এবং তা থেকে নতুন কর্মদ্যোগ হবে, বেকার সমস্যার কিছুটা সমাধান হবে। আমরা যে বাজেট দিয়েছি সেই বাজেটে গ্রামবাংলার যে বিশেষ উন্নতির দরকার সে বিষয়ে সরকার বিশেষ সচেতন। সি. এম. ডি. এ-তে যে খরচ করছি সেই খরচ শুধু কোলকাতার জন্য নয় বা সি.এম. ডি.এ. শুধু কোলকাতার জন্য নয় এটা কোলকাতার জন্য রয়েছে, হাওড়া, হুগলী, ২৪ পরগণা এবং বিভিন্ন জেলার জন্য রয়েছে। সি. এম ডি. এ. এর খরচটা শুধু শহরের জন্য নয় বা শুধু কোলকাতার জন্য নয় এটা শহর এবং গ্রামের জন্য। গ্রামের উন্নতির জন্য আমাদের বিশেষ প্রকল্প যেটা রয়েছে সেটা হচ্ছে ১০ হাজার গ্রামে আমরা বিদ্যুত পৌছাতে চাই ১৯৭৩ সালের মধ্যে। কারণ বৈদ্যুতিকরণ করলে গ্রামে কর্মসংস্থান হবে। গ্রামের কৃষির উন্নতির জন্য যেটা করছি—এই কৃষি খাতে আমরা যে খরচ দেখিয়েছি, সেচ খাতে এবং বিদ্যুতের জন্য এই তিনটি খাতে যে খরচ আমরা দেখিয়েছি এই তিনটি খাত হচ্ছে পরস্পরের পরিপুরক। কৃষকরা যে অর্ধবেকার রয়েছেন তারা যে একটা ফসলের জন্য মাত্র তিন চার মাস কাজ পান আমরা চেয়েছি তারা ১২ মাস কাজ পান অর্থাৎ তিনটি ফসল হোক। তাহলে এই সেচ ব্যবস্থা এবং বৈদ্যুতিকরণের ব্যবস্থার সাথে সবটা নিলে—তাহলে গ্রামের অর্থনীতি আর কৃষকদের যাতে ১২ মাসের সংস্থানের ব্যবস্থা হয় তার উপর আমরা জোর দিয়েছি। আমরা উন্নয়নমূলক খাতে যে সমস্ত অর্থ বরাদ্দ করেছি তা বিশদভাবে বাজেটে আলোচনা করেছি কিন্তু তা সত্বে আমি আপনাদের প্রধান কতকগুলি পরিসংখ্যান দিতে পারি। একটা হচ্ছে, আমাদের আগামী বছরের ১৯৭২-৭৩ সালের ৫৫৭ কোটি টাকার বাজেট। আমাদের যেটা ঘাটতি সেটা হচ্ছে—আগামী বছর ধরলে সেটা ঘাটতি হচ্ছে প্রায় ৫।। কোটি টাকার মত। কিন্তু ঘাটতি যেটা আরম্ভ করছি প্রায় ২৩ কোটি টাকার ঘাটতি, গত বছরের সেটা নিয়ে আমরা আরম্ভ করছি। এই দুটি যোগ দিলে প্রায় ২৯ কোটি টাকার মত ঘাটতি হয়। আমাদের এই ঘাটতি মেটাতে গেলে বিশেষ করে আগামী বছরে ১০ কোটি টাকার নতুন সম্পদের ব্যবস্থা করতে হবে। কিভাবে সে ব্যবস্থা করবো সে বিষয়ে মাননীয় সদস্যরা বিভিন্ন মত দিয়েছেন। বক্তৃতার মাধ্যমে আমি আশা করবো আপনারা পরে বিশদভাবে আপনাদের মত দেবেন। কেউ বলেছেন নতুন কর করতে হবে, কেউ বলেছেন কর ফাঁকি বন্ধ করতে হবে, আবার কেউ বলেছেন নতুন কর না করে অন্য ব্যবস্থা নিতে হবে। কি ব্যবস্থা নেব সেটা আমাদের বিশেষভাবে বিবেচনা করে দেখতে হবে। আমাদের এই বিষয়ে যা কিছু সাজেসান আছে সেটা আমরা সাদরে গ্রহণ করব। উন্নয়ন খাতে যেগুলি আমরা খরচ করেছি বিশেষ করে সি. এম. ডি-এ প্রকল্পে দ্বিতীয় হুগলী

সেতু, কেন্দ্রীয় কিছু সাহায্য নিয়ে বিভিন্ন স্কীম এবং এই সমস্ত স্কীম মিলিয়ে ১৯৭১-৭২ সালে বরাদ্দ ছিল ১১৫ কোটি টাকা, এটা আগামী বছরের বাজেটে আমরা ১৪২ কোটি টাকা বরাদ্দ করেছি। এই যে সি. এম. ডি.এ. প্রকল্প এই প্রকল্প আমাদের ১৯৭১-৭২ সালে বরাদ্দ ছিল ৪৫ কোটি টাকা, আর আগামী বছরের যে বাজেট আমরা প্লেস করেছি তাতে ৪৫ কোটি টাকার জায়গায় ৫৯ কোটি টাকা বরাদ্দ করেছি। সি. এম. ডি. এ. প্রকল্প সম্বন্ধে আমি আগেই বলেছি যে এই প্রকল্প শুধু বৃহত্তর কলকাতার জন্য নয় সমস্ত শহর এবং গ্রাম জুড়ে এই প্রকল্প এবং যেটা ইনফ্রা-ষ্ট্রাকচার বলে সেই ইনফ্রা-ষ্টাকচার জোরদার করার জন্য এই প্রকল্প এবং শুধু শহর নয়, সারা বাংলা এবং পূর্বাঞ্চলের উন্নতির জন্য এই সি. এম. ডি.এ. প্রকল্প। যারা দরিদ্র, যারা অবহেলিত, যাদের জন্য গরীবী হঠাও ধ্বনি তুলেছি আমাদের সেই বস্তির ভেতর সবচেয়ে বড় কাজ হচ্ছে এই সি. এম. ডি.এ. প্রকল্পের ভেতর দিয়ে। আমরা যে দ্বিতীয় হুগলী ব্রীজের প্রকল্প নিয়েছি ঐ প্রকল্পের জন্য ১৯৭১-৭২ সালে বরাদ্দ ছিল ৩ কোটি ৩০ লক্ষ টাকা, আগামী বাজেটে ওটা বেড়ে হয়েছে ৭কোটি ৯৮লক্ষ টাকা। এতে আমাদের কর্ম সংস্থান হবে। আমি গ্রাম বৈদ্যুতিকরণ-এর কথা আগেই বলেছি যে ১০ হাজার গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেবার ব্যবস্থা করেছি। শিক্ষা বিষয়ে অনেক মাননীয় সদস্য বলেছেন। শিক্ষা বিষয়ে আমরা যা বরাদ্দ করেছি সেটা পরিসংখ্যান দেখলে বুঝতে পারবেন। ১৯৬৭ সালে শিক্ষা খাতে বরাদ্দ ছিল ৪৬ কোটি টাকা, ১৯৬৯ সালে বরাদ্দ ছিল ৫৯ কোটি টাকা। কিন্তু এবারকার বাজেটে শিক্ষাখাতে বরাদ্দ হয়েছে ৭৯ কোটি টাকা। আর আমরা প্রাইমারী এডুকেশানের জন্য ৯ হাজার ৭ শত নতুন পোষ্ট সৃষ্টি করেছি এবং কর্ম সংস্থানের জন্য বরাদ্দ করেছি ৫ কোটি ৭১ লক্ষ টাকা এবং এই কাজ আরম্ভ হয়ে গেছে ১লা জানুয়ারী ১৯৭২ সাল থেকে। বাঁকুড়া, পুরুলিয়া, দার্জিলিং, ২৪-পরগণা বর্ধমান, বীরভূম, জলপাইগুড়ি, অন্যান্য বিভিন্ন জেলাতে এই কাজ চলবে। আমাদের এই বাজেটে আমরা আশা করি একটা শান্ত পরিবেশের সৃষ্টি হয়েছে, সরকার যে টাকা খরচ করছেন তাতে শিল্পের ভেতর একটা বয়েন্সি বা আশার ভাব আসবে, তাতে আমরা আরো বেশী সম্পদ জোগাড় করতে পারব এবং উন্নয়নমূলক খাতে আরো বেশী ব্যয় করতে পারব। এই যে বাজেট দিয়েছি এটা ৪ মাসের বাজেট, এরপরে পূর্ণাঙ্গ বাজেট দেব আপনাদের যে সাজেসন আছে সেগুলি বিবেচনা করে।

Mr. Speaker : The discussion and the reply are over. Only one amendment has been moved to the motion for a vote on account by Shri Deoprakash Rai. I put that to vote.

The motion of Shri Deo Prakash Rai that the demand be reduced by Rs. 100 was then put and lost.

[3-50—4-00 p. m.]

The motion of Shri Sankar Ghosh that a sum not exceeding Rs. 1,58,85,08,000 only be granted to the Governor, on account, for or towards defraying the charges for the following services and purposes during the year ending on the 31st day of March, 1973, namely :—

Grant No.	Services and purposes	Sums not exceeding.
1	2	3
	A—Collection of Taxes, Duties and other Principal Revenues	Rs
1	4 Taxes on Income other than Corporation Tax	4,11,000
2	9—Land Revenue I—Contributions and Miscellaneous Adjustments 76—Other Miscellaneous Compensations and Assignments AA—Capital Account of Compensation on the abolition of Zamindari System outside the Revenue Account 92—Payment of compensation to Land-holders, etc., on the abolition of the Zamindari System	3,95,63,000
	A—Collection of Taxes, Duties and other Principal Revenues	
3	10—State Excise Duties	40,44,000
4	11—Taxes on Vehicles	8,97,000
5	12—Sales Tax	29,81,' 00
6	13—Other Taxes and Duties	31,57,000
7	14—Stamps	9,62,000
8	15—Registration Fees	28.91,000
	B—Debt Services	
9	16—Interest on Debt and other obligations	33,33,000
	C—Administrative Services	
11	18—Parliament, State/Union Territory Legislature	35,26,000
12	19—General Administration	2,81.61,000
13	21—Administration of Justice	83,21,000
14	22—Jails	99,25,000
15	23 - Police	11.43,04,000
16	26—Miscellaneous Departments Fire Services	35,83,000
17	26—Miscellaneous Department—Excluding Fire Services	2,22,47,000

Grant No. 1	Services and purposes 2	Sums not exceeding 3
	D—Social and Developmental Services	Rs
18	27—Scientific Departments	26,000
19	28—Education	26,13,00,000
20	29—Medical	8,65,72,000
21	30—Public Health 30A—Family Planning	4,31,60,000
22	31—Agriculture—Agriculture, DD—Capital Account of Social and Developmental Services outside the Revenue Accounnt 95—Capital Outly on Schemes of Agricultural Improvement and Research	6,32,10,000
	D—Social and Developmental Services	
23	31—Agriculture—Fisheries	27,22,000
24	33—Animal Husbandry II—Miscellaneous Capital Account outside the Revenue Account 124—Capital Outlay on Schemes of Government Trading—Greater Calcutta Milk Supply Scheme	5,73,02,000
	D—Social and Developmental Services	
25	34—Co-operation	49,01,000
26	35—Industries—Industries DD—Capital Account of Social and Developmental Services outside the Revenue Account 96—Capital Outlay on Industrial and Economic Development	2,56,04,000
	D—Social and Developmental Services	
27	35—Industries—Cottage Industries DD—Capital Account of Social and Developmental Services outside the Revenue Account 96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries	1,05,78,000

Grant No. 1	Services and purposes 2	Sums not exceeding. 3
	D—Social and Developmental Services	Rs.
28	35 - Industries—Cinchona	23,52,000
29	37—Community Development Projects, National Extension Service and Local Development Words FF—Capital Account of Public Works (including Roads) and Schemes of Miscellaneous Public Improvement Outside the Revenue Account 109—Capital outlay on other works—Community Development Projects, National Extension Service and Local Development Works Loans and Advances by State/Union Territory Governments Loans and Advances under Community Development Projects, National Extension Service and Local Development Works.	3,16,89,000
	D—Social and Development Serivices	
30	38—Labour and Employment	2,01,71,000
31	39—Miscellaneous Social and Developmental Organisations - Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes.	87,21,000
32	39—Miscellaneous Social and Developmental Organisations—Excluding Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes.	1,37,73,000
	E—Multipurpose River Schemes, Irrigation and Electricity Schemes	
33	42—Multipurpose River Schemes 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial). 44—Irrigation, Navigation Embankment and Drainage Works (Non-Commercial. EE—Capital Account of Multipurpose River Schemes, Irrigation and Electricity Schemes outside the Revenue Account. 98—Capital Outlay on Multipurpose River Schemes. 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial). 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non—Commercial).	8,76,72,000

Grant No. 1	Services and purposes. 2	Sums not exceeding. 3
		Rs.
	F—Public Works (including Roads) and Schemes of Miscellaneous Public Improvements	
34	50 - Public Works	5,4 [illegible],44,000
35	51A—Greater Calcutta Development Scheme FF—Capital Account of Public Works (including Roads) and Schemes of of Miscellaneous Public Improvements outside the Revenue Account. 106A—Capital Outlay on Greater Calcutta Development Scheme.	2,26,27,000
	G—Transport and Communications (other than Roads .	
36	53—Ports and Pilotage	6,79,000
37	57 Road and Water Transport Schemes GG—Capital Account Transport and Communications (other than Roads) Outside the Revenue Account. 114—Capital Outlay on Road and Water Transport Schemes.	28,49,000
	I—Miscellaneous	
38	64—Famine Reief	2,69,70,000
39	65—Pensions and other retirement benefits II—Miscellaneous Capital Account Outside the Revenue Account 120—Payments of Commuted Value of Pensions	1,29,82,000
	I—Miscellaneous	
40	67—Privy Purses and Allowances of Indian Rulers	7,000
41	68—Stationery and Printing	38,24,000
42	70—Forest	1,19,83,000
43	71 - Miscellaneous—Contributions	5,07,52,000
44	71—Miscellaneous—Panchayats	1,14,50,000
45	71—Miscellaneous—Sports	4,07,000
46	71—Miscellaneous—Civil Defence	65,78,000
47	71—Micellaneous—Other Miscellaneous Expenditure. EF—Capital Account of Public Works (including Roads) and Schemes of Miscellaneous Public Improvements outside the Revenue Account. 109—Capital Outlay on Other Works	5,20,14,000

Grant No. 1	Services and purposes. 2	Sums not exceeding. 3
	I—Miscellaneous	
48	71—Miscellaneous—Irrecoverable Loans to displaced persons written off 71—Miscellaneous—Expenditure on displaced persons 71 Miscellaneous—Relief to Refugees from Bangladesh FF—Capital Account of Public Works (including Roads) and Schemes of Miscellaneous Public Improvements outside the Revenue Account 109—Capital Outlay on other Works—Expenditure on displaced persons Loans andlAdvances by State/Union Territory Governments Loans and Advances to displaced persons	19,26,33,000
49	K—Extraordinary Items 78—Pre-partition Payments	2,000
50	EE—Capital Account of Multipurpose River Schemes, Irrigation and Electricity Schemes Outside the Revenue Account 98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project	1.65,12,000
51	FF—Capital Account of Public Works (including Roads) and Schemes of Miscellaneous Public Improvements outside the Revenue Account 103—Capital Outlay on Public Works	3,08,55,000
52	II—Miscellaneous Capital Account outside the Revenue Account 124—Capital Outlay on Schemes of Government Trading	2,00,32,000
54	Loans and Advances by State/Union Territory Governments Loans and Advances by State/Union Territory Governments	10,30,49,000
	Graud Total:	1,58,85,08,000

was then put and agred to

Supplementary Estimate for the year 1971-72

Mr. Speaker : I will request the Hon'ble Ministers to move the Demands one after another and, then, will be discussion on Supplementary Demands.

Demand for Grant No. 3

Major Head : 10-State Excise Duties

Shri Sankar Ghose : Mr. Speaker, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 8,58,000 be granted for expenditure under Grant No.3, Major Head : "10-State Excise Duties" during the current year. The purpose for which this additional provision is required has been explained in the Supplementary Estimate.

Demand for Grant No. 4

Major Head : 11-Taxes on Vehicles

Shri Gyan Singh Sohanpal : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs 39,000 be granted for expenditure under Grant No. 4, Major Head : "11-Taxes on Vehicles" during the current year.

Demand for Grant No. 8

Major Head : 15-Registration Fees

Shri Abdus Sattar : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 23,000 be granted for expenditure under Grant No. 8, Major Head : "15-Registration Fees" during the current year.

Demand for Grant No. 11

Major Head : 18-Parliament, State/Union Territory Legislature

Shri Gyan Singh Sohanpal : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 66,99,000 be granted for expenditure under Grant No.11, Major Head : "18-Parliament, State/Union Territory Legislature" during the current year.

Demand for Grant No. 14

Major Head : 22-Jails

Shri Gyan Singh Sohanpal : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 20,96,000 be granted to meet increased expenditure under Grant No. 14, Major Head : "22-Jails" during the current year

Demand for Grant No. 15

Major Head : 23-Police

Dr. Md. Fazle Haque : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 71,41,000 be granted for expenditure under Grant No. 15, Major Head : "23-Police" during the current year.

Demand for Grant No. 16

Major Head : 26-Miscellaneous Departments—Fire Services

Shri Prafulla Kanti Ghosh : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 6,75,000 be grented to complete the sum necessary for expenditure under Grant No 16, Major Head : "26-Miscellaneous Departments—Fire Services" in 1971-72.

Demand for Grant No. 19

Major Head : 28-Education

Shri Mrityunjoy Banerjee : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 14,85,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 19, Major Head : "28-Education" for the year 1971-72. This amount added to Rs 81 crores 87 lakhs 88 thousand already voted by Parliament will make a total provision of Rs. 82 crores 2 lakhs 73 thousand in the budget for 1971-72 under the Major Head : 28-Education.

Demand for Grant No. 20

Major Head : 29-Medical

Shri Ajit Kumar Panja : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Re. 1/-be granted for expenditure under Grant No. 20, Major Head : "29 Medical" during the current year.

Demand for Grant No. 26

Major Heads : 35-Industries-Industries and 96-Capital Outlay on Industrial and Economic Development.

Dr. Zainal Abadin : With your permission, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,69,55,000 be granted for expenditure under Grant No. 26, Major Heads : "35-Industries-Industries and 96-Capital Outlay on Industrial and Economic Development" during the current year.

Demand for Grant No. 28

Major Head : 35-Industries-Cinchona

Dr Zainal Abedin : With your permission, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 67,000 be granted for expenditure under Grant No. 28, Major Head : "35-Industries-Cinchona" during the current year.

Demand for Grant No. 32

Major Head : 39-Miscellaneous Social and Developmental Organisations—Excluding Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes.

Shri Santosh Kumar Roy : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs.1,22,35,000 be granted for expenditure under Grant No. 32, Major Head "32-Miscellaneous Social and Developmental Organisations-Excluding Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes' during the current financial year.

Demand for Grant No. 33

Major Head : 44-Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial).

Shri Abdul Barket Atawal Gani Khan Chowdhury. On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs 4,90,67,000 be granted for expenditure under Grant No, 33, Major Head : "44-Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)" during the current year.

Demand for Grant No 34

Major Head : 50-Public Works

Shri Bhola Sen : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,17,60,000 be granted for expenditure under Grant No. 64, Major Head : "50-Public Works" during the current year.

The purpose for which additional provision is required has been explaind in the Supplementary Estimate.

Demand for Grant No. 35

Major Head : 106A—Capital Outlay on Greater Calcutta Development Scheme.

Shri Subrata Mukhapadhay : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 97,95,000 be granted for expenditure under Grant No. 35, Major Head : "106A-Capital Outlay on Greater Calcutta Development Scheme" during the current year.

The purpose for which additional Provision is required has been explained in the Supplementary Estimate.

Demand for Grant No. 36

Major Head : 53-Ports and Pilotage

Shri Gyan Singh Sohanpal : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,83,000 be granted for expenditure under Grant No. 36, Major Head : "53-Ports and Pilotage" during the current financial year.

[4-00—4-10 p.m.]

Demand for Grant No. 38

Major Head : 64—Famine Relief

Shri Santosh Kumar Roy : Sir. I beg to move that a sum of Rs.16,64,97,000 be granted for expenditure under Grant No. 38, Major Head : "64-Famine Relief" during the current year.

The additional provision is required for meeting additional costs on relief operation consequent upon the widespread devastating flood of 1971 in the State.

Demand for Grant No. 39

Major Heads : 65—Pensions and other Retirement Benefits and 120—Payments of Commuted Value of Pensions

Shri Sankar Ghosh : Sir, I beg to move that a sum of Rs. 2,61,000 be ganted for expenditure under Grant No. 39, Major Heads : "65—Pensions and other Retirement Benefits and 120—Payments of Commuted Value of Pensions" during the current year.

The additional provisions are required for payment of larger amonnt of pensions and commuted value of pensions than originally anticipated.

Demand for Grant No. 43

Major Head : 71—Miscellaneous—Contributions

Shri Prafulla Kanti Ghosh : Sir, I beg to move that a sum of Rs. 1,37,51,000 be granted for expenditure under Grant No. 43, Major Head : "71—Miscellaneous—Contributions" during the current year

Demand for Grant No. 44

Major Head : 71—Miscellaneous—Panchayats

Shri Prafulla Kanti Ghosh : Sir, I beg to move that a sum of Rs. 27,69,000 be granted for expenditure under Grant No. 44, Major Head : "71—Miscellaneous—Contributions" during the current year.

Demand for Grant No. 46

Major Head : 71—Miscellaneous—Civil Defence

শ্রীসুব্রত মুখোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে আমি ৪৬ নম্বর অনুদান, "৭১—বিবিধ অসামরিক প্রতিরক্ষা" মুখ্যখাতে ১৯৭১-৭২ সালের জন্য অতিরিক্ত ব্যয় বরাদ্দের পরিপূরক হিসাবে ২১,৬৮,০০০ টাকা মঞ্জুরীর প্রস্তাব উত্থাপনের জন্য অনুমতি প্রার্থনা করিতেছি।

Demand for Grant No. 47

Major Head : 71—Miscellaneous—Other Miscellaneous Expenditure

Shri Santosh Kumar Roy : Sir, I beg to move that a sum of Rs. 3,27,83,000 be granted for expenditure under Grant No. 47, Major Head : "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure" during the current year.

Demand for Grant No. 48

Major Head : 71—Miscellaneous—Relief to Refugees from Bangladesh

Shri Santosh Kumar Roy : Sir on the recommendations of the Governor,

I beg to move that a sum of Rs. 72,63,32,000 be granted for expenditure under Grant No. 48, Major Head: "71—Miscellaneous—Relief to Refugees from Bangladesh" during the current year.

Demand for Grant No. 52

Major Head: 124—Capital Outlay on Schemes of Government Trading

Shri Kasikanta Maitra: Sir, on the recommendations of the Governor, I beg to move that a sum of Rs 3,35,94,000 be granted for expenditure under Grant No. 52, Major Head: "124-Capital Outlay on Schemes of Government Trading" during the current year.

Demand for Grant No. 54

Major Head: Loans and Advances by State/Union Territory Governments

Shri Sankar Ghosh: Sir, on the recommendations of the Governor, I beg to move that a sum of Rs. 15,67,76,000 be granted for expenditure under Grant No. 54, Major Head "Loans and Advances by State/Union Territory Government" during the current year.

Mr. Speaker: There are two cut motions tabled by Shri Aswini Roy. But I am told that he is not going to move these two cut motions. However, I allow him to speak on the subject

শ্রীঅশ্বিনী রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে কাট মোশান দিয়েছি সেটা রাখছি না। এখন এই যে অতিরিক্ত বাজেট সাপ্লিমেণ্টারি বাজেট আমাদের সামনে উপস্থিত করা হয়েছে এটা একটা পূরোনো জের আমাদের সামনে টেনে নিয়ে যাওয়া হচ্ছে। কারণ ১৯৭১ সালে একটা সরকার যেটা এক গণতান্ত্রিক কোয়ালিশন সরকার তৈরী হয়েছিল সেই সরকার একটা বাজেট করেছিলেন কিন্তু বাজেট পাশ হল না। যাদের নিয়ে সরকার গডা হয়েছিল তাদের মধ্যে তৎকালীন মুখ্যমন্ত্রীর বশংবদ বন্ধু তারা তার পিছন থেকে ছুরিকাঘাত করেছিল যার ফলে সে সরকার ভেঙ্গে গেল। সেইজন্য লোকসভায় তাড়াতাড়ি একটা বাজেট পাশ করানো হয়েছিল ১৯৭১-৭২ সালে। তারপর আমলাতন্ত্র এল, রাষ্ট্রপতির শাসন এল। এখন আমলাতান্ত্রিকের ভূমিকা সম্পর্কে গতকাল আমাদের নেতা মাননীয় সোমনাথ লাহিড়ী মহাশয় যা বলে গিয়েছিলেন এখন আমি সেদিকে যাচ্ছি না। এখন আমাদের যে বাজেট পাশ করতে হচ্ছে সেটা কিছু সামান্য টাকার নয়। মূল বাজেট যেখানে ছিল ৮৬৮ কোটি টাকা আজকে এখানে ১১০০ কোটি টাকার মত পাশ করতে হচ্ছে। দুটো মূল এবং সাপ্লিমেণ্টারি নিয়ে। আমাদের মত দেশে এই সাপ্লিমেণ্টারী বাজেট এই ধরণের হওয়া এটা অত্যন্ত দুঃখজনক ব্যাপার। কিন্তু এখন আমাদের করবার কিছুই নেই। কারণ তৎকালে আইনসভা ছিল না, বিধানসভাও ছিল না। আমলারা খরচ করে গিয়েছে সেজন্য গাঁট-গচ্চা জনসাধারণকে দিতে হবে এবং জনসাধারণের প্রতিনিধি হিসাবে আমাদেরও দিতে হবে।

[4-10—4-20 p.m]

যাইহোক টাকাটা আমাদের মঞ্জুরী করতে হবে কিন্তু এই টাকাটা যে খরচ করেছেন বা চাচ্ছেন, তারা কি কাজ করেছেন সেটা আমাদের দেখা দরকার। এখন রাষ্ট্রপতির শাসনের সময় আমাদের

নীতিটা কি ছিল? ডিমোক্র্যাটিক কোয়ালিশন সরকার যেটা প্রতিষ্ঠিত হয়েছিল কংগ্রেসের নেতৃত্বে তারা কতকগুলি প্রগতিশীল কাজ করার নীতি নিয়েছিল, প্রোগ্রাম নিয়েছিল। রাষ্ট্রপতির শাসনে সেই প্রোগ্রাম বা কর্মসূচীকে রূপায়িত করবার প্রতিশ্রুতি ছিল। এই যে টাকাটা আমরা খরচ করেছি কিন্তু কাজ কতটুকু হয়েছে। তারা প্রতিশ্রুতি দিয়েছিল যে গণতান্ত্রিক আন্দোলনে কৃষক, শ্রমিক, কর্মচারী যারা গণতান্ত্রিক আন্দোলনে অংশ গ্রহণ করেছিল তাদের বিরুদ্ধে যে সমস্ত মামলা দায়ের করা হয়েছিল তৎকালীন কোয়ালিশন সরকার সেই সমস্ত মামলা প্রত্যাহার করে নেবার প্রতিশ্রুতি দিয়েছিল এবং তারজন্য নির্দেশ দিয়েছিল জেলা শাসক, অতিরিক্ত জেলা শাসক তারা বিচার বিবেচনা করে তাদের অব্যাহতি দেবেন। পুলিশের সংগে যোগসাজসে মিথ্যা মামলা কৃষক, শ্রমিক, কর্মচারীদের বিরুদ্ধে চালু করেছিল সেগুলি প্রত্যাহার না করে আবার পুলিশের খাতে টাকা বাড়াচ্ছেন। অথচ গণতান্ত্রিক কোয়ালিশন সরকারের যে নীতি ওরা কার্যকরী করলেন না, একটা মামলাও প্রত্যাহার করা হল না। ইতিমধ্যে বহু কৃষক, বহু শ্রমিক, বহু খনি শ্রমিক মিথ্যা মামলায় আবো জড়িয়ে পড়ছে। কৃষকদের জন্য ৯ কোটি টাকার মত কৃষিঋণ কোয়ালিশন সরকার মুকুব করতে বলেছিল তার কত টাকা মুকুব হয়েছে? অথচ এই খাতে টাকা ব্যয় হল। তারপর তৎকালীন সবকার—যদিও বেশী দিন ছিল না, একটা অডিনান্স করেছিল যে যে সমস্ত ক্লোজড ইউনিটস্, বন্ধ করাখানা, বন্ধ বাগিচা, যাতে স্বেচ্ছায় বন্ধ না করতে পারে সেইজন্য একটা অডিনান্স করেছিল কিন্তু সেই অডিনান্স কার্যকরী হল না। একটা কারখানাও খোলেনি, একটা বাগিচাও খোলেনি, বরং ইতিমধ্যে আরো বহুসংখ্যক কারখানা, আরো বহুসংখ্যক বাগিচা বন্ধ হয়েছে। এই হচ্ছে আমলাতন্ত্রের কাজ। তারপর ভাগচাষী, কৃষক, এদের উচ্ছেদ বন্ধ করার জন্য একটা অডিনেন্স করা হয়েছিল কিন্তু ভাগচাষীদের উচ্ছেদ বন্ধ হয়নি। বীরভূম জেলার ব্যাপক অঞ্চলে বহু ফ্যামিলি, বহু ভাগচাষীকে উচ্ছেদ করা হয়েছে। সে ব্যাপারে আমলাতন্ত্র নীরব। যার জন্য এই উচ্ছেদকে ঠেকানো যায় নি। আর একটা নীতি ছিল সেটা গুরুত্বপূর্ণ। কাজটা হচ্ছে এই দেশের যে ভূমি ব্যবস্থা সেই ভূমি ব্যবস্থার পরিবর্তন। যাঁরা কংগ্রেসে আছেন তাঁরা জানেন যে করাচী কংগ্রেসে ঠিক হয় যে জমিদারী প্রথার উচ্ছেদ করতে হবে এবং প্রয়োজন হলে পরিবার পিছু জমির সীমা বেঁধে দিতে হবে। অন্ততঃ জোতদারদের খর্ব করতে হবে। তখন কমুনিষ্ট পার্টি একসঙ্গে আন্দোলন করেছিল। ৮৬ হাজার লোক জেলে গিয়েছিল এবং কেন্দ্রীয় সরকার বাধ্য হয়ে ভূমি আইন সংশোধন করেন। '৭১ সালে সংশোধনী ভূমি সংস্কার আইন হল। এই আইনে বড় জোতের মালিক তাদের জমি কতটা উদ্বৃত্ত আছে সেটাই আজ পর্যন্ত জানা গেল না। অথচ এই উদ্বৃত্ত জমি জানার জন্য সময় বারবার বাড়িয়ে দেওয়া হচ্ছে, এখানে আমলাতন্ত্ররা কাদের সাহায্য করছে, তারা জোতদারদেরই সাহায্য করছে। এরাই আবার আজকে অতিরিক্ত বাজেট মঞ্জুরী চাচ্ছে। শিক্ষা ব্যবস্থাও অচল হয়ে গেল। সাধারণ স্কুল থেকে আরম্ভ করে বিশ্ববিদ্যালয় পর্যন্ত পরীক্ষা ব্যবস্থায় দুর্নীতি চলেছে। পুলিশ খাতে টাকা ব্যয় হচ্ছে, শিক্ষা খাতে টাকা ব্যয় হয়েছে, কিন্তু আমলাতান্ত্রিক দুর্নীতি রোধ করবার জন্য কি কাজ করেছেন? কোন কিছুই করেন নি। যেখানে কোন বিদ্যালয় ছিল না এই ৪।৫ বছর ধরে, সেখানে নিজেদের উদ্যোগে গ্রামে মানুষ প্রাথমিক বিদ্যালয় করেছে। কিন্তু আজ পর্যন্ত এক বছরের রাষ্ট্রপতি শাসনে একটি বিদ্যালয়কেও স্বীকৃতি দেওয়া হয়নি। অথচ এড়ুকেশন খাতে আমরা ব্যয়-বরাদ্দ বাড়িয়েছিলাম।

এই নির্বাচনের মাধমে বহু সংখ্যক তরুণ কর্মী,সদস্য এসেছেন যাঁরা সমাজতন্ত্রের কথা ভাবছেন, সমাজতন্ত্র কায়েমের কথা ভাবছেন। কিন্তু আমলাতন্ত্রকে রেখে দিয়ে, একচেটিয়া পুঁজিপতিকে রেখে দিয়ে সমাজতন্ত্র আসতে পারে না। সেজন্য আপনারা এই যে সদিচ্ছা অনুভব করছেন, সেই সদিচ্ছা থাকা ভাল, তার জন্য আমি ধন্যবাদ জানাই কিন্তু শুধু সদিচ্ছা থাকলেই হবে না, সেই সদিচ্ছাকে কার্যকরী করতে হবে, কাজের কাজ করতে হবে, আজকের দিনে সেটাই মূল কথা। অনেক পুরাতন সদস্য আছেন যাঁরা বহু দিন ধরে পুঁজিপতিদের সেবা করে এসেছেন, তাঁরাও আজকে নতুন নতুন কথা বলেছেন। একচেটিয়া পুজিবাদকে খর্ব করার কথা বলছেন। আমি তাঁদের অভিনন্দন জানাই। কিন্তু মুখে করার কথা বললেই জোতদারদের স্বার্থ খর্ব করা যাবে না। কাজের মাধ্যমে তা করতে হবে। আমলাতন্ত্রকে জীইয়ে রেখে কোন কাজ করা যাবে না।

আমি এখন কয়েকটি হেড (খাত) নিয়ে কয়েকটি কথা বলব। যেমন আমাদের যে সাপ্লিমেণ্টারী বাজেট, তার বড় অংশ হচ্ছে ৭২ কোটি টাকা। এই টাকা বাংলাদেশের শরণার্থীদের জন্য খরচ হয়েছে। আর একটা হচ্ছে ১১০ কোটি টাকা যেটা হচ্ছে ফ্লোটিং লোন—এটা রিজার্ভ ব্যাংক অব ইণ্ডিয়াকে প্রভাইড করতে হবে। এ দুটি জিনিস কি? আমার মতে গোটা রাজ্য পশ্চিমবাংলা সমস্যা জর্জরিত, বেকার সমস্যায় ভর্তি হয়ে আছে, এখানে কলকারখানা বন্ধ হয়ে আছে, ব্যবসা অচল হয়ে রয়েছে, এইরকম একটা রাজ্যের পক্ষে ১৮২ কোটি টাকা শোধ করা যায় না। আমি মনে করি করা যায় না। এই যে বাংলাদেশ প্রব্লেম এটা ন্যাশানাল প্রব্লেম, এটা জাতীয় সমস্যা, এটার সমাধান পশ্চিমবাংলার লোকের দ্বারা হবে না, বিধানসভার দ্বারা হবে না, পশ্চিমবঙ্গের দ্বারা সেটা হবে না। তাই আমি বলি আসুন, অনেক তরুণ সদস্যরা তো নুতন কথা ভাবছেন, আসুন আমরা এই বিধানসভা থেকে একটা প্রস্তাব নিই যে এই ১৮২ কোটি টাকা এটা কেন্দ্রীয় সরকার বা ইউনিয়ন সরকার, জাতীয় সমস্যা হিসাবে চিন্তা করে আমাদের ঋণমুক্ত করবে। এই আবেদন আমি অন্ততঃ যারা পুরাতন সদস্য নুতন কথা ভাবছেন তাদের কাছেও করতে চাই। সবাই যখন নুতন কথা ভাবছেন, আসুন এই প্রস্তাব আমরা নিই।

তারপর একটি কথা আমি বলতে চাই, সেটা হচ্ছে সার কেনার কথা। গ্রাণ্ট নম্বর ফিফটি থ্রী পেজ নম্বর ফর্টিসেভেন, এখানে ৫ কোটি ৪৭ লক্ষ টাকা দেওয়া হয়েছে সার কেনার জন্য, খরচ করা হয়েছে। কিন্তু সার কোথায় গেল? কয়েকজন সদস্য এখানে চীৎকার করে বলেছেন যারা ফসল তৈরী করছে তারা—রাসায়নিক সার পাচ্ছে না। তাহলে এই সার যাচ্ছে কোথায়? মাননীয় সদস্যদের এই সম্পর্কে ভাবতে হবে। সার তৈরী হচ্ছে যে উৎপাদন কেন্দ্রে, সেখানে মালিক এই অজুহাত দিচ্ছে যে গাড়ী পাওয়া যাচ্ছে না, ওয়াগান পাওয়া যাচ্ছে না। আসল কথা হচ্ছে—অফিসার, মালিক এবং সেই যে বিক্রী করে, একচেটিয়া ব্যবসা করে, এই তিনজনে মিলে কৃত্রিমভাবে সারের অভাবে সৃষ্টি করছে যার জন্য এই সার দুষ্প্রাপ্য হচ্ছে।

[4-20—4-30 p.m.]

আপনারা জানেন বোলপুরের চাষী উগরাতে সার কিনতে আসছে। আশ্চর্যের বিষয় এই উগরা কিন্তু কৃষি অঞ্চল নয়। চাষী এইভাবে চারিদিকে ছুটছে সার কেনার জন্য। অথচ আমরা এই বাজেটে ৫ কোটি ৬৭ লক্ষ টাকার সার কিনে কৃষককে সরবরাহ করবার জন্য ব্যবস্থা করছি। কাজেই আসল ব্যাপারটা কি সেটা সকলকে দেখতে হবে। কোথায় গিয়ে এটা জমছে সেটাও আমাদের দেখতে হবে। আমাদের এখানে মজুতদার থাকবে, কালোবাজারী থাকবে অথচ আমরা সমাজতন্ত্রের দিকে যাব এটা হয় না। আজও পর্যন্ত এই জিনিস চলছে অর্থাৎ দুঃখী, দরিদ্র

জনসাধরণের মাথার উপর অত্যাচার চলছে। কাজেই পুঁজিবাদীদের বিরুদ্ধে আমাদের প্রচণ্ড লড়াই করতে হবে,পুঁজি বাজেয়াপ্ত করতে হবে,নইলে সমাজতন্ত্রের দিকে যাওয়া যাবেনা। আমাদের সমবায় অর্থনীতিকে বলিষ্ঠভাবে দাঁড় করাতে হবে। এটাকে বাদদিয়ে যদি সমাজতন্ত্রের কথা ভাবেন তাহলে সেটা অলীক হবে, ইউটোপিয়ান হবে। কাজেই আপনারা আসুন দেশকে বাঁচাবার জন্য সমবায় অর্থনীতিকে বলিষ্ঠভাবে তুলে ধরুন। তারপর ফুড-গ্রেন প্রোকিওরমেণ্ট। এখানে আপনারা ৩ কোটি ৩৫ লক্ষ টাকা খরচ করছেন। টাকা খরচ করে গতবার প্রোকিওরমেণ্ট কি হয়েছে? এটা আমার কথা নয়; ইকনমিক রিভিউ এটা প্রচার করেছে এবং তাঁরা কি বলছে শুনুন। "The main reason for unsatisfactory procurement in 1971 was the serious law and order situation adversely affecting enforcement of food laws in the peak procurement season covering the first few months of the year". আপনারা নিজেরাই স্বীকার করেছেন ১৯৭১ সালে সংগ্রহ ভাল করা যায়নি এবং আইন-শৃঙ্খলা সেইভাবে প্রয়োগ করা যায়নি। কত প্রোকিওরমেণ্ট হয়েছে? ১৯৭০ সালে যেখানে ৩ লক্ষ ৭২ হাজার টন প্রোকিওর করা হয়েছে, সেখানে আপনারাই বলছেন ২লক্ষ ৩৬ হাজার টন ১৯৭১ সালে প্রোকিওর করা হয়েছে। কিভাবে সংগ্রহ করা হোল? লেভি অন প্রডিউসার অর্থাৎ জোতের বড় বড় মালিকের উপর যে লেভি বসান হয়, সেটা ১৯৭১ সালে ২৮,৪০০ টন কম হয়েছে। কেন কম হল? বড় বড় জোতদারদের ক্ষেত্রে কি আইন-শৃঙ্খলা ছিলনা? তৎকালীন ব্যুরোক্রেসী তাদের প্রতি কম্পা দেখিয়েছেন। জোতদারদের স্বার্থ এবং একচেটিয়াদের স্বার্থ হচ্ছে পুলিশ এবং আমলাতন্ত্র, তাঁরা বড় বড় যারা মালিক যাদের উপর লেভি আদায় করা উচিত ছিল তাদের ক্ষেত্রে সেটা করলেন না, তাদের সঙ্গে আপোস করলেন। অথচ গতবার ফসল ভালই হয়েছিল। এই সব কারণেই প্রকিওরমেণ্ট কম হল। তারপর লেভি অন রাইস মিল সেখানেও দেখা যাচ্ছে ৪৫ হাজার টন কম সংগ্রহ হল। কাদের প্রতি অনুকম্পা প্রদর্শন হল? কৃষক, ক্ষেতমজুরের প্রতি, না মিল মালিকদের প্রতি অনুকম্পা প্রদর্শন করা হল? শুধু তাই নয়, খোলা বাজারে যেটা উদ্বৃত্ত থাকে সেটাও পুরোপুরি সংগ্রহ হল না। অর্থাৎ যেটাকে মার্কেটেবল সারপ্লাস বলি, সেটাও সংগ্রহ করা হল না। কেন হল না? আমরা সকলেই জানি ধান উঠার সঙ্গে সঙ্গেই চাষীকে ধান বিক্রী করবার জন্য যেতে হয়। অর্থাৎ তাকে ডিষ্ট্রেস সেল করতে হয়, অভাবে বিক্রয় করতে হয়, এবং সে ন্যায্য দাম পায় না। সেই সময় কেনাকেন হল না? তার কারণ হচ্ছে চোরাকারবারী,ব্লাক মার্কেটিয়াস এবং হোলডারসকে সুযোগ দেওয়া হয়েছে ধান চাল কেনার জন্য। আজকে যখন এই উদ্দেশ্যে ৩৫৭ কোটি টাকা আমাদের মঞ্জুর করতে হচ্ছে, তখন মাননীয় সদস্যদের কাছে, অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আমি অনুরোধ জানাচ্ছি—আসুন এটা থেকে আমরা শিক্ষা গ্রহণ করি যে আমলাতন্ত্রের রাজত্ব এবং জনসাধারণের প্রতিনিধিত্ব-এর মধ্যে তফাৎ কোথায়?

আছে, আমরা যে ২৫২ জন সদস্য রয়েছি, আপনাদের একটা দল আছে, এই দলের ভেতর নানা স্বার্থের লোক আছেন, কাজেই এখন থেকে সতর্ক থাকতে হবে যাতে ৫ বছরের জন্য একটা শক্তিশালী সরকার আমরা করতে পারি। চোরাকারবারী, মুনাফাখোরী বা জোতদারদের স্বার্থের বিরুদ্ধে লড়াই করে পুনরায় অর্থনীতিকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করতে হবে এবং ৫ বছর পরে একটা সমাজতন্ত্রের দিকে যাবার পথ আমরা তৈরী করতে পারি। আসুন বিধানসভায় সেই ধরনের প্রতিশ্রুতি দিয়ে আমরা কাজ আরম্ভ করি। এই বক্তব্য বলে এবং এই অতিরিক্ত ব্যয় বরাদ্দের মঞ্জুরীটাকে সমর্থন করে শেষ করছি।

শ্রীকৃষ্ণ কুমার শুক্লাঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, সাপলিমেনটারী বাজেট যেভাবে আমাদের কাছে উপস্থিত করা হয়েছে আমি একে সমর্থন জানাচ্ছি। বিভিন্ন বিভাগীয় মন্ত্রীরা কিছু অর্থ অনুমোদন চেয়েছেন,এইঅর্থ অনুমোদন করার সঙ্গেসঙ্গে আমরা তাঁদের কাছে নিবেদন করবো যে মন্ত্রিসভা দয়া করে পশ্চিমবাংলার মানুষকে এই আশ্বাস দেবেন কি যে তাদের বিভাগীয় কাজকর্ম চালাবার জন্য তাঁরা যে-টাকা চেয়েছেন সেই টাকা নিয়ে জনসাধারণের কল্যানের জন্য তাঁদের বিভাগ কাজ করবেন—সরকারী কর্মচারীদের একটা বিরাট অংশ যাঁরা এখনও পর্যন্ত সরকারী তহবিল থেকে টাকা পয়সা নেয় কিন্তু নিজেদের দায়-দয়িত্ব সম্বন্ধে তাঁরা বিন্দুমাত্র সজাগ নন। বিভিন্ন বিভাগের মন্ত্রিমহাশয়রা দয়া করে গিয়ে একবার দেখবেন যে তাঁদের বিভাগের যাঁরা কর্মচারী, তাঁরা কি এই দেশের মানুষের সঙ্গে মানুষের মত ব্যবহার করছে? একবার স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় যদি দয়া করে হাসপাতালে গিয়ে দেখেন, তাহলে দেখবেন যে জনসাধারণের প্রতি মানুষের মত ব্যবহার করা হয় কি না। একবার দয়া করে সরকারী কর্মচারীদের চেহারা তাঁরা নিজেরা ঘুরে দেখে আসবেন? ঐ সরকারী দপ্তরগুলো পশ্চিমবংলার মানুষকে মোটেই মানুষ বলে মনে করে না। আমাদের দেশের কর্মচারীরা আমাদের দেশের জনসাধারণের কল্যাণের জন্য বসে আছে। তাঁরা ওখানে বসে রাজনীতির মধ্যে আত্মনিয়োগ করেছেন, রাজনীতির সঙ্গে গোটা পশ্চিমবাংলাকে ডুবিয়ে দিয়ে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা নষ্ট করছে। লক্ষ লক্ষ কোটি কোটি টাকা মন্ত্রিমহাশয়রা আমাদের কাছে চেয়েছেন, আমরা তা দিচ্ছি, দিতে আমরা অপারগ নই। কিন্তু তার প্রতিদানে পশ্চিমবাংলার মানুষ মন্ত্রিসভার কাছে এই আশ্বাস চায় যে অতীতে যা দেখেছি তার পুনরাবৃত্তি হবে না এবং ভবিষ্যতে জনসাধারণের কল্যানে তাঁরা কাজ করবেন, দয়া করে এই আশ্বাস তাঁরা নিশ্চয়ই দেবেন যে ভবিষ্যতে পশ্চিমবাংলার মানুষ মনে করবে যে কৃষি দপ্তরে কাজ করার জন্য টাকা দেওয়া হচ্ছে, তিনি শুধু কৃষি দপ্তরেরই কাজ করবেন। বাড়ীর স্ত্রীকে চিঠি লিখে সময় নষ্ট করবেন না। দয়া করে আমাদের এই আশ্বাস দেবেন পরিবহন মন্ত্রিমহাশয় এই পশ্চিমবাংলার বিধানসভায় এবং বিধানসভার মারফত জনসাধারণকে যে পরিবহন বিভাগের লোকেরা সাধারণ মানুষের জীবন নিয়ে ছিনি মিনি খেলবে না, যে কোন জায়গায় তারা বাস বন্ধ করে দেবেন না এবং মানুষের জীবনকে দুবিসহ করে দেবেন না। দুর্নীতিতে ভরে গেছে যে চক্র সেই চক্রকে যদি নীচে থেকে উপর পর্য্যন্ত ভাঙ্গতে না পারেন, আবর্জনা যদি দূর করতে না পারেন তাহলে যে টাকা আপনারা চেয়েছেন এর চেয়ে আরও বেশী টাকা দিলেও কোন কাজ আপনারা করতে পারবেন না। আমি অত্যন্ত বিনীতভাবে পশ্চিমবাংলার মানুষের পক্ষ থেকে ওঁদের কাছে আবেদন করছি, এই টাকা নেবার আগে এই আশ্বাস দিন যে পশ্চিমবাংলার মন্ত্রিসভার বিভিন্ন বিভাগ দেশের মানুষের কল্যাণে আত্মনিয়োগ করবেন। যদি প্রাইভেট বাসের মালিকরা হট করে রাস্তায় বাস বন্ধ করে দেয় তাহলে এই আশ্বাস দেবেন কি যে জনসাধারণের স্বার্থে তার পারমিট ক্যানসেল করে দেওয়া হবে? তাদের কাছে সরকার নতি স্বীকার করবে না. যারা খুচরা পয়সার জন্য হাজার হাজার মানুষকে বিপর্যস্ত করে তুলছে। স্টেট ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট সম্বন্ধে একটা কথা আপনাদের জানাচ্ছি। এই জনপ্রিয় সরকার আসার আগে পশ্চিমবাংলায় তথা গোটা ভারতবর্ষে যখন এমারজেন্সি ডিক্লেয়ার করা হয়েছিল, সেনট্রাল ডিপোর যিনি জেনারেল ম্যানেজার—আমি ইউনিয়নের সভাপতি হিসাবে দৃষ্টি আকর্ষণ করে বলেছিলাম আজকে সারা ভারতবর্ষে যখন এমার্জেন্সি চলছে তখন দেশের শ্রমিক এবং সাধারণ মানুষের কল্যাণে আপনারা প্রত্যেকটি বাসকে ঝালাই করে চালানোর চেষ্টা করুন। তারা তা করেন নি। শুনে অবাক হবেন—যখানে এমার্জেন্সির সময় একটা পয়সার জন্য গোটা পশ্চিমবাংলার মানুষ তথা সারা ভারতবর্ষের মানুষ কৃচ্ছ্রসাধন করছে সেই সময় ৩০ টি বাস তারা জলের দামে বিক্রি করে দিয়েছে, কার টাকা

কে বিক্রি করেছে? আমি ইউনিয়নের পক্ষ থেকে আবেদন করেছিলাম যে বাসগুলো বিক্রি করবেন না, এর মধ্যে অনেকগুলো বাস চালাবার মত আছে—ইউনিয়নের সভাপতি হিসাবে এমন ভাবে আবেদন রেখেছিলাম যে আমরা দায়িত্ব নিচ্ছি ঐ ৩০ টি বাসের মধ্যে অন্তত ২০টি বাস চালাবার মত আছে, এইগুলো আমরা চালিয়ে দেবো।

[4-30—4-40 p.m.]

ওঁরা টেণ্ডার একটা দিয়েছিলেন বটে, কিন্তু সেই টেণ্ডারের বলে ৩০টা ষ্টেট ট্রান্সপোর্টের বাস চলে গেল যাঁরা টেণ্ডার ডেকেছিলেন তাদের কাছে। বিভাগীয় মন্ত্রিমহাশয়কে বলবো—আপনি দয়া করে দুর্নীতি বন্ধ করবার চেষ্টা করুন। একবার আপনারা বলুন আপনারা আপনার দুর্নীতি বন্ধ করবার চেষ্টা করবেন। পশ্চিমবঙ্গের মানুষের কল্যাণের জন্য কি করা যাবে, না যাবে সেটা পরে ভাববেন, আপনারা এই আশ্বাসটুকু প্রথমে দিন যে সমস্ত অকল্যাণ, দুর্নীতি আপনার বন্ধ করবেন এবং আপনারা নিজ নিজ কর্তব্য পালন করবেন। আমি শ্রমবিভাগের দৃষ্টি আকর্ষণ করে বলছি আজ একের পর এক কারখানা বন্ধ হয়ে চলেছে এবং হাজার হাজার শ্রমিকদের অসুবিধায় ফেলা হচ্ছে। বর্ধমানে যাদের নীচে শ্রমিকরা অনশন করে বসে আছে। অবিলম্বে তার যদি একটা সুরাহা করা না যায় তাহলে এর পরিণাম হবে ভয়াবহ। এই যে আমরা বিপুল সংখ্যায় এখানে নির্বাচিত হয়ে এসেছি আমাদের সম্মিলিত প্রচেষ্টায় এবং শেষ চেষ্টা দিয়ে যদি আমরা পশ্চিমবঙ্গের মানুষকে কাজে লাগাতে না পারি, তাহলে আমরা নিশ্চিহ্ন হয়ে যাবো। তাই আমি বিনীতভাবে আবেদন করছি আপনারা গণতান্ত্রিকভাবে সরকার চালাবার প্রয়াস বন্ধ করে নতুন আঙ্গিকে এই নতুন সরকার চালাবার চেষ্টা করুন। তা হলে কেউ আমরা ক্ষমা পাবো না। আমরা অবশ্য ক্ষমা চাইনা কারণ বিভিন্ন বিভাগীয় মন্ত্রীদের কাছে আবেদন জানাই এই যে বাজেট আপনারা আমাদের সমর্থনের জন্য এখানে পেশ করেছেন,তা আমরা অকুণ্ঠচিত্তে সমর্থন করে দেব, কিন্তু তার বিনিময়ে পশ্চিমবঙ্গে একটা পরিষ্কার দুর্নীতিমুক্ত সরকার চাই এবং সেই দুর্নীতিমুক্ত সরকার দেশের ও দশের কল্যাণে আত্মনিয়োগ করবেন। এই আশ্বাসটুকু শুধু আপনারা আমাদের দিন। এই কথা কয়টি বলে আমি সরকারের এই বাজেটকে পরিপূর্ণ সমর্থন জানাচ্ছি।

শ্রীলালচাঁদ ফুলমালি: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে জানাচ্ছি যে গতবারেও আমি এই বিধানসভায় নির্বাচিত হয়ে এসেছিলাম এবং এবারও এসেছি। এসে দেখছি যে অনেক নতুন নতুন কথা আসছে। সেকথা হচ্ছে প্রগতিশীল এবং নতুন সোনার বাংলা গড়ার কথা। তাই আমার বিশেষ বক্তব্য হচ্ছে আজকে গ্রামে গ্রামে যে গ্রামোন্নয়নের ছক করা হচ্ছে—সেখানে প্রথম ও প্রধান কাজ করা হোক, সেটা হচ্ছে কৃষি, সেই কৃষিকে স্ব-নির্ভর করতে হবে, যেমন বিপুল সংখ্যায় প্রগতিশীল জোট জিতেছে, তেমনি বিপুলভাবে গ্রামে এবং সহরে সাড়া জেগেছে, আনন্দ জেগেছে। অন্যদিকে আজকে যাঁরা পরাজিত হয়েছেন বামপন্থী জোট অর্থাৎ সি, পি, এম জোট, খুনী বিভেদকারী জোট। আজকে সাধারণভাবে মেহনতী ক্ষেতমজুর ভাগচাষীর মনে দারুন হতাশার সঞ্চার হয়েছে, মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আপনার মাধ্যমে এই প্রগতিশীল সরকারের মন্ত্রিমহোদয় ও সমস্ত মাননীয় সদস্যদের কাছে অনুরোধ জানাই আপনারা হুঁশিয়ার হোন—ইতিমধ্যে গ্রামে গ্রামে যে প্রগতিক্রিয়াশীল চক্র আছে, যে বে-নামদার আছে সেই বে-নামদার চক্র মনে করছে আবার সেই পুরানো কায়দায় কৃষক ও শ্রমিকদের ছাঁটাই করবো, বর্গদারদের উচ্ছেদ করবো এবং মেহনতি মানুষকে ঠকিয়ে যাবো।

কটা করছে এক শ্রেণীর মানুষ। আজকে প্রগতিশীল এই সরকারের মধ্যে যারা বড় শরিক সেই কংগ্রেস পক্ষের, যুব কংগ্রেসের ছেলেরা গ্রামে গ্রামে, শহরে শহরে নতুন কথা তুলেছে যে আমরা কৃষকের জন্য লড়ব, ভূমি সংস্কার করব, কৃষকের হাতে জমি দেব। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার বিশেষ বক্তব্য হচ্ছে যে গ্রামে গ্রামে ইতিমধ্যেই ব্যাপক কৃষক উচ্ছেদ বন্ধ করার জন্য পরিকল্পনা গ্রহণ করা হোক। গ্রাম তথা দেশ যারা গড়ে, সেই সমস্ত ভাগচাষী, ক্ষেতমজুর, রায়ত এদের যদি আজকে উচ্ছেদ করা হয়, ক্ষেত মজুর যদি আজকে কাজ না পায় তাহলে তারা কি ভাবে বাচতে পারবে? আমি যেখান থেকে নির্বাচিত হয়েছি সেই বীরভূম জেলার মল্লারপুর কেন্দ্র থেকে, সেখানকার মানুষের অবস্থা অত্যন্ত খারাপ এমন কি সেখানে দুর্ভিক্ষ দেখা দিয়েছে। সেখানকার ক্ষেতমজুর, গরিব কৃষক, ছোট ছোট কৃষক আজকে দু'বেলা ভরা পেট খেতে পায় না। অনেক জায়গায় কলেরা, বসন্ত লেগে গিয়েছে। যে সমস্ত টিউবওয়েল ছিল তার অধিকাংশই আজকে অচল হয়ে গিয়েছে। অনেক জায়গায় গরিব মানুষ পুকুরের জল খাচ্ছে তার ফলে রোগে আক্রান্ত হচ্ছে। ডেপুটি স্পীকার মহোদয়, তাই আমি আপনার মাধ্যমে সরকারকে জানাচ্ছি যে, অবিলম্বে গ্রামে গ্রামে টেষ্ট রিলিফের কাজ চালু করা হোক। এই সমস্ত অসহায় মানুষ যাতে ক্ষয়রাতি সাহায্য পায় তাদের খাওয়ার জন্য, বাঁচার জন্য। এই সমস্ত কাজে হাত দেওয়া উচিত বলে এই বক্তব্য আমি ডেপুটি স্পীকার মহাশয়ের মাধ্যমে রাখছি। আমার শেষ কথা হচ্ছে যে আমাদের বীরভূম জেলার একটি বড় বাণিজ্য কেন্দ্র হল সাঁইথিয়া এবং সিউড়ী এবং মল্লারপুরও একটি বাণিজ্য কেন্দ্র কিন্তু এই মোল্লারপুর থেকে আন্দি পর্যন্ত যে রাস্তা গিয়েছে আজকে সেই রাস্তা একদম অচল হয়ে পড়ে আছে, এই রাস্তাটা বিরাট একটা রাস্তা এবং ব্যবসা বানিজ্যের পক্ষে বিশেষ প্রয়োজনীয়। এই রাস্তার জন্য আজকে মোল্লারপুরের গঞ্জ একেবারে কানা হয়ে গিয়েছে, সেখানে বাজার আজকে উঠে যেতে চলেছে কারণ সেখানকার সমস্ত ব্যবসা বাণিজ্য বন্ধ হয়ে গিয়েছে। তাই ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে এই মোল্লারপুর টু আন্দি এই রাস্তা মেরামতের কাজ অবিলম্বে আরম্ভ করার অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-40—4-50 a.m.]

ডাঃ জয়নাল আবেদীন: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য অশ্বিনীবাবু কিছু বক্তব্য রেখেছেন। মোরচার পাটনার হিসাবে, সদস্য হিসাবে তিনি এই বক্তব্য রেখেছেন যে আমাদের ব্যয় হয়েছে বেশী বাংলা দেশের শরণার্থীদের জন্য। প্রায় ৭৫ লক্ষ মানুষ তাদের জন্য অতিরিক্ত ব্যয়ের প্রয়োজন আছে এবং এই দায়িত্ব কেন্দ্রীয় সরকারের নেতৃত্বে রাজ্য অত্যন্ত সার্থকতার সঙ্গে পালন করেছে ভালভাবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে বিগত বর্ষে প্রায় ১৩টি জেলায় অল্পবিস্তর বন্যায় বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। স্যার, আপনি জানেন এই বন্যা ত্রাণের জন্য তৎকালীন সরকার কেন্দ্রে ৩১.৬৬ কোটি টাকা নীট তার মধ্যে ৯কোটি টাকা সার্থকভাবে বন্যা ত্রাণের জন্য তৎকালীন যে বন্যা ত্রাণের ব্যবস্থাছিল তাতে ব্যয় করে গেছেন। Refugee rehabilitation and refugee relief-এর জন্য বন্যার্তদের ত্রাণের জন্য ব্যয় বেশী হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সমালোচনা আজকে নয় কালকে আপনি শুনেছেন এই অধিবেশনে যে প্রশাসনের বিরুদ্ধে একটা সমালোচনা হচ্ছে। ১৯৬৭ সালের পুর্বে পর্যন্ত জাতীয় কংগ্রেস একাধিকক্রমে পশ্চিমবাংলায় শাসন ক্ষমতায় ছিল। ১৯৬৭ সালে যখন হাত বদল হোল তার পর সেই সরকারের প্রথম দায়িত্ব ছিল এ্যাডমিনিষ্ট্রেটিভ নিউট্রালিটির দিকে। কিন্তু তা না করে তারা প্রাশসনকে দলীয় কাজে ব্যবহার করেছে যার ফল এখন ভোগ করতে হচ্ছে। আজকে পশ্চিমবাংলায় অনেক লোকের বন্যায় আর্থিক ভয়াবহ ও মারাত্মক ক্ষতি হয়েছে একথা সত্য সকলেই তা জানেন। অর্গানাইজড ওয়েতে রাজনৈতিক ও সরকারী ক্ষমতা সঙ্ঘবদ্ধভাবে দলীয় কার্যে ব্যবহার করার জন্য

দুর্নীতি ও ত্রুটির বহু অভিযোগ এসেছে। ১৯৬৭ থেকে ১৯৭০ পর্যন্ত শাসন ব্যবস্থাই এর জন্য দায়ী। স্যার, আপনার মনে আছে আপনি ভাল করেই জানেন যে তৎকালীন সরকারের মুখ্য মন্ত্রী মাননীয় অজয় মুখোপাধ্যায় বলেছিলেন যে এই সরকার অসভ্য বর্বর সরকার। এই বর্বতা বা অসভ্যতা যে এক বছরেই চলে যাবে এই কথা আমি বিশ্বাস করতে পারিনি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একথা বলতে চাই আপনার মাধ্যমে যে এই সরকারী কর্মচারী ওয়েষ্ট জার্মানী বা হনুলুলু থেকে আসেনি—তারা এদেশেরই লোক আপনার আমার প্রতিবেশী। এই ২৮ জন মন্ত্রী সভার সদস্য এই দুর্নীতি দূরীকরণের মাননীয় শুক্লা সাহেব দায়িত্ব দিয়েছেন। আমি বিনয়ের সঙ্গে এই কথা বলতে চাই যে ২৮০জনকেই এই দায়িত্ব নেবার কথা যে আমরা সকলেই পশ্চিমবাংলা থেকে দুর্নীতি দূর করবো। এর জন্য প্রতিটি সদস্যকেই আত্মনিয়োগ করতে হবে। আজ লোকসভায় বিরোধী পক্ষের আসন প্রায় শূন্য।

আমি সেজন্য বলছি যে শুধু মন্ত্রিসভা নয়, এই হাউসের ২৮০ জন সদস্য প্রত্যেকের—যদি ২০ জন বাদ যায় তাতে কিছু যায় আসে না—প্রত্যেকের এই দায়িত্ব গ্রহণ করা উচিত যে দেশে শান্তি ফিরিয়ে আনবো, প্রশাসনে যে ত্রুটি আছে সেটা দূর করবো এবং সর্বোপরি যে দুর্নীতি এসেছে এই দুর্নীতির মূল উচ্ছেদ করবো। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে জাতীয় কংগ্রেসে বিপুল যুবশক্তির সমাবেশ হয়েছে এবং তার প্রতিফলন এখানে এই বিপুল যুবশক্তি এই বিধান সভার সদস্য হয়ে এসেছে। আমরা পুরো ভরসা করি এরা যে সংগঠনমূলক কাজে এগিয়ে গেছে, সংস্কারের দিকে এগিয়ে গেছে। বৃহৎ যুব-শক্তি বাহিরে অপেক্ষা করছে এবং তারা প্রবীনদের সৎযুক্তি পরামর্শ নিয়ে এগিয়ে চলবে এবং তার ফলে দেশে যে পরিবেশ গড়ে উঠবে তখন আমরা যদি এই বিধানসভার ২৮০ জন সদস্য সবাই মিলে এই দায়িত্ব ভাগ করে নিয়ে দেশের কাজে ব্রতী হই তাহলে আমরা দেশের অনেক কল্যাণ করতে পারব। সুতরাং এই ২৮ জন মন্ত্রীকে ইয়ার-মার্কা না করে সকলে যদি এক সংগে কাজ করবার চেষ্টা করি তাহলে আমরা দেশের জন্য অনেক কিছু করতে পারব বলে বিশ্বাস রাখি। মন্ত্রী হয়েছে বলে বিধানসভার সদস্য থেকে আলাদা হয়ে গেছে এটা হতে পারে না। তারা প্রথমে বিধানসভার সদস্য এবং তারপরে তারা মন্ত্রিসভার সদস্য হয়েছে। সুতরাং দেশের এই অব্যবস্থা, ত্রুটিজনিত পরিস্থিতির পূর্ণ দায়িত্ব সকলকে মিলে-মিশে ভাগ করে নিতে হবে। গণতন্ত্রে বিরোধীপক্ষ পার্লামেণ্টের একটি অংশ। আজকে বিরোধীপক্ষ নেই। আমি তাদের আহ্বান জানাচ্ছি যে তাদেরও এই দায়িত্ব নিতে হবে। প্রশাসনকে দুর্নীতিমুক্ত ও শক্ত করার জন্য তাদেরকে আজকে এগিয়ে আসতে হবে। ষ্টেট ট্রান্সপোর্ট ও সরকারী হাসপাতাল সম্পর্কে কিছু কথা এখানে আলোচনা হয়েছে। ১৯৬৭ সাল থেকে ১৯৭০ সাল পর্যন্ত এই পিরিয়ডের মধ্যেই দেশের যত কিছু পতন ঘটেছে। ১৯৬৬ সালের বাজেট যদি করো কাছে থেকে থাকে তাহলে দেখতে পাবেন যে তৎকালীন পরিবহন মন্ত্রী শ্রীশৈল মুখার্জী মহাশয় বলেছিলেন আমাদের ষ্টেট ট্রান্সপোর্টে লোকসান হচ্ছে ৬২ লক্ষ টাকা। কিন্তু আপনারা শুনে আশ্চর্য্য হবেন যে ১৯৭০-৭১ সালে এই ষ্টেট ট্রান্সপোর্টে লোকসানের অঙ্ক দাঁড়িয়েছে ৪ কোটি ১২ লক্ষ টাকা। উত্তরবঙ্গ পরিবহণে, যেখানে ৭ লক্ষ টাকা লাভ হয়েছিল সেখানে ১৯৭০-৭১ সালে সেই লাভের অঙ্ক একেবারে কমে গিয়ে ৪৮·৯৯ লক্ষ টাকা লোকসানে এসে দাঁড়িয়েছে, কিন্তু এই সময়টায় কংগ্রেস ক্ষমতায় ছিল না। সুতরাং এই সরকারী উদ্যোগগুলি এবং প্রসাশনকে দুর্বল যদি কেউ করে থাকে তাহলে তার জন্য দায়ী হচ্ছে তৎকালীন যুক্তফ্রন্ট, জাতীয় যে ব্যবস্থা ছিল তারাই দায়ী। স্যার, আপনি জানেন যারা মার-পিট করে তারা দেশের সেবা করবে কি করে? আজকে যারা দেশের ধ্বংসাত্মক নীতি নিয়ে দেশকে ধ্বংসের পথে

ঠেলে দিচ্ছে, দেশের অর্থনীতিকে দুর্বল করে দিয়ে এখানে রক্তাক্ত বিপ্লবের স্বপ্ন যারা দেখতো তারা যদি দায়িত্ব পায় তাহলে দেশের শাসন ব্যবস্থা শুধু নয়, অর্থ নৈতিক কাঠামো দুর্বল হতে বাধ্য। অধ্যক্ষ মহাশয়, আপনি জাতীয় কংগ্রেসের লক্ষ্যটা মোটামুটি জানেন। পঞ্চায়েত এবং সমবায় সম্বন্ধে এখানে কিছু কিছু আলোকপাত করা হয়েছে। আপনি জানেন গনতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত প্রতিনিধিরা জেলা পরিষদ এবং স্কুলবোর্ডের প্রতিনিধি ছিলেন। এরাই পঞ্চায়েতী ব্যবস্থার মধ্য দিয়ে নির্বাচিত হয়েছিলেন। অতএব নির্বাচনে মোকাবিলা করা যাবে না, এই অজুহাতে বলা হল ভেঙে দাও, সুপারসিড করে দাও, বাতিল করে দাও এবং সেইভাবে ভেঙে দেওয়া হ'ল, অথচ আজ পর্যন্ত তার জায়গায় কোন বিকল্প প্রশাসন ব্যবস্থা, বিকল্প শায়ত্বশাসন ব্যবস্থা প্রতিষ্ঠিত হ'ল না। এইক্ষেত্রে আমি দেখতে পাচ্ছি যে একটা বিরাট অব্যবস্থা দেখা দিয়েছে। আমাদের অর্থনীতি সমবায় নির্ভরশীল হওয়া উচিত এবং এটাই আমাদের জাতীয় কংগ্রেসের ঘোষিত নীতির লক্ষ্য ছিল। কিন্তু আজকে দেখতে পাচ্ছি এই সমবায়ের দফা-রফা শেষ করে দেওয়া হয়েছে। স্যার, এই বিরাট দেশে এত পপুলেসন যেখানে বাড়ছে সেখানে কুটির শিল্প ও গ্রামীন শিল্পের উপরে আমাদের নির্ভর করতে হচ্ছে। সম্প্রতি একটি দপ্তর আমার হাতে এসেছে। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে আপনাকে জানাচ্ছি সেটা হচ্ছে খাদি এণ্ড ভিলেজ বোর্ড।

[4-50—5-00 P.m,]

১৯৬৭ সাল থেকে ১৯৭০ সাল পর্যন্ত এমন সব মানুষকে লোন দেওয়া হয়েছে যার পরিমাণ ৬৫ লক্ষ টাকা। তাদের কোন হিসাব নেই, তাদের কোন ঠিকানা পর্যন্ত আজ পাওয়া যাচ্ছে না। এই সময়ে তো কংগ্রেসের হাতে দেশের শাসনভার ছিল না। আমরা দেখেছি কত বাড়ী, গাড়ী কেনা হয়েছে কিন্তু তাতে কোন সরকারের অনুমতি নেই, সবই বে-আইনী হয়েছে। ১৯৬৭ সাল থেকে ১৯৭০ সালের মধ্যে এমন সব মানুষকে নেওয়া হয়েছে, এমন সব এমপ্লয়িজদের নেওয়া হয়েছে যার ফলে সমস্ত ব্যবস্থা আজকে দফা-রফা হয়ে গেছে। ভারত সরকারের কাছ থেকে আমরা যে টাকা পাই সেই টাকা যদি আমরা সরকারী উদ্যোগে সার্থকভাবে খরচ করতে পারি তাহলে এই টাকার পরিমাণ আমাদের বেশী হতে পারে। স্যার, আপনি মন্ত্রিসভার মনোভাব জানেন। আমরা দেখেছি টাকার জন্য কোন জিনিস আটকায় নি। এই প্রসংগে আমি খাদি কমিশনের কথা এখানে বলব। এই খাদি কমিশনের ১ কোটি ৫ লক্ষ টাকা আমরা রিয়েলাইজ করতে পারিনি, তার কোন হদিশ মেলেনি। সেটাও এই ১৯৬৭ সাল থেকে ১৯৭০ সালের মধ্যে হয়েছে। এই সমস্ত অব্যবস্থা আমরা দেখতে পাচ্ছি। সুতরাং আমি আজকে আমাদের সকল মাননীয় সদস্যদের সহযোগিতার আহ্বান করবো যে আপনাদের যার যা শক্তি আছে, যতটুকু সামর্থ্য আপনাদের আছে শুধু মন্ত্রিসভার ২৮ জনকে ইয়ারমার্ক না করে, এদেব আলাদা না ভেবে আপনারা সবাই এগিয়ে আসুন এই সমস্ত অব্যবস্থা দূর করবার জন্য। এই সমস্ত অব্যবস্থার মূলোৎপাটন করবার জন্য যে উদ্যোগ ও শুভেচ্ছা নিয়ে এই সরকার পশ্চিমবাংলার দায়িত্ব নিয়েছেন তাতে কেন্দ্রীয় সরকারের আশীর্বাদ, আশ্বাসের কথা আমরা জানি এবং এরই মাধ্যমে পশ্চিম-বাংলার অর্থনীতি, জনজীবন, সমাজব্যবস্থা, স্বাস্থ্য, চিকিৎসা ব্যবস্থা, শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন হবে এবং এতে পশ্চিমবাংলার প্রকৃত খেটে খাওয়া মেহনতী মানুষের মর্যাদা বৃদ্ধি পাবে বলে আমরা বিশ্বাস করি। এই ব্রত নিয়ে আমরা আজকে এই দায়িত্ব হাতে নিয়েছি এবং দেশের মানুষ আমাদের বিপুলভাবে আশীর্বাদ করছেন। কাজেই এই কাজ সমাধার জন্য আমি সবার কাছে বার বার সহযোগিতা চাইবো। কল্যাণী স্পিনিং মিলস, দুর্গাপুরের চার্ট দেখলে

দেখা যাবে যে আজ এই একটি দিন যে অতিবাহিত হল তাতে এক লক্ষ ৫ হাজার টাকা লোকসান হয়ে গেল। সরকারী উদ্যোগগুলিতে ব্যাপক, বিরাট লোকসান হয়ে যাচ্ছে। আপনারা, আমরা যখন একসংগে আলোচনায় বসব তখন আপনারা নিশ্চয়ই বুঝতে পারবেন। আপনারা কনসালটেটিভ কমিটির মেম্বার অনেকেই হয়ত হবেন এবং তখন আমাদের সংগে এক সংগে বসে আলোচনা করে, পরামর্শ করে প্রশাসন ব্যবস্থাকে আরো কি করে শক্তিশালী এবং ফলপ্রসু করা যায় সে সম্বন্ধে চিন্তা করবেন এবং এ ব্যাপারে মন্ত্রিসভা নিশ্চয়ই চিন্তা করছেন। কিন্তু আমরা দেখছি যে এই আইডেলনেস হচ্ছে একটা মস্তবড় বাধা হয়ে দাঁড়িয়েছে, কি শিল্প, কি কারখানা, কি কুটির শিল্প কি মাঝারী শিল্প সব জায়গাতেই এটা একটা উৎকট ব্যাধি-স্বরূপ দেখা যাচ্ছে এবং এই ব্যাধি আমরা কাটিয়ে ওঠার একটা উপায় খুঁজে বের করতে না পারলে দেশের ভাল করতে পারব না এবং আমরা যে গুরুদায়িত্ব নিয়েছি সেই দায়িত্ব পালনে ব্যর্থ হব। তাই আমি মোর্চার অন্যতম শরিক সি. পি. আই. বন্ধুদের এবং আমাদের এপক্ষের কংগ্রেসের বন্ধুদের সবার সহযোগিতা কামনা করি এবং এতে যেন সকলে মিলে সহযোগিতার হাত সম্প্রসারিত করেন। আমরা যে দায়িত্ব নিয়েছি সেই দায়িত্ব যতই কঠিন হোক তা আমাদের পালন করতেই হবে। এর সংগে আমাদের পশ্চিমবাংলার জন-জীবনের সমস্যা জড়িত, অর্থনীতি, ভয়াবহ বেকার সমস্যা, শিল্প সমস্যা, মানুষের শান্তি এবং নিরাপত্তার সমস্যা ইত্যাদি নানা রকম সমস্যা যাতে আমরা মোকাবিলা করতে পারি সেই জন্য আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি এবং পরিশেষে আমি এই কথা আবার আপাদের সামনে বলে যেতে চাই যে এই সরকার আন্তরিক-ভাবে, নিষ্ঠার সঙ্গে এই দায়িত্ব পালনে প্রতিশ্রুতিবদ্ধ এবং সেই প্রতিশ্রুতির কথা আমি আর একবার ঘোষণা করে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

শ্রীশঙ্কর ঘোষ ঃ মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় সদস্য শ্রীঅশ্বিনী রায় কতকগুলি বিষয়ে আমার দৃষ্টি আকর্ষণ করেছেন। উনি বলেছেন যে ঋণ মুকুবের কথা ছিল ৯ কোটি টাকার। সে বিষয়ে সরকার তার আদেশ দিয়েছেন-৮ কোটি ৯০ লক্ষ টাকার ঋণ মুকুবের আদেশ-এর ভেতরেই দেওয়া আছে, সে অর্ডার ইস্যু করা হয়েছে। সেটা সরকারের প্রতিশ্রুতি ছিল এবং সেই প্রতিশ্রুতি সরকার পালন করেছেন। আর একটা বিষয় ভাগচাষীদের ব্যাপার। ভাগচাষীদের উচ্ছেদ যাতে করা না হয় সে বিষয়ে সরকার প্রতিশ্রুতিবদ্ধ এবং উচ্ছেদ প্রতিরোধ করার জন্য কড়া আইন রয়েছে। সে আইনের আশ্রয় আমাদের নিতে হবে। যেখানে উচ্ছেদের ব্যবস্থা হচ্ছে সেখানে এই আইন যাতে বিশেষ করে পালিত হয় তারজন্য আমাদের সবাইকে যত্নশীল হতে হবে। মিথ্যা মামলার কথা তিনি বলেছেন। সরকার কোন মামলা আনবেন না যেটার বিষয়ে ভালোভাবে বিচার করা না হবে সে বিষয়ে। কিন্তু যে মামলা আদালতে বিচারাধীন রয়েছে তার বিচার আদালতই করতে পারে। এরপরে অশ্বিনীবাবু পরীক্ষা ব্যবস্থার কথা বলেছেন। এই পরীক্ষা ব্যবস্থায় যে অরাজকতা এই অরাজকতা আমাদের সমাজ জীবনে, রাজনৈতিক জীবনে, অর্থনৈতিক জীবনে ১৯৬৭ সালের পরে যে অরাজকতা এসেছিল তারই একটা দিক। পশ্চিমবাংলার মানুষ অনেক আশা নিয়ে ১৯৬৭ সালে যুক্তফ্রণ্ট সরকারকে এনেছিলেন। ১৯৬৯ সালেও অনেক আশা নিয়ে বাংলাদেশের মানুষ যুক্তফ্রণ্টকে ক্ষমতায় এনেছিলেন কিন্তু তারপরে কার্জন পার্কে তদানীন্তন মুখ্যমন্ত্রী শ্রীঅজয় মুখোপাধ্যায় বাংলাদেশের মানুষকে তখনকার অবস্থা সম্পর্কে বিশেষ করে সচেতন করেছিলেন এবং তখন তিনি ঘোষণা করেছিলেন এই সরকার বর্বর সরকার। তখন আমরা দেখেছিলাম যুক্তফ্রণ্ট সরকারের একটি বিশেষ দল কেবল কংগ্রেসের উপরই নয় তাদের শরিক [illegible]

আক্রমণ হয়েছিল তখন আমরা জানি। তারপরে সি. পি. আই ক্যাবিনেট ব্ল্যাকট করেছিলেন। এসব ইতিহাসের পাতায় লেখা আছে। বিপ্লবের কথা বলে এখানে যে একটি বিশেষ রাজনৈতিক দল এসেছিল সে বিপ্লব ধ্বংসের বিপ্লব। আমরা দেখেছিলাম, শহরাঞ্চলে শ্রমিকদের দেওয়া হয়েছিল বন্ধ এবং ঘেরাও। সেই বন্ধের ফলে কলকারখানা বন্ধ হয়ে গেল। ঘেরাও-এর ফলেও কলকারখানা বন্ধ হয়ে গেল। শ্রমিকদের চাকরি চলে গেলে এই বন্ধে দোকান বন্ধ হয়ে গেল অর্থাৎ আসল জিনিষ হল রোজগার বন্ধ হল কিন্তু মানুষের ক্ষুধা বন্ধ হল না। আর গ্রামাঞ্চলে আমরা বল্লম নিয়ে বিপ্লব দেখেছিলাম। এখন এই সরকার—গণতান্ত্রিক মোর্চা, শান্তিপূর্ণ উপায়ে বিশ্বাস করেন। শান্তিপূর্ণ উপায়ে সমাজতন্ত্রে উত্তরণেই আমরা বিশ্বাসী। সেজন্য আমরা বিশ্বাস করি আইনের মাধ্যমে বিধানসভার মাধ্যমেই পরিবর্তন আনা যায়। আজকে ভারতবর্ষে এটা প্রমাণ হয়ে গিয়েছে যে পরিবর্তন সম্ভব-এই তথাকথিত বুর্জোয়া পার্লামেণ্টের মাধ্যমেই পরিবর্তন সম্ভব। এর মাধ্যমেই রাজন্যভাতা বিলোপ, ব্যাঙ্ক রাষ্ট্রীয়করণ, সংবিধান সংশোধন সম্ভব। সংবিধান যে একটা স্থিতিশীল বস্তু নয় সেটা একটা সচল বস্তু এবং সংবিধানের মাধ্যমেই জনসাধারণের আশা-আকাঙ্খা ব্যক্ত করা যায়, অর্থনৈতিক রূপান্তর সাধিত করা যায় এটা প্রমাণ হয়ে গিয়েছে। আমাদের এই যে সমাজ ব্যবস্থা এতে যে এত অশিক্ষা, এত দারিদ্র্য, এত বৈষম্য, এ সমাজ ব্যবস্থা চলতে পারে না। আমাদের সমাজতন্ত্র আনতেই হবে, পরিবর্তন আনতেই হবে। পরিবর্তন কি পথে আসবে সেটা বাংলাদেশের মানুষ অনেক অভিজ্ঞতার মাধ্যমে বুঝতে পেরেছেন যে পরিবর্তন শান্তিপূর্ণ উপায়ে আসবে। শান্তিপূর্ণ উপায়েই যে পরিবর্তন আসবে এটা বিশ্ব ইতিহাসের নানা দৃশ্য দেখে অনেকেই আজকে স্বীকার করছেন। কিন্তু এখানে একটা বিশেষ রাজনৈতিক দল এটা স্বীকার করে নিচ্ছে না। ১৯৫৬ সালে সোভিয়েট রাশিয়ায়, যখন বিংশতিতম কমিউনিষ্ট অধিবেশন হয়েছিল তখন ক্রুশ্চেভ শান্তিপূর্ণ উপায়ে সমাজতন্ত্রে উত্তরণের কথা বলেছিলেন।

[5-00—5-10 p.m.]

১৯৬০ সালে মসকোতে যে অধিবেশন হয়েছিল তাতে শান্তিপূর্ণভাবে সমাজতান্ত্রিক উন্নয়নের কথা বলা হয়েছিল। ১৯৬৯ সালে সেই ঘোষণা করা হয়েছিল কিন্তু সেই সমস্ত ঘোষণার বিরুদ্ধে একটা বিশেষ রাজনৈতিক দল গিয়েছিল, সেই সমস্ত ঘোষণা প্রত্যাখান করেছিল। আমরা শান্তি, প্রগতিতে বিশ্বাস করি, আমরা সংসদীয় গণতন্ত্রে বিশ্বাস করি। আমরা জানি এই সংবিধানের মাধ্যমেই পরিবর্তন আনা যায় এবং এটা প্রমাণ হয়ে গেছে। আমরা যে বিপ্লবে বিশ্বাস করি সেটা ধ্বংসের বিপ্লব নয়, আমরা যে ইনক্লাবে বিশ্বাস করি সে ভাঙ্গার ইনক্লাব নয়, আমরা যে বিপ্লবে বিশ্বাস করি সেটা গঠনমূলক বিপ্লব। সে জন্য আমরা ১০ হাজার গ্রাম বৈদ্যুতিককরণের কথা বলেছি। আমরা এই বিপ্লব আনতে চাই শান্তির মাধ্যমে, আইনের মাধ্যমে। এক সময় লেনিন ঘোষাণা করেছিলেন রাশিয়ায় সমস্ত গ্রামে ইলিকট্রিফিকেসান করতে হবে। আজকে আমরা ১০ হাজার গ্রামে বিদ্যুৎ ছড়িয়ে দেবার কথা বলেছি যে বিদ্যুতের সাহায্যে কর্ম সংস্থান হবে, কৃষির উন্নতি হবে। এই বিদ্যুতের জন্য বল্লমের দরকার নেই, এ্যাকসান স্কোয়াডের দরকার নেই, বোমা, পাইপ গানের দরকার নেই। জনসাধারণের শক্তির যে উৎস সেই উৎস বন্দুক নয়, বল্লম বোমা নয়। এটা বাংলার মানুষ প্রমাণ করেছে। আজ বিধানসভায় বিরোধী পক্ষ নেই, সেজন্য আমাদের দায়িত্ব অনেক বেশী। এই যে নতুন চেতনা বোধ জাগ্রত হয়েছে, যে নতুন শক্তি গড়ে উঠেছে এর একমাত্র কারণ যে নীতি ছিল সেই নীতি কার্যকরী করা হচ্ছে, সেটা কাজে রূপায়িত

করা হচ্ছে। সেজন্য আজকে আমাদের দায়িত্ব রয়েছে। যে সমস্ত গঠণমূলক সমালোচনা আসবে সেই সমস্ত সমালোচনা আমরা সাদরে আহ্বান জানাব। মাননীয় সদস্য শ্রীকৃষ্ণ কুমার শুক্লা মহাশয় পরিষ্কার প্রশাসনের কথা বলেছেন এবং আমার সহকর্মী মন্ত্রী ডাঃ জয়নাল আবেদিন বলেছেন যে এই দায়িত্ব মন্ত্রিসভার এবং বিধানসভার সমস্ত সদস্যের, এই সঙ্গে আমি সমপূর্ণ একমত। প্রশাসনকে দুর্নীতিমুক্ত করার দায়িত্ব আমাদের সবার। যখনই একটা বিষয়ে অভিযোগ থাকবে তখনই সেই অভিযোগ আমাদের কাছে আনবেন, আমরা আন্তরিকভাবে চেষ্টা করব সেই অভিযোগের দিকে দৃষ্টি দেওয়ার। যেখানে দুর্নীতি আছে তার বিরুদ্ধে আমরা সকলে মিলে সংগ্রাম করব। আমি আপনাদের কাছে একটা গঠণমূলক বাজেট পেশ করার চেষ্টা করেছি, যাতে শান্তি ও আইনের মাধ্যমে দেশকে এগিয়ে নিয়ে যেতে পারি তারজন্য আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

Mr. Speaker : I now put to vote the different demands for grants under the Supplementary Estimates for 1971-72.

The motion of Shri Sankar Ghose that a sum of Rs 8,58,000 be granted for expenditure under Grant No. 3, Major Head : "10--State Duties" during the current year, was then put and agreed to.

The motion of Shri Gyan Singh Sohanpal that a sum of Rs. 39,000 be granted for expenditure under Grant No. 4, Major Head : "11—Taxes on Vehicles" during the current yeer, was then put and agreed to.

The motion of Shri Abdus Sattar that a sum of Rs. 23,000 be granted for expenditure under Grant No. 8, Major Head : "15--Registration Fees"during the current year, was then put and agreed to.

The motion of Shri Gyan Singh Sohanpal that a sum of Rs. 66,99,000 be granted for expenditure under Grant No 11, Major Head : "18--Parliament, State Union Legislature" during the current year, was then put and agreed to.

The motion of Shri Gyan Singh Sohanpal that a sum of Rs. 20,96,000 be granted for expenditure under Grant No. 14, Major Head : "22—Jails" during the current year, was then put and agreed to.

The motion of Dr. Md. Fazle Haque that a sum of Rs. 71,41,000 be granted for expenditure under Grant No 15,Major Head : "23--Police" during the current year, was then put and agreed to.

The motion of Shri Prafulla Kanti Ghosh that a sum of Rs. 6,75,000 be granted for expenditure under Grant No. 16, Major Head : "26--Miscellaneous Departments—Fire Services" during the current year, wat then put and agreed to.

The motion of Shri Mrityunjoy Banerjee that a sum of Rs. 14,85,000 be granted for expenditure under Grant No. 19, Major Head : "28—Education" during the current year, was then put and agreed to.

The motion of Shri Ajit Kumar Panja that sum of Re. 1 be granted for expenditure under Grant No. 20, Major Head : "29--Medical" during the current year, was then put and agreed to.

The motion of Dr. Zainal Abedin that a sum of Rs. 1,69,55,000 be granted for expenditure under Grant No. 26, Major Heads : "35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development" during the current year, was then put and agreed to.

The motion of Dr. Zainal Abedin that a sum of Rs. 67,000 be granted for expenditure under Grant No. 28, Major Head : "35– Industries--Cinchona" during the current year, was then put and agreed to.

The motion of Shri Santosh Kumar Roy that a sum of Rs. 1 22,35,000 be granted for expenditure under Grant No.32 Major Head "39—Miscellaneous Social and Developmental Organisations—Excluding Welfare of Scheduled Tribes and Castes and other Backward classes' during the current year, was then put and agreed to.

The motion of Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury that a sum of Rs. 4,90,67,000 be granted for expenditure under Grant No. 33, Major Head : "44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)" during the current year, was then put and agreed to.

The motion of Shri Bholanath Sen that a sum of Rs 5,17,60,000 be granted for expenditure under Grant No. 34, Major Head "50 - Public Works" during the current year, was then put and agreed to.

The motion of Shri Subrata Mukhopadhyay that a sum of Rs. 97,95,000 be granted for expenditure under Grant No. 35, Major Head : "106A—Capital Outlay on Greater Calcutta Development Scheme" during the current year, was then put and agreed to.

The motion of Shri Gyan Singh Sohanpal that a sum of Rs. 2,83,000 be granted for expenditure under Grant No. 36, Major Head "53—Ports and Pilotage" during the current year, was then put and agreed to.

[5-10—5-15 p.m.]

The motion of Shri Santosh Kumar Roy that a sum of Rs. 16,64,97,000 be granted for expeuditure under Grant No. 38, Major Head : "64—Famine Relief" during the current year, was then put and agreed to.

The motion of Shri Sankar Ghose that a sum of Rs. 2,61,000 be granted for expenditure under Grant No, 39, Major Heads "65—Pensions and other Retirement benefits and 120—Payments of Commuted value of Pensions" during the current year, was then put and agreed to.

The motion of Shri Prafulla Kanti Ghosh that a sum of Rs. 1,37,51,000 be granted for expenditure under grant No. 43, Major Head : "71 - Miscellaneous—Contributions" during the current year, was then put and agreed to.

The motion of Shri Prafulla Kanti Ghosh that a sum of Rs. 27,69,000 be granted for expenditure under Grant No. 44, Major Head : "71—Miscellaneous—Panchayats" during the current year, was then put and agreed to.

The motion of Subrata Mukhopadhyay that a sum of Rs. 29,68,000 be granted for expenditure under Grant No. 46, Major Head : "71- Miscellaneous—Civil Defence" during the current year, was then put and agreed to.

The motton of Shri Santosh Kumar Roy that a sum of Rs 3,27,83,000 be granted for expenditure under Grant No. 47, Major Head : "71—Miscellaneous—other Miscellaneous Expenditure" during the current year, was then put and agreed to.

The motion of Shri Santosh Kumar Roy that a sum of Rs. 72,63,32,000 be granted for expenditure under Grant No. 48, Major Head : "71—Miscellaneous—Relief to Refugees from Bangladesh" during the current year, was then put and greed to.

The motion of Shri Kashi Kanta Maitra that a sum of Rs. 3,34,95,000 be granted for expenditure under Grant No. 52, Major Head : "124 – Capital Outlay on Schemes of Government Trading" during the current year, was then put and agreed to.

The motion of Shri Sankar Ghose that a sum of Rs. 15,67,76,000 be granted for expenditure under Grant No. 54, Major Head : "Loans and advances by State/Union Territory Governments" during the current year, was then put and agreed to.

Mr. Speaker : The House stands adjourned till 2 p.m. on Thursday, the 30th March, 1972.

Adjournment

The House was accordingly adjourned at 5-15 p.m. till 2 p.m on Thursday, the 30th March, 1972, at the Assembly House, Calcutta.

Index to the

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY PROCEEDINGS

(Official Report)

Vol. 52—No. 1—Fifty-Second Session (March—May), 1972

(The 24th, 25th, 27th, 28th and 29th March, 1972)

Abedin, Dr. Zainal

Demand for Grant

35-Industries—Cinchona : p. 216.

35-Industries—Industries and 96-Capital Outlay on Industrial and Economic Development : p. 216.

Election of Deputy Speaker : p. 9.

Supplementary Estimates for the Year 1971-72 : pp. 225—228.

Abdul Bari Biswas, Shri

Discussion on Governor's Address : pp. 90—93.

Discussion on Motion for a Vote on Account : p. 202—204.

Mention Case : p. 119.

On a Point of Order : p. 125.

Privilege Motion : pp. 173—176.

Abdus Sattar, Shri

Demand for Grant

15-Registration Fees : p. 215.

Election of Speaker : pp. 3—4.

Abul Barkat Atawal Ghani Khan Chowdhury, Shri

Demand for Grant

44-Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial) : p. 217.

Ali Ansar, Shri

Discussion on Motion for a Vote on Account : pp. 204—205.

Anwar Ali, Shri Sk.

Discussion on Governor's Address: p. 140.

Banerjee, Shri Mrityunjoy

Demand for Grant

28-Education: p. 216.

Bandopadhayay, Shri Shib Sankar

Discussion on Governor's Address: pp. 111—112.

Bandyopadhyay, Shri Sukumar

Discussion on Governor's Address: pp. 162-163.

Discussion on Privilege Motion: pp. 178—179.

Bapuly, Shri Satya Ranjan

Discussion on Governor's Address: pp. 138—139.

Basu, Shri Ajit Kumar (Singur)

Discussion on Governor's Address: pp. 134—138.

Mention Case: pp. 68, 118.

Basu, Shri Lakshmi Kanta

Discussion on Governor's Address: pp. 131--133.

Bera, Shri Sudhir Kumar

Discussion on Governor's Address: pp. 84—86.

Discussion on Privilege Motion: pp. 177—178.

Bhattacharjee, Shri Keshab Chandra

Discussion on Governor's Address: pp. 119—122.

Election of Deputy Speaker: p. 10.

Election of Speaker: p. 5.

Bhattacharjee, Shri Shibapada

Discussion on Governor's Address: pp. 150—152.

Bhattacharyya, Shri Harasankar

Discussion on Governor's Address: pp. 86—89.

Mention Case: p. 184.

Budget Estimate of the Government of West Bengal for 1972-73: pp. 21—63.

Chaki, Shri Naresh Chandra

Discussion on Governor's Address: pp. 106—108.

Chakravartty, Shri Gautam

Motion on the Governor's Address: p. 19.

Das, Shri Sudhir Chandra

Discussion on Governor's Address: pp. 153—154.

Election of Deputy Speaker: p. 10.

Election of Speaker: pp. 4—5.

Das Gupta, Dr. Santi Kumar

Discussion on Governor's Address: pp. 133—134.

Daulat Ali, Shri Sheikh

Discussion on Governor's Address: pp. 143—144.

Demand for Grant

106A—Capital Outlay on Greater Calcutta Development Scheme: p. 217.

124-Capital Outlay on Schemes of Government Trading: p. 219.

28-Education: p. 216.

64-Famine Relief: p. 217—218.

35-Industries—Cinchona: p. 216.

35-Industries—Industries and 96-Capital Outlay on Industrial and Economic Development: p. 216.

44-Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial): p. 217.

22-Jails: p. 215.

Loans and Advances by State/Union Territory Governments: pp. 219—48.

29-Medical: p. 216.

71-Miscellaneous—Civil Defence: p. 218.

71-Miscellaneous—Contributions: p. 218.

26-Miscellaneous Departments—Fire Services: p. 216.

71-Miscellaneous—Other Miscellaneous Expenditure: p. 218.

71-Miscellaneous—Panchayats : p. 218.

71-Miscellaneous—Relief to Refugees from Bangladesh : pp. 218—219.

39-Miscellaneous Social and Development Organisations—Excluding Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes : pp. 216—217.

18-Parliament, State/Union Territory Legislature : p. 215.

65-Pensions and other Retirement Benefits and 120-Payment of Commuted Value of Pensions : p. 218. B

23-Police : p. 215.

53-Ports and Pilotage : p. 217.

50-Public Works : p. 217.

15-Registration Fees : p. 215.

10-State Excise Duties : p. 215.

11-Taxes on Vehicles : p. 215.

Discussions on Governor's Address : pp. 69—114, 119—172.

Dutt, Dr. Ramendra Nath

Discussion on Governor's Address : pp. 157—159.

Election of Deputy Speaker : pp. 8—11.

Election of Speaker : pp. 1—8.

Fazle Haque, Dr. Md.

Demand for Grant

23-Police : p. 215.

Fulmali, Shri Lalchand

Supplementary Estimate for the Year 1971-72 : pp. 224—225.

Ganguly, Shri Ajit Kumar

Mention Case : pp. 182—183.

Ghose, Shri Sankar

Budget Estimate of the Government of West Bengal for 1972-73 : pp. 21—63.

Demand for Grant

Loans and Advances by State/Union Territory Governments : p. 219.

65-Pensions and other Retirement Benefits and 120-Payment of Commuted Value of Pensions: p. 218.

10-State Excise Duties: p. 215.

Motion for a Vote on Account: pp. 186—191, 207—209.

Supplementary Estimates for the Year 1971-72: pp. 68, 228—230

Ghosh, Shri Nitai Pada

Discussion on Governor's Address: pp. 167—169.

Ghosh, Shri Prafulla Kanti

Demand for Grant

71-Miscellaneous—Contributions: p. 218.

26-Miscellaneous Departments—Fire Services: p. 216.

71-Miscellaneous—Panchayats: p. 218.

Goswami, Shri Sambhu Narayan

Discussion on Governor's Address: pp. 159—160.

Governor's Address: pp. 11—18.

Gyan Singh Sohanpal

Demand for Grant

22-Jails: p. 215.

18-Parliament, State/Union Territory Legislature: p. 215.

53-Ports and Pilotage: p. 217.

11-Taxes on Vehicles: p. 215.

Kar, Shri Sunil

Discussion on Governor's Address: pp. 109—111.

Lahiri, Shri Somnath

Discussion on Governor's Address: pp. 122—129.

Mahanti, Shri Pradyot Kumar

Discussion on Governor's Address: pp. 69—71.

Election of Deputy Speaker: pp. 9—10.

Election of Speaker: p. 4.

Maitra, Shri Kashi Kanta

Demand for Grant

124-Capital Outlay on Schemes of Government Tradding: p. 219.

Maity, Shri Prafulla

Discussion on Governor's Address: pp. 141—143.

Majhi, Shri Rup Singh

Discussion on Governor's Address: pp. 165--167.

Mention Cases: pp. 67—68, 116—119, 182—185.

Message(s): p. 115.

Misra, Shri Kashinath

Discussion on Governor's Address: pp. 169—172.

Mitra, Shri Haridas (Deputy Speaker)

Reply to the felicitations offered by the members on Election of Deputy Speaker: pp. 10—11.

Mitra, Srimati Ila

Discussion on Motion for a Vote on Account: pp. 195—199.

Election of Deputy Speaker: p. 9.

Mohammad Idris Ali, Shri

Discussion on Governor's Address: pp. 154—156.

Mention Case: p. 185.

Mojumdar, Shri Jyotirmoy

Motion on the Governor's Speech: p. 19.

Motion for a Vote on Account: pp. 185—214.

71-Miscellaneous--Civil Defence: p. 218.

Nag, Dr. Gopal Das

Reply on Mention Case: p. 184.

Obaidul Ghani, Dr. Abu Asad Ghani

Discussion on Governor's Address: pp. 96—100.

Obituary Reference(s)

To the deaths of Shri Ajit Kumar Biswas, Shri Tinkori Mondol, Dr. Radha Krishna Sinha, Dr. Sisir Kumar Saha, Shri Kanailal Das and Dr. D. N. Sinha: pp. 65—66.

Omar Ali, Dr. Sk.

Mention Case: pp. 117—118.

Oraon, Shri Prem

Mention Case : pp. 118—119.

Panel of Chairmen : pp. 66—67.

Panja, Shri Ajit Kumar

Demand for Grant

29-Medical : p. 216.

Paul, Shri Sankar Das

Discussion on Governor's Address : pp. 160—161.

Point of Order : p. 115.

Motion on the Governor's Speech : pp. 19—20.

Mukherjee, Shri Biswanath

Discussion on Governor's Address : pp. 71—80.

Discussion on Privilege Motion : p. 176.

Election of Speaker : pp. 2—3.

Mention Case : p. 183.

Mukherjee, Shri Mahadeb

Discussion on Governor's Address : pp. 163—165.

Mukherjee, Shri Mrigendra

Discussion on Governor's Address : pp. 101—103.

Mukherjee, Shri Sanat Kumar

Discussion on Governor's Address : pp. 100—101.

Mukherjee, Shri Subrata (Katwa)

Discussion on Governor's Address : pp. 93—94.

Mukhopadhyaya, Srimati Geeta

Mention Case : p. 183.

Mukhopadhay, Shri Subrata

Demand for Grant

106A-Capital Outlay on Greater Calcutta Development Scheme : p. 217.

Privilege Motion : pp. 173—181.

Pramanik, Shri Monoranjan

Discussion on Governor's Address : pp. 156—157.

Rai, Shri Deo Prakash

Discussion on Motion for a Vote on Account: pp. 193—195.

Ray, Shri Siddhartha Shankar

Discussion on Privilege Motion: pp. 179—180.

Election of Deputy Speaker: pp. 8—9.

Election of Speaker: p. 2.

Roy, Shri Aswini

Supplementary Estimate for the Year 1971-72: pp. 219—222.

Mention Case pp. 68, 185.

Roy, Shri Bireswar

Discussion on Governor's Address: pp. 108—109.

Roy, Shri Krishna Pada

Discussion on Governor's Address: pp. 103—104.

Roy, Shri Madhusudan

Discussion on Governor's Address: pp. 104—106.

Roy, Shri Santosh Kumar

Demand for Grant

64-Famine Relief: pp. 217—218.

71-Miscellaneous—Other Miscellaneous Expenditure: p. 218.

71-Miscellaneous—Relief to Refugees from Bangladesh: pp. 218—21

39-Miscellaneous Social and Development Organisations—Excludi Welfare of Scheduled Tribes and Castes and other Backwa Classes: pp. 216—217.

Roy, Shri Saroj

Discussion on Governor's Address: pp. 146—150.

Sahoo, Shri Prasanta Kumar

Discussion on Governor's Address pp. 94—96.

Samanta, Shri Tuhin Kumar

Discussion on Governor's Address: pp. 83—84.

Discussion on Motion for a Vote on Account: pp. 205—206.

Discussion on Privilege Motion: pp. 176—177.

Sarkar, Dr. Kanai Lal

Discussion on Governor's Address: pp. 144—146.

Sau, Shri Sachinandan

Discussion on Governor's Address: pp. 89—90.

Sen, Shri Bholanath

Demand for Grant

50-Public Works: p. 217.

Sen Gupta, Shri Kumar Dipto

Discussion on Governor's Address pp. 80—83.

Discussion on Motion for a Vote on Account: pp. 199—202.

Mention Case: p 182.

Shukla, Shri Krishna Kumar

Discussion on Governor's Address: pp. 129—131.

Supplementary Estimate for the Year 1971-72: pp. 223—224.

Singha Roy, Shri Probodh Kumar

Discussion on Governor's Address: pp. 113—114.

Speaker, Mr.

Election of Deputy Speaker: p. 8.

Election of Speaker: p. 1.

Obituary References: pp. 65—66.

Observation on a Point of Order: pp. 115—116.

Reply to the felicitations offered by the member on Election of Speaker: pp. 5—8.

Nomination of Panel of Chairmen: pp. 66—67.

Supplementary Estimate for the Year 1971-72: pp. 68, 215—232.

Wilson de-Roze, Shri George Albert

Discussion on Motion for a Vote on Account: pp. 191—193